THE

LIFE OF DANIEL

THE PROPHET OF GOD;

A BENGALI TRANSLATION,

BY

REV. WM. MORTON,

OF THE LONDON MISSIONARY SOCIETY.

দানিএল মুনির চরিত্র

শ্রীমার্টিন সাহেব কর্ত্তৃক

গৌড়ীয় ভাষায় ভাষান্তরীকৃত হইল।

Calcutta:

PRINTED FOR THE AMERICAN SUNDAY SCHOOL UNION, AT THE BAPTIST MISSION PRESS, CIRCULAR ROAD.

1837.

ADVERTISEMENT.

This Work was selected, as peculiarly suitable for translation into Bengálí, from the list of books sent out by the American Sunday School Union. It is printed at the charge of that body, to whose liberality the Indian Missionaries have been laid under large obligation, as well by their grants of many entire libraries the very admirable volumes published under their auspices, as by their most Christian readiness to aid in transferring the excellent matter contained therein into the languages of this country.

The translation now presented is neither a strictly literal, nor a very free one, of the original work, which has been modified, in very many places, to render it more applicable to the natives of India. Numerous whole sentences have been woven in with the original matter: the language has been often, as it is supposed, improved, yet without injury, it is hoped, to its simplicity. T reason for these modifications is to be found in the more advanced age and larger information of those for whom work is now designed; who are not so much children as young men, of respectable rudimental attainments and possessed of a thirst for information. The English too, has been altered throughout, as was requested, to correspond with the Bengálí as it now stands.

The style adopted will be found of a medium character, between the higher and more difficult language of many native compositions, and the looser and lower specimens that border upon colloquial inelegance.

All translations are necessarily stiffer than original composition; especially, as in the present instance, when the language of the version is not that of the Translator, but an acquisition; which can rarely be expected to be so complete as not, with all the diligence that *can* be employed, to wear still more or less of a foreign air.

The Translator of the Life of Daniel has therefore to solicit indulgence for the defects which may be discovered in it in its native dress. It is his first considerable exercise in *this* species of Bengálí composition, and has been carried through the press, for the most part, during his residence at a distant station. This last circumstance will account, and, it is trusted, obtain excuse for some typographical errors and a few verbal inadvertencies inseparable from the conduct of such a work under such circumstances.

To the American Sunday School Union, it is now offered with sentiments of unfeigned respect and thankfulness, and with an earnest prayer that the divine blessing may rest on what is, at once, a manifest proof and exercise of *their* zeal for the good and holy cause of Christian truth, and a very humble but most sincere attempt to cooperate with them in their work and labour of Christian faith and love. The name of the English Author is unknown to the Translator, (his work being anonymous,) or it would assuredly, in this diglot edition, have been given to the Indian Public.

Calcutta, Dec. 1837. WILLIAM MORTON.

THE

LIFE OF DANIEL.

দানিএল মুনির চরিত্র।

শ্রীমার্টিন সাহেব কর্ত্তৃক

ভাষান্তর হইল।

CALCUTTA:

1836.

THE

LIFE OF DANIEL.

CHAPTER I.

History of the kingdoms of Judah and Israel.

We cannot well understand the history of Daniel without some knowledge of the Israelites, who were his countrymen. I shall, therefore, begin by giving a short account of the Hebrew nation, from the death of king David till the destruction of Jerusalem by Nebuchadnezzar.

Solomon, the son of David, reigned forty years over the extensive country which had been left him by his father. All the nations around, from Phœnicia to Egypt and the Red Sea, and from the Mediterranean to the Euphrates, had been conquered by his father David, and paid tribute to the Hebrews. Solomon was the most powerful monarch in the western part of Asia. The fame

দানিএল মুনির চরিত্র।

১ প্রকরণ।

য়ূদা এবং ইস্রাএল এ রাজ্যদ্বয়ের উপাখ্যান।

দানিএল মুনির চরিত্র উত্তমরূপে বুঝাইবার নিমিত্ত তাহার স্বদেশীয় ইস্রাএলিদের উপাখ্যান করা অতি আবশ্যক। অতএব দাউদ রাজার মৃত্যু কালাবধি নবূখদ্‌নজ্জর রাজার আক্রমণদ্বারা যিরূশালম নগরের সর্ব্বনাশ হওন পর্য্যন্ত হেব্রি জাতির সংক্ষেপ বিবরণ লিখিয়া দি।

দাউদ রাজার পুত্র শলমোন রাজা স্বপিতৃপ্রাপ্ত সুপ্রশস্ত রাজ্যশাসন করত চল্লিশ বৎসর পর্য্যন্ত জীবদ্দশায় থাকিলেন। তাঁহার পিতা দাউদ রাজা লম্বায় ফেনিকিয়া দেশ অবধি ঔগুপ্ত ও রক্তসাগর পর্য্যন্ত এবং প্রস্থে ভূমিমধ্য নামক সাগরহইতে ইউফ্রাট্ নদী পর্য্যন্ত সর্ব্বদিগ্‌স্থিত যে সকল দেশ তন্নিবাসি লোক সমুদয়কে পরাস্ত করিয়া স্ববশে করাধীন করিয়া রাখিয়াছিলেন। অতএব শলমোন রাজা আশিয়ার পশ্চিম দেশীয় রাজাদের মধ্যে অধিক পরাক্রান্ত ছিলেন আর তাঁহার বুদ্ধি জন্য সুখ্যাতি ও সর্ব্বত্র ব্যাপ্ত হইলে দূরস্থিত শীবা দেশের রাণী তাঁহার সাক্ষাৎ করিতে আসিয়া তাঁহারি স্থানে

of his wisdom and learning was so great, that the queen of Sheba came from a distant land, probably the southern part of Arabia, to see him, and to be instructed by him. He built a temple on Mount Moriah, at Jerusalem, where the ark was placed and sacrifices were offered. Three times a year the Hebrews, from every part of Israel, came up to this temple to worship God. The government was well administered; an army was in constant readiness to defend the country; and the trade, which was carried on by way of the Red Sea to India, greatly increased the wealth of the king and people. Splendid palaces were erected on Mount Zion, and several strong and beautiful cities were built by Solomon. One of these, called Tadmor by the Hebrews, and Palmyra by the Greeks, was situated in the eastern part of Syria. This city was afterwards much celebrated, and its ruins are now to be seen in the midst of a desert of sand. The kingdom of Israel was at this time in its highest state of prosperity, and had Solomon continued to govern it accord-

জ্ঞান শিক্ষা করিলেন। বোধ হয় সে দেশ আরবা দেশের পশ্চিমে ছিল। আর শলমোন রাজা য়িরূশালম নগরের অন্তরস্থিত মরীয়া নাম পর্ব্বতোপরি সুপ্রসিদ্ধ এক মন্দির ও নির্ম্মাণ করিলেন ঐ মন্দিরেতে মুসার নির্ম্মিত ধর্ম্মকোষ রাখা গেল এবং সেখানে বলি নৈবেদ্যাদি উৎসর্গ করা যাইত যেহেতুক ইস্রাএল দেশের সর্ব্বাঞ্চল থাকিয়া এব্রি লোক প্রতিবৎসরে ঐ মন্দিরে আসিয়া ঈশ্বরের ভজনা করিত। সে সময়ে রাজ্য শাসনাদি উত্তমরূপে করা যাইত আর স্বদেশ রক্ষার্থে ও শত্রু নিবারণার্থে সৈন্যগণ সদা প্রস্তুত থাকিত এবং মহাজনেরা রক্তসাগর দিয়া হিন্দুস্থানে গমনাগমন পূর্ব্বক যে বাণিজ্যাদি কর্ম্ম করিত সে রাজার এবং প্রজাগণের অতি ধনবৃদ্ধি ও কুশলের কারণ হইল। অনেক কুলীন লোক সীয়োন পর্ব্বতে দিব্য অট্টালিকা নির্ম্মাণ করিল। আর রাজা কএক অতি সুন্দর নগরাদি পত্তন করিলেন ইহার মধ্যে এব্রি ভাষায় তাদমোর কিন্তু গ্রীক ভাষায় পল্মীর অর্থাৎ তালতুল্যসুন্দর এতন্নাম এক অপূর্ব্ব নগর সূরিয়া দেশের পূর্ব্বদিগে স্থাপিত ছিল সে নগর অতিশয় প্রসিদ্ধ হইয়া উঠিল কিন্তু কালক্রমে উচ্ছিন্ন হইলে এখনাবধিও বালুকাময় মাঠের মধ্যে তাহার পতিত স্তম্ভাদির ছিন্নভিন্ন অংশ দেখা যাইতেছে। শলমোন রাজার রাজত্বকালে ইস্রাএল রাজ্যের অতিশয় গৌরব ও কুশল দশা হইল আর রাজা যদি ঈশ্বরের ব্যবস্থানুসারে রাজ্যশাসনে উদ্যত থাকিতেন তাহার সে কল্যাণ কোন ক্রমে হ্রাস না পাইয়া বরং আরও বাড়িত।

ing to the laws of God, this prosperity would have been continued and increased. But Solomon followed the example of other eastern kings, and married many wives from the heathen countries around. To please these women, who were idolaters, Solomon built temples for their idols, and permitted them to offer sacrifices; thus tempting his people to idolatry. God told him that he would punish him for this great sin, by taking part of his kingdom away from his son. This threat was fulfilled immediately after the death of Solomon.

Rehoboam, the son of Solomon, provoked the people so much by his foolish and tyrannical conduct, that all the Israelites, except the tribes of Judah and Benjamin, separated themselves from him, and chose Jeroboam, who had been a servant to Solomon, for their king; this was the origin of the kingdom of Israel. The two kingdoms of Judah and Israel were never again united.

According to the promise of God, the kingdom of Judah was governed by the descendants of Da-

কিন্তু খেদের বিষয় এই শলমোন পূর্ব্বদিকের আর২ রাজাদের ব্যবহৃত মতানুসারে ব্যবহার করিয়া চতুর্দ্দিগ্স্থিত ভিন্নদেশীয়া নানা স্ত্রীকে সম্ভোগার্থে রাখিলেন এবং সে স্ত্রীলোকেরা পুত্তলারাধনাতে রতা প্রযুক্ত তাহাদের অনুরোধে রাজা অনেক দেবালয় নির্ম্মাণ করাইয়া তত্তদালয়ে মিথ্যা দেবোদ্দেশে বলি নৈবেদ্যাদি উৎসর্গ করিতে অনুমতি দিলেন তাহাতে য়হুদি লোককেও দেবপূজা করণে প্রবৃত্ত করিয়া দিলেন। রাজার সেই পাপের উপযুক্ত শাস্তি দিবার অভিপ্রায়ে ঈশ্বর তাহার রাজ্যের এক ভাগ লইয়া পুত্রকে না দিয়া অন্যকে দিবেন ইহা প্রতিজ্ঞা নিশ্চয় করিয়া জানাইলেন অতএব শলমোন রাজার লোকান্তরগমন করিবা মাত্র ঐ প্রতিজ্ঞামতেই ঘটিল।

শলমোন রাজার পুত্র রহবোয়ম রাজা অতিশয় অবুদ্ধি ও দৌরাত্ম্য প্রকাশদ্বারা প্রজাগণের অত্যন্ত বৈরক্ত্য জন্মাইলেন তাহাতে য়ূদা ও বেন্যামিন্ এই দুই গোষ্ঠী ব্যতিরিক্ত ইস্রাএলিদের আর২ গোষ্ঠী সকল তাহাকে ত্যাগ করিয়া স্বতন্ত্র হইয়া শলমোন রাজার এক জন অনুচর হইয়াছিল যে য়িরবোয়ম তাহাকেই রাজপদে অভিষিক্ত করিল। তাহা দ্বারা ইস্রাএলের রাজ্যোৎপত্তি হইল; আর তৎকালাবধি য়ূদা ও ইস্রাএল উভয় রাজ্যের সংযোগ কখন হয় নাই।

ঈশ্বরের প্রতিজ্ঞানুসারে বাবুলনীয়েরা যে পর্য্যন্ত য়ূদা দেশকে পরাস্ত না করিল সে পর্য্যন্ত তদ্দেশের পরম্পর

vid, till its final conquest by the Babylonians. Some of these were wicked men, who introduced idolatry by building altars in the groves, and setting up the images of false gods. Others were good men and good kings, who governed according to the law given to Moses, breaking down the altars and the idols, and bringing back the people to the worship of the true God.

The kings of Israel were wicked men. Jeroboam was unwilling to have the people go up to the temple at Jerusalem. He feared they would become interested in the service of the temple, and in the king, and priests, and people of Judah; and thus choose again to unite themselves to that kingdom, and be governed by the descendants of David. He set up two golden calves, therefore, one at Bethel in the southern part of his kingdom, and another at Dan in the northern part. He commanded that the three yearly festivals should be celebrated before these idols. This he did in imitation of the idolatry of the Egyptians, who worshipped animals. Jeroboam lived at Shechem,

রাজা সকল দাউদ রাজার বংশোদ্ভব হইয়া উঠিলেন। ইহাদের মধ্যে কেহ২ পাপিষ্ঠ হইয়া উপবনের মধ্যে যজ্ঞ বেদি রচনা ও মিথ্যা দেবমূর্ত্তি স্থাপন করণ পূর্ব্বক পুত্তলাপূজা অনুষ্ঠান করিল কেহ২ বা সাধু ব্যক্তি ও উত্তম রাজা হইয়া মুসা দ্বারা দত্ত ব্যবস্থানুসারে রাজ্য-শাসন করিতেন এবং মিথ্যা দেবতার মূর্ত্তি ও যজ্ঞবেদি উচ্ছিন্ন করিয়া প্রজা লোককে সত্য পরমেশ্বরের সেবাতে পুনরাসক্ত করিলেন। কিন্তু ইস্রাএল দেশের ক্রমাগত রাজা সকল পাপিষ্ঠ হইল এক জনও সাধু লোক হইল না। উহাদের মধ্যে য়িরুবোয়ম নামক রাজা প্রজাগণ ঈশ্বরের আরাধনার্থে য়িরুশালম নগরে না যায় ইহাতে চেষ্টিত হইল যেহেতুক যাইতে দিলে লোকেরা সেখান-কার মন্দিরে ব্যবহৃত উপাসনাদিতে সন্তুষ্ট হইয়া এবং য়ূদা দেশের রাজা ও যাজকগণ ও সামান্য লোক সমুদা-য়ের প্রতি মায়ানিবিষ্ট হইয়া আরবার ঐ দেশের সঙ্গে সংযোগ পূর্ব্বক দাউদের বংশোদ্ভব এক জন রাজার বশাধীন হইতে সম্মত হয় এই ভয়ে ভীত হইল। অতএব স্বর্ণের বৃষবদাকৃতি মূর্ত্তিদ্বয় রচনা করাইয়া ইহার এক মূর্ত্তিকে স্বরাজ্যের পশ্চিমে বীথেল নগরে এবং দ্বিতীয় মূর্ত্তিকে উত্তরদিকের দান্ নগরে স্থাপিত করিল। পরে ঐ মূর্ত্তির উপাসনার্থে লোকে প্রতিবৎসর তিন বার আইসে এ মানসে পর্ব্বাহকালত্রয়ের নিয়ম করিল ইহাতে পশ্বা-রাধক মিসর দেশীয়দের অনুষ্ঠিত মতানুসারী হইল। ঐ য়িরুবোয়ম সিখম্ নগরে বাস করিত যেহেতুক তৎকালে

which was, at that time, the capital city of the kingdom of Israel.

The kings who reigned after Jeroboam introduced other idols, and the people forgot the law of Jehovah, and worshipped gods of wood and stone. During this period many prophets lived both in Judah and Israel, who were directed by God to inform the people of his displeasure against their idolatry, and to predict heavy national judgments if they did not repent. God showed his anger against the people of Israel for their sins, sometimes by sending famines and wars, and sometimes by permitting political disturbances to prevail. Several of their kings were murdered by ambitious men, who wished to occupy their places, and in this way the succession was often changed. The crown remained in Jeroboam's family but a short time. Nadab, his son, was killed in the second year of his reign by Baasha, who instantly seized upon the government.

Forty-six years after the separation of the two kingdoms, Omri, king of Israel, built the city of

সে ইস্রাএল দেশের রাজধানী ছিল। যিরুবোয়মের পর যে২ রাজা হইল তাহারা সকলে পুত্তলারাধনার নীতি অনুষ্ঠান করিল তাহাতে প্রজারা পরমেশ্বরের ব্যবস্থিত মত বিস্মৃত হইয়া কাষ্ঠ পাষাণাদি নির্ম্মিত দেবমূর্ত্তির উপাসনাতে রত থাকিল। এতৎকালমধ্যে য়ূদা ও ইস্রাএল উভয়দেশে অনেক ভবিষ্যৎবক্তা হইয়া উঠিলেন আর তাহারা দৈবযোগে অনুমতি পাইয়া দেবোপাসনা জন্য লোকের প্রতি পরমেশ্বর যেরূপ ক্রোধী হন তাহা জ্ঞাত করিয়া লোকে যদি এতৎ পাপ পরিত্যাগ না করে তো ঈশ্বর তদুচিতদণ্ডার্থে সাধারণের অতি উৎপাত করাইবেন ইহাও প্রচার করিতেন। আর দেখ ইস্রাএলের প্রতি ঐ পাপ প্রযুক্ত ঈশ্বরের কত বড় অসন্তোষ হইয়াছিল তৎ প্রকাশার্থে তিনি কখন২ দুর্ভিক্ষ্য ও যুদ্ধোৎপত্তি করিলেন। কোন২ সময় বা সেই দেশঘটিত দ্বন্দ্বাদি উপদ্রবোৎপত্তি করিলেন। এবং মধ্যে২ কোন২ রাজা রাজপদাকাঙ্ক্ষি কোন ইতর ব্যক্তি কর্তৃক হত হইয়া মরিলে হন্তারা রাজাসনে উপবিষ্ট হইবাতে রাজানুক্রম অনেকবার ভঙ্গ হইল। রাজমুকুট যিরুবোয়মের কুলে অনেক দিন থাকিল না যেহেতুক তাহার পুত্র নাদাব্ রাজ্য অভিষেক পর দ্বিতীয় বৎসরে বায়াশা কর্তৃক হত হইয়া মরিল তাহাতে ঐ বায়াশা রাজ্যভার ধরিয়া রাজ্য ভোগ করিল।

রাজ্যদ্বয়ের বিচ্ছেদ হওনাবধি প্রায় চয়াল্লিশ বৎসর হইল অম্রি নামক ইস্রাএল দেশের রাজা সামারিয়া

Samaria, and made it the capital of his dominions.

Nearly six hundred miles east and north-east of Palestine, were two powerful kingdoms. The more northerly kingdom was called Assyria, and was governed at that time by Tiglath Pileser, or, as he is called in some histories, Arbaces. The southern kingdom was named Babylonia, and was then governed by Belesis, called by some writers Baladin, and by others Nabonassar.

At length the people of Israel and Judah had become so idolatrous and sinful, that God determined to punish them, but especially the Israelites, who had most deserved it. And the way it was done was this. Pekah, king of Israel, united himself to Rezin, king of Syria, and made war against Ahaz, king of Judah. They came with a great army to take Jerusalem, intending to kill Ahaz, and make another person king. Ahaz was a bad man, but for the sake of his ancestor David, God determined that he should, being thus for the present divinely warned, continue still for a

নগর নির্ম্মাণ করাইয়া তাহা স্বরাজ্যের রাজধানী করিয়া রাখিলেন।

ফিলিষ্টিয়া দেশের পূর্ব্ব ও উত্তরপূর্ব্ব এ দুই দিকে তিন শত ক্রোশ দূরে মহাপরাক্রান্ত আর রাজ্যদ্বয় ছিল। উত্তর দিকের রাজ্য অস্সুরিয়া নামে খ্যাত সে তৎকালে তিগ্লথ-পিলেসর অথবা অনেক উপাখ্যানের লিখনানুসারে অর্ব্বকীস নামক মহারাজ কর্ত্তৃক শাসিত হইতেছিল। এতৎপশ্চিমে স্থিত যে রাজ্য সে ববুলোনিয়া নামে প্রসিদ্ধ আর তাহার তৎকালীন রাজার নাম কেহ২ বেলেসিস্ কেহ২ বা বালাদিন্ কেহ২ বা নাবোনস্সর করিয়া লিখিয়াছে।

কালক্রমে ইস্রাএল ও য়ূদা উভয় দেশের লোক সকল প্রতিমা পূজাতে অতিশয় তৎপর ও পাপিষ্ঠ হইয়া উঠিল অতএব পরমেশ্বর তাহাদের উচিত দণ্ড দিবার মানস করিয়া স্থির প্রতিজ্ঞা করিলেন কিন্তু উভয়ের মধ্যে ইস্রাএলি লোকদিগকে বিশেষ রূপে শাস্তি দিতে নির্ণয় করিলেন যেহেতুক তাহারাই অতিশয় পাপ প্রযুক্ত বিশেষরূপে দণ্ডার্হ হইল। অতএব ঐ অভিপ্রায়ে প্রথমে ইস্রাএল দেশের তৎকালীন রাজা যে পীকা তাহাকে রেজন্ নাম সুরিয়া দেশের রাজার সঙ্গে ঐক্য হইয়া য়ূদা দেশের আহাজ্ রাজার প্রতি যুদ্ধ করিতে প্রবৃত্ত করিয়া দিলেন তাহাতে ঐ দুই রাজা অসঙ্খ্য সৈন্য সঙ্গে করিয়া লইয়া যিরূশালম নগর আক্রমণ পূর্ব্বক আহাজ রাজাকে ধরিয়া নষ্ট করিয়া অন্য কোন ব্যক্তিকে তৎপরি-

while to reign over Judah. The two kings failed in their attack upon Jerusalem, and were obliged to return home. But Ahaz became more and more idolatrous, and even sacrificed his own children to Moloch. The anger of God was kindled against him, and he again permitted the king of Israel and the king of Syria to come with a great army and attack Judah. Ahaz was defeated and his army destroyed, one hundred and twenty thousand of his subjects being left dead upon the field of battle. Instead of humbling himself before God, and asking aid of him, Ahaz determined to seek help of the king of Assyria. He wickedly robbed the temple of the silver and gold that were in it, and sent it to Tiglath Pileser, requesting him to come to his assistance. The king of Assyria immediately collected a large army, and marched westward; not for the sake of helping Ahaz, but that he might add the kingdoms of Israel and

বর্ষে রাজ্যাভিষিক্ত করে এই নিয়ম মাত্র করিল। আহাজ্ রাজা পাপিষ্ঠ হইল বটে তত্রাপি ঈশ্বর তাহার পূর্ব্ব পিতা দাউদের অনুরোধে ইনি এবার দৈবযোগে চেতনা পাইয়া যূদা দেশে আরো কিয়ৎকাল থাকিয়া রাজত্ব করেন ইহা স্থির করিয়াছিলেন। এজন্য আক্রমণকারি রাজাদ্বয় যিরূশালম নগরেতে প্রবিষ্ট হওনে অপারক হইয়া স্ব২ স্থানে প্রস্থান করিল কিন্তু আহাজ্ চেতনা পাইয়াও উত্তরোত্তর দেবার্চ্চক হইয়া শিশুবালককে ও মোলখ নামা বিকটাকৃতি দেবমূর্ত্তির উদ্দেশে বলিরূপে উৎসর্গ করিল। তাহাতে পরমেশ্বর তাঁহার প্রতি আরো অতিশয় ক্রোধিত হইয়া অনুমতি দিলে পর ইস্রাএল ও সুরিয়া দেশের রাজাদ্বয় আরবার সসৈন্য হইয়া যূদার প্রতি আক্রমণ করিতে আইল। এবার আহাজ্ পরাস্ত হইল এবং ঐ যুদ্ধে এক শত বিংশতি সহস্র যহুদি লোক রণস্থলে পড়িয়া রহিল। তত্রাপি আহাজ্ ঈশ্বরের স্থানে বিনয় পূর্ব্বক উপকার প্রার্থনা করিলেন তাহা নয় কেবল অস্সুরিয়া দেশের রাজার প্রতি লোক পাঠাইয়া ইনি সহায়ী হন এতৎ প্রার্থনা করেন এ উপায় মাত্র কল্পনা করিলেন। অতএব এ মানসে ঈশ্বরের মন্দিরে যে স্বর্ণরূপ্যাদি সঞ্চিত ছিল পাপিষ্ঠমতে সে সকল ধরিয়া লইয়া তিগ্লথ্পিলেসর মহারাজার নিকটে পাঠাইয়া ইনি আসিয়া সাহায্য করেন রাজদূতদ্বারা এই নিবেদন করিলেন তাহাতে অস্সুরিয়ার রাজা বিনা বিলম্বে অসঙ্খ্য সেনাগণ একত্র করিয়া লইয়া পশ্চিম

Syria to his own dominions. He first conquered the Syrians, and took Damascus, their principal city. He then marched against Israel, and subdued all that part of the kingdom which lay east of the Jordan, and all the northern part of that country which was afterwards called Galilee. He then went to Jerusalem and obtained more money from Ahaz, but still gave him no help. He seized upon Elath and Eziongeber, where the kings of Judah had carried on their trade to India, and thus excluded them for ever from the ports on the Red Sea.

When Tiglath Pileser returned to Assyria, he carried with him a multitude of captives, both from Syria and the land of Israel. He placed them in different parts of Media, which was then under the Assyrian government. After this, the kings of Israel governed but a small territory, and paid tribute to the kings of Assyria. But at last one of them refusing to pay the tribute, Salmaneser, the son and successor of Tiglath Pileser, came and conquered the remainder of the country, and be-

দেশে আগমনার্থে যাত্রা করিলেন। কিন্তু ইনি আহাজ্ রাজার সহায়তা করেন এই নিমিত্তে আইলেন তাহা নয় বরং ইসরাএল ও য়ূদা এ দুই দেশ ও পরাস্ত করিয়া স্বরাজ্যের মধ্যে রাখেন ঐ নিমিত্ত। প্রথমতঃ ইনি সুরিয়ার লোককে দমন করিয়া দামাসক্ নাম রাজধানীকে ধরিয়া স্ববশে রাখিলেন পরে ইস্রাএল দেশেতে গমন করিয়া য়র্দ্দন নদীর পূর্ব্বদিকে যত স্থল থাকে আর পশ্চাতে গালিলী নামে খ্যাত দেশের উত্তরদিগে যত স্থল থাকে সে সকল স্থল পরাভব করিয়া স্ববশে রাখিলেন। তৎপরে যিরূশালম নগরে গিয়া আহাজ্ রাজার স্থানে আরও ধন প্রাপ্ত হইয়াও তাহাকে কোন সাহায্য দেন না বরং এলথ্ ও এজিয়ন্‌গীবর যে দুই নগর থাকিয়া য়ূদা দেশের মহাজনেরা জল পথ দিয়া হিন্দুস্থান পর্য্যন্ত ও বাণিজ্য কর্ম্ম নির্ব্বাহ করিতেন সে দুই নগর হস্তগত করিয়া যহূদিদিগকে রক্ত সাগরহইতে সদাকাল পর্য্যন্ত দূরীকৃত করিলেন।

পরে তিগ্লথ্‌পিলেসর যখন অস্‌সুরিয়াতে ফিরিয়া গেলেন তখন সুরিয়া এবং ইস্রাএল উভয় দেশের যুদ্ধে ধৃত অসঙ্খ্য লোককে সঙ্গে করিয়া লইলেন। ঐ লোক সকলকে তৎকালে অস্‌সুরিয়ার রাজার বশে ছিল যে মেদীয়া দেশ তাহাতেই স্থিতি করাইলেন। এ কালাবধি ইস্রাএলি রাজার শাসিত দেশ অতি ক্ষুদ্র হইয়া অস্‌সুরিয়ার রাজার বশে থাকিয়া করাধীন ও হইল। কিন্তু কালক্রমে কোন এক রাজা কর দিতে অসম্মত হইলে তিগ্লথ্‌পিলেসরের পরিবর্ত্তে রাজ্যাভিষিক্ত সল্মনেসর

sieged Samaria the capital. He took the city, and carried the people away to Halah, to the river Habor, or Chaboras, or Chebar, and to Gozan, on the east side of the Tigris, and to the cities of the Medes. This was two hundred and fifty-three years after the separation of the two kingdoms of Israel and Judah. The kingdom of Israel was then entirely destroyed, and the king of Assyria sent people from Babylon to inhabit Samaria and the surrounding country.

The kingdom of Judah was now a small territory lying between the dominions of the king of Egypt and the king of Assyria. These two rival kings were both anxious to seize upon it, as it would have given either of them a great advantage against his neighbour. But so long as the people retained the temple worship, and avoided the idolatry of the surrounding nations, God preserved them from their enemies. Hezekiah, the first king of Judah after the destruction of Israel, was a good man, who encouraged the people in obeying and serving the true God. When Sennacherib, king

নামক তৎপুত্র আগমন করিয়া অবশিষ্ট দেশ সমুদায়কে পরাস্ত করিলেন এবং সামারিয়া নাম রাজধানীকে আক্রমণ দ্বারা ধরিয়া তন্নিবাসিদিগকে লইয়া দেশান্তর করিয়া তিগ্রীস্ মহানদীর পূর্ব্ব পারে স্থিত যে হালা ও হাবর ও গোজন্ থাকে তত্তৎ স্থলে এবং মেদীয়ার প্রতিনগরেতে স্থাপিত করিলেন। ইস্রাএল ও য়ূদা উভয় দেশের পরস্পর বিচ্ছেদ কালান্তরে প্রায় দুই শত পঁয়ত্রিশ বৎসর হইল এতৎ ঘটনা সকল হইল। সে সময় ইস্রাএলি রাজ্য সর্ব্বতোভাবে লোপ পাইল আর অস্সুরিয়ার মহারাজ বাবুলন থেকিয়া লোক পাঠাইয়া সামারিয়া নগরে এবং তৎ চতুর্দ্দিগের স্থানে নিবাসার্থে রাখিয়া দিলেন।

এসময় য়ূদা দেশ অতি ক্ষুদ্র রাজ্য ছিল সে ঔগুপ্ত ও অস্সুরিয়া উভয় রাজ্যের মধ্য স্থিত আর ঐ দুই রাজ্যের অধিপতিরা দ্বেষ ভাবে পরস্পর অহিতৈষী হইয়া উভয়েই য়ূদা দেশকে আক্রমণ দ্বারা পরাস্ত করণে চেষ্টিত থাকিলেন যেহেতুক সে যাহার বশে থাকিত ইনি অধিক বলবান হইয়া অপরের প্রতি প্রতীকার করিতে পারিতেন। কিন্তু যাবৎকাল তন্নিবাসি লোক পরমেশ্বরের মহামন্দিরে তাঁহার নির্দ্দিষ্ট উপাসনাদি করা ত্যাগ না করে এবং বেষ্টনকারি দেশের লোক ব্যবহৃত দেবপূজা ও না করে তাবৎকালপর্য্যন্ত তিনি শত্রুগণের আক্রমণহইতে তাহাদিগকে রক্ষিত করিলেন। ইস্রাএলি রাজ্য নষ্ট হওন পরে য়ূদা দেশের হজকীয়া নাম প্রথমাভিষিক্ত রাজা উত্তম ব্যক্তি ছিলেন আর প্রজাগণ

of Assyria, came against Jerusalem with a great army, Hezekiah sought no alliance with foreign powers, but went into the temple and called upon God for deliverance. God heard his prayers, and sent an angel, who destroyed, in one night, one hundred and eighty-five thousand men in the Assyrian camp. It is probable that under the name of an angel a pestilence is intended.

But Manasseh, the son of Hezekiah, did not tread in his father's steps. He worshipped idols, and tempted the people to sin against God. During his reign, the Jews became so forgetful of their duty, that the copy of the law of God, which had been kept in the temple to be read to the people on solemn feast days, was lost, or perhaps hidden by some one, to prevent it from being destroyed. It was found in the reign of king Josiah, when he was repairing the temple in order to reform the worship.

In the twenty-ninth year of the reign of king Josiah, Nabopolassar, king of Babylon, married his son Nebuchadnezzar to the grand-daughter of

ও সত্য ঈশ্বরের আজ্ঞা পালনে ও সেবা করণে স্থিরচিত্ত হয় ইহাতেই সচেষ্ট ও আশ্বাসদায়ী ছিলেন। কোন সময়ে অস্সুরিয়ার মহারাজ সন্নখেরিব্ অসঙ্খ্য সেন গণের সহিত য়িরূশালম নগরে শত্রু ভাবে আগত হইলে হজকীয়া বিদেশীয় রাজার সহিত সন্ধি করণ ত্যাগ পূর্ব্বক কেবল মন্দিরে গিয়া ঈশ্বরের স্থানে উদ্ধার প্রার্থনা করিলেন তাহাতে ঈশ্বর বিনয় প্রার্থনা শ্রুত মাত্রে এক জন স্বর্গ দূতকে প্রেরণ করিয়া এক রাত্রির সময় মধ্যে অস্সুরিয়দের শিবিরেতে এক শত পঞ্চাশীতি জন সেনা লোককে প্রাণে নষ্ট করাইলেন বোধ হয় দূতের নাম ধরিবাতে কোন মহামারী রোগ বুঝায়॥

কিন্তু হজকীয়ার পুত্র মনাসস্ স্বপিতার পদচিহ্ন দিয়া চলিল না; বরং আপনি দেবমূর্ত্তির উপাসনা করত প্রজাগণকেও ঈশ্বরের আজ্ঞা বিরুদ্ধে তদ্রূপ পাপ করিতে প্রবৃত্ত করিলেন ইহাতে তাহার রাজত্বকালে য়িহূদীয়েরা কর্ত্তব্য কর্ম্ম সর্ব্বতোভাবে বিস্মৃত হইল এবং মন্দিরে স্থাপিত ঈশ্বরের ব্যবস্থাদি শাস্ত্রের যে এক আদর্শ গ্রন্থ পর্য্যায় কালক্রমে সাধারণ লোক সমুদায়ের কর্ণ গোচরে পাঠ করণের রীতি হইয়াছিল সে ও হারিয়া গেল কিম্বা সে নষ্ট যেন না হয় এতদভিপ্রায়ে কাহারো দ্বারা গোপনে রাখা গেল যেহেতুক পশ্চাতে য়োসীয়া রাজা উপযুক্ত উপাসনাদি বিধিমতে নির্ব্বাহকরণার্থে যখন মন্দিরকে সারিয়া দিতে ছিলেন তখন তাহা পুনরায় পাওয়া গেল।

ঐ য়োসীয়ার শাসকত্বকালের ঊনত্রিংশত্তম বৎসরে

Cyaxares, king of the Medes. The kings of Babylon and Media then joined their armies, and attacked and destroyed Nineveh. Thenceforward the country of Assyria was governed by the kings of Babylon. At the close of king Josiah's reign, his army was subdued by Pharoah Necho, king of Egypt, and the country of Judah became a province of Egypt. During the reign of Jehoiakim in Judah, the Egyptian king went to war against the king of Babylon. As Nabopolassar was old and infirm, he gave the command of his armies to Nebuchadnezzar, his son, who marched against the Egyptian army and defeated them. He then went to Jerusalem and besieged it, and conquered the whole country of Judah. He, however, allowed Jehoiakim to remain king, under the control of the king of Babylon. He robbed the temple of part of its furniture, and carried back with him several young men who were descended from the royal family of Judah, to be employed in the court of Babylon. Among these young men, were Daniel and his three friends. This was three hundred and sixty-nine years after the

এক বিশেষ ঘটনা হইল। নাবোপলস্বর নাম বাবুলনীয় রাজা নবুখদ্‌নজ্জর নাম আপন পুত্রকে মেদীয়ার রাজা কয়ক্সিরসের পৌত্রীর সঙ্গে বিবাহ দিলেন তাহাতে বাবুলন ও মেদীয়া এ দুই দেশের রাজারা পরস্পরের সৈন্য সমুদয় সংযুক্ত করিয়া প্রস্থান করিয়া নিনিব নাম অস্‌সুরিয়ার রাজধানীকে ছিন্ন ভিন্ন করিয়া দিলেন। এতৎকালাবধি অস্‌সুরিয়া দেশ বাবুলনীয় রাজার বশে থাকিল। য়োসীয়া রাজার শেষকালে ফারোনেখো নামে খ্যাত ঔগুপ্ত দেশের রাজা তাহার সৈন্য দল হারাইয়া দিলেন তাহাতে য়ূদা দেশ ঔগুপ্ত দেশের এক প্রদেশ হইয়া রহিল পরে য়ূদা দেশের য়খোনীয়া নাম রাজার রাজত্বকালে ঔগুপ্তের রাজা বাবুলনীয় রাজার সহিত যুদ্ধ করিতে গেলেন তখন নাবোনস্বর আপনি বার্দ্ধক্যক্রমে হ্রস্ববল হইয়া স্বসৈন্যের অধ্যক্ষতা পদ ছাড়িয়া নবুখদ্‌নজ্জরকে তাহা ভার করিয়া দিলেন তাহাতে তিনি সসৈন্য হইয়া ঔগুপ্তীয় সৈন্য সমূহের সাক্ষাৎ করিতে প্রস্থান করিয়া তাহা পরাস্ত করিলেন পরে তিনি য়িরূশালম নগরে গিয়া তদ্বেষ্টন করণ পূর্ব্বক তাবৎ য়ূদা দেশকেও বশ করিলেন তৎকালে য়িহোয়াকিম্ রাজা ছিলেন অতএব তাহাকে রাজ্যচ্যুত না করিয়া বাবুলনীয় রাজার অধীনতায় থাকিয়া স্বরাজ্য শাসন করিতে দিলেন। পরে মন্দিরের কোন সামগ্রী লুঠ করিয়া লইলেন এবং য়ূদার রাজবংশোদ্ভব কএক জন যুবা ব্যক্তিকে সঙ্গে করিয়া স্বদেশে ফিরিয়া গেলেন তাহারা বাবুলনস্থ রাজবাটীতে থাকি-

separation of the two kingdoms of Israel and Judah. Eighteen years after this, Nebuchadnezzar again besieged Jerusalem, and utterly destroyed it. The people were carried away captive to Babylonia. Most of them were placed in the country around the river Chebar, or Chaboras, which empties into the Euphrates, north-west of Babylon.

CHAPTER II.

Daniel and his companions are carried to Babylon—Their refusal to eat meat and drink wine—Their attention to study.

WE will now return to the period when Daniel and his companions were taken by force from their native city, and carried to a distant land. Nebuchadnezzar had commanded Ashpenaz, the chief officer of his court, to select from among the princes of Judah a number of young men of good talents; such as had been well educated in Jewish learning, and who would be capable, after being instructed in the knowledge of the Chaldeans, of holding offices in the court of Babylon. In

য়া পরিচর্য্যা করে তাঁহার এই মানস ছিল উহাদের অন্তর্গত দানিএল ও তাহার বন্ধুত্রয়। ইস্রাএল ও য়ূদা উভয় রাজ্যের বিচ্ছেদান্তরে তিন শত ঊনসপ্ততি বৎসর হইল ঐ সকল ঘটনা হইল ইহার পর আটার বৎসর গত হইলে নবুখদ্‌নজ্জর য়িরূশালম নগরকে দ্বিতীয় বার অবরোধ করিয়া লইয়া উচ্ছিন্ন করিলেন তাহাতে নিবাসি লোক সকল বাবুলন দেশে আনীত হইয়া গেল ইহাদের অধিকাংশ বাবুলন নগরের উত্তরদিকে ইউফ্রুট নদীতে পতিতা হয় যে খেবার্ নদী তাহার তীরবর্ত্তি স্থানে স্থিতি করাইলেন।

দ্বিতীয় অধ্যায়।

দানিএল ও তাহার বন্ধুত্রয়ের স্বদেশ বহির্ভূত হইয়া বাবুলন দেশে গমন। তাহারা সেখানকার খাদ্য পেয় ভক্ষণ পান করণে অস্বীকৃত কিন্তু অধ্যয়নশালী হয়।

এখন দানিএল ও তাহার বন্ধুত্রয় যে সময় জন্মভূমির রাজধানীতে শত্রু বলে ধৃত হইয়া দূরদেশে আনীত হইল সে সময়াবধি উহাদের বৃত্তান্ত লিখিয়া দি। নবুখদ্‌নজ্জর অস্কেনস্ নামক প্রধান রাজসভাস্থ ব্যক্তিকে এ আজ্ঞা দিয়াছিলেন তুমি য়হূদীয় রাজকুমারগণের মধ্যে উত্তম গুণযুক্ত ও য়হূদিশাস্ত্রাধ্যয়নে ব্যুৎপন্ন কএক জন যুবা লোককে বাছিয়া লও তাহারা যেন খল্‌দীয় শাস্ত্রাধ্যয়ন পূর্ব্বক বাবুলনিয় রাজসদনে কোন বিশিষ্ট পদে নিয়োগার্হ হয় অতএব অস্কেনস্ এমত আজ্ঞা পাইয়া উত্তম কুলোদ্ভব

obedience to this command, Ashphenaz carried away, a company of young men of high rank, among whom were Daniel, and his three friends, Hananiah, Mishael, and Azariah. Ashpenaz changed their names to Belteshazzar, Shadrach, Meshach and Abed-nego. These were Babylonian names, and had some reference to the names of several of the Chaldean gods. It will be recollected, that Nebuchadnezzar did not destroy Jerusalem at this time, but only made it a province of Babylon, and took away part of the vessels of the temple. This band of Hebrew youths, who accompanied the Chaldean army as it retired from Jerusalem, must have cast many sad glances backward upon their beloved city and temple, and the palaces in which they had dwelt. The piety of Daniel supported him under this trial, and aided him in forming wise plans for regulating his conduct when he should be exposed to the temptations of a heathen court.

After a march of many days, they entered the country of Chaldea, and the great city of Babylon lay before them. As soon as they arrived there.

কএক জন যুবা লোক সঙ্গে করিয়া লইয়া স্বদেশে আই-
লেন ইহাদের মধ্যে দানিএল ও হানানীয়া ও মীশাএল
ও আজারীয়া এই ২ নামখ্যাত তাহার বন্ধুত্রয় কিন্তু অস্ফে-
নস্ তাহাদের ঐ নাম ফিরিয়া বেল্টিশাসর ও শাদ্রাখ্ ও
মেশাখ্ ও অবেদনোগো এরূপ নাম রাখিয়া দিলেন সে
সকল বাবুলনীয় ভাষার আখ্যা এবং খল্দীয় দেবতাদের
সম্বন্ধে ও তাহা রাখা গেল। এতৎকালে নবুখদ্‌নজ্জর যিরূ-
শালম নগরকে উচ্ছিন্ন না করিয়া কেবল য়িহূদা দেশকে
বাবুলন দেশের অন্তর্গত এক প্রদেশ করিয়া রাখিয়া মহা-
মন্দিরের অনেক স্বর্ণের পাত্রাদিমাত্র কাড়িয়া লইয়াছি-
লেন ইহা পাঠকবর্গ বুঝি মনে করিয়া থাকিবে। অতএব
পূর্ব্বোক্ত তিন জন যুবা হেব্রি লোক খল্দীয়দের সঙ্গে যিরূ-
শালম নগরকে ছাড়িয়া যাত্রা করণ সময়ে অবশ্য প্রিয়তম
স্বদেশ ও মন্দির ও পূর্ব্ববাসিত অট্টালিকার প্রতি অনেক
বার ফিরিয়া দৃষ্টিপাত করিতে২ সখেদে গমন করিল।
আর দানিএল যদি এমৎ বিপদ কালে ও সহিষ্ণু হই-
লেন বুঝি ইহার কারণ থাকিবে তাহার ঈশ্বরে নিষ্ঠা
এবং তন্নিষ্ঠ প্রযুক্ত ভাবিকালেও দেবপূজকেরদের সভা
মধ্যে তাহার যেরূপ গুণের পরীক্ষা হইবে তাহা ও
সহ্য করিয়া ইনি কি রূপ উত্তম ব্যবহার করিবে তাহা
স্থির করণার্থে পথিমধ্যেও সুবুদ্ধিদ্বারা ভাবনা করিতেন।
অনেক দিন যাত্রা করিলে খল্দীয়া দেশের সীমা পার
হইবাতে বাবুলন মহানগর দৃষ্টি গোচর হইল পৌঁছি-
বামাত্র ঐ অস্ফেনস্ নাম প্রধান সভাসদ্ পূর্ব্বোক্ত চারি

Ashpenaz, the chief officer of the court, placed the young Hebrew princes under the care of teachers, who were required to instruct them in the language, laws, customs, and institutions of the Babylonians. They were also, probably, taught the sciences of astronomy and mathematics. Astronomy was early cultivated in the plains of Chaldea; for there the mildness of the climate invited the inhabitants to spend many of their nights in the open air on the roofs of their houses, while the beauty of the sky and the brilliancy of the stars, led to a study of the heavenly bodies. To compute the distances and motions of the planets, they learned mathematics also, it is likely.

While Daniel and his companions were engaged in these studies, the king ordered a portion of meat and wine, from his own table, to be sent them every day. He wished to treat them kindly, and to promote their health and beauty of person, that they might become useful in his court. He also wished to attach them to himself, and to

জন যুবা হেব্রি লোককে বিশিষ্ট শিক্ষক গণের হস্তস্থ করিয়া দিলেন আর শিক্ষকগণ তাহাদিগকে বাবুলনীয়দের ভাষা ও ব্যবস্থা ও নীতি ও চলিত ব্যবহারাদি অধ্যয়ন ও শিক্ষা করান এই আদেশ দিলেন। আর তাহারা জ্যোতিঃশাস্ত্র ও পরিমাণ বিদ্যা এবং সঙ্খ্যাদি নির্ণয় বিদ্যা ও শিক্ষা করিল এই সম্ভবে কারণ খল্দীয়া দেশের অতি বৃহৎ মাঠ বা সমান ভূমি থাকাতে সেখানে প্রায় প্রথমকালাবধি জ্যোতির্বিদ্যার উৎপত্তি হইল যে হেতুক সেখানকার বায়ুর সাম্যভাব ও স্বচ্ছতা ও প্রায় বার মাসের মধ্যবিতাবস্থা প্রযুক্ত লোকে গৃহের ছাতোপরি রাত্রিযোগেও থাকিতে পারিত এবং আকাশের সুন্দরত্ব ও তারাদির অতিশয় উজ্জ্বলভাব দেখিয়া তাহারা খমণ্ডলের জ্যোতির্বিষয় শিক্ষা করণে আকর্ষিত হইল। তাহাতে কালক্রমে গ্রহাদির দূরত্ব ও গতি পরিমাণ দ্বারাতে ঐ সঙ্খ্যাদি বিদ্যার প্রথম জ্ঞান ও সূত্র রচনা হইল।

অতএব যাবদ্দিন দানিএল ও তাহার সঙ্গি ত্রয়ী ঐ রূপ বিদ্যাধ্যয়নে কালক্ষেপ করিতেছিলেন তাবদ্দিন রাজা আপন পাত্রেতে রাখা যাইত যে খাদ্য পেয় তদ্দ্রব্যের কিয়দংশ উহাদিগের প্রতিদিনের আহারার্থে দিয়া পাঠাইতেন। ইহাতে তাহাদের প্রতি রাজার অনুগ্রহ প্রকাশ পাইল বটে আর তাহারা শারীরিক সুস্থ ও হৃষ্টপুষ্ট ও সুন্দরবদন হয় আর তাঁহার উপযুক্ত পারিষদ ও হয় আর তাহারা রাজপ্রসাদপ্রাপ্ত হইয়া

the interests of his kingdom, as well as to wean them from their own country. But Daniel determined not to eat the king's meat nor drink his wine. Some of the meats would be such as the Jews were forbidden to eat, and some might have been previously offered to idols. At any rate, it was a luxurious mode of living, in which Daniel did not wish to indulge ; and his three friends joined with him in choosing a more temperate diet.

It was a delicate task for these young men, strangers and captives as they were, to make known their determination to their superiors. But Daniel's prudence equalled his firmness and self-denial. He modestly requested Ashphenaz to suffer them to decline the king's bounty, and to allow them to live on vegetables and water. Daniel's amiable qualities had already won the esteem and regard of the chief officer, but he dared not comply with such a request. He told Daniel

রাজার প্রতি কৃতজ্ঞ এবং সুভক্ত হয় এবং নিজ দেশের প্রতি ভগ্নস্নেহ হইয়া রাজার রাজ্য বৃদ্ধি হওনে চেষ্টা পায় ইহাও তিনি বাঞ্ছা করিলেন।

কিন্তু দানিএল রাজার উচ্ছিষ্ট ভোজন ও মদ্যপান করণে অসন্তুষ্ট হইলেন কারণ রাজা যে২ দ্রব্য খান ইহার মধ্যে কোন২ দ্রব্য য়হূদি লোকেরা খায় না যে হেতুক তাহাতে তাহাদের ধর্ম্ম শাস্ত্রের শক্ত নিষেধ আছে আর বুঝি কখন২ ও সেই২ দ্রব্য পূর্ব্বে কোন দেবতার উদ্দেশে উৎসর্গ হয় পরে তাহা রাজার আহারার্থে প্রস্তুত করা যায়। কিন্তু সে যাহা হউক দানিএল রাজার মত অতিব্যয়ের সুখাভিলাষ করিলেন না আর তাহার তিন বন্ধুও তাহার সহিত একমন হইয়া মধ্যবিৎ আহারাদি করিতে ইচ্ছুক হইল।

কিন্তু এ চারি জন বিদেশীয় লোক ও যুদ্ধের দাস মহাপরাক্রান্ত কর্ত্তাদের ইচ্ছা বিরুদ্ধে ব্যবহার করে এ অতিভার এবং ভয়ঙ্কর কর্ম্ম বটে কিন্তু দানিএল যেরূপ বুদ্ধিমান হন সে রূপ স্থিরচিত্ত ও ইন্দ্রিয়দমনকারী ও হয়েন অতএব ইনি বিনয় পূর্ব্বক নিবেদন করিয়া অস্ফেনস্ তাহারদিগকে রাজপ্রসাদ না লইয়া কেবল শাকাদি ভূমিজ দ্রব্য খাইতে এবং জলমাত্র পান করিতে দেন এই যাচ্ঞা করিলেন তাহাতে প্রধান রাজপারিষদ দানিএলের যে উত্তম স্বভাব ও গুণ ও সুশীলতা তাহা পূর্ব্বে দেখিয়া তাহার প্রতি সুপ্রেম ভাবে থাকেন কিন্তু তাহার ঐ নিবেদনেতে স্বীকার করণে অক্ষম ছিলেন।

and his friends, that if they refused to eat the rich food which the king provided for them, he feared they would become feeble and sickly, and that the king, seeing their pale looks and learning the cause, would be angry with him, and perhaps put him to death.

Daniel prudently said no more at this time, but afterwards spoke to Melzar, who had immediate oversight of the four young Hebrews, and requested that they might, for ten days, make the trial of living on vegetables and water. Melzar consented, and, after ten days, he examined their countenances, and found they were fairer and fatter in flesh than any of the young men who were fed from the king's table. From this time they were permitted to eat vegetables and drink water, and Melzar withheld the food that was sent them by the king.

In his conduct at this time, Daniel showed many qualities of mind and heart that are too seldom found at the early age of eighteen years. He showed uncommon piety in refusing to eat meat forbidden by his religion; thus remembering, in this distant land, the law of his God, and resolving to obey it.

অতএব তিনি দানিএল ও তাহার বন্ধুগণকে কহিলেন রাজার উত্তম ভোজ্য ও সুপুষ্টিকর প্রসাদান্ন না খাইলে তোমরা সুদুর্ব্বল ও ক্ষীণ হইয়া যাইবা তাহাতে রাজা বদনের ম্লানভাব ও শারীরিক অসুস্থতা দেখিয়া হেতু জিজ্ঞাসা করিবেন আর সত্যোত্তর দিলে ইনি মহাক্রুদ্ধ হইয়া আমাকেও কি জানি মৃত্যুদণ্ড করিয়া দিবেন।

দানিএল সুবুদ্ধিদ্বারা এ সময় কোন উত্তর দিলেন না কিন্তু পরে মেল্জার নামে যে ব্যক্তি চারি জন হেব্রি লোকের তত্ত্বাবধারকপদে নিযুক্ত হইয়াছিল তাহারি প্রতি এই নিবেদন করিলেন ফলতঃ ইনি যদি অনুমতি দেন তো চারি জনা দশ দিন কেবল ভূমিজ বস্তু ও জল খাওয়া মাত্রেতে শারীরিক সুদশায় আছে কি না ইহা নির্ণয় করেন। তাহাতে মেল্জার স্বীকৃত হইয়া দশ দিন গেলে পর চারি জনের আস্য নিরীক্ষণদ্বারা দেখিলেন তাহারা রাজপ্রসাদভোজি আর ২ যুবাগণাপেক্ষা ও অধিক সুন্দর ও সুপুষ্ট হইয়াছিল অতএব তৎক্ষণাবধি তাহারা শাক খায় এবং জল মাত্র পান করে ইহাতে মেল্জার সম্মত হইয়া রাজা যে দ্রব্য পাঠান তাহা খাইতে আর দিল না।

এ সমস্ত ঘটনাকালে দানিএলের যে বুদ্ধি ও উত্তম স্বভাব উদয় হইল সে কেবল আটার বৎসরের মানুষে প্রায় দেখা যায় না আর স্বধর্ম্মমতে অবিহিত আচার করণে অসম্মতিদ্বারা তাহার সুধর্ম্মনিষ্ঠা ও প্রকাশ পাইল তাহাদ্বারা বোধ হয় ইনি দূর দেশেও স্বসেবিত পরমেশ্বরের বিষয় বিস্মৃত নন এবং তাঁহার ব্যবস্থা সকল মনে

He showed great firmness in daring to be singular, and in exposing himself to the anger of the king and the ridicule of the courtiers. He showed great command over his appetite; for it must have required much self-denial for a young man of high rank, who had been brought up in the midst of wealth, to resist such temptations to self-indulgence. Knowing that luxury weakens the mind, and stupifies the soul, he determined to subject the bodily part of his nature to the intellectual and moral part. While many young men around him were living in pleasure, he nobly determined to live to God in his early days; to devote himself to preparation for usefulness in the world, and to cultivate his mind as highly as possible. He found an ample reward for his self-denial in increasing health of body and strength of mind, and in a capacity to endure hardships and to perform labour. To all this resolution and perseverance, he united great modesty and sweetness of temper and manners.

রাখিয়া তৎপালনে ও স্থিরমন হন আর অবুদ্ধিমান লোকের ধারাবাহিক মতে না চলিবাতে যদি রাজার কোপদায়ে দায়ী হওনে এবং রাজ সভাস্থদের পরিহাসাস্পদ হওনে ও স্বীকার করিতে হয় তো কোন ক্রমে ধর্ম্মত্যাগ করিবেন না এই স্থির করিতেও তাহার কেমন সাহস প্রকাশ হইল। আর উত্তম পদে জন্মিয়া সদা স্বচ্ছন্দে থাকেন যে কোন সুকুলীন যুবা ব্যক্তি ইনি যদি এ রূপ শারীরিক সুখাভিলাষী না হন তবে নিশ্চয় বোধ হয় ইনি অতিশয় ইন্দ্রিয়দমন করিয়া থাকিবেন অতএব ইন্দ্রিয় দোষদ্বারা মনের বুদ্ধিহ্রাস ও মোহবৃদ্ধি হয় ইহা নিশ্চয় জানিয়া তিনি ধর্ম্মার্থে ইন্দ্রিয়নিগ্রহ পূর্ব্বক চিদাত্মার বশে দেহ দমন করিতে প্রতিজ্ঞাত হইলেন আর অনেকানেক যুবা লোক কেবল সংসারসুখার্থী হইয়া কালক্ষেপ করে তাহা দেখিয়া দানিএল সুশীলতা গুণে গুণী হইয়া যৌবনাবস্থাতে ও ঈশ্বরপরায়ণ হওনে চেষ্টান্বিত হইলেন আর তৎকালে যথাশক্তি বিদ্যাভ্যাসদ্বারা ভাবিকালে পরের হিতার্থে মহৎ কর্ম্মে পারগ হন ইহা ও স্থির করিলেন আর তাহার কি এত ধর্ম্মের উচিত ফল দর্শিল না? সে দূরে থাকুক বরং ইনি শারীরিক সুস্থ এবং মনের বুদ্ধিতে বুদ্ধিমান ও যে কোন দুঃসাধ্য কর্ম্ম সাধনক্ষম এবং অসহ্য বিষয়ে সহিষ্ণু হইয়া স্বধর্ম্মের উত্তম ফলভোগী হইলেন। আর ইনি কেবল উত্তম সাহসযুক্ত এবং সাধ্য সাধনে সুযত্নবান ছিলেন তাহা নয় বরঞ্চ ইনি অতিশয় নম্রস্বভাব ও সুশীল ও সদাচারী ও হইলেন ইনি

No rudeness, no pride of superior wisdom were exhibited in his conduct, but respect for his elders, and a disposition to win their confidence by gentleness and humility.

Daniel was thus prepared to attend with diligence and success to the lessons of his teachers. After seeking the blessing of God on all his pursuits, he endeavoured to use, to the best advantage, every moment of time. He carefully observed what was new or curious in the manners and customs of the people, and treasured up in his memory all that was valuable. He disciplined his mind by studying the sciences of numbers and quantities; he expanded it by examining the motions and appearances of the heavenly bodies. He made himself acquainted with the laws and institutions of Babylon, and probably, with general history; carefully attending to those causes which promote the prosperity of an empire, and those which hasten its destruction. At his leisure moments, he perhaps cultivated the fine arts; for poetry and music were favourite pursuits of the Hebrews, and other ancient nations, while

কোন অশিষ্টাচার করেন নাই এবং সর্ব্বাপেক্ষা অধিক বিদ্যাবান প্রযুক্ত দর্পিত হইলেন না বরং গুরু ব্যক্তির প্রতি সাদর হইয়া কেবল কোমলতা ও বিনয় প্রকাশ-দ্বারা তাহাদের স্বপ্রতি অনুগ্রহ ও প্রত্যয় জন্মাইতে চেষ্টা করিতেন।

অতএব ঐরূপ সুশীলতাতে তিনি শিক্ষকগণের নিকটে মনোযোগ পূর্ব্বক শিক্ষা করণে অনায়াসে কৃতকৃতার্থ হই-লেন যেহেতুক অভ্যাসারম্ভকালে ঈশ্বর তাহার আশীর্ব্বাদ দেন এ প্রার্থনা করিয়া তিনি যথাশক্তি বিদ্যোপার্জ্জনে যত্নবান হইয়া এক দণ্ডের ও মিথ্যা কালক্ষেপ করিলেন না আর দেশের লোকাচার ও ব্যবহারাদি সকল বিবেক দ্বারা উত্তম রূপে বুঝিয়া দেখত এবং পূর্ব্বে তাহার অজ্ঞাত বিদেশীয়দের নূতন ধারা ও অদ্ভুত ক্রিয়া দর্শন করত তিনি স্মরণযোগ্য বিষয় সকল মনে স্থির করিয়া রাখিলেন আর সঙ্খ্যা বিদ্যা এবং পরিমাণ শাস্ত্রাভ্যাসদ্বারা তিনি আপন সুবুদ্ধির শক্তভাব ও মনের ধৈর্য্য জন্মাইলেন। আর আকাশে স্থিত সূর্য্যচন্দ্রাদি জ্যোতিঃ সমস্তের বিশেষ গতি ও তদ্‌ঘটিত অদ্ভুত দর্শনাদি সদা নিরীক্ষণদ্বারা তাহার মনের দিনে২ আরো প্রশস্ততা হইতেছিল। এতদ্ভিন্ন বাবুলন দেশে ব্যবহৃত রাজনীতি ও বিধিব্যবস্থা সকল শিক্ষা করণে এবং আর২ দেশের বিবরণ বিষয়ক পুস্তক পাঠ করণে তিনি যেরূপ কর্ম্ম ও ব্যবহারদ্বারা রাজ্যবৃদ্ধি কিম্বা রাজ্যনাশ হয় তাহা সকল মনোযোগ পূর্ব্বক বুঝিয়া শিখি-লেন অবকাশ পাইলে তিনি উপবিদ্যাও শিক্ষা করিলেন

the Babylonians excelled in some kinds of architecture. In addition to worldly knowledge, God bestowed upon him the spirit of prophecy, and enabled him to interpret visions and dreams.

I have mentioned that Nebuchadnezzar commanded the army, and Nabopolassar administered the affairs of government. While Daniel and his companions were pursuing their studies in the schools and quiet groves of Babylon, Nebuchadnezzar was at a distance carrying on the war against the Egyptians. He had completely conquered their army, and driven them out of Syria, quite beyond the river of Egypt, a small river in the desert, that separated Eygpt from Palestine. Just as he had finished this war, he heard of the death of his father, and hastened across the desert to Babylon. There he began to reign alone over his vast empire, which extended from India to the Mediterranean, and from the Persian Gulf to the Red Sea. He managed the concerns of this extensive kingdom with much wisdom, and on account both of his power and his talents, was called Nebu-

যেহেতুক কাব্য পাঠ ও রচনা করা এবং বাদ্য বিদ্যা শিক্ষা করা হেব্রিদের এবং আর২ নানা দেশীয়দের অতিশয় ব্যবহৃত কর্ম্ম ছিল আর বাবুলনীয়েরা গৃহাদি নির্ম্মাণ বিদ্যায় অতি নিপুণ। শেষে পূর্ব্বোক্ত ঐহিক ও সাংসারিক বিদ্যা ভিন্ন পরমেশ্বর দানিএলকে পারমার্থিক বিদ্যা ও দান করিলেন এবং স্বপ্নে শ্রুত ও দৃষ্টার্থ জ্ঞাপন শক্তি ও ভাবি বিষয় প্রকাশকরণ শক্তিও দিলেন।

নবুখদ্‌নজ্জর সৈন্যশাসনকারী ছিলেন এবং লাবোপলাস্সর রাজকর্ম্ম নির্ব্বাহক ছিলেন ইহা পূর্ব্বে লিখিয়া দিয়াছি অতএব দানিএল ও তাহার সাথি ত্রয় যে সময় বাবুলনের পাঠশালায় কিম্বা নিবিড় বন মধ্যে বিদ্যা শিক্ষা করিতেছিলেন সে সময় নবুখদ্‌নজ্জর দূর দেশে গিয়া ঔগুপ্তনিবাসিদের সঙ্গে যুদ্ধ করিতেছিলেন। সেই যুদ্ধে তিনি ঔগুপ্তীয় সৈন্য পরাভব করিয়া তাহাদিগকে সুরিয়া দেশহইতে ঔগুপ্তের সীমাস্থিত নদীর ওপারপর্য্যন্তও তাড়াইয়া দিলেন সে নদী ঔগুপ্ত ও ফিলিষ্টিয়া দেশের অন্তরস্থিত মহাজঙ্গল দিয়া বহিতেছে। পরে যুদ্ধ ঐরূপ সাঙ্গ করিবা মাত্র তিনি পিতার লোকান্তর গমনের সম্বাদ পাইয়া ঐ জঙ্গল দিয়া ত্বরায় স্বদেশে প্রত্যাগত রাজ্যাভিষিক্ত হইলেন সে সময় তাহার রাজ্য অতি বিস্তারিত থাকিল যেহেতুক সে প্রস্থে হিন্দুস্থান হইতে ভূমিবেষ্টিত নাম সাগর পর্য্যন্ত আয়ত এবং দীর্ঘে ফারস দেশের মহাখাল অবধি রক্ত সাগর পর্য্যন্ত বাড়িয়া ব্যাপিল রাজ্য এত বড় হইলে ও তিনি অতিশয় বুদ্ধিদ্বারা

chadnezzar the Great. At this period, Daniel had been but little more than a year in Babylon. Three years were allowed the young Hebrews for becoming thoroughly acquainted with all they were to study. At the end of that time, they were brought before the king to be examined. Nebuchadnezzar was well fitted by knowledge and penetration to judge of the abilities of the young men. After conversing with them, and questioning them as to their progress in the sciences, he found that Daniel and his three friends were superior to all the rest in wisdom and learning. He accordingly gave orders that they should remain in his palace, and be advanced to some honourable office in his court.

What caused these young men to be so much distinguished above their companions? It was the manner in which they had spent the few years devoted to their education. It was owing to their temperance and industry during that period, and to their piety, which led them continually to seek the blessing of God on their studies. There were

রাজ কর্ম্ম সকল উত্তমরূপে চালাইতেছিলেন এবং নিজ
গুণ ও পরাক্রম উভয় প্রযুক্ত তাহার মহান্ নবুখদ্নজ্জর
এ উপাধি দেওয়া গেল। এতৎকালের পূর্ব্বে এক বৎস-
রের কিঞ্চিৎঅধিক কাল হইল দানিএল বাবুলনেতে আ-
গত হইয়াছিলেন আর যুবা ব্যক্তিদের সর্ব্ব বিদ্যোপা-
র্জ্জনার্থে তিন বৎসরের কাল নিরূপিত হইয়াছিল তদন্তে
তাহারা পরীক্ষিত হওনার্থে রাজার স্থানে আনীত হইয়া
প্রস্তুতীকৃত হইল। তাহাতে নবুখদ্নজ্জর আপনি ও বুদ্ধি-
মান ও বিবেকী হন এ নিমিত্ত তিনি যুবা লোকের গুণ
পরীক্ষা লওনেও সক্ষম। অতএব তাহাদের সঙ্গে কিয়ৎ-
কাল কথোপকথন ও শাস্ত্র ব্যুৎপত্তি বিষয়ে জিজ্ঞাসা
করিয়া দানিএল ও তাহার বন্ধুত্রয়ের আর২ সকলের
অপেক্ষাও অধিক বিদ্যা ও শাস্ত্রজ্ঞান আছে তাহা অনা-
য়াসে নির্ণয় করিলেন অতএব তাহারা রাজবাড়ীতে
থাকিয়া কোন সম্ভ্রমপদে নিযুক্ত হইয়া রাজকর্ম্ম করে
এই আদেশ দিলেন।

শেষে কেহ যদি জিজ্ঞাসা করে সমবয়স্ক আর২ যুবা
লোকের মধ্যে কেবল ঐ তিন যুবা ব্যক্তির এত জ্ঞানবৃদ্ধি
ও উন্নতি লাভ হইল কেমনে তাহা বলিয়া দি। তাহারা
অভ্যাসকালে অতি সুমনোযোগ পূর্ব্বক বিদ্যোপার্জ্জন
করিত আর সর্ব্বদা মধ্যবিত্ত ও সদাচার এবং যত্নকারিত
ও ঈশ্বরভক্তি করিত আর অভ্যাস সময়ে ঈশ্বর যেন
আশীর্ব্বাদ করেন ইহাও তাহাদের সদা প্রার্থিত। যেহে
তুক মনের উদ্যমভঙ্গ হওনের কারণ অনেকেই থাকিল

many things around them which had a tendency to divert their minds. Among these were the luxury and wealth, the dances and songs, the magnificence and show of the court of Nebuchadnezzar. There were also the splendid temples, the processions and sacrifices of an idolatrous worship, and the noise, bustle, and hurry of a commercial city. Many of the young students probably yielded, in part, to these temptations, and neglected their studies. We hear nothing of *them*; their lives were probably useless and unhonoured. But Daniel and his companions obtained a much more valuable reward for their good conduct, than even riches and worldly honour. They were placed in situations where they could protect and aid their brethren, the captive Jews, in the city and provinces of Babylon. They could influence the king to do justice, by punishing the wicked and rewarding the good. Their station at court would attract the notice of

যথা রাজার ও রাজসভাস্থদের যেরূপ সাংসারিক সুখ-ভোগ ও ঐশ্বর্য্য ও নৃত্য কৌতুকাদি এবং গীত গান ও ঠমক ও জাঁকজমক ইত্যাদি তাহাদের ইন্দ্রিয়গোচর থাকিত আর দিব্য দেবালয় ও দেবোপাসনার্থে ব্যবহৃত লোকযাত্রা ও যাগাদি দর্শন আর বাণিজ্য করণ প্রযুক্ত এমন মহানগরে উপস্থিত ক্রয়বিক্রয়কারিদের কৃত কোলাহল ও হুড়াহুড়ি ও গোলমাল ইত্যাদি সকল বিদ্যাভ্যাসার্থিদের পক্ষে বড়ই বিরুদ্ধ হইল। বোধ হয় এতৎ সমস্ত প্রস্তুত সুখের লোভদ্বারা অনেক বিদ্যার্থিদেরও কোন অংশে উদ্যম ভঙ্গ হইবাতে তাহারা অধ্যয়ন পাঠাদি ত্যাগ করিল এ কারণ তাহাদেরি বিষয় কোন কিছু কথা শুনা যায় না এবং লেখা ও যায় না অতএব সম্ভবে তাঁহারা জীবদ্দশায় অকর্ম্মণ্য ও যশশূন্য হইয়া কোন মহৎকর্ম্ম করে নাই কিন্তু দানিএল ও তাহার সঙ্গি লোক ত্রয় সংসারের ধন ও কীর্ত্তি অপেক্ষাও অধিক দুর্ম্মূল্য সৎকর্ম্মের ফল প্রাপ্ত হইলেন। তদ্ভিন্ন তাহারা উত্তম পদে নিযুক্ত হইয়া বাবুলন নগরে এবং রাজ্যের প্রদেশ সকলে স্বদেশীয় যে যুদ্ধের দাস অর্থাৎ য়িহুদি লোক বাস করিত তাহাদেরি সহায়তা ও রক্ষা করণ ক্ষমতা প্রাপ্ত হইলেন। আর রাজা যেন ন্যায় ও সুবিচার করেন এবং দুষ্টদমন পূর্ব্বক সৎব্যবহারের প্রতিফলার্থে সল্লোকের উত্তম গতি করান ইহাতেই চেষ্টা পাইয়া রাজাকে সুপ্রবৃত্তি জন্মাইতেও পারিতেন।

the Babylonians, who could not fail to observe the difference between the conduct of those who worshipped the true God and of those who worshipped idols. Would you be useful in life, and be remembered with gratitude after death? Be temperate and industrious in youth. Sir Isaac Newton, the celebrated philosopher, said, near the close of his life, "I owe nothing to genius, but every thing to industry." For in the proper exertion of one's own faculties, the blessing of God is ever experienced.

CHAPTER III.

Nebuchadnezzar's dream of the great Image.

In the second year of Nebuchadnezzar's reign, and the fourth year after Daniel was brought to Babylon, the king retired one night to rest in his palace. But his sleep was soon disturbed by distressing dreams. Again he sought repose, but again a frightful vision was before him, and he

আর রাজসদনে তাহাদের সম্ভ্রম পদে নিয়োগ হইবাতে অবশ্য বাবুলনীয়েরাও সতত পরমেশ্বরে ভক্ত এবং দেবোপাসক উভয় পক্ষের মধ্যে কেবা উত্তম কেবা অধম ইহা স্পষ্ট দেখিয়া ধর্ম্মাধর্ম্ম বিষয়ে নিশ্চয় বোধ করিতে পারিত। হে পাঠক তুমিও কি জীবদ্দশায় কোন উত্তম কর্ম্মদ্বারা জগজ্জনের উপকার করিতে ইচ্ছুক হইয়াছ এবং লোকান্তর গত হইলেও মনুষ্যেরা তোমাকে স্মরণ করিয়া রাখে ইহা কি বাঞ্ছা কর? তবে এ পরামর্শ দি তুমি সংসারের সুখাদিতে মধ্যবিত চেষ্টা করিও এবং যৌবনকালে বিদ্যোপার্জ্জনাদি উত্তম ব্যবহারেতে সুযত্নবান হইও। দেখ ঈসাক্ ন্যূতন নামে খ্যাত সর্ব্ববিদিত একজন বিদ্যার্থি ব্যক্তি আয়ুর অবসান কালে এ কথা কহিলেন “আমি স্বাভাবিক বুদ্ধির গুণে কিছু মাত্র সাধন করি নাই কিন্তু আমার যাহা হইল সে কেবল প্রয়াস ও পরিশ্রম দ্বারা হইল কারণ তাহা করিলেই ঈশ্বর অবশ্য আশীর্ব্বাদও করেন এ নিয়ত।”

---

৩ অধ্যায়।

নবুখদ্‌নজ্জরের স্বপ্নদর্শন তদ্বৃত্তান্ত।

নবুখদ্‌নজ্জরের রাজ্যাভিষেক হওন পর দ্বিতীয় বৎসরে অর্থাৎ দানিএল যে সময় বাবুলনেতে আসিয়াছিলেন তৎপর চতুর্থ বৎসরে এক অদ্ভুত ঘটনা হইল যে এ প্রকার। রাজা কোন দিন রাত্রিযোগে রাজবাটীর শয়নাগারে নিদ্রা গেলেন কিন্তু দুঃস্বপ্ন জন্য তিনি কাতর হইলে তাহার হঠাৎ নিদ্রাভঙ্গ হইল। কিয়ৎকাল পরে

awoke alarmed and agitated, but without being able to recollect the particulars of his dream.

At that time, when the Bible was not completed, it was necessary for God to speak often to men in different ways. Sometimes he directed them what to do, or revealed to them future events, while they were asleep. It was the general belief, among the heathen nations, that their gods spoke to them in dreams, when any thing uncommon was about to happen. There was no reason for them to think so, for their gods were only images of wood, or stone, or metal, which could neither speak nor hear; or imaginary beings, who never had any existence. Yet those who believed in their existence and power, were very naturally alarmed when they had remarkable dreams. Nebuchadnezzar had no doubt that he had received a revelation from some superior being. He arose from his bed, and sent for all the magicians, and astrologers, and sorcerers; persons who pretend-

তিনি আরবার নিদ্রা গেলেন কিন্তু দ্বিতীয়বারও পূর্ব্বদৃষ্ট স্বপ্নদর্শন হইলে রাজা অতিশয় ত্রস্ত ও ব্যাকুল হইয়া জাগরিয়া উঠিলেন। কিন্তু স্বপ্নেতে যাহা২ দেখিয়াছিলেন তদ্বৃত্তান্ত সকল বিস্মৃত হইলেন।

তৎকালে ধর্ম্মশাস্ত্র সর্ব্বাংশে পূরিত না হওন প্রযুক্ত ঈশ্বর মনুষ্যদিগকে অনেকদা নানা প্রকার দৈবচেতনা দিতেন কখনো২ তিনি স্বপ্নদর্শন জন্মাইয়া কর্ত্তব্যাকর্ত্তব্য কিম্বা ভাবি বিষয় জানাইতেন। আর কোন অদ্ভুত ঘটনার সম্ভাবনা থাকিলে দেবতারা তাহা মানবগণকে স্বপ্নযোগে দর্শান বিদেশীয় দেবোপাসক সকলেরও এমত স্থির বোধ ছিল। কিন্তু তাহাদের পক্ষে এতদ্বিষয়ে কোন যুক্তির প্রমাণ নাই; যেহেতুক তাহারা যে দেবতা দিগকে মানিত সে সকল দেবতা কেবল কাষ্ঠপাষাণ ধাত্ত্বাদি নির্ম্মিত মূর্ত্তিমাত্র এবং কথন শ্রবণাদি শক্তিহীন অর্থাৎ তাহারা অসত্য এবং মনুষ্যকল্পিত, বাস্তবিক দেবতা নহল। তত্রাপি যাহারা তাহাদিগকে বাস্তবিক ও পরম শক্তিমন্ত বোধ করিত তাহারা কোন আশ্চর্য্য স্বপ্ন দর্শন পাইয়া স্বভাবতঃ ভয়ান্বিত হইত এতৎ প্রমাণে রাজা নবুখদ্‌নজ্জর ও পূর্ব্বোক্ত মত স্বপ্নদর্শনে কোন দেবতার চেতনাজ্ঞান করিলেন ইহাতে তাহার কোন সন্দেহ থাকিল না। অতএব তিনি তৎক্ষণাৎ গাত্রোত্থান করিয়া যাহারা আপনাদিগকে কোন ভূতাবেশদ্বারা অলৌকিক বিদ্যাবান্‌ এবং শক্তিবিশিষ্ট করিয়া জানাইত অর্থাৎ ঐন্দ্রজালিক বিদ্যাবেত্তা কিম্বা মায়াবী ও দৈবজ্ঞ ও কুহকী

ed to hold a communication with spirits. They came in great numbers, and stood before the king, waiting for his commands. The king said to them, "I have dreamed a dream, and my spirit is troubled to understand the dream." And they answered, "O, king, live for ever; tell thy servants the dream, and we will show the interpretation." Now this they could not have done, but would probably have contrived some explanation that might have deceived the king. However, the request to know the dream, before they attempted to interpret it, was reasonable. Yet the king was exceedingly angry, because they could not make known to him the thoughts which had passed through his mind when he was asleep, those thoughts which he had himself forgotten. The kings of eastern countries have entire power over the lives and fortunes of their subjects: the constant exercise of this power often makes them cruel and tyrannical. Nebuchadnezzar insisted that the wise men should reveal to him his dream, as well as explain its meaning. If they complied with the

যাহারা তাহাদিগকে ডাকিয়া স্বস্থানে প্রস্তুত করিতে আদেশ দিলেন। পণ্ডিতেরা ত্বরায় আসিয়া রাজার স্থানে সাক্ষাৎ হইয়া দাঁড়াইল। তাহাতে রাজা এরূপ বাক্য কহিলেন আমার এক স্বপ্নদর্শন হইয়াছে আর স্বপ্নার্থ জানিতে আমার মন বড়ই ব্যাকুল হইয়াছে। পণ্ডিতেরা উত্তর করিয়া কহিল হে রাজন্ আপনি চিরজীবী হউন আপনকার দাসদিগকে স্বপ্নদর্শন জানাউন তাহাতে আমরা তদর্থ বুঝাইয়া দিব। বাস্তবিক তাহাদের এমৎ ক্ষমতা ছিল সে সম্ভবে না কিন্তু রাজাকে ভুলাইয়া প্রবঞ্চনা করে তাহারা এমত কল্পনা করিয়া বুঝি কোন মিথ্যা ব্যাখ্যা করিয়া দিতে চাহিল। সে যাহা হউক তাহারা যাহা কহিল রাজা স্বপ্ন জানাইলে আমরা অর্থ করিতে পারিব না করিলে তো হয় না সে কথা যুক্তিসিদ্ধ বটে আর রাজা স্বপ্নযোগে যাহা ভাবিয়াছিলেন আপনিও তাহা বিস্মৃত হইলেন তত্রাপি পণ্ডিতেরা রাজার তৎকালীন দৃষ্ট সকল জানাইতে না পারিবাতে ইনি মহাকোপাবিষ্ট হইলেন সে তাহার বড়ই অনুচিত হইল বটে কিন্তু পৃথিবীর পূর্ব্বদেশীয় রাজা সকল প্রজাগণের উপরে অতিশক্তরূপে কর্ত্তৃত্ব করিতেন এবং স্বেচ্ছাক্রমে তাহারা লোকের সর্ব্বস্ব ধন লইয়া প্রাণদণ্ডও করিতেন আর অনবরত তদ্রূপ শক্তিমন্ত হওন প্রযুক্ত তাহারা কালক্রমে নিষ্ঠুর এবং উপদ্রবী হইয়া থাকিতেন।

অতএব নবুখদ্‌নজ্জর পণ্ডিতেরদিগকে আরও শক্ত করিয়া কহিলেন তোমরাই আমাকে স্বপ্নদর্শন জানা-

order, he promised them abundant rewards: if they disobeyed it, he threatened immediate death to themselves and disgrace to their families. They replied, that it was impossible for any man to do what he required of them, and that no king had ever asked such a thing before of the wisest magicians and astrologers. "No one," said they, "can show it before the king, except the gods whose dwelling is not with flesh." The king, who was accustomed to be gratified in all his wishes, became furiously angry, and commanded Arioch, the captain of his guard, to kill all the wise men of Babylon. Arioch went out to collect them together, that they might be slain; for even those who were not present were included in the sentence of condemnation. As Daniel and his companions were learned men, Arioch sought for them among the rest, and informed Daniel of the king's orders. When Daniel heard them, he went in himself to the king, and declared that if only a little time were granted him, he would engage to interpret the dream. Nebuchadnezzar consented. Daniel returned home

হইয়া তদর্থ বুঝাইয়া দেও যদি কর তো আমি যথেষ্ট ধন দিব না করিলে তোমাদিগকে প্রাণে নষ্ট করিয়া কুল সমুদয়কেও নিত্য স্থায়ি কলঙ্কবিশিষ্ট করিয়া দিব। পণ্ডিতেরা আরবার প্রত্যুত্তর করিয়া কহিল মহারাজ আপনি যে আজ্ঞা দেন সে কোন মনুষ্যের সাধ্য বিষয় নহে আর ইহার পূর্ব্বে কোন রাজা অতি সুপণ্ডিত মায়াবী এবং দৈবজ্ঞগণকেও এমত আজ্ঞা কখনো দেন নাই। আর মাংসবিশিষ্টদের সহিত নিবাস করেন না যে দেবতারা তাহা ব্যতিরেকে কেহইবা এতদ্বিষয় রাজাকে জানাইতে পারিবে না। তাহাতে রাজা অধীন ব্যক্তিদের নিকটে ইচ্ছামতে সদা প্রাপ্তার্থ হওন প্রযুক্ত মহাক্রোধ পূর্ব্বক আরিয়খ্ নাম অনুচারি সেনাধ্যক্ষকে তৎক্ষণাৎ ডাকিয়া বাবুলননিবাসি পণ্ডিতগণ সমুদায়কে নষ্ট করিতে আজ্ঞা দিলেন। আরিয়খ্ এমত আজ্ঞা পাইয়া প্রস্তুত কি অপ্রস্তুত কিছু বিশেষ না করিয়া পণ্ডিতগণকে একত্র করিয়া সকলেরি প্রাণদণ্ড করিতে গেলেন। তাহাতে দানিএল এবং তাহার সাথি ত্রয় পণ্ডিত লোকের মধ্যে গণিত হইয়াছিলেন এ নিমিত্তে আরিয়খ্ তাহাদিগকে ও ডাকিয়া রাজাজ্ঞা জানাইলেন। শুনিবা মাত্র দানিএল রাজার সাক্ষাৎকারে গিয়া রাজা যদি কিছু দিনের বিলম্ব দেন তো আমিই রাজার স্বপ্নার্থ বুঝাইয়া দিব এ কথা কহেন ইহাতে রাজার সম্মতি পাইয়া তিনি স্বস্থানে গিয়া বন্ধুত্রয়কে বৃত্তান্ত সকল জ্ঞাত করিলেন আর তাহারাও বিরলে গিয়া ঈশ্বর

and told his three friends, requesting them to retire and pray to God, that he would reveal this secret to Daniel, and save the lives of his servants.

That night God appeared to Daniel, and showed him the king's dream, and the manner in which it ought to be explained. Then Daniel thanked God and said, "Blessed be the name of God for ever and ever: for wisdom and might are his, and he changeth the times and the seasons; he removeth kings, and setteth up kings; he giveth wisdom unto the wise, and knowledge to them that know understanding. He revealeth deep and secret things; he knoweth what is in the darkness, and the light dwelleth with him. I thank *thee, and praise thee, O thou God of my fathers, who* hast given me wisdom and might, and hast made known unto *me now* what *we* desired of thee; for thou hast made known unto us the king's matter."

Daniel went immediately to Arioch, and said, "Destroy not the wise men of Babylon; bring me in before the king, and I will show unto the king the interpretation."

অনুগ্রহ করিয়া দানিএলকে গুপ্ত বিষয় জানাইয়া আপন ভক্তগণের প্রাণ রক্ষা যেন করেন এমত প্রার্থনা করিতে পরামর্শ দিলেন।

অতএব পরমেশ্বর সেই রাত্রি স্বপ্নযোগে দানিএলের প্রতি আপনার দর্শন দিয়া রাজার পূর্ব্বদৃষ্টার্থ বোধ করাইলেন এবং ইনি তাহা কিপ্রকার ব্যাখ্যা করিবে ইহাও বুঝাইয়া কহিলেন তাহাতে দানিএল আনন্দ পূর্ব্বক ঈশ্বরের স্তবস্তুতি করিয়া বলিলেন ধন্য২ পরমেশ্বর তাঁহার নিত্য২ ধন্যবাদ হউক যেহেতুক কেবল তিনি মাত্র জ্ঞানের আকর ও পরমশক্তিমান তিনি কালের গতি ও সময়ান্তর নিরূপিত করেন তিনি স্বেচ্ছামতে রাজাদিগকে পদস্থ কিম্বা অপদস্থ করিয়া রাখেন এবং পণ্ডিত গণকে জ্ঞান দান করেন আর বুদ্ধিমান ব্যক্তির বুদ্ধিদাতা তিনিই হন তিনি গুপ্ত ও গূঢ়ার্থ বিষয় প্রকাশিত করেন এবং অন্ধকারেতে যাহা হয় তাহাও জানেন আর দীপ্তি যে সে তাঁহারি নিকটস্থ থাকে। হে আমার পূর্ব্বপুরুষগণের ঈশ্বর তুমি আমাকে বুদ্ধি ও ক্ষমতাদান করিয়াছ এবং আমাদের প্রার্থিত বিষয় জানাইয়াছ অতএব আমি তোমার স্তব ও ধন্যবাদ করিতেছি যেহেতুক তুমি রাজার বিষয় আমাকে জ্ঞাত করাইয়াছ।

দানিএল ইহা কহিয়া অবিলম্বে আরিয়খের সন্নিধানে গিয়া কহিলেন তুমি বাবুলন নিবাসি পণ্ডিতগণকে নষ্ট করিও না বরং আমাকে রাজার সাক্ষাৎকারে আনিয়া দেও আমিই রাজার স্বপ্নার্থ করিয়া দিব।

Arioch gladly brought in Daniel before the king, and the king said to him, "Art thou able to make known unto me my dream, and the interpretation thereof?" Daniel answered, "The secret which the king hath demanded cannot the wise men, the astrologers, the magicians, the soothsayers, show unto the king; but there is a God in heaven that revealeth secrets, and maketh known to the king Nebuchadnezzar what shall be in the latter days."

Daniel then described to the king the vision which had passed before his mind while he was asleep. It was of an image, or figure of a man, but exceedingly tall and large. Its appearance was bright and terrible. The head of the image was of the richest gold, the breast and arms of silver, the lower part of the body of brass, the legs of iron, and the feet of iron mixed with clay.

While the king thought upon this image, a heavy stone or rock, of its own accord and without receiving any external impulse, rolled down from a mountain upon the image, and crushed it to pieces, grinding it to the finest powder, which the winds of

তাহাতে আরিয়থ্ হৃষ্টমন হইয়া দানিএলকে রাজার সাক্ষাৎকারে আনিয়া দিলেন। তখন রাজা তাহাকে জিজ্ঞাসিলেন তুমি কি আমার স্বপ্ন দর্শন জানাইয়া তদর্থ ও করিতে পার? দানিএল উত্তর করিয়া কহিলেন আপনি যে গুপ্ত বিষয় জিজ্ঞাসিয়াছিলেন তাহা পণ্ডিতেরা ও ফলতঃ মায়াবী ও দৈবজ্ঞ ও কুহকি লোক সকল রাজাকে বুঝাইতে পারিল না বটে কিন্তু গুপ্ত প্রকাশক স্বর্গবাসি এক ঈশ্বর আছেন তিনি নবুখদ্নজ্জরকে শেষকালে যাহা হইবে তাহাই স্বপ্নদর্শনদ্বারা জানান।

পরে দানিএল স্বপ্নযোগে যাহা দেখিবাতে রাজার মনের ভাবনা হইয়াছিল তাহার সকল বৃত্তান্ত স্পষ্ট করিয়া বুঝাইলেন সে এ প্রকার। মনুষ্যাকৃতি এক অতি বৃহৎ ও প্রকাণ্ড মূর্ত্তি বিশেষ দেখা হইল সে অতি উজ্জ্বল এবং ভয়ঙ্কর দর্শিল আর মূর্ত্তির মস্তক স্বর্ণময় এবং বক্ষঃস্থল ও হস্তদ্বয় রূপার নির্ম্মিত কিন্তু উদর এবং উরুদেশ পিত্তলময় আর জঙ্ঘাদ্বয় লৌহ নির্ম্মিত এবং পাদযুগল সমৃত্তিকা লৌহবিশিষ্ট দর্শিল।

রাজা এতন্মূর্ত্তির বিষয় ভাবনা করিতে ২ দেখ একখান ভারি প্রস্তর কিম্বা শিলাখণ্ড বিশেষ কাহারো ক্রিয়াঘাতে আপনা আপনি পর্ব্বত হইতে গড়িয়া পড়িয়া মূর্ত্তিতে লাগিয়া তাহা ছিন্ন ভিন্ন করিয়া অতিসূক্ষ্ম চূর্ণবৎ করিয়া দিল তাহাতে আকাশের বায়ু ঐ গুঁড়া সকল উড়াইয়া লইয়া ভূম্যুপরি ফেলিয়া দিল তাহার এক কণা মাত্রও অবশিষ্ট থাকিল না।

heaven carried away, and scattered over the ground, so that not a particle of it remained. Then the stone appeared gradually to increase in size, till it became a great mountain, and filled the whole earth. This was the dream, which Daniel now proceeded to explain to the king. The image represented four great monarchies, which were to exist upon the earth in after-times. The first was the Chaldean monarchy, which had lately commenced, or the succession of Babylonian kings, of whom Nebuchadnezzar was the greatest. The kings of Babylon reigned over most of the civilized countries in the world, and the splendour and wealth of their dominions were aptly represented by the head of gold. This empire would continue sixty-six years from the beginning of Nebuchadnezzar's reign. That part of the image which was of silver was an emblem of the empire of the Medes and Persians, which would come after that of Babylon, and continue two hundred and nine years. The brass was emblematical of a third kingdom, which would destroy the empire of the Medes and Persians, and become much larger than

পরে ঐ শিলাখণ্ড ক্রমে২ বর্দ্ধিষ্ণু হইয়া শেষে পর্ব্বতের ন্যায় বড় হইয়া ভূমণ্ডলে ব্যাপ্ত হইল রাজার স্বপ্নদর্শন এই হইয়াছিল। পরে দানিএল রাজার স্থানে ইহার যে অর্থ প্রসঙ্গ করিলেন সে এ প্রকার ফলতঃ ভাবি কালে যেরূপ চারি বড় রাজ্য হইবে তাহা দৃষ্ট মূর্ত্তি দ্বারা পূর্ব্ব প্রকাশিত ইহার বিশেষ করিয়া লিখি। প্রথম রাজ্য খল্দীয় রাজ্য অর্থাৎ বাবুলনিয়া দেশের পরম্পর রাজাদের রাজ্যাধিপত্য সে তৎকালের কিছু পূর্ব্বে উদিত হইয়াছিল আর ঐ রাজাদের মধ্যে নবূখদ্‌নজ্জর সর্ব্বশ্রেষ্ঠ উঠিলেন। আর বাবুলনিয়ার রাজা অসভ্য গুঁয়ার ব্যতিরিক্ত প্রায় জগতের জনপদোপরে কর্ত্তৃত্ব করিতেছিলেন এবং স্বর্ণের মস্তকরূপ দৃষ্টান্তদ্বারা তাঁহার অপূর্ব্ব মত ঐশ্বর্য্য ও প্রতাপাদি বোধ হইল। শেষে নবূখদ্‌নজ্জরের অভিষেক কালাবধি খল্দীয় রাজ্য কেবল ষট্‌ষষ্টি বৎসর মাত্র পর্য্যন্ত থাকিবে ইহাও কহা গেল। আর দৃষ্ট মূর্ত্তির রূপার অংশ যে সে বাবুলনীয় রাজ্যের পর হইবে যে ফারসিদের ও মেদীয়দের রাজ্য তমত বোধ হইল আর সে দুই শত নয় বৎসরের কাল থাকিবে ইহাও নির্ণয় করা গেল। পিত্তলময় ভাগের দৃষ্টান্তদ্বারা ফারসিও মেদীয় রাজ্য নাশক তৃতীয় এক ভিন্ন রাজ্য বোধ হইল সে মাকিদনীয় ও গ্রীকীয় রাজ্য আর সে পূর্ব্ব রাজ্যদ্বয় অপেক্ষাও বড় হইবে এবং পূর্ব্ব পশ্চিম উভয়দিগে অতি দূরে ব্যাপিয়া যাইবে ইহাও কহা গেল। জগৎ সৃষ্টির পর প্রায় তিন সহস্র

either of the former, extending farther both to the east and west. This was the Macedonian or Grecian empire, founded by Alexander the Great, in the year of the world 3675.

The Roman empire, which existed nearly two hundred years after the death of Alexander, was represented by the legs of iron. Like iron, it would be strong and break in pieces every thing that opposed it. It would rule over the greatest part of Europe, Asia, and Africa, and would last till a fifth kingdom should be established, different from and superior to, all the others. As the feet of the image were iron mixed with clay, so the Romans, after having been subdued by the people from the north, known under the appellations of Goths and Vandals, would lose much of their strength, and be united with other nations every way inferior to themselves. The stone that rolled down from the mountain upon the image, and crushed it, was an emblem of that other kingdom which God would set up, and which would break in pieces and destroy all the kingdoms of this world that should oppose or refuse subjection to it. In this was represented, without doubt,

ছয় শত পঁচাত্তর বৎসর হইল সেকন্দর নামে খ্যাত ইহার সংস্থাপনকারি প্রথম রাজা ছিলেন।

শেষে লোহার জংঘার উপমাদ্বারা রুমীয় রাজ্য বোধ হইল। সে ঐ সেকন্দর পঞ্চত্বপ্রাপ্ত হইলে পর প্রায় দুই শত বৎসর পর্য্যন্ত থাকিবে আর লৌহার ন্যায় শক্ত হইবে এবং নিষেধকারি বস্তু সকলেতে আঘাত করিয়া লাগিয়া তাহা ছিন্ন ভিন্ন করিবে আর ইউরপ্ আশিয়া আফ্রিকা এই তিন মহাদ্বীপের অধিকাংশে ব্যাপিবে আর যে পর্য্যন্ত সে পূর্ব্ব রাজ্যাপেক্ষা ও বড় না হয় এবং তদ্ভিন্ন আর এক বিশেষ রাজ্যারম্ভও না হয় সে পর্য্যন্ত রুমীয় রাজ্য অটল থাকিবে আর দৃষ্ট মূর্ত্তির পাদদ্বয় যেমন সমৃত্তিকা লৌহময় দর্শিল তেমনি রুমীয়েরা স্বরাজ্যের শেষকালে অন্যদেশীয়দের সহিত সংযোগ হইবাতে অপকৃষ্ট হইয়া উঠিবে ইহাতেও সত্য বোধ করা গিয়াছে যেহেতুক কালক্রমে গাথ এবং বান্দাল এ দুই নামে খ্যাত উত্তরদিকের লোক রুমীয়দিগকে আক্রমণ পূর্ব্বক পরাভব করিল তাহাতে রুমীয়েরা হৃস্ববল হইয়া আপনাদেরহইতে অপকৃষ্ট লোকদের সঙ্গে মিশ্রিত হইয়া থাকিল। ঐ সকল উক্ত মত করিয়া বুঝান গেল। পরে পর্ব্বত থাকিয়া গড়িয়া পড়িয়া মূর্ত্তিতে লাগিয়া তাহার সর্ব্বাবয়ব ছিন্ন ভিন্ন করিল যে পাথর সে অন্য এক রাজ্যের উপমা হইল আর পরমেশ্বর আপনি সে রাজ্য সংস্থাপন করিবেন এবং তাহাদ্বারা সংসারের তদ্বিরুদ্ধ আর২ রাজ্য সমুদয় উচ্ছিন্ন করিয়া ফেলিবেন

the kingdom of Jesus Christ, who would appear upon earth during the continuance of the Roman empire, and begin to rule over men, not externally, or in any visible manner like sovereigns of the earth, but by bringing their hearts into love and obedience to himself. Again, as the stone increased in size till it became a great mountain, and filled the whole earth, so this kingdom would gradually extend, till all men, everywhere, should be brought to love and trust in Christ.

We, according to our modes of thinking and acting, should not perhaps have expected that God would reveal his will to so haughty and tyrannical a heathen prince as Nebuchadnezzar. But He does as he pleases in heaven and on earth. He gave to wicked Balaam the power of foreseeing what was to come many ages after his own time. He knows what is fit and proper better than we do. He knows by whom it is proper to reveal his will to men, when it is proper to reveal it, and how far it is proper to reveal it. Of all this we, however, are quite incompetent to judge.

ইহাও কহা গেল সেই রাজ্যে খ্রীষ্টের রাজত্ব বোধ হয় যেহেতুক তিনি স্বর্গীয় রাজ্য থাকিতেও পৃথিবীতে অবতীর্ণ হইয়া আসিয়া মনুষ্যগণের উপরে কর্ত্তৃত্ব করিবেন সে ইন্দ্রিয়গোচরে এবং প্রকাশাভাবে হইবে তাহা নয় কিন্তু তিনি মনাকর্ষণদ্বারা আপনার প্রতি লোকদের প্রেমোদয় করাইয়া তাহাদিগকে স্বেচ্ছামতে আজ্ঞাবহ করিয়া রাখিবেন। আর প্রস্তর যেমন ক্রমে২ বর্দ্ধনশীল হইবাতে শেষে বড়ই পর্ব্বত হইয়া জগতের সর্ব্বদেশে ব্যাপিল তেমনি খ্রীষ্টের রাজ্য ও ক্রমশঃ বাড়িয়া ব্যাপিবে অর্থাৎ যে পর্য্যন্ত সর্ব্বদেশীয় লোক খ্রীষ্টের প্রতি আকর্ষিত হইয়া ভক্তি ও প্রত্যয়ভাবে তদ্ধর্ম্মাশ্রিত না হয় সে পর্য্যন্ত তন্মত সর্ব্বত্র ব্যাপিয়া দিনে২ বাড়িবে এ সকল বিষয় দানিএল মুনি কর্ত্তৃক কহা গেল।

অতি দর্পিত ও দুরন্ত যে রাজা নবুখদ্নজ্জর তাহাকেই পরমেশ্বর ঐ পূর্ব্বোক্ত ভাবি বিষয় জ্ঞাত করিলেন ইহাতে কি জানি পাঠকের আশ্চর্য্য বোধ হয় কিন্তু দেখ তিনি স্বর্গ ও পৃথিবী উভয়েতে স্বেচ্ছামতে ব্যবহার করেন তিনি বালাম্ নামে বিদিত দুঃশীল ব্যক্তিকেও অনেক পুরুষানুক্রম কালের ভাবি বিষয়ের পূর্ব্ব জ্ঞান দান করিলেন তিনি কাল ও ব্যক্তির বিশেষ বুঝিয়া উচিতানুচিত সকলি জানেন কিন্তু সে সমস্ত আমাদের অজ্ঞাত। আর যাহার মুখে ও যৎকালে ও যে পর্য্যন্ত তাঁহার স্বেচ্ছার কার্য্য মনুষ্যগণকে প্রকাশ করিতে উপযুক্ত হয় তাহাও তিনি জানেন।

Thus God caused Nebuchadnezzar to dream, and Daniel to interpret the dream, and to write it for the use of men in other ages.

But God might have told it to men everywhere just as easily as to the prophets, it may be said. He might reveal his will immediately to all men as easily as to one man, who should make it known to others. If any should deem this a difficulty, I reply, that one reason why he has not done this is, undoubtedly, to see, by leaving it possible for them to receive or not receive it, whether men *will* believe his word. If his will was made known to every man just as it was to the prophets, there would be no room left for unbelief. And as the prophets too, must have known when they were inspired, so, if God inspired all men, they also would know beyond doubt what the truth is.

Some may think this would be better than to have it possible for men, as it now is, to disbelieve God's word. But men would not always *obey* the truth if they knew it. Balaam knew that he was inspired, but still he was not a good man.

অতএব ঈশ্বর নবুখদনজ্জরকে স্বপ্নদর্শন দেখাইয়া দানিএলকে ঐ স্বপ্নের অর্থকরণ পূর্ব্বক আগামি কালের মনুষ্যদের হিতার্থে তাহা লিখিয়া দিতেও আজ্ঞা দিলেন।

কেহ যদি বলে ঈশ্বর অনায়াসে প্রতিমনুষ্যকে পৃথক্ মতে স্বেচ্ছা জ্ঞান করাইতে পারেন অতএব পূর্ব্বে ইহার কেবল এক মানুষকে জানাইয়া কহিলেন কেন ইহার উত্তর লিখিয়া দি। ঈশ্বর অন্যদিগকে জ্ঞাপনার্থে কেবল এক ব্যক্তিকে আপন ইচ্ছা না জানাইয়া তাহা কালক্রমে আপাততঃ অন্যান্য লোককে জানাইতে পারেন বটে কিন্তু অনুমান হয় মনুষ্যেরা তাঁহার বাক্যে প্রত্যয় রাখিবে কি না তিনি ইহা পরীক্ষার্থে তাঁহা করেন না যেহেতুক ঈশ্বর ভবিষ্যদ্বক্তৃগণকে আপন ইচ্ছা যেরূপ প্রকাশ করিলেন সে রূপ প্রতি মনুষ্যকেও তাহা যদি জানাইতেন তবে কোন অশুদ্ধার স্থান হইত না। আর দৈবচেতনা প্রাপ্তি কালে ভবিষ্যদ্বক্তারা সুপ্তবৎ অচেতন হইলেন না এ নিশ্চয় অতএব ঈশ্বর যদি সর্ব্ব লোককেও হঠাৎ ঐরূপ দৈবচেতনা দিতেন তবে সকলে সত্যাসত্য কর্ত্তব্যাকর্ত্তব্য সর্ব্বাংশে নিঃসন্দেহে জানিত। ইহাতে কেহ২ বোধ করে ঈশ্বরের বাক্যেতে অশুদ্ধার স্থান না থাকিলে তো ভাল কেননা কোন মনুষ্য দৃষ্টমত অপ্রত্যয়ী হইত না কিন্তু বুঝি অনেক লোকেরা সত্য জ্ঞান পাইয়াও তৎপালনে রত থাকিত না যেমন পূর্ব্বোক্ত বালাম্ নাম দুষ্ট ব্যক্তি দৈবচেতনা প্রাপ্ত হইয়াও অসদাচারী রহিল তেমনি।

Nebuchadnezzar believed that God had made him dream, but he was a very proud, ambitious man still. Just so it would be if every man was inspired to know the truth.

Those who pretend that it is for want of evidence they *do* not believe and *obey* the Bible, would not obey the truth, if God should give them such evidence as they could not possibly dispute; because they are of evil inclinations and habits. God means, by giving revelation as he has done, to try the hearts of men, and see whether they love the truth or not. He will *not force men to compliance,* nor be pleased with a faith or an obedience that does not proceed from a heart impressed with divine love, and so engaged to a true devotion.

Notwithstanding Daniel had informed the king that the secret of his dream was revealed by God, who alone could know it, he gave too much credit to Daniel, who had only explained what God had told him. He prostrated himself, as a humble worshipper, before the youthful prophet, commanding that an oblation and sweet odours should

আর দেখ নবুখদ্‌নজ্জর ও সেরূপ দৈববযোগে স্বপ্নদর্শন পাইয়াছিলেন ইহাতে তাহার নিশ্চয় বোধ হইল তত্রাপি পূর্ব্বে যেমন পরেও তেমন ইনি কেবল দর্পযুক্ত ও ঐশ্বর্য্যশালী থাকিলেন। অতএব প্রতি জনের ঈশ্বরীয় তথ্যবোধ হইলেও অনেকেই দুষ্ট স্বভাব প্রযুক্ত দুষ্ট থাকিত।

যাহারা বলে আমরা ধর্ম্মশাস্ত্রের প্রমাণাভাব প্রযুক্ত তাহা ঈশ্বরের দত্ত কি না ইহা স্থির করিতে পারিলাম না তাহারা বুঝি অখণ্ডনীয় প্রমাণ পাইয়া ও ঈশ্বরোক্ত শাস্ত্রমতে সদাচার করিত না সুতরাং তাহারা দুষ্ট স্বভাব এবং পাপশীল হইয়াছে। অতএব মনুষ্যদের অন্তঃকরণ বা কেমন এবং তাহারা সত্যান্বেষী বা হয় বটে কি না ইহা পরীক্ষণার্থে ঈশ্বর কাল ব্যক্তি ইত্যাদির বিশেষ বুঝিয়া প্রয়োজন মতে আপন ইচ্ছা ও তথ্য প্রকাশ করিয়াছেন কারণ তিনি কাহাকেও বলাৎকার করিয়া আপন বশাধীন রাখিবেন না কেননা অন্তঃকরণের সহিত ভক্তি পূর্ব্বক তাঁহার বাক্যে প্রত্যয় ও আজ্ঞা পালন না করিলেই কাহারো প্রতি ঈশ্বরের সন্তোষ কোন ক্রমে জন্মে না।

দানিএল পূর্ব্বোক্ত মতে রাজার স্বপ্নার্থ বুঝাইয় দিয়া ঈশ্বর ব্যতিরিক্ত আর কাহারো গোচর হয় ন যাহা তাঁহারি চেতনা পাইয়া আমি তাহা বুঝাইলাম ইহাও রাজাকে নিশ্চয় করিয়া কহিলেন তত্রাপি রাজা ঈশ্বরকে কিয়দংশে ভুলিয়া দানিএলের অধিক আদর করিলেন তিনি আপনি ঐ যুবা ভাবিবক্তার সম্মুখে

be offered unto him. Daniel undoubtedly refused to accept this homage, and explained to Nebuchadnezzar something of the character and will of the one true God whom the Hebrews worshipped. For the king answered, " Of a truth it is, that your God is a God of gods, and a Lord of kings, and a revealer of secrets."

But though Nebuchadnezzar gave this honor to God, he does not seem to have abandoned his idols, or to have altered his conduct. Hence we see that where the disposition of the mind is unchanged, *the knowledge of truth is ineffectual.*

However, the king rewarded Daniel with many and great gifts, and made him governor over all the wise men of Babylon, chief ruler over the whole province of Babylon, and one of the lords of the council. All these honors were bestowed upon him at the early age of twenty-two. In his prosperity he did not forget his three friends, but spoke in their behalf to the king, who advanced them also to important stations in the government.

বিনয়ি সেবকের মত প্রণিপাত হইয়া সুগন্ধি দ্রব্য ও নৈবেদ্যাদি আনিয়া তাহাকে প্রদান করিতে আজ্ঞা করিলেন। কিন্তু দানিএল তাহা গ্রহণ করিলেন না বরং হেব্রি লোক যে এক মাত্র সত্য ঈশ্বরের সেবা করিয়া থাকে তাঁহার বিশেষ গুণাদি বৃত্তান্ত করিয়া নবুখদ্‌নজ্জরকে বুঝাইয়া দিলেন। তাহাতে রাজা উত্তর করিয়া কহিলেন সত্য২ তোমারদেরি ঈশ্বর ঈশ্বরদের ঈশ্বর এবং রাজাগণের প্রভু এবং গুপ্ত প্রকাশক বটেন।

কিন্তু নবুখদ্‌নজ্জর যদ্যপিও পরমেশ্বরের ঐ রূপ প্রশংসা করিলেন তত্রাপি তিনি দেবপূজা ত্যাগ করিয়া সুব্যবহারী হইয়া উঠিলেন না ইহাতে বোধ হয় অন্তঃকরণের সুস্বভাব না হইলে সত্য জ্ঞানেরও কিছুই ফল দর্শে না বরং সে ব্যর্থ ও বিফল হয়।

পরে রাজা নবুখদ্‌নজ্জর দানিএলকে অনেক উত্তম দ্রব্য দান করিলেন এবং তাহাকে বাবুলনীয় পণ্ডিত-গণের মধ্যে প্রধান ও বাবুলন প্রদেশের অধ্যক্ষ এবং রাজসভার মধ্যে এক জন করিয়া রাখিলেন। আর দেখ দানিএল কেবল বাইশ বৎসরের মানুষ হইলে তাহার এমত উন্নতি ও সম্ভ্রম করা গেল কিন্তু সম্পদ্‌কালেও তিনি বন্ধুগণকে বিস্মৃত হন নাই বরং রাজার স্থানে তাহাদের বিষয় জ্ঞাত করিয়া দিলে রাজা তাহাদিগকেও কোন ভারি পদ দিয়া উন্নত করিলেন।

CHAPTER IV.

Jerusalem destroyed by Nebuchadnezzar.

A LITTLE after the interpretation of Nebuchadnezzar's dream, Jehoiakim, king of Judah, revolted from the king of Babylon, and made an alliance with Pharaoh Necho, king of Egypt.

Nebuchadnezzar was then too much occupied with the affairs of his kingdom to march against Jehoiakim; but he sent to the governors of all his western provinces, commanding them to fight against Judah, and distress the inhabitants as much as possible. For three years a warfare was carried on against the tribe of Judah by the Ammonites, Moabites, Syrians, and Arabians. The inhabitants of Jerusalem were shut up in the city, which was surrounded by enemies from all quarters. During this period Jehoiakim died, and was succeeded by his son Jehoiachin.

At the end of three years, Nebuchadnezzar came himself with his army, and took possession of the city. He robbed the temple and palaces at Jeru-

অধ্যায়।

নবুখদ্‌নজ্জর কর্ত্তৃক য়িরূশালম নগরের উচ্ছেদ করণ।

নবুখদ্‌নজ্জরের স্বপ্নদর্শন হওন কিছু দিন পরে য়িহো-য়াখিম্ নামে যূদা দেশের তখনকার রাজা বাবুলনীয় রাজার অধীনতা ত্যাগ করিয়া ফারোনেখো নাম ঔপ্ত-প্তীয় রাজার সঙ্গে ঐক্য হইয়া সন্ধি করিলেন।

তৎকালে নবুখদ্‌নজ্জর স্বরাজ্যের বিষয়ে ব্যস্ত হইয়া থাকিলেন অতএব সৈন্য লইয়া য়িহোয়াখিম্‌কে বশ করণার্থে তৎক্ষণাৎ যাত্রা করিতে পারিলেন না কিন্তু স্বরাজ্যের পশ্চিম প্রদেশাধ্যক্ষ সমুদায়ের প্রতি যূদা দেশেতে আক্রমণ পূর্ব্বক তন্নিবাসিদের যথাশক্তি বিড়ম্বনা করিতে আজ্ঞা মাত্র দিলেন। তাহাতে আম্মোন্ ও মোয়াব্ ও সুরিয়া ও আরব এ চারি প্রদেশনিবাসিরা য়হূদিদের সঙ্গে তিন বৎসরের যুদ্ধ করিল এবং শত্রু বল য়িরূশালম নগরের চতুর্দ্দিগে বসিয়া পরিবেষ্টন করাতে তন্নিবাসিরা বাহির হইতে পারিল না ইতিমধ্যে য়িহোয়াখিম্ লোকান্তর গত হইলে তাহার পুত্র য়িহোয়াখিন্ তৎ-পরিবর্ত্তে রাজ্যাভিষিক্ত হইলেন। শেষে তিন বৎসরান্তে নবুখদ্‌নজ্জর আপনি সসৈন্য হইয়া আসিয়া নগরকে যুদ্ধে ধরিয়া স্ববশে রাখিলেন আর সেখানকার মহা-মন্দির ও কুলীনলোকের অট্টালিকা মধ্যে যে২ ধনরাশি পাওয়া গেল সে সমস্ত একেবারে কাড়িয়া লইলেন। এবং রাজা য়িহোয়াখিন্‌কে শৃঙ্খলে বদ্ধ করিয়া বাবুল-

salem of all their treasures. He put king Jehoiachin in chains, and carried him to Babylon, where he was shut up in prison thirty-seven years, or till the death of Nebuchadnezzar. A vast multitude of captives were at this time carried to Babylon, including all the nobility, the bravest of the officers and soldiers, all the mechanics, and most of the men of learning and skill. This accomplished the prophecy of Isaiah—

> "For behold the Lord, the Lord of hosts,
> Doth take away from Jerusalem and from Judah
> The mighty man and the man of war,
> The judge, and the prophet, and the prudent, and the ancient,
> The captain of fifty, and the honorable man,
> And the counsellor and the cunning artificer, and the eloquent orator."

According to this fore-announcement, only the lower classes of people were at this time left in the land, and Nebuchadnezzar made the uncle of Jehoiachin king over them, after changing his name from Mattaniah to Zedekiah, and making him promise to be a faithful servant of the king of Babylon. Thus ended the second war of Nebuchadnezzar with the Jews. The prophet Jeremiah was left at Jerusalem, but Ezekiel, a younger prophet,

নেতে পাঠাইলেন তিনি সেখানে সাঁইত্রিশ বৎসর অর্থাৎ নবুখদ্‌নজ্জরের মৃত্যু হওন পর্য্যন্ত কারাগারেতে থাকিয়া রহিলেন। তদ্ভিন্ন বহুলোক যুদ্ধের দাস এবার বাবুলনেতে গিয়াছিল তন্মধ্যে প্রায় কুলীন ব্যক্তি সমস্ত এবং প্রধান২ যোদ্ধৃগণ এবং শিল্পকর ও পণ্ডিতগণ এবং যে কোন বিদ্যাতে পারক ও গুণি লোক সকলে ধৃত হইয়াছিলেন তাহাতে ইসাইয়া ভবিষ্যদ্বক্তা পূর্ব্বে যাহা কহিয়াছিলেন তাহা সাভ্যস্ত হইল যথা "দেখ গোষ্ঠীসমূহের ঈশ্বর পরমেশ্বর বীর ও যোদ্ধা ও বিচারকর্ত্তা ও ভাবিকথক ও দৈবজ্ঞ ও প্রধান ব্যক্তি ও পঞ্চাশজনসেনাপতি ও সম্ভ্রান্তলোক ও ধীসচিব ও শিল্পবেত্তা ও সুকথক সমুদয়কে য়িরূশালম নগর এবং য়িহূদা দেশহইতে দূর করিয়া ফেলিবেন।" এতদ্বাক্য প্রমাণে এবার কেবল ইতর লোক মাত্র স্বদেশে রহিল অতএব তাহারদিগকে কর্ত্তৃভাবে শাসন করণার্থে য়িহোয়াখিন্ রাজার পিতৃব্য যে মাথনীয়া তাহাকে লইয়া আখ্যা ফিরিয়া তাহার জদকীয়া নাম রাখিয়া তিনি বাবুলনীয় রাজার বিশ্বস্ত আজ্ঞাধীন হইবেন নবুখদ্‌নজ্জর তাঁহার স্থানে এমন প্রতিজ্ঞা লইয়া তাহাকে রাজপদে নিযুক্ত করিলেন তাহাতে য়িহুদিদের সহিত নবুখদ্‌নজ্জর যে দ্বিতীয় যুদ্ধ করিলেন তাহার এরূপ সাঙ্গ হইল।

য়িরমীয়া ভবিষদ্বক্তাকে য়িরূশালম নগরে রাখা গেল কিন্তু য়িজীকিএল নাম তৎকনিষ্ঠ অন্য এক জন সুপ্রসিদ্ধ ভাবিকথককে বাবুলনে আনয়ন করা

was carried away, and placed with a colony of Jews on the banks of the river Chebar.

Jeremiah and Isaiah, another prophet who lived before him, had often prophesied that Jerusalem would be finally destroyed by Nebuchadnezzar; but the people did not believe them. Many of the people who had been carried away to Babylon, were expecting soon to go back, and resettle quietly at Jerusalem. They were encouraged to expect this by two false prophets, who pretended to be sent by God to inform their brethren that they should soon return to their own country. The people were pleased with this expectation, and neglected to make themselves as comfortable in Babylon as they might have done.

The second year after Zedekiah became king, he sent two ambassadors to Nebuchadnezzar. Jeremiah took this opportunity to write a letter to the Jews at Babylon, directing them to build houses and plant gardens, and become peaceable subjects of king Nebuchadnezzar, since God had determined that they should remain in Babylon seventy years. This is a part of the letter.—

গেলে তাহাকে খেবার নদীতীরে নিবাসি য়িহুদিদের মধ্যে রাখা গেল।

পূর্ব্বোক্ত য়িরমীয়া ও তাহার পূর্ব্ববর্ত্তি ইসাইয়া উভয় জনে য়িরূশালম নগর শেষকালে নবুখদ্‌নজ্জর কর্ত্তৃক ছিন্ন ভিন্ন হইয়া যাইবে ইহা অনেকবার কহিলেও য়হুদিরা তদ্বাক্যে প্রত্যয় করিল না।

বাবুলন দেশে আনীত লোকের মধ্যে অনেকেই কিছু-কালান্তরে স্বদেশে স্বচ্ছন্দে বাসার্থে ফিরিয়া যাইতে অপেক্ষী থাকিল যেহেতুক দুই জন মিথ্যা ভাবিকথক তাহাদিগকে ভুলাইয়া ওমন আশ্বাস দিয়াছিল কিন্তু সকলে অবিলম্বে স্বদেশে ফিরিয়া যাইবে ইহা কহনে তা-হারা ঈশ্বরের আদেশছলদ্বারা স্বদেশীয়দিগকে প্রবঞ্চনা মাত্র করিল। অতএব এতদপেক্ষাতে লোক সকল যত দিন বাবুলনে থাকিল তত দিন বৃথা সন্তোষযুক্ত হইয়া বর্ত্তমানকালে স্বমঙ্গল চেষ্টায় অবহেলা করিতেছিল।

জদকীয়া রাজ্যাভিষেক পর দ্বিতীয় বৎসরে নবুখদ্‌নজ্জ-রের স্থানে দুই জন দূতকে বাবুলনেতে পাঠাইলেন য়িরূ-মীয়া এমত সুযোগ পাইয়া বাবুলন নিবাসি য়হুদিদিগের প্রতি আর এক পত্র লিখিয়া প্রেরণ করিলেন, তাঁহাতে য়হুদিরা বাবুলনিয়া দেশে সপ্ততিবৎসর থাকিবে ঈশ্বর ইহা নির্ণয় করিয়াছিলেন এ কারণ তাহারা গৃহ নির্ম্মাণ ও উদ্যানের বৃক্ষ রোপণ করিয়া নবুখদ্‌নজ্জরের অধীন-তাতে শান্তরূপে থাকে এই রূপ পরামর্শ দিলেন পত্রের এক অংশ লিখিয়া দি যথা।

"Thus saith the Lord of hosts, the God of Israel, unto all that are carried away captives, whom I have caused to be carried away from Jerusalem unto Babylon; Build ye houses, and dwell in them; and plant gardens, and eat the fruit of them; and seek the peace of the city whither I have caused you to be carried away captives, and pray unto the Lord for it, for in the peace thereof shall ye have peace. For thus saith the Lord of hosts, the God of Israel; Let not your prophets and your diviners that be in the midst of you deceive you, neither hearken to your dreams which ye cause to be dreamed. For they prophesy falsely unto you in my name; I have not sent them, saith the Lord. For thus saith the Lord, that after seventy years be accomplished at Babylon, I will visit you and perform my good word towards you, in causing you to return to this place. For I know the thoughts that I think towards you, saith the Lord, thoughts of peace and not of evil, to give you an expected end. Then shall ye call upon me, and ye shall go and pray unto me, and

" গোষ্ঠীসমূহের ঈশ্বর কি না ইস্রাএলের ঈশ্বর এ কথা কহিতেছেন যে সকল যুদ্ধের দাসকে দেশান্তরে আনয়ন করা গিয়াছে অর্থাৎ যাহাদিগকে যিরূশালম থাকিয়া বাবুলনেতে বন্দী করিয়া লইয়া যাইতে আমিই কারণ হইয়াছি তাহাদিগকে এ কথা কহিতেছি তোমরা গৃহনির্ম্মাণ করিয়া তাহাতেই বাস কর এবং উদ্যানের বৃক্ষ রোপণ করিয়া তাহার ফল ভক্ষণ কর আর যে নগরেতে তোমাদিগকে বন্দিভাবে আনয়ন করাইয়াছি সে নগরের শুভাকাঙ্ক্ষী হও এবং তাহার মঙ্গলার্থে ঈশ্বরের স্থানে প্রার্থনা কর কারণ তাহারি মঙ্গল হইলে তোমাদেরও মঙ্গল হইবে। গোষ্ঠী সমূহের ঈশ্বর কি না ইস্রাএলের ঈশ্বর এ কথা কহিতেছেন তোমাদের মধ্যে যে২ ভাবিকথক ও দৈবজ্ঞ আছে তাহারা যেন তোমাদিগকে না ভুলায় এবং যে স্বপ্নদর্শন জন্মাইতেছ তাহাও মানিও না যেহেতুক উহারা মিথ্যা করিয়া আমার নাম লইয়া ভাবি কথা কহে আমি উহাদিগকে প্রেরণ করি নাই ঈশ্বর এ কথা কহিতেছেন কিন্তু বাবুলন দেশে নিবাস করিতে২ সপ্ততি বৎসর সমাপন হইলে পর আমি প্রসন্ন দৃষ্টিপাত করিয়া তোমাদিগকে এ স্থানে ফিরিয়া আনিয়া আমার উত্তম২ প্রতিজ্ঞা বাক্য সকল সিদ্ধ করিব ঈশ্বর ইহাও কহিতেছেন কেননা আমি তোমাদের বিষয়ে যে রূপ মানস করিয়াছি তাহা জানি সে তোমাদের সুশান্তিকারক মানস অশুভজনক মানস নহে বরঞ্চ তোমাদের অপেক্ষিত উত্তম শেষ দিবার মানস

I will hearken unto you. And ye shall seek me, and find me, when ye shall search for me with all your heart. When I shall be found of you, saith the Lord, I will turn away your captivity, and I will gather you from all the nations, and from all the places whither I have driven you, saith the Lord; and I will bring you again into the place whence I caused you to be carried away captive." The letter closed by threatening a dreadful punishment to the false prophets, which was speedily fulfilled; for Nebuchadnezzar, finding they were disturbers of the peace, burnt them to death.

It is interesting to think of the Jews at Babylon, as they were assembled together to hear this letter read. All classes probably went to listen to the word which God had commanded Jeremiah to write. Among these were the descendants of the royal house of Judah, perhaps with Daniel at their head, (for king Jehoiachin was in prison,) the princes of the tribes, and the heads of families. The men of the tribe of Levi too were there, grave,

বটে। তখন তোমরা আমার নাম করিয়া ডাকিয়া প্রার্থনা করিতে যাইবা তাহাতে আমি তোমারদের সে প্রার্থনা নিতান্তই শুবণ করিব। অন্তঃকরণের সহিত আমাকে শক্তরূপে অন্বেষণ করিতে গেলে তোমরা অনুসন্ধান করিবামাত্র আমাকে প্রাপ্ত হইবা। ঈশ্বর আরও কহিতেছেন তোমরা আমাকে প্রাপ্ত হইলে আমি তোমাদের যে বন্দিভাব তাহা ফিরিয়া দিব আর যে সকল দূর দেশের লোকের স্থানে তোমাদিগকে তাড়াইয়া দিয়াছি তথাহইতে ও তোমাদিগকে ফিরিয়া একত্র করিব এবং যে স্থানহইতে তোমাদিগকে বন্দিভাবে আনাইয়া দিয়াছি সে স্থানেতে তোমাদিগকে ফিরিয়া আনিব"। এতৎপ্রতিজ্ঞা ভিন্ন ঐ মিথ্যা ভাবিকথকগণের ভয়ঙ্কর শাস্তির প্রতিজ্ঞা ও লেখা গেল সে অবিলম্বে সিদ্ধ হইল যেহেতুক উহারা রাজ্যের উপদ্রবকারি ব্যক্তি ইহা নিশ্চয় জানিয়া রাজা নবুখদ্‌নজ্জর তাহাদিগকে দগ্ধ করিয়া প্রাণে নষ্ট করিলেন।

বাবুলনিবাসি য়হুদি লোক ঐ পত্র পাঠার্থে একত্র হয় ইহাতে আমাদেরও হর্ষ বোধ হয়। কেননা ঈশ্বর য়িরমীয়াকে যে লিখন করিতে আজ্ঞা দিয়াছিলেন তৎ শুবণার্থে ভদ্রেতর সাধারন লোক সকলে একত্র হইয়া আইল ইহার মধ্যে কারাগারে বদ্ধ য়িহোয়াখিন্ রাজার পরিবর্ত্তি স্বরূপ যে দানিএল তাঁহার সহিত য়ূদার রাজবংশোদ্ভব সকল এবং দ্বাদশ গোষ্ঠীর অধিপতিগণ এবং প্রতি কুলের প্রধান ব্যক্তি সমস্ত

dignified, and learned, yet sorrowful, for they had been forcibly brought away from the services of the temple, which they had delighted to perform. The common people heard with eagerness; but some of them, who had believed the words of the false prophets, were dissatisfied. Shemaiah too, wrote a letter to the priests and people at Jerusalem, complaining of Jeremiah, and requesting them to rebuke him for writing such a letter to the Jews at Babylon. When Jeremiah heard of this, God commanded him to pronounce a curse upon Shemaiah, which he accordingly did.

Another assembly of the Jews at Babylon met that same year on the banks of the Euphrates. Jeremiah had received from God the announcements that are contained in the fiftieth and fifty-first chapters of his prophecies. He had written them in a book, and sent them to Babylon. Books at that time were written upon a long piece of cloth, or parchment, or on paper made of the reed papyrus, and rolled up like a picture or a map. The messenger of Jeremiah read this book to the people

সভা স্থানে আইলেন সেখানে লেবির গোত্রোৎপন্ন খীর ও সুপণ্ডিত ও সম্ভ্রান্ত যাজকাদি সখেদে আইলেন খেদের কারণ এই তাঁহারা পূর্ব্বে মহামন্দিরে যে নিত্য উপাসনাদি হৃষ্ট মনে করিতেন তাহা বলাৎকার দ্বারা দূর দেশে আনীত হওনপ্রযুক্ত আর করিতে পারিলেন না। ইতর লোকও আনন্দ পূর্ব্বক পত্র শ্রবণ করিল কিন্তু কেহ২ মিথ্যা ভাবিকথকগণের বাক্যে প্রত্যয় করিয়াছিল এ জন্য তাহারাই অসন্তুষ্ট হইল তাহাতে শেমাইয়া নামে এক ব্যক্তি যিরুমীয়ার প্রতি দোষারোপ বাক্য পরিপূর্ণ এক পত্র লিখিয়া যিরূশালম নিবাসিদিগকে তাহা পাঠাইল আর পূর্ব্বোক্ত মত অনাশ্বাসক পত্র লিখন দোষপ্রযুক্ত তাহারা যিরূমীয়াকে উচিত মতে যেন অনুযোগ করে এরূপ পরামর্শ ও দিল। যিরূমীয়া ইহা যখন শুনিলেন তখন ঈশ্বরের আদেশ পাইয়া তিনি শেমাইয়ার পক্ষে সুশক্ত দণ্ডসূচক কোন ভাবিকথা কহিলেন।

উক্ত বৎসরে বাবুলননিবাসি য়হুদি লোক ইউফ্রুট মহানদীর তীরে আরবার একত্র হইয়া আইল কারণ যিরুমীয়া স্বলিখিত গ্রন্থে পঞ্চাশৎ এবং এক পঞ্চাশৎ পর্ব্বে যে ভাবিকথা লেখা আছে তাহা সে সময় ঈশ্বরের প্রমুখাৎ পাইয়া পুস্তকে লিখিয়া বাবুলনেতে পাঠাইয়াছিলেন। তৎকালীন পুস্তক যে সে লম্বা খান কাপড় কিম্বা পরিষ্কৃত পশু চর্ম্মের খণ্ড কিম্বা নল বিশেষের প্রসারিত পাটেতে নির্ম্মিত আর প্রস্তুত হইলে পর তাহাকে পটের ন্যায় জড়ান যাইত অতএব যিরুমীয়ার

who had come together to hear it. It contained a long description of the destruction of Babylon, which would take place at the end of seventy years, and a promise that the Jews should at that time return to their own country. When the messenger of Jeremiah had read the book, he fastened a stone to it, and cast it into the river Euphrates, and said, as Jeremiah had commanded, speaking in the name of God, "Thus shall Babylon sink, and shall not rise from the evil that I will bring upon her."

About five years after this, God commanded Ezekiel to inform the Jews who lived in the villages on the banks of the river Chebar, that Jerusalem would soon be destroyed by the Chaldeans, and that the remainder of the inhabitants would be brought into captivity to Babylon.

During all this time, Daniel continued to be one of the principal officers in Nebuchadnezzar's court. Though only thirty-two years of age, his character was so excellent, and he was so much celebrated for wisdom and piety, that he was men-

প্রেস্য যে সে পুস্তক লইয়া তৎ শ্রবণার্থে একত্রীভূত লোকের কর্ণগোচরে তাহার লিখিত বাক্য সকল পড়িল। ঐ পুস্তকেতে সপ্ততি বৎসরান্তে বাবুলন নগরের নাশ হইবে ইহা বিস্তার করিয়া লেখা গিয়াছিল আর তাহা হইলে য়হুদিরা স্বদেশে ফিরিয়া আসিবে এমন প্রতিজ্ঞার লিখনও তাহাতে ছিল আর প্রেস্য ব্যক্তি পত্র পাঠ করিলে পর পুস্তকেতে একখান প্রস্থর বান্ধিয়া তাহা ইউফ্রুট্ নদীতে ফেলিয়া দিয়া য়িরমীয়ার আজ্ঞানুসারে ঈশ্বরের নাম করিয়া কহিল "আমি বাবুলন নগরের যে দুর্গতি জন্মাইয়া দিব তাহাতে সে এরূপ ডুবিয়া যাইয়া ফিরিয়া উঠিবে না।

তৎক্ষণাবধি প্রায় পঞ্চ বৎসর গত হইলে ঈশ্বর য়িজকিএল নাম এক জন ভাবিকথকদ্বারা স্বেচ্ছা প্রকাশ করিলেন তাহাতে খল্দীয়েরা অবিলম্বে য়িরূশালম নগরকে উচ্ছিন্ন করিয়া তদবশিষ্ট নিবাসি লোককে বাবুলনেতে বন্দিভাবে আনয়ন করিবে খেবার্ নদীর তীরস্থ গ্রাম সমূহে বাস করে যে য়হুদীয়েরা তাহাদিগকে ইহা ব্যক্ত করিতে আজ্ঞা দিলেন।

পূর্ব্বোক্ত সমস্ত ঘটনা কালে দানিএল অবিচ্ছেদে নবুখদ্নজ্জরের প্রধান মন্ত্রিগণের মধ্যে এক ব্যক্তি ছিলেন যেহেতুক তিনি কেবল বত্রিশ বৎসরের মানুষ হইলেও উত্তম চরিত্র ও পাণ্ডিত্য প্রযুক্ত তাহার অতিশয় সুখ্যাতি হইয়াছিল আর জগতের প্রথমকালাবধি সর্ব্বশ্রেষ্ঠ যে তিন ব্যক্তি জন্মিয়াছিলেন তাহাদের মধ্যে ও তিনি একজন

tioned in a prophecy of Ezekiel, as one of the three best men who had ever lived. God told Ezekiel, that he had determined to destroy Jerusalem on account of the wickedness of the inhabitants; and " even though Noah, Daniel, and Job were in the city, and should pray for it," God would not turn away his anger; for the time had come when it must be destroyed.

Accordingly, two years after, Zedekiah formed an alliance with the king of Egypt, and rebelled against the king of Babylon. Nebuchadnezzar, with a great army, marched towards the land of Judah; but when he came near, he doubted whether to fight first against the Jews, or against the Ammonites, who had also rebelled against him. He fancied that the idol gods he worshipped could direct him; and he cast lots, by putting two arrows, upon which he had written the names of Judah and Ammon, into a quiver, and drawing out one of them. God so directed it, that the arrow upon which the name of Judah was written came out first and this decided Nebuchadnezzar

ছিলেন য়িজকিএলের কোন এক ভাক্তিপ্রসঙ্গেতে যেমন লেখা আছে সে কেমন না নিবাসি লোকের পাপাচার জন্য পরমেশ্বর য়িরূশালম নগর অবশ্য নষ্ট করিবেন ইহা ঐ য়িজকিএলকে ব্যক্ত করা গেল আর যদ্যপিও নূহা ও দানিএল ও য়োআব্ এ তিন বিশিষ্ট ব্যক্তি ঐ নগরেতে বাস করিতেন এবং তাহার মঙ্গল প্রার্থনা করিতেন তত্রাপিও পরমেশ্বর তন্নিবাসিগণকে ক্ষমা করিতেন না যেহেতুক তাহা অবাধে নষ্ট করণ সময় নিতান্তই উপস্থিত হইয়াছিল এরূপ কথা কহা গেল।

অতএব উক্তকালের পর দুই বৎসর গত হইলে এতৎ বাক্যানুসারে জদকীয়া রাজা ঔগুপ্তের রাজার সহিত সন্ধি করিয়া বাবুলনীয় রাজার অধীনতা ত্যাগ করিলেন তাহাতে নবুখদ্‌নজ্জর বহু সৈন্য লইয়া য়ূদা দেশেতে শত্রুভাবে যাত্রা করিলেন কিন্তু নগরের সমীপে আগত হইলে পর তিনি প্রথমে কি য়হূদিদিগকে কি আম্মোনিদিগকে আক্রমণ করিয়া যুদ্ধ করিবেন এতদ্বিষয়ে সন্দিগ্ধ হইলেন তাহাতে স্বমতাবত দেবতারা কোন চিহ্নদ্বারা তাঁহার সন্দেহ ভঞ্জন করিতে পারে এমন বোধ করিলেন অতএব বাণ নিক্ষেপদ্বারা কার্য্য নির্ণয় করণার্থে বাণ যুগল আনাইয়া একের উপরে য়ূদা নাম এবং অন্যের উপরেতে আম্মোন নাম লিখিয়া উভয় বাণকে তূণে রাখিয়া দিলে পর দুয়ের একেকে ফিরিয়া নির্গত করিলেন তাহাতে য়ূদার নামযুক্ত যে বাণ তাহা দৈবযোগে প্রথম নির্গত হইল অতএব রাজা প্রথমে য়ূদাদেশের উপরে আক্রমণ করিতে

to attack Judah. He took most of the other cities of the land, and then besieged Jerusalem. He pitched the tents of his large army all around it, to prevent the inhabitants from leaving the city in order to obtain provisions and assistance, or to escape. Zedekiah, much alarmed, now sent for the prophet Jeremiah, and inquired what he should do. Jeremiah instantly told him to surrender the city, for God, he declared, had determined to give it up to Nebuchadnezzar. Zedekiah would not do this, but continued to defend the city for a year, although the inhabitants were shut up within it, and could obtain no provisions from without. At the end of the year there was no food left in Jerusalem; the people were in danger of starving, and were driven even to eat the dead bodies of their friends! At last, in the heat of summer, the people were so much weakened by hunger, that they could no longer defend the walls. The Chaldeans, with their battering rams, and other engines, soon made large openings in them, and entered the city. The princes and great men of Nebuchadnezzar took their seats in the places

স্থির করিলেন। পরে প্রায় দেশের অরি২ নগর সমস্ত ধরা গেলে তিনি যিরূশালম নগরেতে গিয়া তাহা সৈন্য-দ্বারা পরিবেষ্টন করিয়া বসিলেন তাহাতে সেনাগণের চতুর্দিক্স্থিত তাম্ব বাহুল্য প্রযুক্ত নগরের নিবাসি লোক খাদ্য দ্রব্য আহরণার্থে কিম্বা কোন সাহায্যান্বেষণার্থে কিম্বা পলায়ন করিয়া স্বরক্ষার্থে বাহির হইয়া যাইতে পারিল না অতএব জদকীয়া বড়ই ভীত হইয়া যিরূমীয়া ভাবিকথককে ডাকাইয়া উপায়ের বিষয় জিজ্ঞাসিলেন তাহাতে ঈশ্বর নগরকে নবূখদ্‌নজ্জরের হস্তার্পিত করিতে নির্ণয় করিয়াছেন যিরূমীয়া এ কথা কহিয়া তাহা অবিলম্বে শত্রুহস্তে অর্পিত করিতে পরামর্শ দিলেন কিন্তু জদকীয়া ইহাতে সম্মত হইলেন না। আর যদ্যপিও নিবাসিরা এ তাবৎ কাল বাহির হইতে না পারাতে ভক্ষ্য সামগ্রী অকুলান হইল তত্রাপিও তিনি আর দ্বাদশ মাসপর্য্যন্ত শত্রু বারণ পূর্ব্বক নগরকে রক্ষিত করিলেন তাহাতে বৎসরান্তকালে যিরূশালমেতে আর কোন খাদ্য দ্রব্য না থাকাতে লোকে আহারাভাবের কারণবশতঃ ক্ষুধায় মরণের শঙ্কায় প্রিয় ব্যক্তির মৃত দেহ অর্থাৎ শবাহার করিতে উদ্যত হইল।

অবশেষে গ্রীষ্মকাল উপস্থিত হইল অনাহারে অতি ক্ষীণতা ও দৌর্ব্বল্য প্রযুক্ত নিবাসিরা প্রাচীরে থাকিয়া শত্রু বারণ করিতে আর পারিল না তাহাতে খল্দীয়েরা আঘাতদ্বারা প্রাচীর ভাঙ্গনার্থে যে মহাদণ্ড ও আর২ যন্ত্র সমস্ত তাহা প্রাচীরেতে লাগাইয়া মারিয়া অবিলম্বে

of honour near the gates, while the soldiers pursued after the Jews, who fled in all directions. Zedekiah also left the city and attempted to escape, but was taken prisoner, and carried back to Nebuchadnezzar. The king of Babylon first ordered the sons of Zedekiah to be slain in his presence; he then cruelly caused his eyes to be put out, that the dying agonies of his own children might be the last thing he should look upon in this world. Zedekiah was afterwards sent to Babylon, where he remained in prison till he died. All this had been predicted by Ezekiel, to whom God had said respecting king Zedekiah, "My net also will I spread upon him, and he shall be taken in my snare; and I will bring him to Babylon, to the land of the Chaldeans; yet shall he not see it, though he shall die there."

About a month after this, Nebuchadnezzar sent Nebuzaradan, one of his generals, to complete the

অনেকানেক বৃহৎ ছিদ্র করিয়া একেবারে নগরেতে প্রবিষ্ট হইল তাহাতে খল্দীয় রাজকুমার ও কুলীনগণ দ্বারের সন্নিধানে উত্তমাসনে উপবিষ্ট থাকিতে সেনাসমূহ পলায়িত য়হুদিদিগকে ধরিতে পশ্চাতে গিয়া দৌড়িল ইতিমধ্যে রাজা জদকীয়া নগরহইতে বাহির হইয়া পলায়ন করিতে উদ্যত হইলেন কিন্তু খল্দীয়েরা তাহাকেও ধরিয়া নবুখদ্নজ্জরের স্থানে ফিরিয়া আনয়ন করিল তাহাতে মহারাজ নবুখদ্নজ্জর প্রথমতঃ জদকীয়ার পুত্রদিগকে পিতার চক্ষুগোচরে খড্গ দিয়া মারিয়া প্রাণে নষ্ট করাইলেন পরে রাজা স্বসন্তানের মৃত্যু যন্ত্রণা দেখিলে পর যাবজ্জীবনে আর কিছু না দেখিতে পারেন এই নিমিত্তে তিনি অতিক্রূরতা পূর্ব্বক তাঁহার দুই চক্ষু কূটক নির্গত করাইয়া তাঁহাকে অন্ধ করিয়া রাখিলেন। পরে অন্ধীভূত রাজা বাবুলনেতে প্রেরিত হইয়া সেখানে মরণকাল পর্য্যন্ত কারাগারেতে বদ্ধ হইয়া থাকিলেন। এসকল দুর্ঘটনা হইবে ইহা পূর্ব্বে য়িজকিএল কর্ত্তৃক কথিত হইয়াছিল যেহেতুক পরমেশ্বর তাহার মুখে জদকীয়ার বিষয়ে এরূপ কথা কহিলেন। যথা "আমি তাঁহার উপরেতে আপনি জাল বিস্তার করিব তাহাতে তিনি আমার ফাঁদে ধৃত হইবেন আর আমি তাঁহাকে খল্দীয়দের দেশে কিনা বাবুলনেতে আনাইয়া দিব এবং তিনি তাহা স্বচক্ষেতে না দেখিয়া ও সেখানে মরিবেন।"

এক মাসান্তরে নবুখদ্নজ্জর য়িরূশালম নগরকে সর্ব্বতোভাবে বিনষ্ট করণার্থে নবুজরাদ্দিন্ নাম আপ-

destruction of Jerusalem. He, after taking all the Precious vessels out of the temple, and robbing the city of all the riches it contained, set fire to the buildings, and every part of the city was soon consumed by the flames. The principal persons of distinction whom he found in the city were put to death. Most of the rest of the nation were carried captive to Babylon.

Some of the poorer sort of people, however, remained in the land under the government of Gedaliah. Nebuzaradan treated the prophet Jeremiah with great kindness, and gave him his choice, whether to go to Babylon, or to remain in Judah. Jeremiah preferred to stay in his own country, where he undoubtedly hoped to pass the rest of his days amidst the ruins of Jerusalem. But in this he was disappointed. For Gedaliah was shortly after murdered by Ishmael, who wished to usurp the government, and the remainder of the people fled into Egypt, forcibly carrying Jeremiah along with them.

নার অধীন এক জন সেনাপতিকে সেখানে পাঠাইলেন আসিলে পর ইনি মহামন্দিরের দুর্ম্মূল্য উত্তম ২ সামগ্রী সমস্ত কাড়িয়া লইয়া নগরেতে প্রাপ্ত আর ২ ধনাদি অপহরণ করিলেন পরে গৃহ সকলেতে অগ্নি লাগান গেলে নগরের সর্ব্ব স্থান একেবারে পুড়িয়া পড়িল। আর নগর মধ্যে অবশিষ্ট থাকিলেন যে সম্ভ্রান্ত লোক সকল তাঁহাদিগকেও মারিয়া ফেলিলেন এবং আজ্ঞা মতে প্রায় সাধারণ লোককে বন্দিভাবে বাবুলনেতে আনয়ন করা গেল।

পরে যে কেচিৎ ইতর লোক স্বদেশেতে থাকিল তাহাদের শাসনকর্ত্তা হইলেন গদলীয়া। আর নবুজরাদ্দিন নামে খ্যাত ঐ সেনাপতি য়িরুমীয়া ভাবিকথককে অতিশয় অনুগ্রহ প্রকাশ করিলেন এবং ইনি বাবুলনেতে যাইবেন কি না য়ূদা দেশে থাকিবেন ইহা জিজ্ঞাসা পূর্ব্বক তাহাকে স্বেচ্ছামতে করিতে অনুমতি দিলেন। তাহাতে য়িরুমীয়া স্বদেশে থাকিতে স্বীকৃত হইলেন কারণ সেখানে থাকিয়া য়িরুশালম নগরের পতিতাংশ মধ্যেও আয়ুর অবশিষ্ট কাল ক্ষেপণ করিতে নিতান্ত আকাঙ্ক্ষিত হইলেন কিন্তু কিয়ৎকাল বিলম্বমাত্রে ইশ্মাএল নামক এক ব্যক্তি রাজপদাকাঙ্ক্ষী হইয়া গদলীয়াকে হত্যা করিল তাহাতে যে অল্প লোক অবশিষ্ট থাকিল তাহারা ভয়ে ভীত হইয়া য়িরুমীয়াকে সঙ্গে করিয়া লইয়া ঔগুপ্ত দেশে পলাইল এরূপেতে য়িরুমীয়ার আশয়ভঙ্গ হইল।

CHAPTER V.

The golden Image.

When Nebuchadnezzar had conquered Judah, and brought the people of the neighbouring countries into subjection to his authority, he returned to Babylon, carrying with him great quantities of gold and silver, which he had taken from the temple and city of Jerusalem, and perhaps from other places. Wishing to do honour to his gods, or perhaps only to display his own wealth and power, he ordered an immense image, ninety feet high, to be made of solid gold. This image was probably intended to represent Bel, which was the chief idol of the Babylonians. When it was finished, he commanded that it should be set up in a large plain, not far from Babylon, called the plain of Dura. Messengers were then sent to every part of the empire of Babylon, commanding all who held offices, either civil or military, under king Nebuchadnezzar, to meet on a certain day at the plain of Dura.

The day came. The golden image, raised high in the midst of the plain, was sparkling in the

৫ অধ্যায়।

স্বর্ণ মর্ত্তির বৃত্তান্ত।

নবুখদ্‌নজ্জর য়ূদা দেশকে বশ করিলে পর তদ্দেশের চতুর্দ্দিক্‌ স্থিত নিকটবর্ত্তি দেশীয় লোক সমস্তকে পরাস্ত করিয়া স্ববশে রাখিলেন শেষে য়িরুশালম নগরে এবং সেখানকার ভজনালয়ের মধ্যে এবং কি জানি আর ২ স্থানে যে রৌপ্য স্বর্ণাদি ধন রাশি পাইয়াছিলেন তাহা সমস্ত সঙ্গে করিয়া বাবুলন নাম আপন রাজ-ধানীতে ফিরিয়া আইলেন পৌঁছিলে পর তাঁহার ইষ্টদেবের আদর করণেচ্ছায় কিম্বা স্বসঞ্চিত ধন ও ঐশ্বর্য্য প্রতাপাদি প্রকাশার্থে তিনি নব্বই পদ উচ্চ অতিবৃহৎ এক খান স্বর্ণের বিগ্রহ নির্ম্মাণ করিতে আজ্ঞা দিলেন। অনুমান হয় ঐ বিগ্রহ বেল নামা বাবুলন নিবাসিদের পূজিত প্রধান দেবতার মূর্ত্তি ছিল। সে যাহা হউক বিগ্রহ গঠন হইলে পর রাজা বাবুলন নগরের সমীপস্থ দূরা নামক প্রশস্ত এক মাঠের মধ্যে তাহা স্থাপন করিতে আজ্ঞা দিলেন পরে রাজ্যের সর্ব্ব প্রদেশে রাজাজ্ঞা পত্র পাঠাইলেন ঐ পত্রেতে এরূপ বাক্য লেখা গেল ফলতঃ নির্দ্দিষ্ট দিবসে রাজা নবুখদ্‌নজ্জরের অধীন রাজকর্ম্মকারী এবং যোদ্ধৃ পদস্থ সকল ঐ দূরা নামে মাঠের মধ্যস্থলে সমাগম পূর্ব্বক প্রস্তুত হইবেন।

নিয়মিত দিনে স্বর্ণের বিগ্রহ মাঠের মধ্যস্থলে খাড়া করা গেলে সে সূর্য্যের কিরণেতে দেদীপ্যমান হইয়া

sunbeams. All around it, extending to a great distance, was a crowd of persons, whose dress and air showed their rank and importance. In one part of the field were the Babylonian princes in their embroidered garments; and grave counsellors and judges, whose countenances were become serious by habitually attending to affairs of state. Not far off were the treasurers, who were intrusted with the wealth of the empire, and the sheriffs, whose business it was to execute the laws against criminals. In another part stood a company of men in shining armour, their swords hanging by their sides, and the crests of their helmets waving in the winds; these were the officers of Nebuchadnezzar's army. The governors of distant provinces, too, were there, who ruled over many people of various languages and customs. Some had come from Persia, where they worshipped the sun and moon; others from Arabia, where the cities and villages were built on verdant spots or islands in the midst of deserts of sand, where fragrant balsams flowed from the trees, and spices perfumed the air. Some dwelt at

দর্শিল। তাহাতে অতি দূর স্থান পর্য্যন্তও তাহার চতু-র্দ্দিগেতে মহা লোকারণ্য হইল আর অনেকানেক সম্ভ্রান্ত এবং মহৎ লোক উপস্থিত হন তাঁহা বেশ ভূষণাদি দ্বারা প্রত্যক্ষ বোধ হইল। বস্তুতঃ মাঠের এক স্থানে বাবুলন দেশের রাজকুমার এবং কুলীনগণ স্বর্ণভূষিত অথচ চিক্কণ তোলা বস্ত্র ধারণ করণ পূর্ব্বক দাঁড়াইয়া থাকিলেন এবং সতত রাজকর্ম্ম করণ প্রযুক্ত ম্লান বদন হন যে ধীর রাজমন্ত্রী ও ধীসচিব ও বিচারক দল তাঁহারা ও সেই স্থলে আগত হইলেন। তৎ স্থানের অনতিদূরে রাজভাণ্ডারাধ্যক্ষ সকল এবং অপরাধি ব্যক্তিদের দণ্ড দেওন ভারগ্রস্ত লোক সমুদায় উপস্থিত থাকিলেন। অন্য এক স্থানে উজ্জ্বল কবচধারী অথচ পঙ্কস্থিত খড়্গ বিশিষ্ট এবং বায়ুদ্বারা হেলায়মান চূড়াযুক্ত শিরস্ত্রাণবিশিষ্ট যোদ্ধৃদল ও সেনাপতি পদস্থ সমুদায় আগত হইয়া দাঁড়াইল। আর নানা ভা-ষাভাষী ও নানামতব্যবহারী অনেকানেক দূরস্থিত প্রদেশাধ্যক্ষ লোক স্বর্ণের বিগ্রহ উপাসনার্থে উপস্থিত হইলেন কেহ২ ফারসি দেশ থেকিয়া আসিয়াছিলেন সে দেশেতে লোকে সূর্য্য চন্দ্রের পূজা করিত অনেকেই আরবি দেশহইতে আগত ছিলেন সেখানে বালুকামাত্র ময় মহাপ্রান্তরের মধ্যস্থিত দ্বীপবৎ কয়েক অত্যল্প ভূমি-স্থলেতে নগর গ্রামাদি স্থাপিত আছে সেই২ সরস ঘাস বিশিষ্ট স্থলে যে বায়ু বহে সে অতি সুগন্ধি বৃক্ষ নির্য্যাস ও ঝাল গাছের ফুলাদিদ্বারা সুবাসিত আছে। কেহ২

the foot of mount Nebo, in Moab; others came from among the pleasant groves of Damascus; and others from the valleys of Ammon, where the people worshipped an idol called Moloch, and cruelly sacrificed to him their own children. Bands of musicians were scattered among the crowd, carrying instruments of music of strange and peculiar forms. Psalteries and small harps were held in the hand, or thrown across the shoulder when played upon. These, with the flutes and dulcimers, gave out sweet sounds; but the cornets, trumpets, and cymbals were spirited and loud. At first, all was silent. The multitude of people in the plain stood with their eyes fastened on the golden image. The river Euphrates rolled by, covered with boats and vessels, and bordered with willows, and the towers of the temples and palaces of Babylon arose in the distance. Presently a herald came forward, and called in a loud voice to the people, commanding them all, in the name of king Nebuchadnezzar, to fall down and worship the golden image as soon as a stated signal

মূয়াব দেশস্থিত নেবো নামক পর্ব্বতের জনিবাসি লোক ছিল। এতদ্ভিন্ন আর২ ব্যক্তিরা দামাস্ক্ নাম প্রদেশের মনোরম্য উপবন ছাড়িয়া আসিয়াছিলেন। কেহ২ বা আম্মোন প্রদেশের পাহাড়তল অর্থাৎ পর্ব্বতের মধ্যস্থিত নিম্নস্থল হইতে আগত ছিলেন সেই দেশের লোক মোলখ্ নামে বিকটাকার এক দেব মূর্ত্তির পূজা করে এবং স্বশিশু বালককেও অতি নিষ্ঠুরতারূপে তদ্দেবের উদ্দেশে উৎসর্গ করে। মাঠে স্থিত এরূপ লোকারণ্য মধ্যে কোন২ বাদ্যকর নানা প্রকার অদ্ভুতাকৃতি বাদ্যযন্ত্র ধরিয়া স্থানে২ থাকিল বাদন সময়ে তাহারা বীণাদি বাদ্যযন্ত্র হস্তে ধরিয়া কিম্বা স্কন্ধদেশে ঝুলিত করিয়া বাজায় বীণার ও মুরলীর এবং তানপূরার মিলিত স্বর অতি মধুর, কিন্তু তূরী ও ভোড়ঙ্গ ও করতালাদির রব সতেজ এবং বড় হইয়া উঠিল। প্রথমে কোন কিছু শব্দ শুনা গেল না মাঠে থাকে যে লোক সকল তাহারা স্বর্ণের বিগ্রহ দিগে স্থিরদৃষ্টি হইয়া নীরব থাকিল। আর ইউফ্রট্ নাম মহানদী সেই স্থান দিয়া বহিতেছে নদীতে বিস্তর নৌকা দ্রোণাদি ভাসিয়া যাইতেছে নদীর তীরে ঝুলিত পত্রবিশিষ্ট অনেক বাইশী বৃক্ষ থাকে এবং অনতিদূরস্থিত নগরের দেবালয়ের ও অট্টালিকার শৃঙ্গ ও চূড়াদি দেখা যাই-তেছে। কিছু কাল বিলম্বে এক জন ভট্ট কি না রাজদূত মধ্যে আসিয়া উচ্চৈঃ শব্দে ডাকিয়া লোক সমুদায়কে এ রূপ সম্বাদ দিল মহারাজ রাজা নবুখদ্‌নজ্জর প্রস্তুত সকলের প্রতি এই আজ্ঞা দেন ফলতঃ নির্দ্ধারিত বাদ্যরব

should be given. The signal was to be the sound of music; and to ensure compliance it was added, that if any person should refuse to obey this command of the king of Babylon, he should that same hour be cast into the midst of a burning fiery furnace. Presently the bands of music began to play, and in an instant the whole multitude of people had prostrated themselves on the earth before the golden image. But who are those men standing, while all the rest have their faces in the dust? They are Daniel's three friends, Hananiah, Mishael, and Azariah; or, as the Babylonians called them, Shadrach, Meshach, and Abed-nego. These commonly feared and obeyed Nebuchadnezzar, but they feared their God much more, and He had forbidden them to worship any idols. There they stood, calmly and without fear, although they had heard the threats of the king, and knew that he would certainly execute them.

রূপ ইঙ্গিত পাইবা মাত্রে সকলে প্রণিপাত হইয়া স্বর্ণের বিগ্রহের আরাধনা করিবে। আরও বলিল কেহ যদি মহারাজ অধিরাজের আদেশ বাক্যে অস্বীকার করে সে তৎকালেই জ্বলন্ত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইয়া পড়িয়া নষ্ট হইবে।

ঐ সম্বাদ দিলে পর বাদ্যকর সকল এককালে বাদ্য বাজাইল বাজাইবামাত্রে লোকারণ্য স্বর্ণের বিগ্রহ পানে প্রণিপাত হইয়া রহিল তাহাতে কি আশ্চর্য্য আর২ লোক সমুদয় ভূমিতে ঐ রূপ মুখযোগ করণ সময়ে তিন জন মাত্র খাড়া হইয়া রহিল তাহারা কে না দানিএল মুনির তিন জন বন্ধু লোক তাহারা স্বভাষায় হানানায়া ও মিশাএল্ ও আজারীয়া নাম্ন ত্রয়ে খ্যাত কিন্তু বাবুলন দেশীয় ভাষায় তাহারদের শাদ্রাখ্ ও মেশাখ্ ও অবেদ্‌নেগো এই২ নাম রাখা গিয়াছিল। আর সেই তিন জন পূর্ব্বেই রাজা নবুখদনজ্জরের ভয়ে ভীত হইয়া প্রায় সর্ব্বদা তাঁহার আজ্ঞা পালন করিত কিন্তু তদপেক্ষা ও পরমেশ্বরকে অধিক ভয় করিত আর পরমেশ্বর বিগ্রহ পূজা করীর শক্ত নিষেধ করিয়াছিলেন তাহাই জানিল অতএব রাজার ঐরূপ ধমক্ বাক্য শুনিয়াও এবং তিনি নিঃসন্দেহে উক্ত মতে অনাজ্ঞাবহ লোকদের সর্ব্বনাশক দণ্ড করাইবেন তাহা জানিয়া ও তাহারা এবার তাঁহার সাক্ষাৎকারে খাড়া হইয়া দাঁড়াইয়া অকম্পিত মন ও নিঃশঙ্ক থাকিল আর অনেকেই সে

They must have known, also, that there were many persons watching them, anxious to find occasion to injure them with their Master; for the power, and wealth, and honours, which Nebuchadnezzar had bestowed upon these Hebrew strangers, had excited the envy of many of the Babylonians.

The worship of the golden image was over, and the people were about to separate, when several Chaldeans approached king Nebuchadnezzar, and addressed him in the customary language, saying, "O king, live for ever!" They had watched the conduct of the young Jews before the idols, to see whether they obeyed the law of their God, or the commands of the king. They saw with joy that Shadrach, Meshach, and Abed-nego chose even to be singular among this great multitude, and to expose themselves to a most dreadful death, rather than to sin against God. They now eagerly went to the king with their complaints: "Thou, O king, hast made a decree, that every man that shall hear the sound of the cornet, flute, harp, sackbut, psaltery, and dulcimer, and all kinds of music, shall fall down

সময়ে তাহারদিগকে শত্রুভাবে নিরীক্ষণ করিতেছে তাহা ও তাহাদের অজ্ঞাত নহে যেহেতুক নবুখদ্‌নজ্জর এই তিন বিদেশীয় ব্যক্তি দিগকে যে উত্তম পদ ও শক্তি ও ঐশ্বর্য্য প্রদান করিয়াছিলেন তন্নিমিত্ত বাবুলনীয়েরা উহাদের প্রতি ঈর্ষা বিশিষ্ট হইয়া দ্বেষ ভাবে থাকিল।

পরে স্বর্ণের বিগ্রহ পূজা সমাপ্ত হইবাতে লোকারণ্য স্ব২স্থানে গমন করিতে উদ্যত হইলে কয়েক জন খল্দীয় লোক রাজার সমীপে গিয়া হে রাজন্ আপনি নিত্য-জীবী হউন এ রূপ ধারাবাহিক সম্বোধনবাক্য কহিল। আর ঐ তিন জন য়হুদি লোক কিরূপ ব্যবহার করিবে রাজাজ্ঞা বা মানিবে কিম্বা স্বপূজিত ঈশ্বরের আদেশ বাক্য মানিবে ইহা জাননার্থে ঐ ব্যক্তিরা বিগ্রহ সমীপস্থ হওনকালে উহাদিগকে তাকিয়া দেখিতে-ছিল তাহাতে লোকারণ্য শাদ্রাখ্ ও মেশাখ্ ও অবেদ্‌নেগো তিন জনে অতিশয় লোকারণ্য মধ্যেও পৃথগাচারী হয় এবং উত্তম সাহস পূর্ব্বক ঈশ্ব-রের বিরুদ্ধে পাপক্রিয়া করণাপেক্ষা ভয়ানক মৃত্যুর দায় ঠেকা স্বীকার করিতেও প্রস্তুত হয় ইহা দেখিয়া হর্ষিত হইল দেখিয়া ত্বরায় রাজার নিকটে গিয়া সম্বাদ দিয়া বলে হে রাজন্ আপনি এই আদেশ বাক্য প্রকাশ করাইয়াছেন ফলতঃ সকল লোক তুরী ও বেণু ও বীণা ও সানায়ী ও তন্ত্রী ও তানপূরা ও আর২ বাদ্য যন্ত্রের রব শুনিবা মাত্র প্রণিপাত হইয়া স্বর্ণের বিগ্রহ পূজা করিবে আর যে কোন ব্যক্তি তৎক্ষণাৎ ভূমিপতিত

and worship the golden image; and whoso falleth not down and worshippeth, that he shall be cast into the midst of a burning fiery furnace. There are certain Jews, whom thou hast set over the affairs of the province of Babylon, Shadrach, Meshach, and Abed-nego; these men, O king, have not regarded thee, they serve not thy gods, nor worship the golden image which thou hast set up." These informers knew they thought it *wrong* towards God to worship idols; but they artfully insinuated a contempt for the king, and a wish to defy *his* authority. Nebuchadnezzar had not been accustomed to be disobeyed or contradicted. Nor, if any had been so daring as to oppose his will, would he have escaped without severe punishment. Besides, he was at that moment full of pride at his great success, and at seeing all the great men of the east acknowledging his authority. Who then were these captive Jews, that they should dare to disobey the king of Babylon? In a great rage he ordered them to be brought before him. This was instantly done. He then said to them in a loud and furious tone, "Is

হইয়া আরাধনা না করে তাহাকে তৎকালেই জ্বলন্ত অগ্নিখণ্ডে নিক্ষেপ করা যাইবেক অতএব শাদ্রাখ্ ও মেশাখ্ ও অবেদ্নেগো নামত্রয়ে খ্যাত যে তিন জন বিশিষ্ট য়হূদি লোককে আপনি প্রদেশের রাজকর্ম্ম নির্ব্বাহার্থে নিযুক্ত করিয়াছেন হে রাজন্ তাহারা আপনকাকে মানে না এবং আপনকার দেবোপাসনাও করে না আর আপনি যে স্বর্ণের বিগ্রহ স্থাপিত করিয়াছেন তাহাকেও বন্দনা করে না খল্দীয়েরা রাজার স্থানে ঐ রূপ কথা কহিল। আর দেখ উক্ত তিন জন য়হূদি লোক বিগ্রহ পূজাকে ঈশ্বর নিষিদ্ধ বোধ করে ইহা নিশ্চয় জানিল কিন্তু তাহা না জানাইয়া য়হূদিরা রাজাকে অবহেলা করে এবং তাঁহার আজ্ঞা মানে না এ জন্য ঐরূপ ব্যবহার করিয়াছিল রাজাকে এই মাত্র বোধ করাইল। তাহাতে দেখ রাজাজ্ঞার বিরুদ্ধাচার করে এমন দুঃসাহসি লোক প্রায় নাই হয়তো রাজা তাহাকে কি না করিতেন আর সেই সময়ে রাজা বিদেশি লোক দমনে কৃতার্থ হইয়াছিলেন এবং পূর্ব্বদিকের তাবৎ মহল্লোক তাঁহার বশে থাকে এ প্রযুক্ত তিনি অতি দর্পিত হইয়াছিলেন। অতএব যুদ্ধে ধৃত এই যে তিন জন য়হূদি বেটা বাবুলনীয় মহারাজের অনাজ্ঞাবহ হইয়াছে উহারা কে রাজা? ইহা বলিয়া মহা কোপে কুপিত হইয়া তিন জনকে স্বস্থানে আনিতে আজ্ঞা দিলেনঅনুচরেরা তৎক্ষণাৎ তাহাদিগকে আনিয়া দিল। তাহাতে নবুখদ্নেজর মহা কোপ পূর্ব্বক উচ্চৈঃ শব্দে এ মাত্র কহিলেন রে শাদ্রাখ্ ও মেশাখ ও অবেদ্-

it true, O Shadrach, Meshach, and Abed-nego, do not ye serve my gods, nor worship the golden image which I have set up? Now if ye be ready that at what time ye hear the sound of the cornet, flute, harp, sackbut, psaltery, and dulcimer, and all kinds of music, ye fall down, and worship the image which I have made, *well;* but if ye worship not, ye shall be cast, the same hour, into the midst of a burning fiery furnace, and who is that God that shall deliver you out of my hands?" Nebuchadnezzar, in his anger, forgot the declaration he had himself made after Daniel had interpreted his dream, that the God of the Jews was greater than all other gods.

The three young men listened calmly to the angry words of the king. They were far away from their fathers' house and their native country, standing before an enraged monarch, who had before been their protector and friend, and who would continue to be such, even now, if they but consented to do his will; while a burning fiery furnace was to be the punishment of disobedience. The example of all the people, too, was against

রেগো তোরা কি আমার ইষ্টদেবোপাসনা করিস্ না এবং মৎ স্থাপিত স্বর্ণের বিগ্রহ পূজা ও করিস্ না শুনিস্রে বেটারা তোরা যদি তূরী ও বেণু ও বীণা ও সানায়ী ও তন্ত্রী ও তানপূরা ও আর২ বাদ্য যন্ত্রের রব শুনিবা মাত্রে প্রণিপাত হইয়া স্বর্ণের বিগ্রহ পূজা করিস তো ভাল কিন্তু যদি আজ্ঞামতে আরাধনা না করিস্ তবে তোরা তৎকালেই জ্বলন্ত অগ্নিখণ্ডে নিক্ষিপ্ত হইয়া পড়িয়া নষ্ট হইয়া যাবি আর আমার হস্তে তোরদিগকে রক্ষা করিয়া লইবেন এমন কোন্ ঈশ্বর আছেন। দেখ দানিএল মুনি কিছু কাল গতে রাজার স্বপ্নের দৃষ্টার্থ বোধ করাইলে পর য়হুদি লোকদের ঈশ্বর সর্ব্বাপেক্ষা মহান্ ঈশ্বর বটেন এই যে কথা আপনিও কহিয়াছিলেন তাহা এখন ক্রোধান্ধ হওন প্রযুক্ত বিস্মৃত হইলেন।

উক্ত তিন জন যুবা লোক অত্রস্ত হইয়া রাজার ঐ কোপ বাক্য শ্রবণ করিল তাহারা তখন স্বদেশ এবং পিত্রালয় হইতে দূরদেশেতে ছিল আর যে মহা কুপিত রাজার সম্মুখে দাঁড়াইতেছিল তিনি পূর্ব্বে তাহারদের প্রতিপালক এবং মিত্রবৎ হইয়াছিলেন আর তাঁহার ইচ্ছানুসারে কর্ম্ম করিলেই তিনি এখন ও তদ্রূপ, উপকারী হইবেন না করিলে তো জ্বলন্ত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হওয়া এ মাত্র অপেক্ষা আছে এবং আর২ সকল লোকেরা যে রূপ ব্যবহার করিয়াছিল সে তাহাদেরি কৃতকার্য্যের বিপরীত বটে কিন্তু এ সকল বিবেচনা করিয়া ও তাহারা

them; yet they remained firm, and with great composure said to the king, "O Nebuchadnezzar, we are not careful to answer thee in this matter. If it be so, our God whom we serve is able to deliver us from the burning fiery furnace, and he will deliver us out of thy hand, O king. But if not, be it known unto thee, O king, that we will not serve thy gods, nor worship the golden image which thou hast set up." This decided, though respectful answer of the young men, enraged the king almost to madness. With a terrible frown, he commanded the furnace to be heated seven times hotter than usual.

The furnace was prepared in the sight of the king, and the assembly of great men. It was probably a large space enclosed by a wall of stone or brick, but without a roof. This place was filled with fuel, and a fire kindled. The flames soon burst out in every part, and the smoke rose up in a thick column towards heaven. When every part of the furnace was glowing with intense heat, Nebuchadnezzar ordered some of the most mighty men in his army to bind Shadrach, Meshach, and Abed-nego, and cast them

ঈশ্বর নিষ্ঠ এবং স্থিরচিত্ত হইয়া সুধীরে কথা কহিয়া রাজার প্রতি এ রূপ উত্তর করিল। হে রাজন্ আমরা এ বিষয়ে আপনকাকে উত্তর দিতে ব্যস্ত নহি। আপনকার বাক্য মত যদি হয় তো আমরা যে ঈশ্বরের সেবা করি তিনি আমাদিগকে জ্বলন্ত অগ্নি কুণ্ডেও রক্ষা করিতে পারেন আর হে রাজন্ নিতান্তই তিনি আমাদিগকে আপনকার হস্ত হইতে মুক্ত করিয়া দিবেন। কিন্তু যদ্যপি ও তিনি রক্ষা না করেন তত্রাপি আমরা আপনকার আজ্ঞাপিত দেবোপাসনা ও স্বর্ণের বিগ্রহ পূজা করিব না। যুবা ব্যক্তিরা সাদর হইয়া ঐরূপ উত্তর দিলে রাজা প্রায় ক্ষিপ্তের ন্যায় ক্রোধান্ধ হইলেন তাহাতে মহাভয়ঙ্কর ভ্রূকুটি করিয়া তিনি অগ্নিকুণ্ড চলনাপেক্ষা সপ্তগুণ অধিক তপ্ত করিতে আজ্ঞা দিলেন।

তাহাতে রাজার এবং সমাগত সম্ভ্রান্ত লোকের সাক্ষাতে অগ্নিকুণ্ড প্রস্তুত করা গেল বোধ হয় সে পাথর কিম্বা ইষ্টকময় প্রাচীর ঘেরিত অথচ ছাত বিহীন কোন এক প্রশস্ত স্থান আর সে ইন্ধন কি না জ্বলনীয় কাষ্ঠ পূরিতও হইল পূরণ করিলে পর অগ্নি লাগান গেল তাহাতে অগ্নিশিখা সর্ব্বত্র দেখা দিল এবং ধূমের রাশি স্তম্ভের ন্যায় আকাশ পানে উঠিল। জ্বলন্ত অগ্নি অতিতাপ পূর্ব্বক কুণ্ডের সর্ব্বস্থানে ব্যাপ্ত হইলে পর সৈন্যগণের মধ্যে প্রবলতর কয়েক ব্যক্তি শাদ্রাখ্ আদি তিন জনকে ধরিয়া বাঁধিয়া কুণ্ডের মধ্যে নিক্ষেপ করে রাজার এই আজ্ঞা হইল। আজ্ঞা পাইয়া সেনালোক

into it. They bound the young men in their cloaks, and tunics, and turbans, and went in great haste (for the king was exceedingly furious) to throw them into the fire. As they came near the furnace, the flames were blown towards them by the wind, and, inwrapping the king's officers, instantly destroyed their lives, while the young Jews fell down, bound, into the midst of the fire.

Soon after this, Nebuchadnezzar rose from his seat in haste, and in great astonishment, and said to his counsellors, "Did not we cast three men, bound, into the midst of the fire?" They replied, "True, O king." Then Nebuchadnezzar said, "Lo, I see *four* men *loose*, walking in the midst of the fire, and they have no hurt, and the form of the fourth is like an angel of God." The king looked again towards the furnace. The three men were walking in the midst of the flames, that hissed, and crackled, and curled around their bodies, without any power to do them harm. They were conversing with a bright and glorious being, a messenger of God, who had been sent to comfort them. Nebuchad-

ঐ যুবা ব্যক্তিদিগকে ধরিয়া বান্ধিয়া উড়নী বস্ত্র ও অঙ্গ-রাখা ও মস্তকাবরণী সুদ্ধ অগ্নি কুণ্ডের মধ্যে ফেলিয়া দিতে ত্বরায় গেল যেহেতুক রাজা অতি ক্রোধান্বিত হই য়াছিলেন। তাহাতে অগ্নি শিখা বায়ুদ্বারা নিকটাগত লোকদের পানে চালিত হইবাতে রাজার নিযুক্ত ব্যক্তিরা কুণ্ডের ধারে আগত হইবা মাত্রে অগ্নিদ্বারা জড়িত হই-য়া তৎক্ষণাৎ প্রাণে নষ্ট হইল কিন্তু তিন জন য়হুদিরা বদ্ধাঙ্গ হইয়া অমনি কুণ্ডের মধ্যে পড়িয়া রহিল।

ক্ষণকালান্তরে নবুখদ্‌নজ্জর অতি বিস্ময়াপন্ন হইয়া ত্বরায় গাত্রোত্থান করিয়া রাজাসন ত্যাগ পূর্ব্বক রাজমন্ত্রিগণকে জিজ্ঞাসিলেন আমরা কি তিন জনকে বাঁধিয়া অগ্নির মধ্যে প্রক্ষেপ করি নাই? মন্ত্রিরা উত্তর দিলেন মহারাজ আপনি যাহা কহিয়াছেন সে সত্য বটে তাহাতে রাজা কহিলেন দেখ অগ্নির মধ্যে চারি জনা চলিতেছে এবং কাহারো কিছু ক্ষতি হয় নাই তাহা স্পষ্ট দেখিতেছি আর চতুর্থ ব্যক্তির আকৃতি স্বর্গীয় দূতের মত আকৃতি দেখায়। তখন রাজা আরবার কুণ্ডের পানে দৃষ্টিপাত করিলেন তাহাতে দেখ তিন জনে অগ্নির মধ্যেও ইতস্ততঃ ভ্রমিতেছে এবং অগ্নিশিখাগ্‌শিশ দিয়া ফট্‌ফট্ করিয়া উহাদের শরীরকে বেষ্টন করে কিন্তু উহাদের কিছুই মাত্র ক্ষতি করিতে অক্ষম হইয়াছে আর তিন জনা উজ্জ্বলা বিশিষ্ট ও তেজস্বী এক জন ঈশ্ব-রীয় দূতের সান্ত্বনাতে শান্ত হইয়া তাঁহার সঙ্গে আলাপ করিতেছে। ইহা দেখিয়া রাজা এবার আপন আজ্ঞা

nezzar did not now send any of his great men to execute his orders. He forgot his own grandeur and dignity in witnessing this display of the power of God. He drew near to the furnace, and called aloud to Shadrach, Meshach, and Abed-nego, commanding them to come forth. They obeyed, and came out of the midst of the fire. The multitude of princes, and counsellors, and great men gathered around, and examined them with astonishment. The fire had burned their bonds, and that was all. Not a thread of their garments was scorched, not a hair of their heads was singed. Then Nebuchadnezzar broke out into praises of the great God of heaven, who had delivered his servants from the devouring fire. He declared there was no God like the God of Shadrach, Meshach, and Abed-nego, and threatened the severest punishments to those who should speak any thing against him. The king raised the three young Jews to still higher stations in the province of Babylon, and honours and wealth flowed in rapidly upon them. This must have caused disappointment and shame to their enemies,

পূরণ করণার্থে কোন সম্ভ্রান্ত লোককে পাঠান না বরং ঈশ্বরের পরাক্রম ও শক্তি প্রকাশ দর্শন করাতে আপনার ঐশ্বর্য্য ও গৌরব বিস্মরণ পূর্ব্বক আপনি কুণ্ডের নিকটে গমন করিয়া শাদ্রাখ্ আদি তিন জনকে উচ্চৈঃ শব্দে ডাকিয়া বাহিরে আসিতে বলিলেন। তৎক্ষণাৎ যুবারা অগ্নির মধ্য হইতে বাহির হইয়া আইল তাহাতে রাজকুমার সকল ও মন্ত্রিগণ ও কুলীন ব্যক্তি সমূহ ভিড় হইয়া তিন জনকে নিরীক্ষণ করত বিস্ময়াপন্ন হইয়া রহিল যেহেতুক যুবা ব্যক্তিদের দেহবন্ধন মাত্র অগ্নিতে পুড়িয়া গিয়াছিল বস্ত্রের এক সূতা ও দগ্ধ হয় নাই এবং মস্তকের কেশও পুড়িল না ইহা দেখিলে পর রাজা সর্ব্বাপেক্ষা মহান যে স্বর্গের ঈশ্বর পরমেশ্বর তাঁহারি স্তব করিতে আরম্ভিলেন কারণ তিনি স্বভক্তদিগকে অগ্নির গ্রাসেতেও উদ্ধার করিয়াছিলেন। পরে শাদ্রাখ্ আদি তিন জনের সেবিত পরমেশ্বরের তুল্য আর কোন ঈশ্বর নাই তিনি ইহা স্থির করিয়া বলিয়া কেহ যদি তাঁহার বিরুদ্ধে কথা মাত্র কহে এমন দুঃসাহসির প্রতি ধমক পূর্ব্বক অতি শক্ত দণ্ড প্রতিজ্ঞা করিলেন। শেষে রাজা নবুখদ্নজর ঐ তিন জন যহুদি লোককে পূর্ব্বাপেক্ষা আরো ও উন্নত করিয়া বাবুলন দেশেতে উত্তমোত্তম পদে নিযুক্ত করিলেন তাহাতে তাহাদের সম্ভ্রম ও ঐশ্বর্য্য প্রতিদিনে বাড়িতেছিল। যুবাদের এরূপ সুদশা হওয়াতে তাহাদের দ্বেষযুক্ত বৈরি সকল অবশ্য হতাশ ও লজ্জা বিশিষ্ট হইল কিন্তু দাসত্বাপন্ন যহুদি লোক সমুদয়ের

and great rejoicings among the captive Jews. The princes, and governors, and other officers of the empire, as they returned to their homes, spread the news of this wonderful deliverance, by the power of the God of Israel, over all the East.

During the scene which has been described, Shadrach, Meshach, and Abed-nego were placed in a very painful situation, and one in which it was exceedingly difficult to do right. They knew that Nebuchadnezzar might think them ungrateful, if they were not willing to worship his gods, when he had been so kind to them. They had been accustomed to consider him as their friend; and to respect him on account of his great talents and high station, as well as to submit to his authority. Most people dislike to be singular. They are ashamed to be noticed and pointed at for behaving differently from others. Shadrach, Meshach, and Abed-nego probably had something of this feeling, which is always strongest in a crowded assembly, where so many eyes are turned upon those who are singular. They had also

মহাহ্লাদ ও হর্ষ বৃদ্ধি হইল যেহেতুক রাজকুমার ও প্রদেশাধ্যক্ষ ও আর ২ রাজকর্ম্মকারি সকল স্ব ২ স্থানে ফিরিয়া যাইয়া পূর্ব্বদিকের সমস্ত দেশে ইস্রাএলের ঈশ্বর কর্তৃক কৃত পূর্ব্বোক্ত ঐ অদ্ভুত কর্ম্ম জানাইয়া অগ্নি হইতেও নিক্ষিপ্ত ভক্ত গণকে রক্ষা করার সমাচার প্রচার করিল।

এখন বিবেচনা করিয়া দেখ পূর্ব্বোক্ত ঘটনা কালে শাদ্রাখ্‌ আদি তিন জনে বিষম দায়ে ঠেকিয়া রহিল আর উপযুক্ত মতে ব্যবহার করিতে তাহাদের বড় পেঁচ উঠিল। রাজা পূর্ব্বকালে তাঁহাদের উপকার করিয়াছিলেন অত-এব তাহারা এক্ষণে তাঁহার দেবোপাসনাতে অনিচ্ছুক হইবাতে ইনি তাহাদিগকে অকৃতজ্ঞ বোধ করিতে পা-রেন ইহা নিশ্চয় জানিল। আর পূর্ব্বে রাজাকেই স্বমিত্র জ্ঞান করিত আর তাঁহার নিজ গুণবিশিষ্টতা ও মহাপদ প্রযুক্ত তাঁহাকে সর্ব্বতোভাবে আদর করত আজ্ঞাধীন হইতে আসিয়াছিল। আর প্রায় সকলেই ধারাবাহিক আচার ত্যাগ পূর্ব্বক তিরস্কার জনক অচলন মতে ব্যব-হার করণে অস্বীকৃত হয় যেহেতুক অপূর্ব্বমত পৃথক্‌ আচার করিলেই পাছে লোকে আশ্চর্য্য জ্ঞান পূর্ব্বক নিন্দা করে এতদ্ভয়ে ভীত হইয়া লৌকিক লজ্জায় মগ্ন হয় বুঝি শাদ্রাখ্‌ আদি তিন জনেরও এ রূপ ভাবনা হইল আর অনেক লোক একত্র হইবাতে অল্প জনে বহু-ব্যক্তির অনিমেষ যে চক্ষুপাত তাহা সহ্য করিতে অতি ভার আর সকল মনুষ্যদের কিন্তু অধিকন্তু যুবা লোক-দের যেরূপ জীবন ধারণের বাঞ্ছা আছে তিন জনেরও সে

that natural love of life which is common to all men, especially to young persons, to whom the world usually looks bright and alluring. They wished to live to do good to their brethren in captivity, and they knew that there were many ways in which they might aid them if they retained the favour of the king. They had not yet lived to be old, and feeble, and so weary of this world. They loved life, they loved their friends, they wished to be useful. But they loved God more. They therefore feared his displeasure more than they feared death; actuated by so supporting a principle, they would not save their lives by breaking his commandments.

We do not know whether Daniel was present in the plain of Dura on this occasion. He might have been sent to a distance to attend to some of the king's business. If he was present, he undoubtedly refused to worship the idol. But he was so great a favourite with the king, that the Babylonians might fear to bring any accusation against *him*. Perhaps they chose to begin with

রূপ জীবনেচ্ছা অবশ্য থাকিল কেননা যৌবন কালেই সংসারেতে উত্তম ও মনোহর বোধ হয় এ চলন। আর দাসত্বাবস্থাতে থাকিতেছিল যে স্বদেশীয় য়হুদি লোক সকল তাহাদের উপকারার্থেও জীবৎ থাকিতে বাঞ্ছা করিল কারণ আপনারা যদি রাজার অনুগ্রহপাত্র হয় তো স্বদেশীয়দের সহায়তা করণে অনেক প্রকার উপায় কল্পনা করিতে পারিবে এ নিশ্চয়। আর বার্দ্ধক্য ও বল-হ্রাস প্রযুক্ত সংসারে যে বৈরক্ত্য হয় এই অবধি তাহা-দেরি এমন বিরাগ উঠিল না বরং তাহারা জীবনেচ্ছুক এবং বন্ধুগণের প্রতি প্রেমযুক্ত ও পরহিতার্থে সচেষ্ট থা-কিল। কিন্তু সর্ব্বাপেক্ষা ঈশ্বরকে অধিক প্রেম করিত এবং তিনি অসন্তুষ্ট হন ইহাতে মরণাপেক্ষা ও তাহাদের ভয়ঙ্কর বোধ হইল অতএব তাঁহার আজ্ঞা লঙ্ঘন দ্বারা জীবাত্মা কি না প্রাণ রক্ষা করিতে অস্বীকার করিল।

দানিএল মুনি এ সময়ে দূরা মাঠে উপস্থিত হইলেন কি না তাহা অবিদিত কি জানি ইনি রাজার কোন কর্ম্মানুরোধে কোন দূর দেশে গিয়াছিলেন সে যাহা। হউক কিন্তু ইনি যদি প্রস্তুত হইলেন তবে ঐ বিগ্রহ পূজাতে অবশ্য অস্বীকার করিলেন প্রস্তুত হন তো বোধ হয় ইনি রাজার স্থানে এমন প্রিয় পাত্র হই-বাতে বাবুলনীয়েরা তাহার প্রতি কোন অপবাদ করিতে ভয় পাইল কিম্বা কি জানি পূর্ব্বে কনিষ্ঠ পদস্থ তাহার মিত্র ব্যক্তি ত্রয়কে নষ্ট করিয়া পশ্চাৎ দানিএলের প্রতি ও দোষারোপ করিয়া তাহাকেই উচ্ছিন্ন করে এরূপ

his three friends, who were in an inferior station, with the intention, if they succeeded in destroying them, to bring charges against Daniel. But we have seen how their malicious designs were defeated.

It was, probably, owing in part to the example, and good principles, and good advice of Daniel, that Shadrach, Meshach, and Abed-nego did not yield to the king's commands. As the Bible says, "He that walketh with wise men shall be wise."

CHAPTER VI.

The destruction of Tyre.

There was a large and wealthy city in the western part of Asia, which had not yet been conquered by Nebuchadnezzar. It was Tyre, the capital of Phenicia, a narrow strip of country on the seacoast, north of Palestine. It was the greatest commercial city in the world; and carrying on a rich trade with every part of Asia, Africa, and Europe, it had become exceedingly magnificent and powerful. It was built upon a peninsula, so that the sea sur-

মানস করিল কিন্তু সে যাহা হউক॰ উহাদের তিন জনের প্রতি দ্বেষাভিপ্রায় কি প্রকারে খণ্ডিত হইল তাহা লেখা গিয়াছে।

শেষ কথা এই বলি শাদ্রাখ্ আদি তিন জনে দানিএল মুনির সদাচার ও বিদ্যাভ্যাস ও সুস্বভাব দেখিয়া এব৲ তৎকর্তৃক সুশিক্ষিত হইয়া ধর্ম্মনিষ্ঠ প্রযুক্ত রাজাজ্ঞাতে অস্বীকার করিতেও ভয় পাইল না এ সম্ভবে শাস্ত্রেতে যেমন লেখেন "সৎপুরুষের স৲সর্গেতে থাকে যে জন সেও সৎপুরুষ হইয়া উঠিবে"।

---

৬ অধ্যায়।

তুর নগরের উচ্ছেদ বৃত্তান্ত।

আঁশিয়ার পশ্চিমে স্থিত ফেনিকিয়া দেশের তুর নামে অতি বড় অথচ ঐশ্বর্য্যশালী এক নগর ছিল সে এ অবধি নবুখদনজ্জরের অধীন হয় নাই আর ফেনিকিয়া দেশ যে॰সে অস্সুরিয়া দেশের উত্তর দিগ্স্থিত এব৲ সমুদ্রের তীরস্থ অপ্রশস্ত পৃথ্বীখণ্ড ছিল কিন্তু জগতের সর্ব্বনগরাপেক্ষা ও তুর নগরেতে অধিক বাণিজ্যাদি কর্ম্ম করা যাইত আশিয়া ইউরোপ্ আফ্রিকা তিন মহাদ্বীপের সর্ব্ব স্থানেতে তুরীয় লোক বাণিজ্য ব্যাপার করিতে২ অতিশয় বর্দ্ধিষ্ণু এব৲ পরাক্রান্ত হইয়া উঠিয়াছিল। তুর নগর এক বিশেষ প্রায়দ্বীপেতে স্থিত আর তাহার এক দিগের সরু পথ ব্যতিরেকে সে সমুদ্রবেষ্টিত॰ছিল

rounded it on all sides, except one, and formed an excellent harbour. Behind it rose the mountains of Lebanon, in some parts sharp and rocky, in others cultivated, and in several covered with majestic cedars. Before it was the Mediterranean, and a spacious harbour, filled with beautiful ships. The river Leontes emptied itself into the sea a little north of the city. Tyre was an ancient place, and had been founded by the Sidonians. Many soldiers were constantly stationed upon the walls and in the towers, to keep watch against the sudden approach of an enemy and to defend them against all attacks. The numerous merchants were ever passing swiftly from street to street. Sailors were employed in loading and unloading ships at the wharves, and the voice of joy and mirth, the sound of the harp and the viol, was heard from the many splendid dwellings of the rich inhabitants. Companies of merchants were continually arriving, both by sea and land; for fairs were held here in which the productions of every part of the world were constantly sold or exchanged. The Tyrians themselves also

তাহাতে এক উত্তম কোল কিনা নৌকার রক্ষাস্থান প্রস্তুত হইল। তাহার পশ্চাদ্দিগে কিঞ্চিৎ দূরে লবুনন্ নাম পর্ব্বত শ্রেণী দৃষ্টিগোচর হইয়া উঠিল সে পর্ব্বতের স্থান মধ্যে২ অতিঠাড় এবং শৈলময় কিন্তু কোন২ স্থানে তাহার কৃষিকর্ম্মযোগ্যা ভূমি ও আছে এবং আর২ স্থানেতে সে কেবল দেবদারুবৎ অতি বড় বৃক্ষাচ্ছাদিত আর ভূমিমধ্য নাম মহাসাগর এবং অনেকানেক বৃহন্নৌকা পরিপূর্ণ পূর্ব্বকথিত ঐ কোল বা আশ্রয়স্থান নগরের সম্মুখবর্ত্তী আছে এবং উত্তরদিগে অনতিদূরে লেয়ন্তেস্ ইতি খ্যাতা নদী খালের মুখ দিয়া সমুদ্রেতে পতিতা হয় সীদোনীয়েরা নাম এক জাতীয় লোক অতি প্রাচীন কালে ও ঐ নগর পত্তন করিয়াছিল। তাহার প্রাচীরোপরে ও দুর্গাদিতে অনেক জন সেনা লোক সদাই থাকত শত্রুগণের আক্রম নিবারণার্থে চৌকি দিয়া নগরকে রক্ষা করিতেছে। নগরের গলী দিয়া অসঙ্খ্য বাণিজ্যব্যাপারি ব্যক্তি নিত্য গমনাগমন করিতেছে আর নাবিক লোক ঘাটে২ নৌকা সমূহের এক ভার নামাইয়া অন্য ভার চড়াইতেছে এবং ধনাঢ্যগণের সুন্দর গৃহমধ্যে কেবল আনন্দধ্বনি ও হর্ষনাদ ও বীণার রব ও তানপূরার স্বর মাত্র লোকের শ্রবণগোচর হইতেছে আর জল স্থল উভয় পথের পথগামি মহাজনাদি দল যাতায়াত করিতেছে যেহেতুক ঐ নগরেতে বড় হাট কি না মেলার স্থান ছিল অতএব সেখানে কালকালান্তরে জগতের সর্ব্বদেশে উৎপন্ন সামগ্রী আনিয়া ক্রয় বিক্রয় বা বিনিময়

manufactured many articles of merchandise; among others fine cloths, which they dyed of a rich purple colour with a substance procured from a particular kind of fish, that was caught in that part of the Mediterranean Sea. Ithobal, the king of Tyre, was a proud and haughty monarch, who, as Ezekiel said in one of his prophecies, thought himself wiser than Daniel. He was probably a descendant of that Ithobal, king of Tyre, who was father to Jezebel, the wife of Ahab, king of Israel, and great-grandfather to Dido, who, fleeing from her country with a few attendants, as it is said, founded the city of Carthage, in Africa.

Nebuchadnezzar now reigned over the greatest part of Asia. One would think that he might have been willing to leave the city of Tyre to enjoy its trade and riches in peace. But no; like most great kings and generals, he was not satisfied as long as any place remained unconquered and unsubjected to his dominion. Besides, God had previously determined that Tyre should be destroyed. He had even predicted it by his prophets, Isaiah and Ezekiel,

করা যাইতেছে। আর তুরনিবাসিরা আপনারা ও অনেকানেক বাণিজ্য দ্রব্য নির্ম্মাণ করিত বিশেষতঃ অতি সূক্ষ্ম এক প্রকার উত্তম সূতার কাপড় বপন করিয়া তাহার উত্তম বেগুনিয়া রং দিত সে রংকে ভূমিমধ্য সাগরে প্রাপ্ত শম্বূক বিশেষের নির্গত রস জানিবা। ইথোবল্ নাম তুরের তৎকালীন যে রাজা ইনি অতিশয় অহঙ্কৃত এবং পরাভিমানী উঠিলেন এবং য়িজকিএল ভাবিকথক যেমন কহিয়াছেন ইনি আপনাকে দানিএল অপেক্ষাও বুদ্ধিমান বোধ করিতে-ছিলেন অনুমান হয় ইনি পূর্ব্বকালীন আপনার একনাম অন্য এক জন তুরের রাজার বংশোদ্ভব। যিজবেল্ নাম্নী ঐ ইথবেলের এক কন্যা য়হুদি রাজা আহাবের স্ত্রী হইয়াছিলেন এবং তাঁহার দীদো নাম্নী এক পুত্রী কোন কারণে কএক জন স্বদেশীয় সমভিব্যাহারে পলায়ন করিয়া আফ্রিকার মধ্যে কার্থাজ্ নাম এক প্রসিদ্ধ নগরের পত্তনারম্ভ করিয়াছিলেন।

তৎকালে আশিয়ার অধিকাংশ নবুখদ্‌নজ্জরের শাস-নাধীন হইয়াছিল তাহাতে তিনি তুর নগরের লোককে বাণিজ্য ব্যাপার দ্বারা আপন ঐশ্বর্য্য বৃদ্ধি করত শান্তি-ভাবে থাকিতে অসম্মত হইবেন না এমন অনুমান করণের সম্ভাবনার স্থান ছিল বটে কিন্তু ইনি আর ২ ভূপতি ও সেনাপতিগণের ধারাবাহিক মতে ব্যবহার করিয়া যদবধি যে কোন স্থান আপনার বশে না থাকে তদবধি মনের তৃপ্তি হইল না এতদ্ভিন্ন পরমেশ্বর ও তুর নগর বিনষ্ট হইবে

and now employed Nebuchadnezzar to execute his threatenings; but the king of Babylon knew it not, and only meant to gratify his own ambition. He marched with his army against Tyre, but found it ably and resolutely defended by the inhabitants, and their numerous hired soldiers He first caused a wide ditch to be dug between his army and the city. The earth that was taken from the ditch was piled up by the side of it, forming a high wall. On this wall towers were built, from which the soldiers could keep a watch upon the gates of the city, and shoot their arrows at any who came out of them. Nebuchadnezzar also threw up a high mound of earth in front of the city. It extended from the ditch towards the walls of Tyre, and was made strong by being surrounded, and partly covered, with heavy beams of timber. Part of his army were stationed on this mound, with various military engines, by means of which they threw stones and other weapons into the city. Besides these, they used the crow, which was a long pole, with a crooked and forked piece of iron on the end. This

ইহা নির্ণয় করিয়াছিলেন য়িশাইয়া এবং য়িজকিএল এ দুই ভাবিকথকের মুখে পূর্ব্বে যেমন প্রকাশিত হইয়াছিল। অতএব আপনার উক্ত ঐরূপ ভয়প্রদর্শক বাক্য পূরণার্থে তিনি নবুখদনজ্জর রাজাকে নিযুক্ত করিলেন কিন্তু বাবুলনিয়ার শাসনকর্ত্তা তাহা অজ্ঞাত হইয়া স্বেচ্ছা মাত্র ক্রমে কেবল আপনার রাজ্য বৃদ্ধি হয় এ উদ্দেশে তুর নগরেতে শত্রুভাবে আগমন করিলেন আগত হইলে পর নিবাসিরা এবং বেতনিয়া সেনাদল সাহস পূর্ব্বক নগরের উত্তম রূপে রক্ষা করিতেছে ইহা স্পষ্ট দেখেন অতএব নিজ সৈন্য সমূহের শিবিরস্থান এবং নগর এদুয়ের অন্তর স্থলে মৃত্তিকা খননদ্বারা লম্বা করিয়া এক খান বড় খাত কি না গড়খাই করাইলেন এবং গর্ত্তের নির্গত মৃত্তিকারাশি খাতের ধারে প্রাচীরের ন্যায় উচ্চীকৃত হইলে তদুপরে অনেকানেক ক্ষুদ্র দুর্গ নির্ম্মিত করা গেল সেই দুর্গেতে থাকিয়া শত্রু সেনা নগরের দ্বার সদা নিরীক্ষণ করত নির্গমনকারি ব্যক্তিদের প্রতি বাণ নিঃক্ষেপ করিত। আর নগরের সম্মুখেও ঐরূপ এক মাটীর ব্যবধান উচ্চ করিয়া দিলেন সে তুরের প্রাচীর অবধি পূর্ব্বোক্ত খাত পর্য্যন্ত ব্যাপিল এবং সুভারি কড়িকাঠ দ্বারা আচ্ছাদিত এবং ঘেরিত হইবাতে সে বড় শক্ত হইল। অতএব সেনা লোক ব্যবহিত ঐ মাটীর পগারেতে স্থিত হইয়া নানা বিধ যুদ্ধ যন্ত্র দিয়া নগর মধ্যে প্রস্তরাদি প্রক্ষেপ করিত এতদ্ভিন্ন নূতন এক যুদ্ধাস্ত্রও সৃষ্ট হইল সে আঁকড়াবৎ দুই অগ্রবিশিষ্ট বাঁকা লোহার দণ্ডের ন্যায় এবং শত্রুগণ

was hooked on to the battlements of the city and then pulled back with great violence, so as to tear away the stones and mortar of the walls. The battering-ram was a long, stout beam of oak, one end of which was made of brass, or iron, and shaped like the head of a ram. This end projected out of a kind of house, with a tower on the top. This house was placed on wheels, and covered with tough skins. A sufficient number of soldiers were placed within it, and it was then driven towards the walls, to which when it came near, the soldiers drove the head of the ram repeatedly, and with great violence, against them, endeavouring to make an opening at which the besiegers might enter. The garrison, or soldiers who defended the city walls, exerted themselves to the utmost to repel the attacks of the Babylonians. From the towers upon the walls they were constantly sending their arrows and javelins into the camp of Nebuchadnezzar. For thirteen years he besieged the city; till at length the Tyrians could resist no longer. They fled, with the greater part of their property, to an

তাহা প্রাচীরের উপরিভাগে লাগাইয়া দিয়া আঁকড়িয়া অতি বেগে টানিয়া কড়ার সমেত গ্রন্থিত পাথর ভাঙ্গিয়া ফেলিত। তদ্ভিন্ন মেষমস্তক ইতিখ্যাত আর এক প্রকার ভিত্তি গুতিবার কল ও ব্যবহার হইল সে অতি শক্ত কাষ্ঠের সুদীর্ঘ এবং মোটা দণ্ড বিশেষ আর মেষ মস্তকের ন্যায় আকৃতি তাহার পিত্তলের বা লৌহময় অগ্রভাগ ছিল। আর দণ্ডকে দুর্গবিশিষ্ট কোন এক যুদ্ধগৃহেতে ঝুলিত করিয়া রাখা গেল আর তাহা অনায়াসে ভিত্তির সন্নিকট করণার্থে গৃহের অধোভাগে অনেক চক্রও ছিল এবং সে অনেক পশুচর্ম্মাচ্ছাদিত আর গৃহমধ্যে যথেষ্ট সেনালোক আশ্রিত থাকিল অতএব আক্রমণ কালে ঐ গৃহ ভিত্তির অনতিদূরে স্থাপিত হইলে পর তদাশ্রিত সেনাগণ কলের অগ্রভাগ মেষের মাথার ন্যায় প্রাচীরেতে লাগাইয়া দিয়া পুনঃপুনঃ অতি বেগেতে গুতাইয়া শত্রুদল ভিতরে যাইবার ছিদ্র করিতে চেষ্টা করিতেছিল। ইতি মধ্যে নগররক্ষকগণ প্রাচীরোপরে দাঁড়াইয়া যথাশক্তি বাবুলনীয়দিগকে নিবারণ করিতেছিল। আর প্রাচীরের দুর্গেতে ছিল যে যোদ্ধারা তাহারা ও নবুখদ্‌নজ্জরের শিবির মধ্যে অনবরত বাণ নিঃক্ষেপ ও শলাকা প্রক্ষেপ করিতেছিল। তাহাতে তের বৎসর অবধি পরস্পরের এরূপ শক্ত যুদ্ধ হইল কিন্তু শেষে তুর নিবাসিরা আর পারিল না অতএব স্বধনের অধিকাংশ সঙ্গে লইয়া তাহারা নগর ত্যাগ পূর্ব্বক পোআ ক্রোশ দূরে স্থিত অন্য এক ক্ষুদ্র দ্বীপেতে পলায়ন করিল। এবং ঐ

island about half a mile from the city, where they afterwards built another town, which they called New Tyre.

It was customary when a city was taken, for the soldiers to plunder it of every thing it contained. Thus they were rewarded for their labour and danger. But when Nebuchadnezzar with his army marched into Tyre, they found that all the most valuable property had been removed. Nebuchadnezzar's army was composed, not only of Chaldeans, but of soldiers of the different countries he had previously conquered. During the thirteen years' siege, the fatigues and distresses of these soldiers had been so great, that the prophet Ezekiel said, "every head was made bald, and every shoulder was peeled," i. e. by wearing their armour so long, and enduring so many hardships. They were much disappointed therefore at finding the city stripped of all its silver, and gold, and merchandise. In order, however, to reward them for their patience and courage, Nebuchadnezzar resolved to march into Egypt, which, after completely subduing all the neighbouring

দ্বীপেতে অন্য এক নগর নির্ম্মাণ করিয়া তাহার নবত্তুর নাম রাখিল।

পূর্ব্বকালে কোন নগর শত্রুবলে ধৃত হইলে শত্রু সেনা তদন্তরস্থ সামগ্রী সমস্ত লুট করিয়া লয় এমন রীতি ছিল কারণ তাহারা মহাদায়ে ঠেকিয়া বহুশ্রমে যুদ্ধ করিয়াছিল অতএব ঐ রূপেতে তাহারা কর্ম্মের ফল প্রাপ্ত হইল কিন্তু এবার নবুখদ্‌নজ্জরের সেনা সমূহ যখন তুর নগরেতে প্রবিষ্ট হইল তখন লুটের দ্রব্য প্রায় কিছুই পাইল না যে হেতুক নিবাসিরা পলায়ন করণ কালে অধিক মূল্যের দ্রব্য সমস্ত সঙ্গে করিয়া লইয়াছিল। ঐ সেনাগণের মধ্যে খল্দীয় ভিন্ন পূর্ব্বে দমিত আর ২ দেশবিদেশের অনেক লোক অন্তর্গত ছিল আর তের বৎসরের যুদ্ধ করণে সেনারা অতিশয় আয়াস করত অনেক দুঃখভোগ করিয়াছিল য়িজকিএল যেমন লিখিয়াছেন "তাহাদের প্রতি মস্তক টাকপড়া হইল এবং প্রতি স্কন্ধ ও নিস্ত্বক হইয়া গেল" সে কেমন হইল না এত দিন যুদ্ধের সজ্জা ধারণ ও ক্লেশ ভুঞ্জনদ্বারাই ঐ রূপ হইল কিন্তু নগরেতে স্বর্ণ রূপা ও বাণিজ্য দ্রব্য কিছুই নাই তাহারা ইহা দেখিয়া একেবারেই ভগ্নোদ্যমও নিরাশ হইল অতএব তাহারা এত দিনের দুঃখ সহিষ্ণুতা ও সাহস প্রকাশের উচিত ফল যেন প্রাপ্ত হয় এ নিমিত্তে নবুখদ্‌নজ্জির ঔগুপ্ত দেশেতে শত্রুভাবে যাত্রা করিতে স্থির করিলেন তাহাতে নিকটস্থ প্রদেশ সমস্তকে পরাস্ত করিলে পর তিনি ঔগুপ্ত দেশকে আক্রমণ করিয়া নীল নদীর মুখ অবধি এথিয়ো-

countries, he did, and conquered and ravaged every part of it, from the mouths of the Nile to Syene, on the borders of Ethiopia. He also conquered the whole of the north of Africa, and crossed over into Spain. Having loaded himself and his army with the spoils of those rich countries, he returned to Babylon. This was nineteen years after the destruction of Jerusalem. As Daniel was prime minister at the court of Babylon, it is probable that he had governed the kingdom during the absence of Nebuchadnezzar.

CHAPTER VII.

Nebuchadnezzar causes many new buildings to be erected in Babylon.

NEBUCHADNEZZAR had now finished all his wars, but he had an active mind that would not suffer him to be idle. The city of Babylon was the capital of his empire; he wished therefore to make it both for beauty and magnificence one of the wonders of the world. It was a very ancient city. It commenced with the building of the tower of Babel. Soon after, Nimrod built a city on the spot, and surrounded it

পিয়ার সীমাস্থিত সীয়েন নগর পর্য্যন্ত তাহা দমন করিয়া স্ববশে রাখিলেন পরে আফ্রিকার উত্তরদিগের সর্ব্বদেশকে পরাভব করিয়া নৌকা দিয়া সৈন্য সহিত সাগর পার হইয়া ইস্পানিয়া দেশেতে গমন করিলেন পরে য়িরূশালম নগরের নাশ হওন কালাবধি উনিশা বৎসরে ধনের সামগ্রী পরিপূর্ণ এত দেশের লুটিত দ্রব্য সমস্ত লইয়া বাবুলনেতে ফিরিয়া আইলেন। শেষ কথা এই দানিএল মুনি ইহার পূর্ব্বে বাবুলনেতে প্রধান মন্ত্রী হইয়াছিলেন ইহাতে অনুমান হয় ইনি রাজার বিদেশ গমনকালেও রাজ্য শাসন করিতে নিযুক্ত হইলেন।

---

৭ অধ্যায়।

নবুখদ্নজ্জর বাবুলন নগরেতে অনেকানেক নূতন অট্টালিকা এবং মন্দিরাদিকে নির্ম্মাণ করান এতদ্বৃত্তান্ত।

নবুখদ্নজ্জর যে যুদ্ধ সমস্ত উপক্রম করিয়াছিলেন সে সকল সমাপ্ত হইলে ও তিনি ব্যগ্রচিত্ত প্রযুক্ত অলস হইয়া থাকিতে পারিলেন না। অতএব তাঁহার রাজ্যের রাজধানী ছিল যে বাবুলন মহা নগর সে জগৎ সমুদায়ের নগর সমস্ত হইতে ও চমৎকার বিষয় হয় ইহাতে তিনি সচেষ্ট হইলেন সে নগর অতি প্রাচীন নগর ছিল কেননা বাবুল নামে খ্যাত যে উচ্চতম দুর্গের প্রস্তাব ধর্ম্ম শাস্ত্রেতে আছে তন্নির্ম্মাণকালাবধিও তাহার পত্তন হইয়াছিল পরে নিম্রুদ্ নাম প্রসিদ্ধ মহারাজ সে দুর্গের স্থানেই এক নগর নির্ম্মাণ করিতে আরম্ভ করিয়া তাহা প্রাচীর দিয়া

with walls. From his being the founder of the city, he was afterwards worshipped as a god by the Babylonians, under the name of Bel, or Belus. The city was improved and enlarged under the reign of Semiramis, a celebrated queen of Babylon. Other additions were made to it by succeeding monarchs. Nebuchadnezzar finished it in a style of great magnificence. Before this time Babylon had been celebrated all over the east for its strength and beauty ; but it was now considered the finest city in the world. It was laid out in an exact square, sixty miles in circumference, and the river Euphrates ran through the middle of it. The walls were 87 feet thick, 350 feet high, and 15 miles in length upon each side. They were built of bricks, cemented together by a kind of bitumen dug out of the earth in that country, and which was much harder than common mortar. They were surrounded by a large and deep ditch, lined with bricks and filled with water. On the walls, were two hundred and fifty towers, and between the towers and battlements on the walls, was a wide street, upon which people might ride or

বেষ্টিত করিলেন অতএব কালক্রমে তদ্দেশীয়েরা নগ-রের স্থাপনকর্ত্তৃত্বানুরোধে তাঁহাকেই দেবজ্ঞান করিয়া তাঁহার বেল্ অথবা বেলুস্ নাম রাখিয়া অর্চ্চনানুষ্ঠান করিল। আর সর্ব্বত্র প্রসিদ্ধা সেমীরামিস্ নাম্নী তত্তঃপরা এক রাণীর রাজ্ঞীত্বকালে নগরের আরও বৃদ্ধি ও উত্তমতা হইয়াছিল এবং ক্রমাগত আর২ রাজাদের আজ্ঞামতে সে অতিশয় বড় নগর হইয়া উঠিয়াছিল কিন্তু নবুখদ্‌ন-জ্জর যে রূপ অট্টালিকাদি নির্ম্মাণ করণের আদেশ দিলেন তাহা সকল সমাপন হইবাতে সে প্রায় জগৎসমুদায়ের মধ্যে শ্রেষ্ঠ এবং বৃহন্নগর হইল তাহার চতুষ্কোণা-কৃতি ছিল এবং ইউফ্রুট্ নাম মহানদী তাহার মধ্য দিয়া বহিতেছিল আর তাহার ত্রিশ ক্রোশ পরিমাণ পরিধি এবং তদ্বেষ্টনকারি প্রাচীর সাতাশী পাদ অর্থাৎ এক সহস্র অধিক বুরুল মোটা এবং তিন শত পঞ্চাশ পাদ অর্থাৎ চারি সহস্র অধিক বুরুল উচ্চ আর সে প্রত্যেক দিগে সাড়ে সাত ক্রোশ দীর্ঘ ছিল আর সে প্রাচীর ইষ্টক নির্ম্মিত এবং এক প্রকার আকরীয় মেটিয়া তৈল দিয়া গাঁথিত মেটিয়া তৈল সেই দেশেতে প্রাপ্ত আর সে সামান্য কড়ার হইতেও সুশক্ত। প্রাচীরের বহির্দ্দিগে সুপ্রশস্ত এবং অতি গভীর এক গড় খানা থাকিল সে ও ইষ্টকে বদ্ধপার্শ্ব এবং জলে পরিপূর্ণ আর প্রাচীরো-পরিস্থ দুই শত পঞ্চাশ দুর্গ ও ছিল এবং লোকদের গমনাগমন ও বিহারার্থে প্রতি দুর্গদ্বয়ের অন্তরস্থলে সুপ্র-শস্ত এক বাঁধা পথ ছিল। প্রাচীরের ভিতরে নগরের

walk for pleasure. Four streets led around the city within the walls. On each side of the walls, at equal distances from each other, were twenty-five gates of solid brass. From these gates, on every side went twenty-five streets, in straight lines to the gates on the opposite side. Thus there were fifty streets, each fifteen miles long, and a hundred and fifty feet broad. Twenty-five went in one direction, and twenty-five crossed them at right angles, dividing the city into 676 squares. Each square was two miles and a quarter in circumference. Around these squares the houses were built, some space apart from each other. They were three or four stories high, and were highly ornamented towards the street. The centres of the squares, and the spaces between the houses, were occupied by courts and gardens. Thus the air circulated freely through every part of the city, which, in that warm climate, was very necessary to the health and comfort of the inhabitants. The city of Philadelphia in North America is laid out in much the same manner; but it is more

চারিদিগে চারি গলি থাকিল আর এক ২ দিগের প্রাচীর মধ্যে পিত্তলনির্ম্মিত পঁচিশ দ্বার পরস্পর সমদূর হইয়া থাকিল এবং এক ২ দিগের পঁচিশ দ্বার থাকিয়া পঁচিশ পথ সোজাসোজি হইয়া নগরের মধ্যে দিয়া মধ্যস্থলে মিলিল তাহাতে নগরের সাড়ে সাত ক্রোশ লম্বা ও এক শত পঞ্চাশ পাদ চৌড়া পঞ্চাশ গলি হইল যেহেতুক পূর্ব্বদিগের পঁচিশ পথ সম্মুখবর্ত্তি পশ্চিমদিগের পঁচিশ পথের সঙ্গে মিলিল এবং উত্তরদিগের তৎসঙ্খ্যক পথ সম্মুখবর্ত্তি দক্ষিণদিগের পঁচিশ পথের সঙ্গে মিলিল তাহাতে পথের ঐরূপ পরস্পর কাটাকাটি হইবাতে নগরের ছয় শত ষট্‌সপ্ততি চক বা চতুষ্কোণাকৃতি বিভাগ হইল আর প্রতি বিভাগের এক ক্রোশ পরিমাণ পরিধি এবং এক ২ চকের চারিদিগে সুন্দররূপে নির্ম্মিত গৃহ শ্রেণী থাকিল এবং প্রতি গৃহ দ্বয়ের মধ্যে কিঞ্চিৎ অন্তরস্থল থাকিল আর গৃহ সকল কেবল তিন চারি তালার গৃহ এবং পথের সম্মুখদিগে সে অতি সুন্দর রূপে গাঁথিত ~~আর এক ২~~ চকের মধ্যস্থানে এবং প্রতি গৃহদ্বয়ের অন্তর স্থলে কেবল উঠান ও উপবন মাত্র দেখা হইল তাহাতে নগরের সর্ব্বস্থানে বায়ুর গতিরোধ না হইবাতে এমন গ্রীষ্মবিশিষ্ট দেশে ও নিবাসিরা সুস্থ হইয়া স্বচ্ছন্দে কালযাপন করিত। আমেরিকা দেশেতে ফিলাদেল্‌ফিয়া নাম ঐ রূপ গ্রন্থিত এক সুন্দর নগর আছে কিন্তু সে তাহা হইতে সুক্ষুদ্রতর বটে যেহেতুক সে নগরের গৃহ সকল খনার্পন হইয়া আছে এবং তদ্বৎ চল্লিশ

compactly built, and is so much smaller, that forty such cities as Philadelphia might stand within the walls of Ancient Babylon.

A bridge was built across the river in the middle of the city. At the east end of the bridge was the old palace, covering four of the city squares. At the west end was Nebuchadnezzar's new palace, which, with the courts and gardens, occupied nine squares. The temple of Belus stood near the old palace. This was probably the tower which the postdiluvians began to build, one hundred years after the flood, intending to raise it so high as, if another deluge should come, to secure those who should shelter in it from being drowned. When God punished their impiety by confounding their language, so that they could no longer understand one another, they were obliged to leave the building unfinished. But it was subsequently completed, and consecrated to the worship of Bel, by some of the kings of Babylon. It was built of brick, and consisted of eight towers raised one above another. The lowest tower was a square of six hundred feet

নগর একা বাবুলন নগরের প্রাচীরের মধ্যে থাকিতে পারিত।

পূর্ব্বোক্ত ইউফ্রুট্ নদী পার হইবার জন্যে নগরের মধ্য স্থলে এক সংক্রম অর্থাৎ বড় সাঁকো নির্ম্মাণ করা গিয়াছিল সে সাঁকোর পূর্ব্বদিগে স্থাপিত পুরাতন রাজবাটী চারি চকের স্থান ব্যাপিয়া পূরিল কিন্তু নবুখর্দ্নজ্জর তাহার পশ্চিমদিগে আর এক নূতন রাজবাড়ী নির্ম্মাণ করাইলেন সে তদন্তর্গত উঠান ও উদ্যান সমেত নয় চকের ভূমিস্থান বাঁড়িয়া পূরিল। আর পুরাতন রাজবাড়ীর সন্নিধানে বেল্ নামক প্রধান দেবতার এক মহা মন্দির ছিল অনুমান আছে পৃথিবী আরবার জলাকীর্ণা যদি হয় তো জগজ্জনেরা কোন ঊর্দ্ধস্থানে আশ্রয় পাইয়া ডুবিত না হয় এ মানস করিয়া মহা জলাপ্লাবনান্তরে পৃথিবীর তাবৎ লোক যে অতিশয় উচ্চ গড় নির্ম্মাণ করিতে লাগিয়াছিল সেই গড় ঐ দেবমন্দির হইল যেহেতুক মনুষ্যদের ঐ অধর্ম্মের উচিত দণ্ডার্থে তাহারা পরস্পরের বচন বুঝিতে না পারিয়া গড় গুন্থনে নিবৃত্ত হয় এ অভিপ্রায়ে পরমেশ্বর তাহাদের ভাষিত ভাষার বৈপরীত্য জন্মাইয়া দিলেন তাহাতে তাহারা হতাশ হইয়া অভিপ্রেত কর্ম্ম করণ ত্যাগ করিয়াছিল কিন্তু বোধ আছে কালক্রমে বাবুলন দেশের কোন রাজা তাহা সম্পন্ন করিয়া দিয়াছিলেন সে মন্দির উপর্য্যুপরি করিয়া গাঁথিত ইষ্টকময় অষ্ট গড় বিশিষ্ট আর সর্ব্বাধঃস্থিত গড় যে সে এক সহস্র পাদ পরিমিত অথচ চতুষ্কোণাকৃতি ছিল

on every side. Each successive tower was smaller than the one directly below it. The whole building was six hundred feet high. The ascent from tower to tower was by winding stairs on the outside of the building. On the top was an observatory, where the priests, who were the learned men of the empire, studied the courses and changes of the heavenly bodies. This gave the Chaldeans great advantages in viewing the stars and planets, and they began early to study astronomy. Their astronomical observations extend back to the fifteenth year after the building of the tower of Babel.

In the temple were many large rooms, with arched roofs, supported by pillars. Most of the furniture of these rooms, such as tables, censers, cups, &c. were of gold, and there were several large images of gold. One of these statues was immensely large, and was, perhaps, the one that Nebuchadnezzar set up in the plain of Dura. The sacred vessels from the temple at Jerusalem were placed in some of these towers. The gold in this temple was worth 186 millions, or nearly 20 crores of rupees.

এবং আর২ সপ্ত গড় ক্রমশঃ ক্ষুদ্রতর হইয়া উঠিল অষ্ট গড় সর্ব্বশুদ্ধ ছয় শত পাদ পরিমাণ উচ্চ আর ঊর্দ্ধ্বগমনার্থে গড়ের বহির্দিগে পেঁচাকৃতি করিয়া গ্রন্থিত এক সোপান পথ করা গেল এবং গড়ের সর্ব্বোপরিস্থ এক আকাশ গৃহ ছিল। জ্যোতির্বেত্তা কি না যাজক গণ সে গৃহে থাকিয়া গ্রহ নক্ষত্রাদি দর্শন করত সূর্য্য চন্দ্রাদির গতি বিশেষ নির্ণয় করিত তাহাতে খল্দীয়েরা জগৎ সৃষ্টির পর অতিঅল্প কালের মধ্যে আর২ দেশীয় লোকাপেক্ষা তারা গ্রহাদি বিষয়ে অতিশয় ব্যুৎপত্তি পাইয়া জ্যোতির্বিদ্যায় সুপণ্ডিত হইয়া উঠিয়াছিল আর ঐ গড় নির্ম্মাণ করণ কালের পর পঞ্চদশ বৎসরাবধি তাহারা নক্ষত্রাদি ঐ রূপ দর্শন দ্বারা যাহা২ নির্ণয় করিয়া লিখিয়াছিল তাহা সমস্ত বর্ত্তমান কালে ও পুস্তকেতে পড়া যায়।

মন্দিরেতে স্তম্ভবিশিষ্ট অনেকানেক খিলান ঘর থাকিল আর সেই২ ঘরের সপায়া মঞ্চ ও ধূপাধার ও পানপাত্র ইত্যাদি যে সামগ্রী সকল সে প্রায় স্বর্ণময় আর খাদ্বি সুবর্ণের বৃহদাকৃতি কিয়ৎ দেবমূর্ত্তি ও সেখানে ছিল ইহার মধ্যে অতি বড় এক বিশেষ মূর্ত্তি পাওয়া গেল বোধ হয় নবুখদ্নিজ্জর যে মূর্ত্তিকে দূরা মাঠের মধ্যস্থলে স্থাপিত করিলেন সে এই। আর ইনি যিরুশালম নগরস্থ মহা মন্দিরের যে যজ্ঞ পাত্রাদি অপহরণ করিয়াছিলেন তাহা সকলও ঐ গড়ের কোন ঘরে রাখা গেল অনুমানে ঐ মন্দিরে সর্ব্বশুদ্ধ প্রায় দুইশত নিযুত অর্থাৎ বিশ ক্রোর টাকার স্বর্ণ রাশি ছিল। মন্দিরের চতুর্দি-

Around the temple were many courts and buildings, and the whole was enclosed by a wall, in which were several gates of brass. This wall was more than half a mile in length on each side. Besides the temple of Belus, there were several other idol temples in Babylon. The temple of Mylitta, or Venus, was much celebrated, and also the temple of Nebo.

The new palace of Nebuchadnezzar stood on the west side of the river, next to the bridge. It was surrounded by three walls, one within another, and the buildings were ranged around several open courts. Nebuchadnezzar had married Amyitis, the daughter of Astyages, king of Media. Accustomed to the hills and woods of her own country, her eye grew weary of the rich but level plains of Babylonia. To gratify her, therefore, Nebuchadnezzar began to raise an artificial mountain by the side of his new palace, and within the walls which enclosed it. It was made in the following manner. Strong and high arches were built upon the ground, surrounded by a thick square wall of four hundred feet in length on

গের আঙ্গিনাতে অনেকানেক পাকা গৃহ থাকিল এবং তৎসমুদায় বেষ্টনকারি এক প্রাচীর ও ছিল সে প্রাচীর প্রতিদিগে অর্দ্ধক্রোশ অধিক লম্বা এবং প্রাচীরের স্থানে২ স্থিত দ্বারের পিত্তলময় কপাটও থাকিল। উক্ত মন্দির ভিন্ন বাবুলন নগরের আর২ অনেক দেবালয় ছিল ইহার মধ্যে মূলিট্টা অথবা বেনূস্ অর্থাৎ কামাধিদেবতার এবং নেবো নামক বিশেষ এক দেবের মন্দিরদ্বয় সুপ্রসিদ্ধ হইয়াছে।

নবুখদ্‌নজ্জর যে নূতন রাজবাড়ী নির্ম্মাণ করাইলেন সে ইউফ্রুট্ নদীর পশ্চিম তীরে স্থিত এবং সাঁকোর সুনিকটস্থ আর সে ক্রমগত তিন ঘেরা দিয়া বেষ্টিত ছিল এবং তন্মধ্যস্থিত যে অনেক চতুষ্কোণাকৃতি উঠান ছিল তাহার ও প্রতিপার্শ্বে গ্রথিত বহু গৃহ শ্রেণীবদ্ধ হইয়া থাকিল। নবুখদ্‌নজ্জর মেদীয়া দেশের অস্তুয়গস্ নাম রাজার অমুয়াতিস্ নাম্নী যে কন্যাকে বিবাহ করিয়াছিলেন ইনি বাল্যকালাবধি স্বদেশের বনাবৃত পর্ব্বত শ্রেণীকে সদা দর্শন করণ ব্যবহারতঃ বাবুলনিয়া দেশের সুপ্রশস্ত সমান ভূমিকে উর্ব্বরা জ্ঞান করিয়া ও নিত্য দেখিতে অসন্তুষ্টা এবং ব্যস্তা হইলেন এ নিমিত্ত স্ত্রীর অনুরোধে নবুখদনজ্জর প্রাচীর মধ্যেও স্বনির্ম্মিত নূতন রাজধানীর নিকটে এক প্রকার কৃত্রিম পর্ব্বত নির্ম্মাণ করিতে আরম্ভিলেন সে এরূপ করিয়া প্রস্তুতীকৃত হইল সমান ভূম্যুপরে সুশক্ত এবং অত্যুচ্চ অনেকানেক পাকা খিলান করা গেলে তাহা সমস্তকে সুপ্রশস্ত এক প্রাচীর কিনা গাঁথা ঘেরা দিয়া বেষ্টন

every side. Upon this foundation was laid a floor of flat stones, covered with a layer of reeds, mixed with bitumen. Above were two rows of brick, strongly cemented together, and thick sheets of lead were fastened over the whole. Other arches were raised in the centre of this floor, and a similar floor, but much smaller, rested upon them. Another floor, still smaller, was raised upon the centre of this, and others in the same proportion above that, till the pile was carried up as high as the walls of the city. In this way broad terraces were formed on every side. The ascent from terrace to terrace was by steps ten feet wide. A great quantity of earth was spread over all the terraces, forming a soil deep and strong enough to support large trees. There the workmen might be seen transplanting trees and shrubs, laying out flower-beds, forming shady bowers, and tracing winding paths around the gardens. Water from the Euphrates was brought by an aqueduct to the highest terrace, whence it was thrown out in fountains, and watered the gardens below.

করা গেল তাহাতে প্রাচীরের প্রতিদিগে চারি শত পাদ লম্বা ঐরূপ গোড়া প্রস্তুত হইলে পর তদুপরে ও পাথরের শাণ বান্ধা গেল শাণের উপরে তৃণাদি বিছাইয়া দিলে তাহা মেটিয়া তৈল দিয়া শক্ত করিয়া দেওয়া গেল পরে শাণের উপরে দুই থান ইষ্টক শক্ত কড়ার দ্বারা গাঁথান গেল সর্ব্বশেষে সীসার পাত ও দিয়া গ্রথিত কর্ম্ম বাঁধা গেল তাহাতে ঐরূপ কৃত মেজ্যার উপরে ক্ষুদ্রতর করিয়া তদ্বৎ অন্য খিলান নির্ম্মাণ করা গেল দ্বিতীয় মেজিয়ার উপরে আরো ক্ষুদ্রতর তন্ন্যায় তৃতীয় তালার খিলান গাঁথান গেল এতদ্রূপে চতুর্দিগের প্রশস্ত চাতাল উপর্য্যুপরি ভাবে নগরের প্রাচীর সমান করিয়া প্রস্তুতীকৃত হইল। এবং চাতাল২ করিয়া উর্দ্ধগমনার্থে দশ পাদ চৌড়া এক পাকা সোপান নির্ম্মাণ করা গেল আর চাতাল সকলের উপরেতে সুবড় বৃক্ষ ও রোপণোপযুক্ত গভীর করিয়া বিস্তর মাটীকে ছড়ান গেল। তাহাতে সেখানে বৃক্ষ গুল্মাদি রোপণ ও পুষ্পের বীজতলা বান্ধন ও ছায়া ভোগার্থে নিকুঞ্জ স্থাপন ও উদ্যান বেষ্টনকারী বহুল পাকপড়া পথ প্রস্তুত করণ ইত্যাদি নানা প্রকার কর্ম্ম করণে উদ্যত অনেকানেক কর্ম্মকারি লোক দৃষ্ট হইতেছিল আর ইউফ্রুট্ নদীর জল অনেক পয়নালা দিয়া উর্দ্ধতম চাতাল স্থল পর্য্যন্তও আগত হইয়া সে স্থলে স্থাপিত এক বিশেষ কল দ্বারা উনুইর জলবৎ নিক্ষিপ্ত হইয়া পড়িয়া অধঃস্থিত উদ্যান সমূহ দিয়া বহিয়া বৃক্ষাদি সমস্ত জলসেচনদ্বারা সতেজ করিল।

The melting of the snows in the mountains of Armenia, where the Euphrates rose, caused that river annually to overflow its banks during the summer. To prevent this, Nebuchadnezzar ordered two canals to be dug, at some distance above Babylon, from the Euphrates to the Tigris, so that part of the water might be carried into the Tigris. He also built within the city, along the banks of the river, thick and high walls, with brazen gates at the end of all the streets that led to the river. From these gates were steps leading down to the river, where boats were waiting to carry over any of the inhabitants who did not choose to go round by the bridge. These walls could not be conveniently built from the bottom of the river, without turning the water out of its usual channel. So Nebuchadnezzar made a great lake west of the city, then dug a canal from the river to the lake, and turned all the waters of the river into the lake. By this means the bed of the river being laid dry, the workmen were enabled readily to build the required wall. The lake is said to have been one hundred

ইউফ্রুট্ নদীর উৎপত্তি স্থান অর্মীনিয়া দেশ আছেন সে দেশের পর্ব্বতোপরি যে হিমরাশি থাকে সে প্রতি-বৎসরে গ্রীষ্মকালে গলিত হয় তাহাতে জলের অতি বৃদ্ধি প্রযুক্ত ঐ নদী ছাপিয়া উঠিয়া দুই পারে স্থিত ভূমিতে বন্যা হইয়া বাড়ে অতএব নবুখদ্‌নজ্জর ঐরূপ বার্ষিক জলপ্লাবন নিবারণার্থে নগর হইতে কিঞ্চিৎ দূরে ইউফ্রুট্ নদী থাকিয়া তীগ্রিস্ নদী পর্য্যন্ত ভূমির মাটী খনন দ্বারা নালাদ্বয় প্রস্তুত করিতে আজ্ঞা দিলেন তাহা-তে ইউফ্রুট্ নদীর জল সমস্ত দ্বিভাগ হইবাতে তাহার এক ভাগ তীগ্রিস্ নদী দিয়া বহিয়া গেল। তদ্ভিন্ন নগর মধ্যে ও নদীর উভয় তীরে সুমোটা এবং উচ্চ প্রাচীর খান নির্ম্মাণ করাইলেন আর নদীকূলগামী যে পথ সকল তাহার প্রতিমুখে স্থিত পিত্তলময় কপাট বিশিষ্ট দ্বার খান ছিল আর এক২ দ্বারের অগ্রস্থলে এক বাঁধা ঘাট নির্ম্মাণ করা গেল এবং ঘাটে২ অনেক খেয়া নৌকা রহি-তেছিল তাহাতে যাহারা দূরত্ব প্রযুক্ত মধ্যস্থিত সাঁকো দিয়া নদী পার হইতে ইচ্ছুক নহিল তাহারা অনায়াসে নৌকাপথে পার হইতে পারিল। ঐ প্রাচীর গাঁথনকালে কর্ম্মকারিরা স্রোতঃপ্রযুক্ত তলাবধি গাঁথিতে না পারাতে রাজা নগরেরপশ্চিমদিগের কিঞ্চিৎ দূরে অতি বৃহৎ এক খান জলাশয় খনন করিতে আজ্ঞা দিলেন এবং নদীর সমস্ত জল ঐ জলাশয়েতে বহিয়া যায় এ অভিপ্রায়ে নদ্যবধি জলাশয় পর্য্যন্ত এক খান নালা ও করাইলেন তাহাতে নদীর পথ শুষ্ক হওয়াতে প্রাচীরকে অনায়াসে

and sixty miles in circumference. It is not certain that Nebuchadnezzar himself finished all these works. It is probable that some of them were subsequently completed by Nitocris his son's wife.

CHAPTER VIII.

Nebuchadnezzar's dream of the great Tree.

SOON after Nebuchadnezzar's last return to Babylon he had a dream which was so remarkable as to give him great anxiety. He dreamed that he saw a tree spring out of the ground, and gradually rise and spread, till its top reached to heaven, and its branches extended to the ends of the earth. It darkened the sky, and overshadowed the world. It was covered with verdant and beautiful leaves, and tempting fruit. All the birds of the air nestled in its branches, all the beasts of the earth drew together under its shadow; every living thing received nourishment from it. As Nebuchadnezzar gazed upon the tree, a holy angel came down from heaven, bright and beautiful,

গাথন করা গেল। উক্ত জলাশয়ের আশী ক্রোশ পরিধি এরূপ বর্ণনা আছে কিন্তু পূর্ব্বোক্ত বৃহৎ কর্ম্ম সকল নবুখদ্‌নজ্জরের কর্তৃত্বকালে সম্পন্ন কি না ইহা অনিশ্চিত অনুমানে নীতোক্রিস্ নাম্নী তাঁহার পুত্রবধূ উহাদের মধ্যে কিয়ৎ কর্ম্ম সমাপন করাইয়া থাকিবেন।

---

৮ অধ্যায়।

রাজার স্বপ্নযোগে বৃহদ্বৃক্ষদর্শন তৎপ্রকরণ।

রাজা নবুখদ্‌নজ্জর বাবুলনেতে শেষাগমন করিলে পর এক রাত্রি স্বপ্নযোগে কোন বিশেষ অদ্ভুত দর্শন পাইয়া অতিশয় উদ্বিগ্নমনাঃ হইয়া রহিলেন সেই স্বপ্নদর্শন এরূপ ভূমিতে উৎপন্ন এক বৃক্ষ উত্তরোত্তর বৃদ্ধি পাইয়া উঠিল তাহার মাথা ঊর্দ্ধে উঠিয়া আকাশস্পর্শ করিল এবং শাখা সমূহ সর্ব্বদিগে বিস্তারিত হইয়া পৃথিবীর সীমা পর্য্যন্ত ও বাড়িল তাহা দ্বারা আকাশেতে অন্ধকার হওয়াতে পৃথিবী ঘোর মেঘাচ্ছন্নবৎ ছায়াবৃত হইল। বৃক্ষ সরস পত্র বাহুল্যেতে সুদৃশ্য এবং বিলক্ষণ রুচিজনক ফলে ফলবান্ হইল আর আকাশের পক্ষিগণ সমস্ত তাহার শাখাতে নীড় প্রস্তুত করিয়া বাস করিতেছিল এবং ভূচর পশু সকল তাহার তলে একত্র হইয়া ছায়াভোগ করিতেছিল এবং প্রাণি বস্তু সমুদায়ে তাহার পত্র ফলাদি আহার করিতেছিল। তাহাতে রাজা ঐরূপ স্বপ্ন দর্শনে অবলোকন করিতে২ দেখে সুপুণ্য একজন স্বর্গদূত আকাশ পথে নামিলেন ইনি অতিশয় শোভাবিশিষ্ট এবং দেখিতে সুসুন্দর কিন্তু মুখ ও ডৌল দ্বারা তাঁহার অপ্রসন্নতা এবং

but with a countenance and air of stern authority. He called aloud, and said, 'Hew down the tree, and cut off its branches, shake off its leaves, and scatter its fruit : let the beasts get away from under it, and the fowls from its branches. Nevertheless,' leave the stump of its roots in the earth even as if surrounded by a band of iron and brass, being overgrown with grass and wet with the dews of heaven." There was then a change in the dream, and the angel, instead of speaking of the tree, seemed to be speaking of a man. For he continued his command in the following terms— "Let his heart be changed from man's, and let a beast's heart be given unto him ; and let seven times pass over him. This matter is by the decree of the Watchers, and the command by the word of the Holy Ones ; to the intent that the living may know that the Most High ruleth in the kingdom of men, and giveth it to whomsoever he will, and setteth up over it even the basest of men."

Nebuchadnezzar sent for all the wise men of Babylon to interpret the foregoing dream, and they came

সুশাসকের ন্যায় শক্তভাব প্রকাশ পাইল। তিনি আগত হইয়া উচ্চৈঃস্বরে ডাকিয়া এরূপ কথা কহিলেন যথা "বৃক্ষচ্ছেদন করিয়া তাহার ডাল সমস্ত কাটিয়া দেও এবং পত্র খষাইয়া ফল সমুদয় ইতস্ততো ছড়াইয়া দেও প্রাণি সকল তাহার ছায়া ত্যাগ করুক এবং পক্ষিগণ তাহার শাখা ত্যজিয়া উড়িয়া যাউক কিন্তু আকাশের পতিত শিশিরে সিক্ত ও ঘাসাবৃত তাহার গুঁড়ির শিকড়কে লোহার পতর ও পিত্তলের পাত দিয়া বাঁধাবৎ করিয়া মাটিতে রাখিয়া দেও।" এতদ্বাক্য কথিত হওন পরে স্বপ্নদর্শনের কিয়দংশে বৈগুণ্য হইল ফলতঃ স্বর্গদূত বৃক্ষ বিষয়ে আর কিছু না কহিয়া কোন মনুষ্যের বিষয়ে প্রসঙ্গ করিয়া এরূপ কহিলেন "তাহার মন মনুষ্যের ন্যায় আর না হইয়া প্রকারান্তর হউক এবং তাহাকে পশু তুল্য বুদ্ধি দেওয়া যাউক আর যদবধি সপ্তকাল না বহিয়া যায় তদবধি তিনি সেরূপ দশাপন্ন হইয়া থাকুক ইহাই সন্দর্শকেরদের আজ্ঞা প্রমাণে উক্ত এবং পুণ্য ব্যক্তিদের বাক্যানুসারে আদিষ্ট হইয়াছে। তাহাতে সর্ব্বাপেক্ষা মহান যে ঈশ্বর তিনি মনুষ্যেরদের রাজ্য সমুদয়েতে কর্ত্তা হইয়া আপনি যাহাকে মনোনীত করেন তাহাকেই রাজ্য দেন এবং সকলের নীচস্থ ব্যক্তিদিগকেও রাজ্যপদ দিয়া উন্নত করিতে পারেন প্রাণী সকলে ইহা যেন জ্ঞাত হয় অভিপ্রায় এই হইয়াছে"।

রাজা ঐরূপ স্বপ্নদর্শন পাইয়া তাহার অর্থ বুঝিবার নিমিত্ত বাবুলনস্থ পণ্ডিত লোক সমুদায়কে ডাকিতে আজ্ঞা

from the temples of the gods, and from the chambers where they pursued their studies, to attend upon the commands of their king. He related his dream, but they stood looking upon one another in perplexity; for they could not explain it. At last, a messenger was sent for Daniel, who had been called Belteshazzar, after the name of the god Bel. As soon as he heard the king's command, he entered the hall of audience, and stood before the throne of Nebuchadnezzar. Daniel was then more than fifty years old. He wore the dress of one of the princes of the empire, probably a richly embroidered robe. Long attention to the affairs of government had given a cast of gravity and thoughtfulness to his brow, but his piety and benevolence threw over his countenance an expression of sweet and holy calmness. His health and cheerfulness had been preserved by his temperate habits; and as he had lived from his youth at the court of the greatest monarch in the world, his manners had become dignified and commanding. Bending low before the king, he stood waiting for his orders. Nebuchadnezzar addressed

দিলেন তাহাতে পণ্ডিতেরা স্ব২ অধ্যয়নশালা ও দেবালয় ত্যাগ করিয়া রাজার আদেশ মতে প্রস্তুত হইয়া দাঁড়াইল পরে রাজা আপন স্বপ্নদর্শন বৃত্তান্ত করিয়া জানাইলেন কিন্তু পণ্ডিতেরা উদ্বিগ্নমনাঃ হইয়া পরস্পরের মুখ দেখি-তে২ অবাক্ হইয়া রহিল শেষে তাহারা অর্থ করিতে না পারাতে রাজা দানিএলকে ডাকিতে এক জন দূতকে পাঠা-ইলেন তাঁহার বেল দেবতার নামানুযায়ি বেল্টিশাসার্ নাম রাখা গিয়াছিল ইনি তৎকালে পঞ্চাশ বৎসরাধিক বৎসরের মানুষ ছিলেন এবং রাজকুমারের তুল্য শুভ্র বস্ত্রপরিহিত হইয়া আইলেন অনুমানে সে বুটার কাপড় নির্ম্মিত লম্বা উড়নীবৎ বস্ত্র ছিল। আর অনেক কালাবধি রাজকর্ম্ম করণ প্রযুক্ত তাঁহার আস্য বৈগুণ্যদ্বারা বোধ হইল তিনি সুধীর ও স্থিরধী বটেন কিন্তু ঈশ্বরনিষ্ঠা ও পরহিতৈষিতা জানিত কোমলতা ও মিষ্ট বদনদ্বারা তাঁ-হার সুশান্তভাবও প্রকাশ পাইল আর আহারাদিতে পরিমিতাচার প্রযুক্ত তাঁহার সুপ্রফুল্লতা ও শারীরিক স্বাস্থ্য-বৃদ্ধি হইয়া ছিল অথ তিনি যৌবনকালাবধি তাবৎ জগতের মধ্যে সর্ব্বাপেক্ষা পরাক্রান্ত যে মহারাজ তাঁহার সভাস্থ হইয়া থাকিতেই অতিশয় শিষ্ট ও প্রতাপশীল ও মহাপদোপযুক্ত ব্যক্তির ন্যায় চালি দেখাইলেন। নিকটা-গত হইলে পর তিনি রাজার সম্মুখে প্রণিপাত হইয়া রাজাজ্ঞাপেক্ষায় থাকিলেন তাহাতে রাজা এ কথা বলি-লেন "হে বেল্টিশাসার্ তুমি গণকাগ্রগণ্য তুমি পরম পুণ্য দেবতাদের আত্মাবিশিষ্ট আর তোমার অজ্ঞাত কোন

him, in these words; "O Belteshazzar, master of the magicians, because I know that the spirit of the Holy Gods is in thee, and that no secret troubleth thee, tell me the visions of my dream that I have seen, and the interpretation thereof." He then related his dream, and said, "This dream I king Nebuchadnezzar have seen. Now thou, O Belteshazzar, declare the interpretation thereof, forasmuch as all the wise men of my kingdom are not able to make known unto me the interpretation; but thou art able; for the spirit of the Holy Gods is in thee."

When Daniel heard Nebuchadnezzar's dream, and was enabled by God to understand its meaning, he was astonished and distressed. For Nebuchadnezzar had been his friend and benefactor; had given him both wealth and honours; and had shown the utmost confidence in his wisdom and faithfulness, by raising him to the highest station in the province of Babylon. And how could he now declare to a king, who had been so kind to him, and whom he too undoubtedly loved, that God was about to send upon him such terrible judgments? He stood in silent consternation,

গুপ্ত বিষয় নাই তাহা জানি অতএব তুমি আমার স্বপ্নদর্শনের ভাব ভাল বুঝিয়া তদর্থ করিয়া বল” রাজা ইহা কহিয়া স্বপ্ন দর্শন জানাইয়া বলিলেন “আমি স্বপ্নযোগে আরো উক্ত সকল দেখিয়াছি অতএব হে বেল্টিশাসার্ তুমি ইহার অর্থ বুঝাইয়া দেও যেহেতুক আমার রাজ্য সমুদায়ের মধ্যে যত পণ্ডিত আছেন তাহারা আমাকে তদর্থ জানাইতে পারিলেন না কিন্তু তুমি দৃষ্টু স্বাপ্নের ভাব অবশ্য বুঝাইতে পারিবে কারণ তুমি পরম পুণ্য দেবতাদের আত্মাবিঁশিষ্ট আছ”।

তাহাতে দানিএল রাজার স্বপ্ন বৃত্তান্ত সমস্ত শুনিলে পর ঈশ্বরের শক্তিতে তাহার ভাবার্থ বুঝিয়া অতি চমৎকৃত এবং উদ্বিগ্নমনাঃ হইয়া রহিলেন যেহেতুক নবুখদ্নজ্জর তাহার প্রতি অতিশয় মিত্রবদাচার ও উপকারিতা করিয়াছিলেন এবং বহু ধন দান পূর্ব্বক তাহাকে সুসম্ভ্রান্ত করিয়া রাখিয়াছিলেন আর তাহাকে বুদ্ধিমন্ত ও বিশ্বস্ত জ্ঞান করিয়া বাবুলন প্রদেশের গুরুতম পদে ও নিযুক্ত করিয়াছিলেন অতএব তাহার প্রতি এত প্রণয় প্রকাশ করিয়াছিলেন যিনি এবং আপনি ও নিষ্কপটরূপে যাহাকে প্রেম করিতে ছিলেন ঈশ্বর সেই রাজার দৃষ্ট রূপ অতি ভয়ানক বিপদ্ ঘটাইবেন ইহা কি প্রকারে তাঁহাকে বলিতে পারিতেন অতএব তিনি পূর্ব্বোক্ত ঘটনা সকল ভাবিতে২ মহাভয়ে স্তব্ধবৎ হইয়া কিছুকাল অবাক্ হইয়া রহিলেন পরে রাজা তাহাকে আশ্বাস দিয়া বিনা ভয়ে এবং অনুদ্বেগে ঈশ্বরের আদেশ মাত্র জানাইতে

until at last Nebuchadnezzar encouraged him to deliver the message of God, without fear or anxiety. Before Daniel began to interpret the dream, he, with much courtesy and affection, expressed the wish "that the evils threatened by it might fall on the enemies of the king, and not upon himself." He then faithfully declared the true meaning of the dream. The tree represented Nebuchadnezzar, who had risen high above all the kings of the earth, and had extended his government over most of those parts of the world which were then inhabited and civilized. The sentence pronounced by the angel signified that Nebuchadnezzar should be driven from men, and dwell with the beasts of the field, and eat grass like oxen, and be wet with the dews of heaven, until seven years had passed over him. The stump of the tree, left in the earth showed, that the kingdom should be kept for Nebuchadnezzar, and again restored to him when he should have learned that "the Most High ruleth in the kingdom of men, and giveth it to whomsoever he will." With the affection of a faithful subject, and the gravity of a prophet

আজ্ঞা করিলেন তাহাতে দানিএল স্বপ্নের অর্থ করণা-
রম্ভনে অতি শিষ্টাচার ও সম্মানপূর্ব্বক রাজার প্রতি নিজ
স্নেহ প্রকাশিয়া "ঈশ্বরোক্ত অমঙ্গল সমস্ত রাজার শত্রু
গণের পক্ষে ঘটিয়া রাজার পক্ষে যেন না ঘটুক" ইহা
বলিয়া অন্তঃকরণের প্রার্থনা জানাইলেন পরে কিছু মাত্র
গুপ্ত না করিয়া স্বপ্নের অর্থ স্পষ্টরূপে বুঝাইলেন ইহার
বৃত্তান্ত লিখিতেছি। রাজা নবুখদ্‌নজ্জর তিনিই দৃষ্ট বৃক্ষ
স্বরূপ যেহেতুক তিনি জগৎসমুদয়ের রাজাগণের মধ্যে
শ্রেষ্ঠ এবং অধিক পরাক্রান্ত হইয়াছিলেন এবং সভ্য
মনুষ্যময় তাবৎ দেশের অধিকাংশে তাঁহার অধিকার
হইয়াছিল। আর স্বর্গদূত যে বাক্য কহিয়াছিলেন তা-
হার ভাব এই রাজা নবুখদ্‌নজ্জর মনুষ্য জাতির সঙ্গহইতে
দূরীকৃত হইয়া বন্য পশুগণের সহিত বাস করত বলদের
ন্যায় তৃণাহার করিবেন এবং সাত বৎসর পর্য্যন্ত আকা-
শের পতিত শিশিরে সিক্ত হইয়া কাল যাপন করিবেন
কিন্তু তাঁহার অধিকার সম্যক প্রকারে লুপ্ত হইবে না বরং
পরমেশ্বর মনুষ্যদের রাজ্যসমুদয়ের মধ্যে ও প্রধান কর্ত্তৃত্ব
করেন এবং তিনি যাহাকে মনোনীত করেন তাহাকেই
তদধিকার দেন রাজা ইহা যখন জ্ঞাত হইবেন তখন তিনি
পুনর্ব্বার আপন রাজ্য প্রাপ্ত হইবেন মাটিতে রাখা গেল
যে বৃক্ষের গোড়া তাহা দ্বারা এ জানা গেল। শেষে দানি-
এল বিশ্বস্ত প্রজা যোগ্য স্নেহ প্রকাশ পূর্ব্বক লোকের
অথচ ঈশ্বরের প্রেষ্যবৎ ধীরতা দেখাইয়া রাজাকে এরূপ
পরামর্শ বাক্য নিবেদন করিয়া এ উপদেশ দিলেন ফলতঃ

of God, Daniel finally entreated the king to "break off his sins by righteousness, and his iniquities by showing mercy to the poor; that it might be a lengthening of his tranquillity."

Nebuchadnezzar could not have heard this dreadful sentence without much alarm. But there were many things in his situation to make him forget it. An emperor over so many countries would be much occupied with business. All the affairs of these countries required attention; and though much could be done by others, yet an active, watchful king, like Nebuchadnezzar, would choose to superintend the whole himself. Besides this, he was then engaged in repairing and ornamenting the city of Babylon. He was surrounded also by a multitude of courtiers, who prostrated themselves on the earth whenever they came into his presence, and used the most flattering language when they spoke to him. At home he was celebrated for his skill in government; abroad, all nations trembled at his courage and success in war. Probably, too, many of his leisure hours were given to domestic

"হে রাজন্ আপনি ন্যায় ব্যবহার দ্বারা পাপ সাঙ্গ করুন এবং বিনয়িদের প্রতি দয়া প্রকাশদ্বারা কৃত দোষ শেষ করুন তাহাতে আপনকার সুদশার ও শান্তির দীর্ঘকালস্থায়িতাই হইবে"।

রাজা এমন ভাবি দুর্ঘটনার কথা শুনিয়া নিতান্ত শঙ্কান্বিতমন হইলেন বটে কিন্তু তাঁহার তদ্বিস্মৃতিজনক অনেক বিষয় থাকিল বিশেষতঃ এত দেশের শাসনকর্ত্তা হইয়া তিনি অনবরতঃ রাজ কর্ম্মোদ্যত প্রযুক্ত ব্যস্তমন হইতেছিলেন যেহেতুক প্রতিদেশের বিষয়ে মন দেওয়া উচিত আর যদ্যপিও মন্ত্রিরা কিয়দংশে রাজকর্ম্ম নির্ব্বাহ করিতে পারিত তত্রাপি এমন সতর্ক ও পরিশ্রমি রাজা হইয়া আপনিও তাবৎ কর্ম্মকারিদের তত্ত্বাবধারণ করত কাল যাপন করিয়া থাকিবেন এতদ্ভিন্ন তিনি তৎক্ষণে বাবুলন নগরের জীর্ণাঙ্গোদ্ধার পূর্ব্বক উত্তম গৃহাদি গ্রন্থনদ্বারা তাহা সুশোভিত করিতে উদ্যত হইয়াছিলেন আর তিনি সর্ব্বদা অমাত্য ও সভাস্থ গণের সমভিব্যাহৃত ছিলেন এবং সকলে যতক্ষণ রাজার সাক্ষাৎকার পায় ততক্ষণ ভূমিতে প্রণিপাত হইয়া রাজার স্তবস্তুতি দ্বারা আপন আনুরক্ত্য প্রকাশ করে এ রীতি ছিল। আর রাজ্যশাসনে ক্ষমতাজন্য তাঁহার স্বদেশে অতিশয় সুখ্যাতি হইয়াছিল এবং পরদেশের লোক সমুদায় তাঁহার অতিশয় বিক্রম ও শত্রুদমনে ইষ্টসিদ্ধি প্রযুক্ত তাঁহার প্রতি সভয় হইয়া রহিল আর বোধ হয় তিনি অবকাশ কালে অন্তঃপুরের মধ্যে ও সুখসম্ভোগ করিতেন এবং রাজবাড়ীতে ব্যবহৃত কৌতুকাদি দর্শনে ও সুভক্ষ্যভ-

enjoyments, to the shows and sports, the pleasures and luxuries of his palace, and to the worship of his idols. Amid these various engagements, it is not strange that the dream should have passed away from his mind, and that his heart should have been puffed up with pride and vanity. Yet I cannot help thinking that sometimes, when he awoke at midnight, he would seem to hear the voice of the prophet warning him to repent of his sins, and humble himself before God, that he might escape the evils which had been threatened.

CHAPTER IX.

Daniel's employments—His walks in the city of Babylon.

DANIEL remained prime minister at Babylon, and was much favoured by the king, but it is not probable that he associated any oftener than was necessary, with the gay parties at court. He would not like to be present at their feasts, since he neither ate meat, nor drank wine. It would give him much pain to see others eat meat that had been offered to idols, and pour

ক্ষণে ও দেবপূজা ইত্যাদি নানা বিধ কর্ম্ম করণে তিনি অতি সুখামোদ পাইতেন অতএব ঐ সকল মোহজনক বিষয় থাকিতেই রাজা যদি স্বপ্নদর্শনের বিষয় বিস্মৃত হইয়া অহ-ঙ্কারেতে স্ফীতমন হইলেন ইহাতে কি আশ্চর্য্য কিন্তু বোধ হয় তিনি কখন ২ রাত্রিযোগে মনের মধ্যে ভাবিত হইয়া "পাপের খেদ পূর্ব্বক উক্ত বিপদ্ যেন না ঘটুক ঈশ্বরের স্থানে এরূপ বিনয় প্রার্থনা করুন" ভাবিকথকের উক্ত এ উপদেশ বাক্যের রব ক্ষণে২ শুনিতেন হায়২ তিনি বাস্ত-বিক তাহা শ্রুত হইয়া পাপত্যাগ করিলেন না কেন?

---

৯ অধ্যায়।

দানিএল মুনির প্রতিদিনের ব্যবহার ও তাঁহার বাবুলন নগর মধ্যে ভ্রমণ করণ তদ্বৃত্তান্ত।

দানিএল মুনি বাবুলনেতে বাস করত রাজার নিকটে প্রধান মন্ত্রির কর্ম্ম উক্তমতে করিতেছিলেন কিন্তু বোধ হয় রাজা তাহাকে অতিশয় অনুগ্রহ প্রকাশ করিতেও তিনি সুধীর মানুষ হওত আর২ রাজসভাস্থদের সহিত প্রায় আলাপ করেন নাই। যেহেতুক তিনি কখনো মাংসাহার ও মদ্যপান করিলেন না এ প্রযুক্ত আর কোন বিশেষ আবশ্যকতা না থাকিলে তিনি তাহাদের ব্যবহৃত ভোজ্য-ভোগাদি কালে প্রস্তুত হওনে নিতান্ত অসন্তুষ্ট হইলেন এ নিশ্চয়। সুতরাং অন্যেরা ও মিথ্যা দেবোদ্দেশে উৎসর্গ করা গিয়াছিল যে মাংসাদি তাহা খাইলে এবং বেল্ দেবতার নামোচ্চারণ পূর্ব্বক তদুদ্দেশে মদ্য তর্পণ করি-

out libations, or bowls of wine, in honour of the god Bel. Much, too, of his time was given to the business of his station, and much of it was spent in prayer to God, praise and religious meditation. Shadrach, Meshach, and Abednego were his particular friends. There were, besides, many other Jews in Babylon, of high rank and, perhaps, of much wealth. Daniel was probably intimate with them, and often visited at their houses. Though in the midst of the luxuries of Babylon, the thoughts and conversation of these pious persons often naturally turned to their desolate country and ruined temple. They would talk of the true God, of his law and worship; would practise many of the Jewish customs to which they were much attached, and sing the sacred "songs of Zion, though in a strange land." In the intercourse of Daniel with the other princes of the house of David, and with the priests and leading men among the Jews, plans would be formed for the relief of their captive brethren. Perhaps he corresponded also with Ezekiel, at the colony on the river Chebar, and with others in differ-

সেই তিনি অতিশয় খেদিতমন হইতেন অতএব কেবল উপ-
যুক্ত কর্ম্ম করিয়া গিয়া তিনি সত্য ঈশ্বরের স্থানে প্রার্থনা
করণ ও তাঁহার গুণ সংকীর্ত্তন করত কালযাপন করি-
তেন। আর শাদ্রাখ্ ও মেশেখ্ ও অবেদ্নেগো নাম যে
পুণ্য লোকত্রয় তাহারা ও তাহার বিশেষ রূপে প্রীত বন্ধু
লোক ছিল তদ্ভিন্ন সুসম্ভ্রান্ত ও ধনবান আর২ অনেক জন
য়হুদি লোক বাবুলনেতে ছিলেন বুঝি দানিএল তাঁহা-
দেরও সঙ্গে নিত্য আলাপ করিতেন এবং তাঁহাদের
সদনে গতায়াত করিতেন যেহেতুক তাঁহারা সকলে বাবু-
লনে থাকিতেও কোন লৌকিক সুখ সাধনে মনোযুক্ত না
হইয়া কেবল উচ্ছিন্ন ও বসতিহীন স্বদেশের এবং নষ্ট
মন্দিরের দুর্দ্দশা ভাবিতে২ শোক পূর্ব্বক কথোপকথন
দ্বারা স্বাভাবিক সুশীলতা প্রকাশ করিতেন আর সত্য
ঈশ্বরের বিষয় সদা প্রসঙ্গ করত তিনি যে২ ক্রিয়াসাধন
ও সেবা করণের বিধি ব্যবস্থা করিয়াছিলেন তাহাই
বিতর্ক করিতেন আর য়িহুদিদের ধারাবাহিক কোন
বিশেষ কর্ম্ম ব্যবহার করিতে২ এবং বিদেশেও সীয়োন
পর্ব্বতে গেয় কোন ধর্ম্মগীত গান করিতে২ তাঁহারা স্বম-
নের ধর্ম্মেতে প্রবৃত্তি অবশ্য জন্মাইতেন আর দাউদের
বংশোদ্ভব আর২ রাজকুমার গণের সহিত এবং যাজক
গণও প্রধান২ লোকপ্রভৃতির সহিত দানিএলের ঐরূপ আ-
লাপ হওন সময়েই বোধ আছে তিনি বিদেশে প্রবাসি
আপন স্বদেশীয় বন্দিদের উপকারার্থে কোন উপায় কল্প-
নার কথা ও প্রসঙ্গ করিতেন আর হইতে পারে তিনি

ent parts of the empire. In this way he could send advice and aid to all the colonies of Jews and Israelites. His influence at the court would often enable him to protect them from injury; in consequence of which they would be willing to listen to him when he urged them to continue in the worship of the true God, without being tempted to idolatry by the example of the heathen who were all around them.

When wearied with the cares of business, Daniel sometimes, doubtless, refreshed himself by taking a walk in the beautiful streets of Babylon. In those which lay along the banks of the river, and especially at the gates that led down to the wharves, there was ever much bustle and confusion, arising from the continual passing and repassing of people of all classes in pursuit of their several objects. Many vessels were at the different wharves, which came down the Euphrates and Tigris, laden with the productions of the hilly countries above Babylon. Ships were also frequently arriving, through the Persian Gulf, from the shores of India, or Africa, or Arabia. While many labourers were employed in unloading these vessels;

খেবার্ নদীতীরে প্রবাসি য়িজকিএল নাম ভাবিবক্তার সহিত এবং অন্য২ স্থানে স্থিত আর২ উত্তম লোকের সহিত প্রেরিতপত্র দ্বারা আলাপ করিতেন। যেহেতুক তিনি ঐরূপেতে যে কোন দেশে প্রবাসি য়িহুদিদিগকে এবং ইস্রাএলিদিগকে সুপরামর্শ দিতে এবং তাহাদের উপকার করিতে নিতান্তই পারিতেন আর তিনি রাজার স্থানে আপন গুণ ও বুদ্ধিদ্বারা যে অনুগ্রহ ও ক্ষমতা প্রাপ্ত হইয়াছিলেন তদ্দ্বারা ও স্বদেশীয়দের অনিষ্ট ও অপকারাদি নিবারণ করিতে পারিতেন তাহাতে বোধ হয় তিনি তাহাদিগকে সত্য ঈশ্বরের আরাধনা করত সর্ব্বদিগ্স্থিত বিদেশীয়দের দৃষ্টান্তানুসারে কোন দেবোপাসনা না করিতে পরামর্শ দিলে তাহারা কৃতজ্ঞ হইয়া তাঁহার কথিত বাক্য শ্রুতমাত্রে ইচ্ছাপূর্ব্বক স্বীকৃত হইত।

আর বুঝি কখন২ তিনি রাজকর্ম্ম নির্ব্বাহ করণে পরিশ্রান্ত হইয়া বাবুলন নগরের মধ্য দিয়া বেড়িয়া ভ্রমণ করত বিশ্রাম পাইতেন। কিন্তু নদীর তীরস্থ যে পথ এবং বিশেষতঃ নগরের দ্বার সমস্ত দিয়া ঘাটে২ যায় যে পথ সকল সেই২ পথেতে বহুলোকের নিত্য গমনাগমন ও হুড়াহুড়ি অবশ্য হইত। আর ঘাটে২ বিস্তর নৌকা সদাই উপস্থিত ইহার মধ্যে বুঝি উপর দেশে উৎপন্ন দ্রব্যে ভরা অনেক নৌকা ইউফ্রেটিস ও তীগ্রিস এ নদী দ্বয় দিয়া বাবুলনেতে আগত ছিল। আর২ বহু নৌকা হিন্দুস্থান ও আফ্রিকা ও আরবী দেশ থাকিয়া ফারসি দেশের মহাখাল দিয়া আগত ছিল। নাবিকেরা ঐ সকল

it was necessary for the owners to stand by and see that the burdens were carried safely to their store-houses; for they consisted of very valuable articles, such as gold and silver, and precious stones, spices and pearls, sweet gums, and fragrant and beautiful woods. The cotton cloths and fine linens from Egypt, were sent to warehouses, where they were embroidered and made up into rich garments. Many of the articles were arranged in various shops for sale, and were bought by the inhabitants to ornament their persons or houses, or as offerings to their idols. The spices and gums were used, probably, in preparing their food, in perfumes, and in medicines for the sick. In one part of the city were the workshops of mechanics. There arose the sound of the axe, the saw, and the hammer; many quick voices were heard, and many busy hands were at work. But those streets where the dwelling houses of the inhabitants were situated, must have been the most delightful. The houses were separated by small distances, and standing in the midst of gardens planted with trees and shrubberies; so that on looking down one

নৌকার ভার নামাইতে উদ্যত হওন সময়ে মহাজনেরা স্বং ক্রীত বাণিজ্য দ্রব্য সমস্ত সাবধানতা করিয়া লইয়া ভাঁণ্ডারে রাখিতে প্রস্তুত হইতেন সুতরাং ভারের মধ্যে বিস্তর স্বর্ণ রূপা ও নানা প্রকারদুর্মূল্য মণি মুক্তা এবং ধূনাদি বৃক্ষ্যনির্য্যাস অথচ সুগন্ধি ও সুন্দর রূপে চিত্রিত কাষ্ঠ ইত্যাদি অনেকানেক দ্রব্য পাওয়া গেল। আর উপ্তপ্ত দেশে উৎপন্ন যে উত্তম কার্পাসও মসীনা এবং ক্ষৌমনির্মিত উত্তম বস্ত্র যে তাহা সকল মহাজনদের দোকানে২ লইয়া রাখা যাইলে পরে তাহা বুটা ও চিকণ কর্ম্মদ্বারা শোভিত করিয়া দিব্য পরিচ্ছদাদি প্রস্তুত করা যাইত। আর২ অনেকানেক দ্রব্য বিক্রয়ার্থে বীথিকাতে রাখা যাইত সুতরাং নগরনিবাসিরা স্বশরীর কিম্বা বাসগৃহ বিভূষিত করণার্থে কিম্বা দেবোদ্দেশে উৎসর্জ্জনার্থে তাহা সকল ক্রয় করিতেন এবং আহারের ব্যঞ্জনার্থে কিম্বা গন্ধ ঘ্রাণার্থে অথবা রোগগ্রস্তদের চিকিৎসা করণার্থে নানা সুগন্ধি দ্রব্য ও বৃক্ষনির্য্যাসাদির ব্যবহারও হইত ইহা সম্ভবে। আর নগরের এক পাড়া কেবল শিল্পকর লোকের কর্ম্মশালায় পূরিত ছিল সেখানে কুঠার ও করাত ও মুদ্গর ও হাতুড়ি ইত্যাদি হাতিয়ার আঘাত জনিত নিত্য ধ্বনি শুনা যাইত এবং বহুলোক পরিশ্রম পূর্ব্বক নানা প্রকার কর্ম্ম করিতেছে ইহাও দেখা হইত কিন্তু বাসগৃহবিশিষ্ট যে পথ সকল সে সর্ব্বাপেক্ষা সুন্দর কারণ গৃহ সমস্ত পৃথক্‌কৃত এবং বৃক্ষ গুল্মাদি বিশিষ্ট উদ্যানের মধ্যস্থিত হইয়া ছিল। তাহাতে কোন ব্যক্তি যে কোন

of those streets, it must have appeared like an avenue of shade, many miles in length. It might seem that the owners of these splendid houses must have spent their time in constant pleasure, joining with their friends in the feast, the song, and the dance; or walking amidst their richly cultivated fields and gardens; or sitting, in the heat of the day, by shady fountains, which threw up columns of water several feet into the air, giving a refreshing coolness to all around. But no—even here sickness would often come, hastened, perhaps, by the luxuries and wickedness of the people. It is supposed that there were no regular physicians in Babylon; for the inhabitants used to place their sick friends without the doors of their houses, hoping that some person passing by would stop and prescribe for them. It is probable that Daniel, in his walks, often saw such sick persons, lying on beds or sofas, in the marble porticoes, or under some spreading tree. And as he had taken pains to acquire wisdom and knowledge on all useful subjects, it would be strange if he knew nothing of medicine,

পথের এক মুখে দাঁড়াইয়া অবলোকন করিলেই সে অনেক ক্রোশ পরিমাণ ছায়াবৃত পথের ন্যায় দর্শিল বোধ হয় এমন দিব্য গৃহে নিবাসকারিরা কেবল নিত্য সুখেতে মগ্ন হইয়া কালযাপন করিতেছিল বিশেষতঃ কেহ২ বা বন্ধুগণের সহিত সুভোজ্যভোজন ও গীত গান ও নৃত্য করণ ইত্যাদিতে রত হইয়া থাকিত কেহ ২ বা সুচাষিত ক্ষেত্র ভূমি ও উপবন দিয়া বেড়িয়া যাইত কিম্বা দিবাকালীন রৌদ্রযোগে যে উনুইর জল বিম্‌কী দিয়া অনেক পাদ পরিমাণ উর্দ্ধে উঠিয়া পড়াতে বায়ুর সুশীতল ভাব হইত তন্নিকটে শয়িত হইয়া ঠাণ্ডাই ভোগ করিত কিন্তু এমন সুখের স্থানে ও কখন২ রোগোৎপত্তি হইত যেহেতুক অতিভোজনাদি ও পাপ ব্যবহার দ্বারা নানা বিধ ব্যাধি বৃদ্ধি হয় ইহা নিশ্চিত। অনেকে লিখিয়াছে বাবুলনেতে বৈদ্যশাস্ত্রবিৎ বিশেষ কোন চিকিৎসক গণ ছিল না কিন্তু জ্ঞানি পথিকেরা স্থকিত হইয়া ঔষধের পথ্যাপথ্য ব্যবস্থা করেন এই আশায় নিবাসিরা রোগি ব্যক্তিদিগকে গৃহনিকটস্থ পথের ধারায় রাখিয়া দিত। অতএব দানিএল পূর্ব্বোক্ত মত সদা ভ্রমণ করিতে২ উত্তম প্রস্তরের চান্দনীতে এবং বৃক্ষছায়ার তলে স্থিত বিছানে শয়িত কিম্বা শয্যাগত ঐ রূপ অনেকানেক রোগি ব্যক্তিদের দেখাও পাইতেন ইহা সম্বন্ধে আর তিনি বহু পরিশ্রম পূর্ব্বক সর্ব্ববিদ্যোপার্জ্জন করিতে সচেষ্ট হইয়া কেবল চিকিৎসাবিদ্যা মাত্রে অক্ষম হইলেন তাহা অসম্ভব অতএব স্থির বোধ

and was not sometimes able to prescribe for and relieve the suffering patients.

From the centre of the city towards the walls, the houses became more and more scattered. Close to the walls, the squares were taken up with cultivated fields, and pasturage for cattle and sheep. No buildings were to be seen, unless it were here and there a farm-house, or a cottage for shepherds. Here was the retirement of the country. Husbandmen were here seen sowing their seed in autumn; in harvest-time cutting down the tall millet, and sesame, as well as the wheat and barley. In the early part of autumn they climbed the tall palm trees to gather the dates, which grew in clusters under the leaves. Some of these were eaten fresh, others were preserved by pressing and drying, and wine was made from the remainder.

CHAPTER X.

Description of the hanging gardens—Nebuchadnezzar becomes deranged.

One day, just a year after Nebuchadnezzar's dream of the great tree, he left his apartments in

আছে তিনি কখনং ব্যাধিগ্রস্তদের রোগোপশামক কোন ঔষধের বিধান ও করিতেন।

নগরের মধ্যস্থলহইতে কিঞ্চিৎ দূরে স্থিত যে গৃহ শ্রেণী তাহা উত্তরোত্তর অঘনতর এবং অল্পীভূত হইল তাহাতে প্রাচীরের নিকটস্থ চক সমুদায়ের স্থলেতে কেবল চাষা ক্ষেত্র ও গরু মেষাদি চরাণ ভূমি মাত্র দেখা হইল সেখানে কোন গৃহদর্শন প্রায় হয় নাই কেবল মধ্যেং কোন চাষার ঘর কিম্বা রাখালের ঝুপড়ী মাত্র দৃষ্ট হইল অতএব সেই সকল স্থান পল্লীগ্রামের মত নিরালয় এবং নির্জন ছিল কিন্তু বীজ বপন সময় উপস্থিত হইলে চাষি লোক লাঙ্গল দিলে পর সেখানে বীজ ছড়াইত এবং শস্য গ্রহণকালে তাহারা সেখানে গিয়া যব গোধূম ধান্যাদি এবং কলায়ের গাছ সমস্ত কাটিয়া লইত। ফলের সময় তাহারা খর্জ্জূর বৃক্ষ চড়িয়া পত্র তলে উৎপন্ন খেজুরের গুচ্ছ ভাঙ্গিয়া সংগ্রহ করিয়া তাহার কিয়দংশ অমনি খাইয়া ফেলিত কিয়দংশ বা লইয়া রসনিঃসারণার্থে জাঁতায় চাপাইয়া সে রসের এক ভাগ শুকাইয়া সঞ্চিত করিয়া রাখিত অবশিষ্ট ভাগ বা দিয়া মদিরা পাক করিত।

---

১০ অধ্যায়।

আকাশ ভরে স্থিত ইতি খ্যাত উদ্যানের বিবরণ। নবুখদ্‌নজ্জরের বুদ্ধিলোপ ও ক্ষিপ্তভাব সং প্রস্তাব।

নবুখদ্‌নজ্জরের পূর্ব্বোক্ত মত বৃহদ্বৃক্ষ স্বরূপ স্বপ্নদর্শন কালাবধি ঠিক এক বৎসর হইল তিনি এক দিবস বায়ুসেবন ও দিগ্দর্শনার্থে রাজবাড়ীহইতে কিঞ্চিৎ দূরে গিয়া

the palace, to enjoy the air and pleasant prospects around. It was, perhaps, just as the sun was sinking low in the west, and the cool winds were beginning to blow; for in the southern parts of Asia, as well as in other warm climates, it is customary for people to keep within during the heat of the day, and to walk abroad only towards evening. We may suppose that the king walked towards the hanging gardens, which he had made to gratify his queen. These gardens were so called because, to persons standing at a distance, who did not perceive the lower terraces, they seemed to be suspended in the air; but to any one who stood at the foot of them, they appeared like a high mount covered with trees and flowers. This mount was three hundred and fifty feet in height, or as high as the walls of the city, and much higher than our tallest steeples. Beautiful gardens and pleasure grounds were laid out over all the terraces. The soil was deep and rich enough to support the largest trees, many of which were planted in different parts of the gardens; in some places scattered about, in others standing in groups,

চলিতেছিলেন অনুমান তৎক্ষণে দিনাবসান হইতেছিল এবং চরমাচলে সূর্য্যাস্তগত হইবাতে সন্ধ্যাকালীন শীতল বায়ু বহন আরম্ভ হইয়াছিল যেহেতুক আশিয়ার দক্ষিণ দেশনিবাসিরা এবং রৌদ্রবৃদ্ধিদ্বারা অতিশয় উত্তপ্ত আর২ দেশের লোকেরা প্রায় দিবাকালেই গৃহেতে থাকে কিন্তু সায়ংকালে বেড়িয়া ভ্রমণ করত ঠাণ্ডা ভোগ করে এমন রীতি আছে। অতএব রাজা আপনার মহিষীকে পরি-তোষণার্থে আকাশ ভরে স্থিত নাম যে উদ্যান প্রস্তুত করাইয়া ছিলেন তদ্দিগে উক্ত সময় গমন করিতেছিলেন ঐ উদ্যানের কিঞ্চিৎ দূরে স্থিত কোন ব্যক্তি তদ্দর্শন করিলে তলস্থ খিলানের শাণ অদৃশ্য হওন প্রযুক্ত তাহা আকাশে স্থিত বা ঝুলিতবৎ দেখা হয় এ নিমিত্ত আকাশবন কিম্বা ঝুলিত উদ্যান তাহার এ নাম রাখা গিয়াছিল। কিন্তু কেহ নিকটস্থ হইয়া তলে থাকিয়া দৃষ্টি করিলেই তাহা বৃক্ষ পুষ্পাদি পরিপূর্ণ পর্ব্বতের তুল্য জ্ঞান করা যাইত। সুতরাং সে পর্ব্বত তিন শত পঞ্চাশ পাদ পরিমাণ অর্থাৎ এখনকার মন্দিরাদির চূড়া অপেক্ষাও উচ্চ এবং নগরের পূর্ব্বোক্ত প্রাচীর মাথার সমান ছিল। তাহার যে মৃত্তিকার চাতাল সকল উপর্য্যুপরি হইয়া উঠিল তা-হাতে অনেকানেক উপবন ও বেড়িবার পথও ছিল আর প্রতি চাতালে যে গভীর মাটী থাকিল তাঁহাতেই নানা প্রকার বৃহদ্বৃক্ষ রোপণ করা গিয়াছিল। কোন২ স্থলে অল্পই বৃক্ষ কোন২ বা স্থানে একত্রীভূত অনেক বৃক্ষ দেখা হইল এবং মধ্যে২ বৃক্ষবাহুল্য দ্বারা অনেকানেক কুঞ্জ

and in others again forming shady walks and bowers. Very many of the large trees, in those warm countries, are loaded with delicate blossoms. As Nebuchadnezzar passed through the alleys of his gardens, and ascended the steps that led from terrace to terrace, a delightful fragrance doubtless came to him from the multitude of flowers and spicy shrubs that were growing on every side.

Chaldea was a very fertile country, and undoubtedly abounded in fruits and flowers. These, of course, were planted in the hanging gardens ; and, *as Nebuchadnezzar ruled over most of the countries* in the southern parts of Asia and the northern parts of Africa, where the heat of the sun brings plants to their greatest perfection, it is probable that many of the fruits and flowers from those regions also were collected together within the gardens of the palace. Thus might the orange from India mingle its white blossoms with the scarlet flowers of the pomegranate, or the purple clusters of the Persian lilac.

The walls which supported the terraces dividing each successively from the one below it, were con-

ও ছায়ার পথ হইয়াছিল তাহাতেই দিবা কালেও সুশীতল বায়ু ভোগ করা সহজ আর ঐ দেশের অনেক জাতীয় বৃহত্তর বৃক্ষ অতি সুন্দর মুকুলময় ও পত্র বিশিষ্ট আছে অতএব নবুখদনজ্জর উদ্যানের ঐ রূপ পুষ্প বৃক্ষের পথ দিয়া চলিতে২ বুঝি ধারায়২ স্থিত নানা প্রকার সুগন্ধি পুষ্পাদির মনোহর গন্ধ দ্বারা সুবাসিত যে বায়ু বহন হইতেছিল তাহা সেবন করিতে ছিলেন।

খল্দীয়া দেশ যে সে অনল্প উর্ব্বরা ভূমিবিশিষ্ট জন্য অতিশয় ফলোৎপাদক এবং পুষ্পময় বৃক্ষযুক্তই আছে আর পূর্ব্বোক্ত ঝুলিত উদ্যান মধ্যে দেশি বৃক্ষ ভিন্ন আশিয়ার দক্ষিণদিকে ও আফ্রিকার উত্তরদিকে জনিত এবং আর২ যে সকল দেশে নবুখদনজ্জরের তৎকালীন অধিকার হইয়াছিল তত্তদ্দেশে জনিত নানা বিধ ফল ও ফুলের বৃক্ষ রোপণ করা গিয়াছিল যেহেতুক সে সকল দেশে উৎপন্ন যে গাছাদি সে অতি রৌদ্রু প্রযুক্ত সর্ব্বাপেক্ষা উত্তম আর অনুমান আছে হিন্দুস্থানে উৎপাদিত নাগরঙ্গ অর্থাৎ নারাঙ্গী বৃক্ষের শ্বেতবর্ণ মুকুল সমূহ এবং ফারসি দেশজ লৈলাখ নাম পুষ্পবৃক্ষের বেগুনিয়া রঙ্গবিশিষ্ট অতিসুন্দর কলিকাগুচ্ছ এবং ডালিম বৃক্ষের রক্তিমাবর্ণ ফুলসংহতিও ঐ উদ্যানের অনেক স্থানে সমুৎপন্ন হইয়া দর্শিল।

আর প্রতি চাতালের পার্শ্বস্থিত যে প্রাচীর সেও দ্রাক্ষাফলাদি লতা বৃক্ষের আশ্রয়স্থান হইল এ সম্ভবে।

venient for training vines and plants that require support. All that region abounds in roses of every variety of colour, and of the most delicious fragrance These, with many beautiful species of creeping o twining plants, might easily be made to cover the brick walls, and connect together the whole pile of terraces, so as to make it appear like a pyramid of verdure and bloom. In sunny spots upon the several terraces, you might see orchards loaded with tempting fruit; such as the peach, of a large size and delicious flavour; the plum, the nectarine, and the almond; as also the citron of an oval form and a bright yellow, which had been compared by king Solomon to "apples of gold." The mandrake, as well as the different kinds of melons, rested its fruit upon the ground. Every where the earth was carpeted with flowers, some of them sprinkled in the thick turf at the foot of the groves, and others arranged in borders and flower-beds, sending up clouds of fragrance, and displaying all the brilliant colours of the rainbow. There the bees loaded themselves with honey to carry to their hives, and the butter-

আর ঐ দেশে সর্ব্বপ্রকার সুগন্ধি গুলাব্ ফুলের উৎপত্তি ও হয় অতএব তাহা দিয়া এবং অতিব্যাপক আর ২ সুসুন্দর লতা বৃক্ষ সমূহ দিয়া ইষ্টকময় প্রাচীরের গা ঢাকা দেওয়া অতি সহজ তাহাতে সোপানবৎ উপর্য্যুপরি হইয়া স্থিত যে চাতাল শ্রেণী সে পুষ্প পত্রাদিতে ঐরূপ আচ্ছাদিত হইয়া নিবিড় বনাবৃত শুণ্ডাকৃতি এক পর্ব্বতের ন্যায় দেখা দিল। আর চাতালের যে ২ খোলা ভূমি স্থলে রৌদ্র লাগে সেই ২ স্থলে ও উত্তমোত্তম ফলের গাছ বাড়িয়া উঠিল অনুমান ফারসি ভাষায় সফ্তালু নামধেয় যে অতি সুমিষ্ট ফল সেও সেখানে উৎপন্ন হইল আর বদরী ফল এবং অমৃতবৎ রসময় আর এক ভিন্ন প্রকার উত্তম ফল আর বাদাম ফল এবং অণ্ডাকৃতি ও সুপীতবর্ণবিশিষ্ট যে কাচুয়া নিম্বুকে শলমোন রাজা স্বর্ণময় শিব ফলের সহিত তুলনা দিলেন সেই ফল এবং দুদা ফল ও তরবুজ ও ফুটী ও কদু ইত্যাদি লটা বৃক্ষের ফল এই ২ ফল সমস্ত ও কৃত্রিম পর্ব্বতের উদ্যান মধ্যে পাওয়া গেল। আর সেখানকার স্থানে ২ নানা পুষ্পোৎপত্তি ও হইল কোন পুষ্পের গাছ কুঞ্জের তলস্থ ঘাস মধ্যেই বাড়িয়া উঠিল কোন ২ বা পথের ধারায় শ্রেণীবদ্ধ হইয়া বাড়িল এবং মধ্যে ২ কুসুম বৃক্ষ সমূহের বীচতলা ও দেখা হইল। তাহাতে বুঝি অতিশয় সুগন্ধ রূপ মেঘ বৃদ্ধি ও ইন্দ্রধনুকের ন্যায় কান্তি-বিশিষ্ট নানা ফুলের মনোরম্য শোভাপ্রকাশ হইল। আর সে স্থলের ফুলবাড়ীতে ভ্রমরগণ নিত্য ভ্রমণ করত পুষ্পরেণু সংগ্রহ করিয়া মৌচাকে ২ লইয়া যাইত এবং

flies expanded their beautiful wings. Birds of the most brilliant plumage were building their nests in the trees, or pouring forth sweet songs among the branches; for that part of the world is the native country of the peacock, the pheasant, the bird of paradise, and the nightingale.

Water was conveyed in pipes from the river to the highest terrace, where it was thrown out in fountains into a reservoir; from thence it was distributed, probably in artificial showers, over all the gardens.

We may suppose that Nebuchadnezzar was walking on the uppermost terrace of his gardens, and looking down upon Babylon. From so great a height he could see the whole city, extending many miles on every side; though, as it lay so far beneath him, every object appeared greatly reduced in size. The broad streets that separated the squares looked like the gravel walks that are laid out over a large garden, and the people who were passing through them, pursuing their business or their pleasures, resembled so many children, engaged in the sports or following the occupations belonging to infancy and childhood.

সুসুন্দর পক্ষবিশিষ্ট প্রজাপতি মক্ষিকাগণ পক্ষ বিস্তার উড্ডীয়মান হইত। তদ্ভিন্ন সুকান্তিযুক্ত পাখ্নাবিশিষ্ট উত্তম২ পক্ষিগণ সেখানকার বৃক্ষ ডালে নীড় নির্ম্মাণ করিয়া মধ্যে২ সুস্বর করিতেছিল যেহেতুক সে দেশই ময়ূর ও বুল্‌বুল্‌ ও স্বর্গপাখী ও বনকুক্কুট ইত্যাদি সুন্দর পক্ষি জাতির জন্মভূমি আছে।

আর বৃক্ষ সকলে জল সেচনার্থে নদীর জল অনেক নলীপথ দিয়া সর্ব্বোপরিস্থ চাতাল পর্য্যন্ত ও আগত হইয়া সে চাতালস্থিত এক বৃহৎ জলাশয়েতে বম্‌কী দিয়া উটিয়া নিত্য২ পড়িতেছিল এবং সেখানহইতে সে কি জানি কোন বিশেষ কলদ্বারা বৃষ্টিৎ সুক্ষ্মীভূত হইয়া উদ্যানের সর্ব্বস্থলেই পড়িয়া বহিতেছিল।

অনুমানে নবুখদনজ্জর ঐ উদ্যানের উচ্চতম চাতাল স্থলে ভ্রমণ করত অধঃস্থিত স্বরাজধানীতে অবলোকন করিতেছিলেন যেহেতুক এমন ঊর্দ্ধস্থানে থাকিলে অনেক ক্রোশ দূর পর্য্যন্ত ও নগরাদি স্থল সমস্ত কাহারো দৃষ্টিগোচর হওয়া সম্ভবে কিন্তু অতিশয় নিম্ন প্রযুক্ত সকলি ক্ষুদ্রতর অবশ্য দর্শিল তাহাতে বুঝি নগরের প্রতি চকের প্রশস্ত পথ কোন উপবনের সরু পথের ন্যায় অপ্রশস্তই দর্শিল আর যে লোকেরা তৎকালে স্ব২ কর্ম্মানুরোধে কিম্বা কোন সুখান্বেষণে তত্তৎ পথ দিয়া গমনাগমন করিতেছিল তাহারা কেবল খেলা করে অথবা বাল্যকালের উপযুক্ত আর কোন ব্যাপার করে এমন ক্ষুদ্র বালকের মত ঝাটই দৃষ্ট হইল।

The houses were enclosed and overhung by beautiful trees, richer in foliage and flowers than the inhabitants of northern countries can easily imagine. Some of the most common of these were palms, which often rose to the height of one hundred feet, supplying the Bobylonians with dates and a peculiar wine.

Directly at the foot of the hanging gardens lay exposed to the view of the observer from above, the new palace, with its marble courts, and splendid arches, and beautiful porticoes. On the opposite side of the river appeared the old palace; a little beyond that the temple of Bel rose six hundred feet into the air. This tower, and the courts and buildings around it, were ever thronged with priests and wise men, who were engaged in offering sacrifices to the idol, or in pursuing their various studies. The river Euphrates rolled through the middle of the city, reflecting from its smooth and glassy surface the shadows of the walls, and towers, and brazen gates that lined its shores. Many boats and vessels of various sizes were sailing upon its waters. These were commonly of a circular figure, and covered

আর নগরের গৃহ সকল অনেকানেক সুসুন্দর বৃক্ষ দ্বারা বেষ্টিত হইয়া তত্তৎ পত্রসমূহে আচ্ছাদিত ছিল সে সকল বৃক্ষের পত্র ফুল সমস্ত এই উত্তরদিগের দেশজ তরুর পত্র পুষ্পাপেক্ষা অধিক সুন্দর এবং বহুল হয় ইহার মধ্যে যে এক বিশেষ জাতীয় তাল বৃক্ষ সে কখন ২ এক শত পাদ পরিমাণ উচ্চ হইয়া বাড়ে আর তজ্জনিত যে খর্জ্জুর ফল ও তন্নিঃসৃত রসময় যে এক বিশেষ মদ্যই হয় তাহা উভয়কে উত্তম বলিয়া বাবুলনীয়েরা ভোজন পান করিত।

কেহ ঐ উদ্যানে থাকিলে সে তৎতলস্থলে স্থিত যে নবনির্ম্মিত প্রাসাদগৃহ কিনা রাজবাড়ী তাহার প্রস্তরময় শাণবিশিষ্ট আঙ্গনা সমস্ত ও স্তম্ভযুক্ত খিলান দ্বারও দিব্য বারাণ্ডা কি না চাঁদনী পথ সকলকে দেখিতে পাইত আর নদীর ওপারে যে পুরাতন প্রাসাদ গৃহ ছিল এবং কিঞ্চিৎ দূরস্থিত ছয় শত পাদ পরিমাণ উচ্চ যে বেল্ দেবতার মন্দির ছিল এ উভয়েরি দেখা ও পাইত আর ঐ মন্দিরেতে এবং তচ্চতুর্দ্দিগের উঠান ও গৃহসমূহে যাজকগণ ও পণ্ডিত লোক ভিড় হইয়া দেবমূর্ত্তির পূজা ও যাগাদি কিম্বা বিদ্যাধ্যয়ন করিত আর নগরের মধ্য দিয়া বহে যে ইউফ্রেট্ নদী তত্তীরস্থিত গৃহপ্রাচীর ও দুর্গ ও পিত্তলময় দ্বারের কপাটাদির যে ছায়া সমস্ত কাঁচবৎ স্বচ্ছ এবং সুস্থির জলের গায়ে লাগিয়া প্রতিবিম্ব হইয়া পড়িল তাহা ও ঊর্দ্ধ হইতে সুন্দর রূপে দর্শিল। আর বুঝি স্রোতের উপরে বহু২ ছোট বড় নানা প্রকার নৌকা তৎকালে ভাসমান হইতেছিল সে নৌকা সকল গোলাকৃতি

with skins of animals. The sailors forced them through the water with long oars or poles. The bridge too, that was built over the river, was probably then crowded with passengers, returning to their homes after the business of the day, or passing to the scenes of their evening's amusement. Here and there, in different parts of the city, were the towers of heathen temples, where wicked and abominable acts of worship were performed in honour of their false gods. Far in the distance, on the borders of the city, though still within the walls, was a beautiful open country, full of groves, and pastures, and cultivated fields. There the millet and sesame grew luxuriantly. The former was a coarse grain, and from the latter an oil was obtained, which was used by the Babylonians instead of olive-oil. Wheat and barley of a gigantic size, the leaves of which were four fingers broad, or broader than the leaves of Indian corn, were waving in the fields. Upon the walls, it is probable that many soldiers were stationed, and chariots and horsemen passing to and fro. Northward of the city

এবং পশুচর্ম্মাচ্ছাদিত আর নাবিকেরা কাষ্ঠের খান লম্বা দণ্ড কিম্বা লগী দিয়া তাহা বহায়। আর অনুমানে দিনের কর্ম্ম সমাপ্ত প্রযুক্ত নিজালয়ে ফিরিয়া যাইতেছিল কিম্বা সায়ংকালীন কোন আমোদ ভুঞ্জনস্থলে গমিতেছিল যে২ লোক সমূহ তাহারা ও উক্ত সময়ে নদীর উপরে যে সংক্রম কি না সাঁকো ছিল তাহা দিয়া পার হইতেছিল এবং নগরের আর২ স্থানেতে স্থিত অনেকানেক দেবালয়ের শৃঙ্গ দর্শন ও হইল সে সকল দেবালয়েতে পূজারি লোক মিথ্যা দেবতার উদ্দেশে নানা প্রকার অতি কুৎসিত এবং ঘৃণ্য কর্ম্ম ব্যবহার করত পূজাদি সাধন করিত। আর নগরের সুদূরস্থিত প্রান্তভাগে বহুল উপবন ও চরিবার মাঠ ও শস্য ক্ষেত্রের স্থান ছিল সে ও প্রাচীরের ভিতরস্থ ছিল ইহার কোন২ ক্ষেত্রেতে মিলেট্ নাম এক প্রকার মোটা ধান্য এবং তিলাদি শস্য বাহুল্যরূপে উৎপন্ন হয় বাবুলীয়েরা ঐ তিলের তৈল আহারের দ্রব্যেতে মিশ্রিত করিয়া ভক্ষণ করে অন্য২ ক্ষেত্রমধ্যে গোধূম এবং যব এ দুই শস্য বাড়ে ঐ দেশের যবপত্র চার অঙ্গুলি পরিমাণ চৌড়া বৃক্ষ সে সকল ভূমিজ শিখা সায়ঙ্কালের বায়ুতে হেলায়মান হইয়া দর্শিল আর প্রাচীরোপরে সেনা লোক চৌকি দিতেছিল এবং রথের রথী ও অশ্বারূঢ় সৈন্য দল গমনাগমন করিতেছিল ইহাও সম্ভবে আর ধারে রোপিত অনেকানেক বাইশী বৃক্ষ বিশিষ্ট যে ইউফ্রেটিস্ নদী নগরের উত্তর দিগেই বহে এবং ইউফ্রেটিস্ ও টাইগ্রিস্ এ দুই নদীকে সংযোগ-

was the river Euphrates bordered with willows; and the canals that connected it with the Tigris, with the broad lake already mentioned, on the west.

As Nebuchadnezzar looked around this great city, which he had done so much to ornament and strengthen, and considered how well fitted, in all respects, it was to be the capital of his great empire, his heart filled with pride and vanity. His wars were now all terminated; his kingdom was extended as far as he could desire; he had no rival in the world. But instead of ascribing his success to Jehovah, whom he himself had acknowledged to be a "God of gods, and a Lord of kings," Nebuchadnezzar took all the credit to himself of the great victories he had obtained, and the many and splendid works he had completed. He said to himself, "Is not this great Babylon, that I have built for the house of the kingdom, by the might of my power, and for the honour of my majesty?" While the word was yet in the king's mouth, there came a voice from heaven, saying, "O king Nebuchadnezzar, to thee it is spoken; the kingdom is departed from

কারি যে নালা দ্বয় এবং পূর্ব্বোক্ত যে বৃহৎ জলাশয় পশ্চিম দিগেই ছিল অনুমানে তাহা সমস্ত ও তৎকালে রাজার চক্ষুর্গোচর হইল।

অতএব রাজা নবুখদনজ্জর এত বৃহন্নগরের চতুর্দিগ্দর্শন করিয়া আপনি তাহার সুশোভক ও শক্তভাবজনক যত গৃহদুর্গাদি নির্ম্মাণ করাইয়াছিলেন তাহা দেখত সে সর্ব্বতোভাবে আপন রাজ্যের রাজধানী হইতে কি পর্য্যন্ত উপযুক্ত নগর হইয়াছে ইহা ভাবিতে২ তাঁহার অতিশয় অহঙ্কার ও আত্মশ্লাঘিতা হইয়া উঠে।। আর দেখ সে সময় তাঁহার উপক্রান্ত যুদ্ধ সকলের উত্তম শেষ হইয়াছিল এবং রাজ্যই তাঁহার যথেপ্সিতমতে বর্দ্ধিষ্ণু হইয়া প্রায় সর্ব্বত্রই ব্যাপিয়াছিল এবং তাবৎ জগন্মধ্যে ও তাঁহার সমতুল্য কোন কেহ প্রতিযোগী ছিল না কিন্তু তাঁহার এমন ইষ্টসিদ্ধি ও প্রতাপবিশিষ্টতা থাকিতেও তিনি পূর্ব্বে যে পরমেশ্বরকে দেবের দেব ও প্রভুর প্রভু বলিয়া কহিয়াছিলেন তাঁহাকেই এতন্মঙ্গলের কারকজ্ঞান না করিয়া সে কেবল আপনার কৃত সাহসাদি দ্বারা হইয়াছে এতদ্বোধ করিয়া কহিলেন "আমিই কি আপন প্রভাবের প্রবলতা দ্বারা আপনার মহিমা ও প্রতাপের বৃদ্ধ্যর্থে এ যে মহা বাবুলন নগর তাহাকে নির্ম্মাণ করাইয়া রাজ্যের রাজধানী করিয়া রাখি নাই?" কিন্তু রাজা একথা কহিবা মাত্রে দৈবাৎ এ প এক আকাশবাণী শুনা গেল "হে রাজন্ তোমার রাজত্ব লোপ হইল তোমারি প্রতি এ কথা কহিতেছি আর

thee! And they shall drive thee from men, and thy dwelling shall be with the beasts of the field; they shall make thee to eat grass as oxen, and seven times shall pass over thee, until thou know, that the Most High ruleth in the kingdom of men, and giveth it to whomsoever He will."

The punishment of his pride and impiety, which had been threatened a year before, was then instantly executed. Alarmed and agitated by the dreadful sentence which an invisible being had, at that moment, pronounced upon him, and by its resemblance to Daniel's interpretation of his dream, his reason left him. God sent upon him a peculiar kind of derangement of mind; possibly that disease in which the patient supposes himself to be some animal, and imitates its actions. So Nebuchadnezzar apparently thought himself an ox; and though his friends would undoubtedly place him under the care of keepers, yet he escaped and fled into the fields. There he lived upon grass and raw vegetables, and remained in the open air, exposed to the sun, and dew, and rain, "till his hair grew like an eagle's

প্রজারা তোমাকে মনুষ্যদের সংসর্গহইতে দূর করাতে তুমি বন্য পশুগণের সঙ্গে নিবাস করিবা তাহাতে সর্ব্বাপেক্ষা মহান্ যিনি কি না পরমেশ্বর তিনি মাত্র মানব গণের রাজ্য সমুদায়ে সর্ব্বপ্রধান হন এবং আপন ইচ্ছানুসারে স্বমনোনীত ব্যক্তিকেই তাহা ভার করিয়া দেন তোমার এমন বোধ যে পর্য্যন্ত না হইবে সে পর্য্যন্ত অর্থাৎ সপ্ত বর্ষের কাল গত না হইলেই তুমি বলদের ন্যায় তৃণ ভক্ষণ করত বনে থাকিবা।”

এতৎ কথিতমাত্রে এক বৎসর হইল রাজার প্রতি যে দণ্ডাজ্ঞা হইয়াছিল সে তৎক্ষণাৎ সিদ্ধই হইল আর তিনি এখন অদৃষ্ট দূতের প্রমুখাৎ যে দৈববাণীর বাক্য শুনিয়াছেন সে দানিএল মুনির ব্যাখ্যাত পূর্ব্ব কথিত স্বপ্নার্থের নিতান্তই তুল্যার্থ বটে অতএব ইহা ভাবিতে২ রাজা অতিশয় ত্রস্ত ও উদ্বিগ্নমনাঃ হইবাতে তাঁহার সে কালেই এক প্রকার বুদ্ধিলোপ হইল। বোধ হয় যে রোগ যোগে পীড়িত ব্যক্তি আপনাকে কোন বিশেষ পশুজ্ঞান করিয়া সেই পশুর উপযুক্ত গতি ও আহারাদি ব্যবহার করে এমন রোগগ্রস্তই হইলেন অতএব তৎপ্রমাণে নবুখদনজ্জর আপনাকে বৃষভজ্ঞান করিয়া মিত্রলোক তাঁহাকে রক্ষণার্থে কোন রক্ষকের হস্তগত করিলেও পলায়ন করিয়া বনমধ্যে লুক্কাইয়া রহিলেন আর তিনি সেখানে তৃণাদি আম বস্তু মাত্র ভক্ষণ করিবাতে এবং রৌদ্র বায়ু শিশির বৃষ্টি এ সকল তাঁহার বিবস্ত্র গায়ে লাগিবাতে তিনি কালক্রমে অতি কালিষ্ঠ হইলেন এবং তাঁহার গাত্রলোম

feathers, and his nails like bird's claws," and he became more like a brute than a man. What a change from being the greatest king, and one of the most learned, refined, and sensible men in the world! Truly, as the Scripture declares, "pride goeth before destruction, and a haughty spirit before a fall."

The counsellors of Nebuchadnezzar must have been in great dismay at his sudden insanity. But Daniel, who was one of them, and who had interpreted the king's dream of the great tree, knew that his reason would be restored in seven years. Daniel would therefore persuade the other princes of the empire to appoint some person to govern instead of Nebuchadnezzar, till he should recover from his derangement. This kind of government is now called a regency. Evil-Merodach, the son of Nebuchadnezzar, and the heir to the crown, was appointed regent.

উৎক্রোশ পক্ষির পাখ্নার ন্যায় সুমোটা হইয়া উঠিল আর নখ সকল পক্ষির নখ সমতুল্য হইয়া বাড়িল তাহাতে তিনি আর মনুষ্যাকার না হইয়া প্রায় পশুবদাকৃতি হইলেন। হায় ২ পূর্ব্বে যিনি সর্ব্বাপেক্ষা পরাক্রান্ত মহারাজ এবং সুপণ্ডিত ও সুবুদ্ধিমান ও সভ্য ও সদসদ্বিবেচক ছিলেন তিনি তখন কেমন ঘৃণ্যাবস্থ ও দুর্দ্দশাপন্ন হইলেন। সুতরাং শাস্ত্রেতেই যে কথা লেখেন যথা "অহঙ্কার সর্ব্বনাশের অগ্রবর্ত্তী এবং দর্পিত মন নিপাতের পূর্ব্বগামীই হয়" সে কথা সত্য বটে।

অতএব রাজা নবুখদনজ্জরের ঐ রূপ উন্মাদ রোগ ঘটিবাতে মন্ত্রিগণ অতি ভাবনাযুক্ত অবশ্য হইলেন। কিন্তু তৎকালে দানিএল মুনি উহাদের এক জন ছিলেন আর ইনি রাজার বৃহৎ বৃক্ষস্বরূপ স্বপ্নদর্শনের অর্থ ভালরূপে বুঝিয়া রাজা সাত বৎসরের পর পুনরায় প্রাপ্তবুদ্ধি হইবেন তাহাই জানাইলেন অতএব রাজার উন্মত্তাবস্থাকালে রাজ্যের প্রধান রাজকর্ম্মকারিরা একমন হইয়া রাজ্যশাসনার্থে কোন বিশেষ ব্যক্তিকে নিযুক্ত করেন এমন পরামর্শ দিলেন আর নিযুক্ত ব্যক্তিকে রাজপ্রতিনিধি এ উপাধি দিবার রীতি আছে তাহাতে এবিল্মেরোদাখ্ নাম প্রথমজাত রাজকুমার রাজপ্রতিনিধি পদে নিযুক্ত হইলেন।

CHAPTER XI.

Nebuchadnezzar's recovery and proclamation respecting the true God and his providence—His death—History of Babylon under several of his successors.

At the end of seven years Nebuchadnezzar's reason returned. He one day, under the divine influence, suddenly raised himself from the ground where he had so long mingled with the oxen, chewing the cud like them, and looked up to the heavens and abroad upon the earth with the returning thought and feelings of an intelligent being. He was of course soon restored to the government of his kingdom, and became a worshipper of the true God. But I will relate his views and feelings in his own language.

It was not long after he thus again ascended the throne, that he sent out a proclamation to all the people in his extensive dominions, giving an account of the wonderful things that had happened to him. It began thus—"Nebuchadnezzar the king, unto all

১১ অধ্যায়।

রাজা নবুখদ্‌নজ্জরের আজ্ঞামতে ঈশ্বরবিষয়ক ঘোষণা। তাঁহার লোকান্তরগমন। ক্রমাগত তাঁহার পরগামি রাজাদের রাজত্ব কালে বাবুলনিয়ার যেরূপ দশা তদ্বৃত্তান্ত।

কিন্তু পূর্ব্বোক্তমত বুদ্ধিলোপ হওন কালাবধি সাত বৎসর মাত্র হইল রাজা নবুখদ্‌নজ্জর পুনরায় বুদ্ধিপ্রাপ্ত হইলেন সে এ প্রকার ঘটিল। তিনি এত কাল গরুবলদাদির সহিত মিলিত হইয়া চরিয়া এক দিন তাঁহাদেরি ন্যায় ভূমিপতিত হইয়া রোমন্থন করিতে ছিলেন। তাহাতে তিনি হঠাৎ গাত্রোত্থান করিয়া আকাশপানে দৃষ্টিপাত করিলেন পরে পৃথিবীর তাবৎ বস্তুকে কিছুকাল তাকিয়া রহিলেন শেষে তিনি দৈবযোগে পুনর্ব্বার বুদ্ধিমন্ত প্রাণীর তুল্য হইয়া মনুষ্যের ন্যায় মানস জ্ঞান চেতনাদি একেবারে প্রাপ্ত হইলেন। ইহা মন্ত্রি গণের জ্ঞাতসার হইলে পর তিনি আরবার রাজাসনে স্থাপিত হইয়া তৎকালাবধি সত্য ঈশ্বরের আরাধনা করিতে উদ্যত হইলেন কিন্তু তাঁহারি আপন উক্ত কথা লিখিয়া ইহার বিশেষ জানাইয়া দি।

যেহেতুক পুনর্ব্বার রাজ্যভোগ হইলে পর অল্প দিন গত মাত্রে তিনি বহু দেশে ব্যাপ্ত আপন রাজ্যের লোক সমুদায়কে ঘোষণাদ্বারা রাজাজ্ঞা ব্যক্ত করাইয়া আপনার পক্ষে যে২ অদ্ভুত ঘটনা হইয়াছিল তাহা সকল জানাইলেন। প্রচারিত বিষয়ের মধ্যে এরূপ কথা লেখা গেল। যথা “পৃথিবীতে যে সকল ভিন্ন২ দেশীয় ও নানা ভাষাভাষি লোক আছে তাহাদের প্রতি

people, nations, and languages, that dwell in all the earth; Peace be multiplied unto you. I thought it *good to show the signs and wonders that the high* God hath wrought toward me. How great are his signs! and how mighty are his wonders! his kingdom is an everlasting kingdom, and his dominion is from generation to generation." Then after relating his dream, with the interpretation of it by Daniel, and the dreadful punishment God had inflicted upon him for his pride, he concluded in these words: "And at the end of the days, I, Nebuchadnezzar, lifted up mine eyes unto heaven, and mine understanding suddenly returned unto me, and I blessed the Most High, and I praised and honoured Him that liveth for ever, whose dominion is an everlasting dominion, and his kingdom from generation to generation. Before Him all the inhabitants of the earth are reputed as nothing; and He doeth according to his will in the army of heaven, and among the inhabitants of the earth; and none can stay his hand, or say unto Him, what doest thou? At the same time my reason returned unto me; and

রাজা নবুখদ্নজ্জর এ আজ্ঞা দিতেছেন ফলতঃ তোমা সকলের সুশান্তি হউক পরমেশ্বর আমার পক্ষে অতি অলৌকিক ও বড় আশ্চর্য্য কর্ম্ম করত যে রূপ ব্যবহার করিয়াছেন তাহা তোমাদিগকে জানাইতে স্থির করিলাম তাঁহার কৃত অদ্ভুত কর্ম্ম কেমন চমৎকার আর তিনি যে আশ্চর্য্য ক্রিয়া করিয়াছেন সে কত বড়! তাঁহার রাজত্ব অশেষ রাজত্ব বটে এবং তাঁহারি কর্ত্তৃত্ব সর্ব্বপুরুষানুক্রমে চিরস্থায়ী হন” ঐ রূপ প্রস্তাবারম্ভ পর রাজা আপনি যে স্বপ্নদর্শন দেখিয়াছিলেন ও দানিএল তদ্দর্শনের যে রূপ অর্থ ব্যাখ্যা করিয়াছিলেন এবং ঈশ্বর রাজার দর্পদোষের কিরূপ শক্ত শাস্তি দিয়াছিলেন তাহা সকলের বৃত্তান্ত স্পষ্টে লিখিয়া দিলেন রাজাজ্ঞার শেষ কথা এই যথা “নিয়মিত কালান্তে আমি নবুখদ্নজ্জর আকাশপানে চক্ষু দিয়া তাকিয়া রহিলাম তাহাতে হঠাৎ আমার পুনরায় বুদ্ধিপ্রাপ্তি হইবাতে আমি পরমেশ্বরের ধন্যবাদ করত নিত্যজীবী এবং অশেষ রাজত্ববিশিষ্ট ও সর্ব্বপুরুষানুক্রমে স্থায়ি কর্ত্তৃত্বযুক্ত যিনি তাঁহাকেই স্তবস্তুতি করিয়া আদর করিলাম যেহেতুক তিনি এ পৃথিবীর তাবৎ লোককেই অবস্তুস্বরূপ বোধ করেন আর তিনি আপন স্বেচ্ছামতে স্বর্গলোক ভূর্লোক উভয় লোকের মধ্যেই ব্যবহার করেন এবং কেহই তাঁহার হস্তনিবারণ করিতে কিম্বা তাঁহাকে তুমি কি কার্য্য করিতেছ এ কথা কহিতে নিতান্তই পারে না আর সে সময়েই আমার বুদ্ধির পুনরুদয় হইল এবং আপন

for the glory of my kingdom, mine honour and brightness returned unto me; and my counsellors and my lords sought unto me; and I was established in my kingdom, and excellent majesty was added unto me. Now I, Nebuchadnezzar, praise, and extol, and honour the King of heaven, all whose works are truth, and his ways judgment; and who is able to abase those that walk in pride."

This proclamation shows that a great change had taken place in the character of Nebuchadnezzar. Before his derangement he was filled with pride and self-conceit, saying within himself, "Is not this great Babylon which I have built, &c.?" Now he submits humbly to the punishment of his sins, and praises and exalts that God, "who is able to abase those that walk in pride." Formerly, he was an idolater, and having gathered together all the great men of his dominions, commanded them, under penalty of death, to worship a golden image which he had caused to be formed. Now, his heart seems overflowing with love and reverence for "the God of heaven, whose dominion is an everlasting dominion,

রাজ্যের ঐশ্বর্য্যবৃদ্ধ্যর্থে আমি পুনর্ব্বার সম্ভ্রম ও প্রতাপ বিশিষ্ট হইলাম এবং মন্ত্রিগণ ও কুলীনবর্গ ও আমার স্থানে ফিরিয়া আসিয়া আজ্ঞাবশে রহিল আর আমি রাজাসনে উপবিষ্ট হইয়া পুনঃ স্থিরীকৃত হইলাম এবং আমার আরো মহিমা হইয়া উঠিল। অতএব আমি নবুখদ্‌-নজ্জর স্বর্গের রাজাকে স্তবস্তুতি ও প্রশংসা ও আদর ও সম্মান করিতেছি যেহেতুক তাঁহার কৃত ক্রিয়া সকল যথার্থ এবং তিনি যে রূপ ব্যবহার করেন সে কেবল ন্যায্য বটে আর তিনি দর্পকারিদিগকেও নিম্ন করিতে শক্তিমন্ত হন"।

রাজার ঐ রূপ আজ্ঞা প্রচার দ্বারা স্থির বোধ হয় তাঁহার সর্ব্বতোভাবে স্বভাবান্তর হইয়া উঠিয়াছে যেহে-তুক তাঁহার বুদ্ধিলোপ হওন পূর্ব্বে তিনি অতিশয় দর্পযুক্ত ও অভিমানী হইয়া "আমি না কি আপন প্রভাবের জন্যে এ যে বাবুলন মহানগর তাহা নির্ম্মাণ করি নাই" এ রূপ কথা কহিতেন কিন্তু এবার তিনি নম্রমন হইয়া ঈশ্ব-রের কৃত আপনার পাপশাস্তিতে ও স্বীকার করিতেছেন এবং দর্পিদিগকে নিম্ন করিতে পারেন যে ঈশ্বর তাঁহারি প্রশংসা ও ধন্যবাদ করিতে উদ্যত হইয়াছেন আর পূর্ব্বে তিনি মিথ্যা দেবতার উপাসনা করিতেন এবং আপন রাজ্যের সর্ব্বপ্রদেশীয় কুলীনদিগকে একত্র করিয়া তাহাদি-গকে প্রাণ পণে ও আপনি যে স্বর্ণময় দেবমূর্ত্তিকে নির্ম্মাণ করাইয়াছিলেন তাহারি আরাধনা করিতে আদেশ দি-লেন কিন্তু এবার দেখ তাঁহার অন্তঃকরণ উচ্চতম স্বর্গবাসী ও অশেষ কর্ত্তৃত্বকারী ও নিত্যপরাক্রমি পরমেশ্বরের

and his kingdom from generation to generation." How was this? by what means was so great a change wrought in the feelings of the mighty king of Babylon? I believe it was the Holy Spirit of God, whose operation on his mind and heart led him to see his sinfulness, to renounce his former idolatry and pride, and to love and obey, in humility, reverence and thankfulness, the only true God. For God's providence often thus sends afflictions upon men in order to bring them to consideration and repentance.

Nebuchadnezzar was thus restored to his kingdom, which was more magnificent and prosperous than ever. It is probable he governed his people more wisely and justly, more meekly and kindly than he had before done. It is even said, by some ancient historians, that Evil-Merodach, his son, not having ruled well during his regency, his father immediately on his recovery most justly punished him by casting him into prison. It is supposed that he was confined in the same prison with Jehoiachin, the captive king of Judah, who had been imprisoned for about thirty-six years.

প্রতি কেবল প্রেমাবিষ্ট ও ভক্তিশালী ও আদরকারী হইয়াছেন সে কেমন হইল? মহা বাবুলনিয়ার শাসন-কর্ত্তা যিনি তিনি কেমন করিয়া ঐ রূপ স্বভাবান্তর হইয়াছেন? হে পাঠকগণ আমার এ বিষয়ে স্থির বোধ আছে তিনি কেবল ঈশ্বরের সদাত্মাবেশ দ্বারা আপনাকে পাপি জ্ঞান করিয়া পূর্ব্বে সেবিত মিথ্যা দেবপূজা ও অহঙ্কারাদি ত্যাগ পূর্ব্বক সত্য ঈশ্বরকে প্রেম ও ভক্তি করত তাঁহারি আজ্ঞা পালনে রত হইয়াছেন। আর মনুষ্যেরা ধর্ম্মাধর্ম্ম বিবেচনা করিয়া পাপত্যাগ করে এ নিমিত্তে মধ্য২ কোন দৈবঘটনাতে তাহাদের অনেক প্রকার উৎপাত ও দুঃখোপস্থিতি হয় বিধি কি না ঈশ্বরের এমন গতি চলন।

পরে নবুখদ্‌নজ্জর পুনর্ব্বার রাজ্যপ্রাপ্ত হইলে রাজ্যের পূর্ব্বাপেক্ষাও অধিক সুদশা ও ঐশ্বর্য্যবৃদ্ধি হইয়া উঠিল। অতএব তিনি পূর্ব্বাপেক্ষা উত্তম বুদ্ধি ও সদ্গুণ ও নম্রতা ও প্রজাগণের প্রতি দয়া প্রকাশে রাজ্য শাসন করিতে রহিলেন এ সম্ভবে আর এবিল্‌মেরোদাখ্ নাম স্বপুত্র তাঁহার জ্ঞানলোপাবস্থাকালে রাজপ্রতিনিধি হইয়া উচিত মতে রাজ্য শাসন করেন নাই এ জন্য তিনি সুস্থ হইলে পর পুত্রকে কারাগারেতে বদ্ধ করিয়া তাহার উত্তম শাস্তি দিলেন কোন২ রাজোপাখ্যানকর্ত্তাদের লিখনদ্বারাই ইহা জানা যায় অনুমানে য়িহোয়াখিন্ নাম যে য়ূদা দেশের রাজা প্রায় ছত্রিশ বৎসর কারাগারস্থ হইয়াছিলেন তাঁহারি সহিত রাজকুমার এক স্থানেতে বদ্ধ হইয়া রহিল।

Nebuchadnezzar lived but one year after his recovery. He died in the forty-third or forty-fourth year of his reign. Evil-Merodach was his successor; who, soon after he was made king, began to show kindness to Jehoiachin, the captive king of Judah, with whom he had probably become acquainted and held long intercourse in prison. He gave him his liberty, and invited him to eat every day at his own table; and though there were many captive kings at Babylon, who had been brought thither by Nebuchadnezzar after his conquests, Jehoiachin was more noticed and favoured by Evil-Merodach than any of them. It is supposed that Jehoiachin did not live long after this great improvement in his condition.

Evil-Merodach was a very wicked king. He reigned but two years, and was then murdered by Neriglissar, his sister's husband, who thereupon ascended the vacant throne.

The Medes and Persians were at that time becoming powerful, and they had been someway or other offended by Evil-Merodach. Neriglissar collected

কিন্তু মহারাজ রাজা নবুখদ্‌নজ্জর উন্মাদরোগোপশম পর কেবল দ্বাদশ মাস জীবৎ থাকিয়া রাজ্যাভিষেক পর তেতাল্লিশা কিম্বা চৌয়াল্লিশা বৎসরের মধ্যেই পঞ্চত্ব-প্রাপ্ত হইবাতে তাঁহার স্বপুত্র এবিল্‌মেরোদখ্‌ তৎ-পরিবর্ত্তে রাজাসনে উপবিষ্ট হইলেন। কিছু কালান্তরে তিনি পূর্ব্বে বন্ধনালয়ে থাকিতেই যে যূদাদেশীয় রাজার সঙ্গে আলাপ বতঃ আত্মীয়তা করিয়াছিলেন তাঁহার প্রতি অতিশয় স্নেহ প্রকাশ করিতে লাগিলেন। তাহাতে তাঁহাকে বন্ধনশালায় মুক্ত করিয়া দিয়া তিনি আপনার একান্ন ভোজনার্থেই তাঁহাকে প্রতিদিন নিমন্ত্রণ করিলেন আর যদ্যপিও অনেক রাজা স্বপিতা নবুখদ্‌নজ্জর কর্তৃক পরাস্ত হইয়া তাঁহার স্বদেশে পুনরাগমন সময়ে বাবু-লনেতে আনীত হইয়া তৎকালে ও সেখানে ছিলেন তত্রাপি উহাদের মধ্যে তিনি এক য়িহোয়াখিন্‌ রাজার প্রতি অধিক অনুগ্রহ প্রকাশিয়া প্রেমাদারাদি করিতে ছিলেন কিন্তু য়িহোয়াখিন্‌ ইহার পর কত দিন বাঁচিয়া থাকিলেন ইহা নিশ্চয় জানা যায় না।

ঐ এবিল্‌মেরোদাখ্‌ সুদুষ্ট রাজা ছিলেন অতএব তিনি কেবল দুই বৎসর কাল মাত্র রাজত্ব করিলেই নেরিগ্লি-স্সার্‌ নাম তাহার এক জন ভগিনীপতি তাহাকে হত্যা করিয়া তৎপরিবর্ত্তে রাজসিংহাসনে উপবিষ্ট হইলেন।

তৎকালীন মেদিয়া ও ফারস এ দুই দেশনিবাসিরা অতি বর্দ্ধিষ্ণু পরাক্রমী ছিল আর তাঁহারা কোন কারণে এবিল্‌মেরোদাখ্‌ রাজার ও প্রতি বিরক্ত হইয়াছিল

together his armies in order to fight against them. But Cyaxares, king of Media, sent to Persia for his nephew Cyrus to come and assist him in the war. Cyrus came accordingly, conquered the Babylonians, and killed their king in the fourth year of his reign. Laboroso-archod, the son of Neriglissar, was the next king. He was so vicious and cruel, that some of his subjects put him to death when he had reigned but nine months. His successor was Nabonadius, or Belshazzar. Belshazzar was the son of Evil-Merodach, and grandson of Nebuchadnezzar. His mother Nitocris was alive, and was a woman of great talent and energy. She is said to have caused many fine buildings to be raised in Babylon, and to have managed public affairs with much discretion, while her son, who was a weak and worthless prince, spent his time in effeminate pleasures. It is probable that Daniel remained high in office at the court of Babylon under all those successive monarchs.

অতএব নেরিগ্লিস্সার্ আপন সৈন্য দল সমূহ একত্র করিয়া উহাদের সঙ্গে যুদ্ধ করিতে যাত্রা করিতেছেন ইহা শ্রুতমাত্র কুয়ক্সরেস্ নাম যে মেদিয়ার ভূপতি তিনি কারস দেশেতে লোক পাঠাইয়া আপন ভগিনীপুত্র যে কুরস্ তাহাকে ডাকিয়া আপনার সাহায্যার্থে ত্বরায় আসিতে আজ্ঞা দিলেন। তাহাতে কুরস্ অবিলম্বে আগত হইয়া বাবুলনীয়দিগকে আক্রমণ পূর্ব্বক পরাস্ত করিয়া উহারদের ঐ শাসনকর্ত্তাকে ও তৎশাসকত্বকালের দ্বিতীয় বৎসরে প্রাণে নষ্ট করিলেন তৎপরিবর্ত্তি রাজার নাম লাবোরোসো আর্খদ্ তিনি নেরিগ্লিস্সার্ রাজার পুত্র ছিলেন কিন্তু তিনি ও অতি দুরাত্মা এবং সুনিষ্ঠুর তাহাতে তিনি কেবল নয় মাসের কাল রাজ্যশাসন করিলেই প্রজারা তাহাকে প্রাণে মারিয়া ফেলিল। তৎপরিবর্ত্তে নাবোনাদস অথবা বেল্শাস্সার্ নাম যে এবিল্মেরোদাখের পুত্র এবং নবুখদ্নজ্জরের পৌত্র তিনি রাজা হইলেন তাঁহার মাতার নাম নিতোক্রিস্ ইনি উত্তমগুণশালিনী এবং মহাপ্রতাপবিশিষ্টা স্ত্রী ছিলেন এ বিদিত আর ইনার আজ্ঞা মতে বাবুলন নগরে অনেকানেক দিব্য অট্টালিকা ও মন্দিরাদি নির্ম্মিত করা গেল আর পুত্র স্বাভাবিক গুণাভাব ও অল্পবীর্য্য প্রযুক্ত কেবল সুখভোগাশয়ে মিথ্যা কালক্ষেপ করিতে ২ ইনিই রাজ কর্ম্ম উত্তম রূপে নির্ব্বাহ করত সুবুদ্ধি প্রকাশ করিলেন। পূর্ব্বোক্ত রাজা সকলের পরম্পরা রাজত্বকালে দানিএল মুনি বাবুলনেতে বাস করত রাজসভাস্থদের মধ্যে কোন উত্তম পদবিশিষ্ট হইয়া রহিলেন এ সম্ভবে।

CHAPTER XII.

Daniel's prophetical visions.

In the first year of Belshazzar's reign, Daniel had a prophetical dream. God showed him certain things in this dream, which were designed to represent future events. It was not explained to Daniel exactly what these events would be, but they were described to him by means of figures, or symbols, which were but partially explained; so that people might understand them only when the events should have taken place, and then see that a prophecy had been fulfilled.

Daniel dreamed that he saw " four beasts rise out of the sea." These beasts, he was told, represented " *four empires*; the Babylonian, the united Median and Persian, the Grecian, and the Roman ;" the last of which, it was shewn, would be conquered and divided into ten kingdoms, and another power thence arise, which is supposed to mean the dominion of the Pope of Rome. These events all happened many centuries ago.

The city of Shushan was in the province of

১২ অধ্যায়।

দানিএল মুনির ভাবিসূচক অদ্ভুত দর্শন।

পূর্ব্বোক্ত বেল্‌শাস্‌সার্‌ রাজার রাজত্বকালে দানিএল মুনির ভাবি বিষয়ক এক প্রকার স্বপ্ন দর্শন হইল তাহা দ্বারা পরমেশ্বরই স্বপ্নযোগে তাহাকে অনেকানেক ভাবি-ঘটনার কিয়দ্বিশেষ জানাইলেন সে সকল ঘটনা সর্ব্বাংশে সুব্যক্ত করিয়া বুঝাইলেন না কিন্তু কোন বিশেষ চিহ্ন বা দৃষ্টান্তদ্বারা তাহা অস্পষ্ট রূপে ঈষদ্‌প্রকাশিত করিলেন অতএব তাহা কালক্রমে যথোক্ত ঘটিবামাত্র লোকে পূর্ব্বদর্শনের প্রকৃতার্থ ভালমতে বুঝিয়া সকলি সম্পূর্ণরূপে সম্পন্ন হইয়াছে বটে ইহা জানিতে পারে এনিমিত্ত তাহার ঐরূপ তদীযদ্দর্শন মাত্র হয় এ সম্বন্ধে।

দানিএল মুনির প্রথম স্বপ্ন দর্শন এরূপ হইল তিনি দেখিতে২ ক্রমাগত চারি জন্তু সমুদ্রেতে উৎপন্ন হইয়া উঠিয়াছে তাহাতে চারি জন্তুর দৃষ্টান্ত দ্বারা বাবুলনীয় ও মিলিত মেদীয় এবং ফারসীয় ও গ্রীকীয় ও রূমীয় এ চারি বড় রাজ্যের আনুপূর্ব্ব বোধ হইল আরো জানা গেল চতুর্থ রাজ্য ফল রূমীয় রাজ্য কাহার বলে পরাভব হইয়া বিভাগ হওয়াতে তদনন্তর দশ রাজ্য উৎপন্ন হইবে পরে তৎসমস্ত রাজ্য ভিন্ন আর এক রাজ্যাধিপত্য হইবে ইহাতে রূম নগরের প্রধান ধর্ম্মাধ্যক্ষতা বোধ হয় সুতরাং অনেক শত বৎসর হইল সকলি প্রত্যক্ষরূপে উক্ত ভাবিদর্শনানুসারে ঘটিয়াছে এ নিশ্চয়।

এলাম্‌ নাম প্রদেশ দিয়া বহিতেছে যে উলাই নদী

Elam, on the banks of the river Ulai. It was two hundred and fifty-two miles east of Babylon. Daniel was sent there to attend to some public business. Perhaps he was governor of the province of Elam, which was then a part of the Babylonian empire, though it shortly afterwards was joined to Persia. It is said that Daniel built a large and beautiful palace in Shushan, in which he resided.

Here, on the banks of the Ulai, in the third year of king Belshazzar's reign, the Prophet had another vision. The Spirit of God, in a peculiar manner, drew away his attention from external objects, and fastened it upon a sort of moving picture, which was brought before his mind. "A ram with two horns appeared by the river, pushing eastward, and northward, and southward, and no beast could stand before it. Soon a goat, with one horn between its eyes, seemed to come from the west, so rapidly that he touched not the ground; and he ran upon the ram, broke his horns, threw him down upon the earth, and stamped upon him, and overcame him. Then the goat became strong and

তন্তীরস্থ শূশন নামে খ্যাত এক প্রসিদ্ধ নগর ছিল সে বাবুলন নগর হইতে এক শত ছাব্বিশ ক্রোশ দূরস্থ। কোন সময় দানিএল মুনি কোন রাজকর্ম্মানুরোধে সে নগরেতে প্রেরিত হইলেন উক্ত প্রদেশ যদ্যপিও কিছুকাল পরে ফারস দেশের মধ্যেই গণিত হয় তথাপি সে তৎকালে বাবুলনীয় রাজ্যের অন্তর্গত ছিল তাহাতে দানিএল ঐ প্রদেশের অধ্যক্ষ ছিলেন কি না ইহার নিশ্চয় নাই কিন্তু ইনি শূশন নগরেতে বাস করত সেখানে এক দিব্য অথচ সুবড় অট্টালিকা নির্ম্মাণ করাইলেন এমন ইতিহাস আছে।

অতএব রাজা বেল্‌শাস্সারের অধিকার কালের দ্বিতীয় বৎসরে দানিএল মুনি ঐ উলাই নদীতীরে বাস করত আরবারো দ্বিতীয় এক ভাবিদর্শন প্রাপ্ত হইলেন ফল ঈশ্বরীয় আত্মার শক্তিতে মুনির কোন প্রকারে ইন্দ্রিয়-গোচর সমস্তে অমনোযোগ হইবাতে তাহার বিশেষ কোন ক্ষণস্থায়ি চিত্রবদ্দর্শনেতে মনের সুযোগ হইল সে এরূপ দুই শৃঙ্গবিশিষ্ট এক মেষ নদীর ধারে দাঁড়াইয়া পূর্ব্ব উত্তর দক্ষিণ এ তিন দিকে ঢুষণ করিতে২ আর ২ যে কোন জন্তু তাহাকে প্রতিরোধ করিতে পারিল না কিন্তু অল্প-কালের মধ্যে দুই চক্ষুর মধ্যস্থলে এক শৃঙ্গ আছে এমন এক অজ কিনা ছাগল পশ্চিম দিগ হইতে আসিয়া প্রায় ভূমিতে পা না লাগাইয়া অতি বেগেতে গমন করিয়া ঐ মেষকে ঢুষণ করে তাহাতে অজ মেষের শৃঙ্গদ্বয় ভাঙ্গিয়া তাহাকে উল্টাইয়া দিয়া গাত্রে পা দিয়া দাবিয়া পরাজিত করিল তাহাতে অজ ঐরূপ শত্রুদমন করালে

powerful; but in a short time the great horn was broken, and four others came up in its place. Out of one of these sprang a little horn, which increased till it was very great, when it cast down the stars of heaven, and destroyed the temple of God, and took away the daily sacrifice from the altar."

Daniel saw this vision, but did not understand it. While, in great perplexity, he sought to discover its meaning, he saw before him "the appearance as of a man, and heard a man's voice from between the banks of the river Ulai, calling to the angel Gabriel, and commanding him to explain the vision."

As Gabriel came near, Daniel was much alarmed, and fell on his face; and when the angel spoke to him, he was so overcome by the wonderful things he had seen, and by the presence of angelic beings, that he fell as into a deep sleep. But the angel touched him, and raised him up, and told him the meaning of the vision. The ram was the Persian empire, which would shortly destroy the Babylonian. Its two horns were the two kingdoms of Media and Persia, that were, as we know, united

পর অতি বলিষ্ঠ এবং সুপরাক্রান্ত হইল কিন্তু কিছু কালান্তে তাহার ঐ একা বৃহৎ শৃঙ্গ ভগ্ন হইবাতে তৎপরিবর্ত্তে অন্যতর আর চারি শৃঙ্গ বাহিরাইয়া উঠিল পরে চারি শৃঙ্গের কোন এক শৃঙ্গস্থলে সুক্ষুদ্র আর এক শৃঙ্গ বাহির হইল সেও ক্রমশ বাড়িয়া অতিবড় হইয়া উঠিয়া অবশেষে আকাশের তারাগণকে ঢুকিয়া ফেলিল এবং ঈশ্বরের মন্দিরকে ভাঙ্গিয়া ফেলিয়া তৎস্থিত যজ্ঞ বেদিতে প্রত্যহ বলিদান করার বিধান রহিত করিল।

কিন্তু দানিএল মুনি পূর্ব্বোক্ত ভাবিদর্শন পাইয়াও আপনি তদর্থ বুঝিতে পারিলেন না অতএব ইহার মর্ম্মাজ্ঞাত প্রযুক্ত ইনি মহাভাবনাযুক্ত হইয়া চিন্তিতে২ দেখ মনুষ্যাভাস এক মূর্ত্তি তাহার নিকটাগত হইল তাহাতে উলাই নদীর দুই পারের মধ্যস্থল হইতে আগত স্বর্গদূতের নাম করিয়া হে গাব্রিএল ভাবিদর্শনের অর্থ এ মানুষকে বুঝাইয়া দেও এমন এক স্পষ্ট রব শুনা গেল।

তাহাতে গাব্রিএল দানিএলের সন্নিকট আসিতে২ তিনি অতিশয় ভয় প্রযুক্ত উবুড় হইয়া পড়িলেন আর স্বর্গদূত কথা কহিবামাত্রে তিনি ঐ অদ্ভুত দর্শন এবং স্বর্গীয় ব্যক্তির সাক্ষাদ্দর্শন প্রাপ্তিতেই মোহিতবৎ হইয়া ঘোর নিদ্রাগত হইলেন। পরে স্বর্গদূত তাহাকে স্পর্শ করিয়া গাত্রোত্থান করাইয়া ভাবি দর্শনের এরূপ অর্থ বুঝাইয়া দিলেন ফলতঃ মেষ যে সে কিছু কাল বিলম্বে বাবুলীনীয় রাজ্যনাশ করিবে যে ফারসি রাজ্য তদর্থবোধক হয় আর মেষের দুই শৃঙ্গ দ্বারা কূরস্ মহাবীর মৈদিয়া ও ফারস এ যে উভয় দেশকে

together under Cyrus. The goat was an emblem of the Macedonian, or Grecian empire; and the horn between its eyes was figurative of a future king of Macedon, Alexander the Great so distinguished, who should break up and put an end to the Medo-Persian empire. Alexander, it was further declared, would die young, and then his empire would be divided into four smaller kingdoms, under so many of his principal Generals. The precise meaning of the little horn was not so clearly explained, but it is supposed, on good grounds, to have a reference to the Romans.

At the time when Daniel saw this vision, the city and temple of Jerusalem were in ruins; but it was therein shewn him that they should shortly be rebuilt, and would remain during the successive Medo-Persian and Grecian monarchies. Then, after many years, the Romans would become a great people, and conquer nearly all the civilized countries of the world. It was also foretold that they would fight against Jerusalem and destroy it, and burn the second temple, and take away the daily sacrifice from the

সংযুক্ত করিলেন সে দুয়ের মিলিত রাজ্য বোধ হইল আর অজ যে সে মাকেদোনীয় কি না গ্রীকীয় রাজ্যের চিহ্নস্বরূপ আর দুই চক্ষুর মধ্যস্থিত তাহার যে এক শৃঙ্গ তাহা দ্বারা মহান্ এ উপাধি বিশিষ্ট সেকন্দর নামে বিখ্যাত মাকেদোনিয়ার এক উত্তর রাজাকে বুঝা গেল আর সেকন্দর ফারসি রাজ্য সর্ব্বতোভাবে ধ্বংস করিবেন আর তিনি যৌবন কালেই লোকান্তরগত হইবাতে তাঁহার অধীন যে চারি জন প্রধান সেনাপতি তাহারাই তাঁহার রাজ্য চারি অংশে বিভাগ করিয়া এক ২ জন এক অংশের ভূম্যাধিপতি হইবে তাহা সমস্ত ও জানা গেল। কিন্তু অত্যল্প যে শৃঙ্গের কথা কহা গিয়াছে ইহার দৃষ্টান্ত স্পষ্টরূপে ব্যাখ্যা করা গেল না অনুমান আছে সে রূমীয়দের সঙ্গে কোন সম্পর্ক রাখিয়া থাকিবে।

দানিএল যে সময় উক্ত ভাবিদর্শন পাইলেন সে সময় যিরূশালম পুণ্য নগর এবং তৎস্থিত মহা মন্দির উভয়েই উচ্ছিন্ন হইয়া পড়িয়া রহিয়াছে কিন্তু অল্প কালের মধ্যে তাহা পুনর্নির্ম্মিত হইয়া উঠিবে এবং ফারসীয় ও গ্রীকীয় এ দুই রাজ্য যত ক্ষণ থাকিবে তাহা ও ততক্ষণ থাকিবে স্বর্গদূত ইহা ও কহিলেন। আর অনেক বৎসরান্তে রূমীয়েরা অতি বর্দ্ধিষ্ণু মহাপরাক্রান্ত হইয়া উঠিবে এবং প্রায় জগতের তাবৎ সভ্য জাতীয়দিগকে পরাস্ত করিয়া রাখিবে আর যিরূশালম নগরকে আক্রমণ পূর্ব্বক উচ্ছিন্ন করিবে এবং পুনর্নির্ম্মিত মন্দিরকে ও ধ্বংস করিয়া তৎস্থিত যজ্ঞ বেদিতে যে আহ্নিক বলিদান করার ব্যব-

altar, and scatter the Jews over every part of the earth. Daniel was so much agitated on receiving such stupendous revelations from God respecting future times and by the knowledge of the severe afflictions that were coming upon his people and the world, that "he fainted, and was sick several days." At last, however, his habitual composure returned, and he arose and attended to the king's business, in the department with which he was entrusted.

CHAPTER XIII.

Preparations for the conquest of Babylon.

The time was now drawing near when Babylon must be destroyed. The Jews knew it, for it had been very plainly predicted by their prophets. They also knew that very soon after the conquest of Babylon, they should themselves be restored to their own country and dwell there in peace as before. They earnestly longed for the appointed time to arrive, for many of them were severely oppressed and much insulted by the Babylonians. They

হার ছিল তাহা স্থকিত করিয়া য়হুদিদিগকে পৃথিবীর তাবৎ দেশে তাড়াইয়া ফেলিয়া দিবে এই ২ কথা সমস্ত ও কহা গেল। অতএব দানিএল মুনি ঈশ্বরের ইচ্ছাতে পূর্ব্বোক্ত ভাবিবিষয় সকল এবং স্বদেশীয়দের ও তাবৎ জগজ্জনের যেরূপ বিষম দায় ও মহা বিপদ ঘটিবে তৎসমস্ত জ্ঞাত প্রযুক্ত খেদিত মন ও দুর্ব্বল হইয়া মূর্চ্ছাপন্ন হইলেন এবং কয়েক দিন শারীরিকে পীড়িত থাকিলেন। কিন্তু কিছু কালান্তে তিনি শান্তমন হইয়া রাজ কর্ম্ম নির্ব্বাহ করণে পুনরায় উদ্যত হইলেন।

---

১৩ অধ্যায়।

বাবুলন মহানগরে শত্রুভাবে যাত্রারম্ভ এবং তদাক্রমণোপায় চেষ্টার বৃত্তান্ত।

ঐশ্বিরক বিধান প্রমাণে বাবুলন মহানগর উচ্ছিন্ন হইবে যে কালে সে কাল প্রায় উপস্থিত হইয়াছে ইহা তৎকালীন য়হুদিদের অজ্ঞাত নহিল যেহেতুক আপনাদের সদেশীয় ভাবিবক্তৃগণ পূর্ব্বেতেই তন্নিয়ম সুস্পষ্টরূপে জানাইয়া ছিলেন আরো জানিল ঐ নগর শত্রুবশ হইলে পর আপনারা অত্যল্প দিনের মধ্যে স্বদেশে ফিরিয়া যাইয়া সেখানে দীর্ঘ কাল স্বচ্ছন্দে বাস করিবে। অতএব বাবুলনীয়েরা তাহাদের বহু ব্যক্তিকে নিত্য অপমান করত নানা ক্লেশ দিতেছে এ কারণ তাহারা নিয়মিত কালাপেক্ষায় অতি ব্যগ্রমন হইয়া থাকে এ সম্ভবে এতদ্ভিন্ন

could not, moreover, worship God, according to the forms of their religion, while away from Jerusalem; and this was a cause of deep sorrow to them.

It may probably have been about this time that a group of captive Jews, probably Levites, was one day seated by one of the rivers of Babylon, under the willows, whose long branches hung down into the water, enjoying the air and shade. Their harps, upon which, in former days, and in their native land, they had so often played triumphant and sacred songs, to the praise of their God, were now useless. They hung them upon the trees; and while the wind, passing over the chords, made melancholy music, they talked of their former happy days at Jerusalem which were thereby brought to mind. At the recollection of their ruined temple, and deserted homes, and murdered relatives and friends, they wept. A party of haughty Babylonians were passing at the instant, and said to the Levites, n a taunting manner, "Sing us one of the songs of Zion." They mournfully replied, "How shall we sing the Lord's song in a strange land?" and

য়িরূশালম নগর হইতে দূরস্থিত প্রযুক্ত রীতি বিধিমতে ঈশ্বরারাধনাদি নিত্য ধর্ম্ম ক্রিয়া করিতে না পারাতে তাহারা সদাই অতি উদ্বিগ্নমনাঃ হইয়া রহিল।

অনুমান সেসময় হইবে এক দিবস কি জানি লেবি গোষ্ঠীর কয়েক জন য়হূদি লোক বাবুলন নগরের অনতি দূরে একত্র হইয়া নদীকূলে রোপিত যে বাইশী বৃক্ষ সমূহের লম্বমান সপত্র ডাল সকল জলস্পর্শ করে তচ্ছায়ার তলে বায়ুসেবন করিতেছিল। আর আপনাদের যে বীণাদি বাদ্য যন্ত্র বাজাইতে২ তাহারা পূর্ব্ব কালে স্বদেশে থাকিতেই জয়গান পূর্ব্বক স্বপূজিত পরমেশ্বরের গুণসংকীর্ত্তন করিত সে সকল তৎকালে অনর্থকরূপেতে বৃক্ষডালে ঝুলিত হইয়া রহিল কিন্তু তন্ত্রেতে বায়ু যোগ হইবাতে করুণারসোত্থাপক যে ধ্বনি হইয়া উঠিল তৎশ্রবণে তাহারা পূর্ব্বকালীন স্ব২ মঙ্গল দশা প্রসঙ্গ করিয়া পরস্পরে কহাকহি করিতেছিল, এবং উচ্ছিন্ন মন্দির কি না ভজনালয় ও নির্জন বাস গৃহ সকল ও শত্রুসংহত জ্ঞাতি বান্ধবগণ সকলকে মনে মন করিয়া অশ্রুপাত পূর্ব্বক বিলাপ করিতেছিল। ইত্যবসরে পরম পরাক্রিমানি যে বাবুলনীয়েরা তাহাদের এক দল পথিক সে স্থানে হঠাৎ উপস্থিত হইয়া ঐ লেবিদের প্রতি পরিহাস করিয়া কহিল শুনরে নেটারা তোরদের সীয়ন নাম পুণ্যস্থানে গেয় কোন এক ধর্ম্ম গীত গান কর্ শুনি তাহাতে য়হূদিরা প্রত্যুত্তর করিয়া কহিল আমরা পরমেশ্বরোদ্দেশে গেয় গীত বিদেশেতে কেমন করিয়া

then feelingly exclaimed one and all, "If I forget thee, O Jerusalem, let my right hand forget her cunning; If I do not remember thee, let my tongue cleave to the roof of my mouth; if I prefer not Jerusalem above my chief joy."

God never wants suitable instruments for the accomplishment of his will. When therefore he had determined to punish the Jews for their oft-repeated idolatry and disobedience to his commands, he raised up Nebuchadnezzar to carry them into captivity in a foreign land; and now again, when the time of their release drew near, he raised up Cyrus, in like manner, to set them at liberty. The prophet Isaiah had foretold, nearly two hundred years before, that a person of this name should restore his captive countrymen to their native land, which prophetic announcement was thus accomplished. Cyrus was the son of Cambyses, king of Persia, by Mandane, daughter of Astyages, and sister of Cyaxares, both kings of Media. He was also distantly related to Belshazzar the then king of Babylon. He had been from a child of temperate, regular, and

গাইব?” আরো প্রত্যেকে বলিল “হে য়িরূশালম আমি যদি তোমাকেই বিস্মৃত হই তবে আমার দক্ষিণ হস্তও স্বদক্ষতা বিস্মৃত হউক তোমাকে যদি মনে না করি এবং আমার সর্ব্বোত্তম হর্ষের কারণ অপেক্ষাও তোমাকে যদি অধিক করিয়া না মানি তবে আমার জিহ্বা তালুকাতে সংলগ্ন হইয়া রহুক”।

ঈশ্বরের স্বেচ্ছা সম্পূরণার্থে উপযুক্ত পাত্র বিশেষের অভাব কখন হয় না অতএব য়িহূদিরা তাঁহার নিষেধ বাক্য না মানিয়া বারম্বার আজ্ঞা লঙ্ঘন করত যে রূপ মিথ্যা দেবপূজা করিয়াছিল তজ্জন্য পাপ প্রতিফল দিবার মানসে তিনি নবুখদ্‌নজ্জরকে উত্থাপন করিয়া পাঠাইয়া তাহাদিগকে বিদেশেতে বন্দি ভাবে আনাইয়া ছিলেন বটে কিন্তু শাপান্ত কাল হইলেই তিনি এ বার কুরস্‌ রাজা দ্বারা তাহাদিগকে পুনর্ম্মুক্ত করিতে স্থির করিলেন অতএব প্রায় দুই শত বৎসর হইল তিনি ইসাইয়া ভাবিবক্তা দ্বারা যাহা জানাইয়া ছিলেন বিশেষতঃ উক্ত নামধারি এক ব্যক্তি য়িহূদিদিগকে স্বদেশে ফিরিয়া আনাইবেন তাহা সে সময় সিদ্ধই হইল। আর দেখ কুরস্‌ যে ইনি কম্বুস্‌ নাম ফারসীয় রাজার ঔরসজাত রাজপুত্র ছিলেন তাঁহার মাতার নাম মান্দানী ইনি মেদীয়া দেশের অস্তুয়াগ্‌ রাজার কন্যা এবং কুযক্সর্‌ রাজার ভগিনী ছিলেন আর বাবুলনিয়ার তৎকালীন রাজার সঙ্গে ও কুরসের কোন সম্পর্কতা ছিল। তিনি বাল্য কালাবধি আহারাদিব্যাপারে মধ্যবিৎ আচারী এবং শিষ্ট শান্ত ও

industrious habits, which were common among the Persians of that period, although after their conquests, from the very great influx of wealth, they became, as usually happens, exceedingly proud, relaxed, indolent and luxurious.

Cyrus was now appointed general of the united Median and Persian troops, and spent many years in preparing for the conquest of Babylon. He first marched into the neighbourhood with his army, and by his prudence and address, contrived to draw off many of the allies of the Babylonians to his own party. He next subdued the adjacent country of Armenia, and entering Asia Minor, fought and conquered Crœsus, the rich king of Lydia, who was a friend and ally of Belshazzar ; and finally he became master of all western Asia, except only the city and country of Babylon.

When he had thus subdued all those kingdoms that could possibly afford any effectual aid to the Babylonians, in resistance to his premeditated attack, he then marched into Chaldea. Large additions had now been made to his army from the soldiers of the

সুখাসক্ত হইয়া আসিয়াছিলেন যেহেতুক তৎকালীন ফারসিরা প্রায় ঐ রূপ সুব্যবহারী মানুষ ছিল এ বিদিত কিন্তু পশ্চাতে তাহারা যুদ্ধে জয়ীভূত প্রযুক্ত নানাদেশের লুটিত ধনাদি বাহুল্য ভোগ করত অতিশয় দর্পিতমন ও ইন্দ্রিয়সুখাসক্ত হইয়া উঠিল।

অতএব ঐ কুরস্ মেদীয়া ও ফারস উভয় দেশের মিলিত সৈন্য সমূহের প্রধান সেনাপতি পদে নিযুক্ত হইলেন তাহাতে তিনি কিয়ৎ বর্ষ কালাবধি বাবুলনকে বশ করিতে নানা উপায়চেষ্টা করিয়া আসিতেছিলেন শেষে তিনি সসৈন্য হইয়া নিকটাগমন পূর্ব্বক বাবুলনীয়দের সহায়তা করিত যে অন্য২ দেশীয়েরা তাহাদের অনেককেই সুবুদ্ধিক্রমে স্বপক্ষে প্রবৃত্ত করিয়া রাখিলেন তৎপরে তিনি অর্ম্মেনিয়া দেশকে আক্রমণ করিয়া তন্নিবাসি দিগকে স্ববশে রাখিলেন আর আশিয়ার পশ্চিমে আছে যে লুদিয়া প্রদেশ তাহার ক্রেসুস্ নাম ভূপতিকে পরাস্ত করিলেন ঐ ক্রেসুস্ বাবুলনিয়ার বেল্‌শাসর নাম যে তৎকালীন রাজা তাঁহারি এক জন বন্ধু লোক হইয়া তাঁহার সহায়তা করিতে আসিয়াছিলেন। সর্ব্বশেষে তিনি আশিয়ারপশ্চিমে বাবুলন নগর ব্যতিরিক্ত আর২ যে দেশ প্রদেশ আছে তাহা সকলেতে জয়িভাবে অধিকারী হইলেন।

অতএব বাবুলনীয়দের সহায়ি গণ সমুদায়কে এরূপ পরাস্ত করিলে পুর তিনি বহুতর সৈন্য সহিত খল্দীয় দেশে আইলেন যেহেতুক পূর্ব্ব দমিত দেশ সকলের যোদ্ধৃ-

different nations that he had previously conquered. So it had been distinctly predicted by the two prophets, Isaiah and Jeremiah, that a great variety of people should come together to fight against Babylon, led on by the Median and Persian armies. Thus God had said, by the prophet Isaiah, when speaking of the Babylonians, (ch. xiii. 17.) "Behold I will stir up the Medes against them."—(ch. xxi. 2.) "Go up, O Elam; besiege, O Media."—(ch. xiii. 4, 5.) "The noise of a multitude in the mountains, like as of a great people; a tumultuous noise of the kingdoms of nations gathered together: the Lord of hosts mustereth the host of the battle. They come from a far country, from the end of heaven, even the Lord, and the weapons of his indignation, to destroy the whole land." By the prophet Jeremiah also He had said, "Lo, I will raise and cause to come up against Babylon an assembly of great nations from the north country: and they shall set themselves in array against her." (ch. l. 9.) It cannot but be observed how punctually these minute and positive prophecies were fulfilled!

দলকে স্বসৈন্যের সহিত মিলিত হইবাতে তাঁহার অতি-
শয় সৈন্য বৃদ্ধি হইয়াছিল। এ রূপেতে ইসাইয়া এবং
য়িরমীয়া ভাবি কথক দ্বয় পূর্ব্বে যাহা জানাইয়া ছিল
তাহাই সিদ্ধ হইল। যেহেতুক নানা দেশীয় লোক একত্র
হইয়া মেদীয় ও ফারসিদের সঙ্গে বাবুলনেতে শত্রুভাবে
আসিবে তাহারা এমন কথা স্পষ্ট রূপে কহিয়াছিল ফল
পরমেশ্বর ইশাইয়ার মুখে বাবুলনীয়দের প্রতি এ রূপ
প্রতিজ্ঞা করিয়া কহিয়াছিলেন যথা "আমি তাহাদের
প্রতিকূলে মেদীয়দিগকে উত্থাপন করিয়া আনাইব।"
আরো কহিলেন হে ইলাম্ কি না ফারস দেশ তুমি
চলিয়া গিয়া তৎপ্রতি আক্রমণ কর" এবং "হে মেদিয়া
দেশ তুমি ও তাহা সৈন্য বেষ্টিত করিয়া দেও পর্ব্বতীয়
পথে২ অতি জনতার শব্দ হইবে লোকারণ্যের কোলাহলে
জনিত ধ্বনি শুনা যাইবে একত্রীভূত নানা দেশীয় লোক
সমূহের রব শ্রুত হইবে কারণ সৈন্যের ঈশ্বর পরমেশ্বর
আপনিই যোদ্ধৃগণ সংগ্রহ করাইবেন তাহারা দূর দেশ
কি না পৃথিবীর সীমাস্থল হইতে আসিবে যেহেতুক বাবু-
লন দেশ সমুদয়কে সর্ব্বতোভাবে নষ্ট করিতেই পরমেশ্বর
দণ্ডদায়ি লোক সকলকে স্বকোপে সঙ্গে করিয়া আসি-
বেন।" আর য়িরমীয়া দ্বারা পরমেশ্বর এরূপ ভাবিবাক্য
কহিয়া জানাইয়াছিলেন যথা "আমি উত্তর দিক হইতে
অনেক দেশের লোককে উত্থাপন করিয়া বাবুলনের
প্রতিকূলে আগমন করাইব তাহাতে তাহারা তদ্বেষ্টন
করিয়া আক্রমণ করিবে"।

Belshazzar fought only one battle with Cyrus, in which he was overcome and put to flight, and was obliged, for his personal safety, to retire into the city. From that time, the gates of the city were kept shut, and the besieged Babylonians ventured out no more. Belshazzar had then reigned about fifteen years.

Nitocris, the mother of Belshazzar, had not been, from the first, inattentive to the proceedings of Cyrus. Proceeding with much foresight and skill, she had spared no pains in fortifying the city, and supplying it with a large store of provisions. She had likewise completed all those works of strength which Nebuchadnezzar had left unfinished, and had even caused a gallery or arched passage, to be made under the river, connecting the two palaces; so that even if the river and bridge should be occupied by an enemy, there might be a safe passage between the two parts of the city, for the transmission of intelligence and the crossing of troops as required. Daniel had, some time before this, returned to Babylon. The city of Shushan, with the province of

অতএব বেল্‌শাস্‌সার্‌ রাজা কুরসের সঙ্গে কেবল এক বার মাত্র যুদ্ধ করিয়া পরাজিত হইয়া পলাইয়া স্বরক্ষার্থে নগর মধ্যে প্রবিষ্ট হইলেন তাহাতে নিবাসিরা নগরের দ্বার সমস্ত রুদ্ধ করিয়া সে ক্ষণাবধি আর বাহির হইল না। বেল্‌শাস্‌সারের রাজ্যাভিষেক পর পঞ্চদশ বৎসরের মধ্যেই এতদ্‌ঘটনা হইল।

কিন্তু রাজার নিতোক্রিস্‌ নাম্নী মাতা যিনি তিনি প্রথমাবধি কুরস্‌ কিং করিতেছেন ইহাতে অনবধানী হইলেন না অতএব তিনি স্বাভাবিক দূরদর্শিতা গুণে প্রতিযুক্তি করিয়া যাহাতে নগরের দৃঢ়ভাব হয় তাহাতেই বহুচেষ্টান্বিতা হইয়া আহারের দ্রব্য বাহুল্য ও আয়োজন করিয়া ছিলেন। আর নবুখদ্‌নজ্জরের উপক্রান্ত মাত্র যেং দুর্গাদি শক্তকর্ম্ম তাহা সমস্ত সমাপন করিলেন। এতদ্ভিন্ন তিনি নদীর তলস্থলে পারাবার মাটী খননদ্বারা গুপ্ত এক খান খিলান পথ প্রস্তুত করাইয়াছিলেন ইহাতে লোকে সেই পথ দিয়া নূতন পুরাতন উভয় প্রাসাদ কিনা রাজবাড়ীতে নির্ব্বিঘ্নে যাতায়াত করিতে পারে এবং কোন কালে শত্রুগণ নদীকূলাগত হইয়া সাঁকোর পথ রোধ করিলেও নদীর উভয় কূলে স্থিত খল্দীয়েরা পরস্পরের সম্বাদ পাইয়া যথাকাল স্বং অনুকুলাচরণ করিতে পারে রাণীর এই মানস ছিল। তৎকালের কিছু পূর্ব্বে দানিএল মুনি শূশান্‌ নাম্ন নগরী ত্যজিয়া বাবুলনেতে ফিরিয়া আসিয়াছিলেন যেহেতুক ঐ নগরী যে প্রদেশের রাজধানী ছিল সে প্রদেশের অবুদাতি নাম দেশাধ্যক্ষ

which it was the capital, had been betrayed to the enemy by Abradates, the governor of the province, and united to the empire of Persia.

Many years before these events, that is, when the Chaldean soldiers were led on by Nebuchadnezzar, they were said to be "terrible and dreadful." They were, as is well known, celebrated for swiftness, courage, and cruelty. "Their horses were swifter than leopards, and fiercer than evening wolves." They had, we infer, a multitude of horsemen or mounted soldiers, who rushed upon their enemies "as the eagle darts upon its prey." The horses near the river Euphrates were a peculiarly fine breed of animals, spirited and fond of war, and so bold that neither the sight nor the roaring of the lion made them afraid.

But after the death of Nebuchadnezzar, the armies of the Chaldeans seem gradually to have lost their former courage. The probable cause of this was, that they had become luxurious and dissipated from the abundance of the spoils taken in war, and their strength and their bravery were

নিজ রাজপক্ষের বিপক্ষ হইয়া সভূমিখণ্ড নগরীকে শত্রু-হস্তে সমর্পিয়া দিয়া তাহা ফারস দেশের অন্তর্গত এক প্রদেশ করিয়া রাখিয়াছিল।

এতদ্ঘটনাকালের বহুকাল পূর্ব্বে অর্থাৎ রাজা নবুখদ্‌-নজ্জর্‌ বিদ্যমান থাকিতেই খল্দীয় সেনা গণ বড়ই ভয়ানক এবং প্রায় অদম্য ছিল বিশেষতঃ তাহারা সুদ্রুতগামী ও প্রচণ্ডসাহসী এবং ক্রূরস্বভাববিশিষ্ট এ কথা লোকতঃ প্রসিদ্ধ আছে আর তন্মধ্যে যে তুরঙ্গসাদী কিনা অশ্বা-রোহি সৈন্যেরা তাহারা "চিতাবাঘহইতে ও অধিক বেগগামী এবংসায়ংকালীন বেড়িয়া যায় যে নেকড়া বাঘ তাহা হইতে ও নিষ্ঠুর ছিল" সুতরাং উহাদের বহু২ অশ্বারূঢ় যোদ্ধৃগণ থাকিল বটে আর "উৎক্রোশ পক্ষী যেমন অন্য পক্ষিকে অতি বেগেতে উড়িয়া ধরিয়া খাইয়া ফেলে সেই রূপেতে তাহারা ও সবেগেতে শত্রুপ্রতি সাহস পূর্ব্বক আক্রমণ করিত। আর ইউফ্রেট্‌ নদী তীরস্থ দেশে উৎপন্ন যে ঘোটক জাতি সেও বড় তেজাল এবং সমরশীল আর "বৃহন্নাদকারি সিংহ দর্শন শ্রবণেও ভয় করে না" এমন সাহসী হয়।

কিন্তু নবুখদ্‌নজ্জর্‌ মহাপথের পথিক হইলে পর খল্দীয় সেনারা কালক্রমে তেজোনাশ পাওয়াতে হ্রস্ব-সাহস হইয়া উঠিল বুঝি ইহার এই কারণ থাকিবে তাহারা অনেককালাবধি যুদ্ধে লুণ্ঠিত দ্রব্য প্রাচুর্য্য প্রযুক্ত কেবল ইন্দ্রিয় সুখাসক্ত এবং বহুব্যয়শীল হইয়াছিল তাহাতে ক্রমে২ শারীরিক বলহ্রাস হওয়াতেই তা

now gone. After having been beaten in one or two battles with Cyrus, they never recovered courage to face the enemy in the field, but retired within the walls of Babylon. Jeremiah had foretold this cowardice of the Chaldean armies. "The mighty men of Babylon have forborne to fight, they have remained in their holds; their might has failed; they have become as women." (ch. li. 30.)

Thus this proud city, which had sent forth so many large and splendid armies, to subdue Jerusalem, and Tyre, and Egypt, and all the countries around, was now itself besieged. The gates of Babylon had often been thrown open to its victorious armies, returning with music and mirth, and bringing within its walls the treasures plundered from the weaker nations. But now as a sole and last protection against the attacks of a warlike enemy, they are closed, and barred and guarded. Thus it is, as the Scriptures declare, "They that take the sword shall perish by the sword." (Matt. xxvi. 52.)

Cyrus called a council of his principal officers to consult with them how he should carry on the siege.

হাদের মনস্তেজ ও সাহস ভাব ক্ষীণ হইয়া গেল অতএব কুরসের সৈন্যগণ সঙ্গে দু এক বার যুদ্ধ করিয়া হারিলে পর তাহারা আর শত্রুদর্শন সহিতে না পারিয়া একেবারে রণক্ষেত্র পরিত্যাগ পূর্ব্বক সপ্রাচীর নগর মধ্যে গিয়া থাকিয়া স্বরক্ষাই করিল কিন্তু খল্দীয়দের ঐরূপ সাহসাভাব হইবে উক্ত ভাবিকথক ইহা ও পূর্ব্বে জানাইয়া কহিয়াছিল যথা "বাবুলনের সুবলবান মহাবীরগণ যুদ্ধ করণে বিরত হইয়া দৃঢ়তর রক্ষাস্থলে রহিবে তাহারা ক্ষীণবল হইবে তাহারা স্ত্রীবৎ নিঃসাহস হইবে"।

এ রূপেতে পূর্ব্বে যে বাবুলনহইতে অসংখ্য সৈন্যদল বাহির হইয়া যিরূশালম ও তুর ও ঔপ্তপ্ত ও তন্নিকটবর্ত্তি নগর এবং দেশ সমস্তকে আক্রমণ করিতে বাহির হইয়াছিল সে এখন এমন বৃহন্নগর হইয়া ও স্বশত্রু দলে বেষ্টিত হইল। আর পূর্ব্বে খল্দীয়েরাই বারম্বার স্বশত্রুগণ দমন পূর্ব্বক বহুল লুটিত ধনাদি সঙ্গে করিয়া লইয়া রণস্থল হইতে ফিরিয়া আসিয়া জয়ধ্বনি ও বাদ্যোদ্যম করত স্বনগরের প্রসারিত শতেক দ্বার দিয়া প্রবিষ্ট হইত কিন্তু এখন দুঃসাহসিক শত্রু রোধার্থে এক উপায় মাত্র পাইয়া ঐ দ্বারের কপাট সকল দৃঢ়রূপে বদ্ধ করিয়াছে? শাস্ত্রেতে যেমন লেখেন "যাহারা খড়্গধারণ করে তাহারা খড়্গ দ্বারা মরে" তৎপ্রমাণে।

অতএব খল্দীয়েরা কোন কালে সংগ্রামার্থে নগর হইতে বাহির হয় না এনিমিত্ত কুরসের আজ্ঞামতে যোদ্ধৃসভার সভাস্থ প্রধান২ সেনাপতিরা একত্র হইয়া কিরূপ

under these circumstances. By their unanimous advice, he dug a ditch around the city; and having cut down many of the fine palm trees that grew in the neigbouring fields, with these he constructed towers, higher than the walls; hoping to take the city by throwing weapons therefrom into it, and at the same time directing his engines against the walls.

But this plan did not succeed. He then determined to keep his army before the city, until the inhabitants should be forced to surrender from the want of food. To starve the Babylonians, however, was an almost hopeless task; for they had, through the foresight of Nitocris the queen-mother, a sufficiency of provisions laid up for twenty years, and there were cattle and cultivated fields enough within the walls to supply them with as much more. The inhabitants felt therefore perfectly secure in their fortifications and abundant stores, and from the top of their walls even scoffed at Cyrus, and ridiculed all his attempts. When nearly two years had been spent in this manner, Cyrus learned that a great festival was shortly to be kept by the Babylonians, probably

পরিবেষ্টিত নগরকে আক্রমণ করিতে হয় ইহা জিজ্ঞাসা করিলেন তাহাতে সকলে একমন হইয়া কহিলে তিনি নগরের চতুর্দ্দিকে এক বড় গড়খাই করিতে আজ্ঞা দিলেন আর বহু২ তালাদি বৃক্ষচ্ছেদন করিয়া তৎকাষ্ঠ দ্বারা নগরের প্রাচীর অপেক্ষা ও উচ্চ অনেকানেক গড় নির্ম্মাণ করাইলেন ইহাতে সৈন্যেরা সেই২ গড়ে থাকিয়া নগরমধ্যে অনায়াসে অস্ত্রক্ষেপ করিতে পারে এবং বিশেষ যন্ত্রদ্বারা প্রাচীরকে ভাঙ্গিয়া দিতে পারে এ যুক্তি ছিল।

কিন্তু সে সকল উপায় নিষ্ফল হইল একারণ নিবাসিরা যাবৎ অনাহারে ক্ষীণাঙ্গ হইয়া নগর সমর্পিয়া বশ্য না হয় তাবৎ পর্য্যন্ত নগরের তচ্চতুর্দ্দিগে বসিয়া থাকিতে হয় এই স্থির করিলেন কিন্তু সেও অতি দীর্ঘকালের কর্ম্ম হইত যেহেতুক নগরনিবাসিরা রাণীর আজ্ঞাক্রমে বিশেক বর্ষাকালের ভক্ষ্যায়োজন করিয়াছিল এবং প্রাচীরের ভিতর স্থলে ও যত শস্যক্ষেত্র এবং গবাদি ভক্ষ্য পশু পাল ছিল তাহাদ্বারা বুঝি নিবাসিরা আরো বিশ বৎসরের মধ্যে অনাহার পাইত না অতএব খল্‌দীয়েরা শক্ত প্রাচীর এবং দুর্গাদিতে সুরক্ষিত হইয়া ঐ সঞ্চিত খাদ্য বাহুল্য প্রযুক্ত নিঃশঙ্ক হওত স্বচ্ছন্দে কালযাপন করিতেছিল কখন২ বা অনেকে প্রাচীরোপরে দাঁড়াইয়া কুরসের পক্ষে নানাবিধ পরিহাস করিতে২ তাঁহার ঐরূপ বহুশ্রম অবশ্য বৃথা হইবে ইহা কহিয়া নিন্দা করে কিন্তু যুগল বর্ষকাল এরূপেতে বহিয়া গেলে পর শুনা গেল বাবুলনায়ের।

in honor of one of their idols. He determined to attempt surprising the city at that juncture.

CHAPTER XIV.

Belshazzar's Feast—Babylon is taken by the Medes and Persians.

THE day of the festival at length arrived, and all was bustle and gaiety in Babylon. The inhabitants seemed to have forgotten that an enemy was at their very gates. It is probable they had been, from the morning, offering sacrifices to their idols; and towards evening had begun making preparations for spending the night in mirth and festivity. Belshazzar gave a splendid entertainment, to which he invited the princes of the empire, one thousand of his lords, his concubines and the ladies of his court.

Evening now came on. The skies in that delicious climate are, from the great equableness of its temperature, uncommonly brilliant and beautiful. Multitudes of stars are always visible through the clear atmosphere, the galaxy or milkyway, exhibits a broad belt of silver light, and the refulgent moon appears

কোন দেবোদ্দেশে এক মহোৎসব অনুষ্ঠান্ করিবে অত-এব কুরস্ এমন সম্বাদ পাইয়া আগামি পর্ব্ব সময়ে আচম্বিতে নগরকে আক্রমণ করিতে স্থির করিলেন।

১৪ অধ্যায়।

রাজা বেল্শাস্সার্ এক রাজভোজ দেন। মেদীয়রা ও ফারসিরা বাবুলননগরকে আক্রমণ করিয়া ধরে।

উৎসবকাল উপস্থিত হইলে পর বাবুলননিবাসি সকলে বহ্বাড়ম্বর পূর্ব্বক আমোদপ্রমোদ করণে আবিষ্টমন হইয়া শত্রুগণ নগরদ্বারে উপস্থিত আছে তাহা প্রায় বিস্মৃতই হইল অনুমান নিবাসিরা প্রাতঃকালাবধি স্বপূজিত দেবপুত্তলার উদ্দেশে বলিনৈবেদ্যাদি ত্যাগ করিয়া সন্ধ্যাযোগে মহোৎসবোপযুক্ত নানা দ্রব্যায়োজন পূর্ব্বক উল্লসিত মনে ভোজনাদি করত রজনী বঞ্চন করিতেছিল যেহেতুক বেল্শাস্সার্ ঐ রাত্রি এক দিব্য ভোজ প্রস্তুত করিয়া রাজকুমার বর্গ ও একসহস্রসংখ্যক কুলীন লোক ও রাজভোগ্যা এবং প্রধানাস্ত্রী সমূহকে নিমন্ত্রণ দ্বারা আহূত করিয়াছিলেন।

ঐ দেশের অনতিশয় উষ্ণানুষ্ণা জন্য বায়ুর প্রায় ইতর বিশেষ না হওয়াতে রাত্রিকালীন সূক্ষ্ম মেঘ সংহতির অতি মনোহর কান্তিশোভা হয় এবং সুস্বচ্ছ আকাশেতে তারাগণ অতি সুন্দর রূপে উজ্জ্বল হইয়া দর্শে আর গগণমণ্ডলের মন্দাকিনী কিনা ঘনাঘন অগণ্য তারাদ্যুতিবিশিষ্ট যে সুপ্রশস্ত পথ দেখায় সে প্রায় রূপার পাতিন্যায় দীপ্র হয় এবং চন্দ্রই প্রায়েশ্বরবৎ

like a queen in the heavens. The marble courts and richly furnished halls* of the palace were, notwithtanding the clearness of the night, richly lighted up with lamps of gold and silver; fountains were playing and sparkling, and numerous musicians tuning their various instruments. The lords and ladies were flocking together from different parts of the city towards the place of assembly. In one of the marble courts of the palace, or in some splendid hall hung with purple tapestry and supported by pillars, long tables were arranged for the guests; these were loaded with a variety of fruits and delicacies, and rich wines sparkled in silver goblets and crystal flagons.

Around these tables the company reclined on soft couches, listening perhaps to songs in praise of Belshazzar, or of some of his idols, accompanied by instrumental music. Belshazzar himself, probably, sat on a throne of ivory or gold, at the head of the apartment, clothed in the richest garments, covered with jewels, with a royal crown on his head, and a sceptre in his hand.

দেদীপ্যমান হইয়া দর্শায় কিন্তু অন্তরীক্ষের এমন স্তিমিতা কালেও রাজবাড়ীর চিক্কণ প্রস্তরময় আঙ্গনা সকল ও নানাবিধ দিব্য সামগ্রীপূরিত শালাসমূহ স্বর্ণরৌপ্যময় অনেকানেক দীপাধারে স্থিত দীপেতে সুদীপ্তই হইল স্থানে২ বা উন্নুইর জল বমকী দিয়া উঠিয়া ধারাপাত হইয়া পড়িতেছিল এবং বাদ্যকারিরা নানা বাদ্যযন্ত্রের সুর মিলাইয়া দিতেছিল ইত্যবসরে কুলীন কুলীনাগণ নগরের স্থান২ হইতে ত্বরিতগতিপূর্ব্বক রাজবাড়ীতে আ-গমন করিতেছিল আর বিশেষ কোনএক আঙ্গনাতে কিম্বা রক্তিমাবর্ণ বস্ত্রাচ্ছাদিত ও স্তম্ভবিশিষ্ট কোন এক দিব্য শালায় কি জানি আহূত ব্যক্তিদিগের ভোজ্য আহারাদি রাখিবার সুলম্বা অনেক কাঠের মঞ্চ প্রস্তুত করা গিয়া-ছিল তদুপরে ভূরি২ ফল পিষ্টক ইত্যাদি সুখাদ্য সঞ্চিত ছিল এবং রূপার পাত্রে ও কাঁসের বাটীতে স্থিত সুধাতুল্য দ্রাক্ষারস জল্‌জলে বিম্ব হইয়া উঠিতেছিল।

পরে নিমন্ত্রিত লোক সকলে ঐ মঞ্চের উভয় পার্শ্বে স্থিত দিব্য পটের শয্যা সমূহেতে শ্রেণী২ হইয়া উপ-বিষ্ট হইয়া কি জানি রাজার গুণাত্মক কিম্বা বেল্‌ দেবের স্তবার্থক কোন গীত সম্বলিত নানা বাদ্যরব শ্রবণ করিতেছিল অনুমান বেল্‌শাস্লার্ আপনি ও দিব্য পরি-চ্ছদপরিহিত ও বহুবিধ মনিমুক্তাদিবিভূষিত এবং রাজকিরীট দিয়া বেষ্টিতমস্তক ও রাজদণ্ডধারী হইয়া ভোজ শালার এক অন্তে স্থিরীকৃত গজদন্তের কিম্বা স্বর্ণের রাজসিংহাসনে উপবিষ্টই ছিলেন।

He continued to drink wine with his guests, and listen to their idle flatteries, till his mind became confused, and his heart more than usually lifted up with pride. Being thus quite prepared to perform any act of great folly and impiety, he madly commanded his servants to bring the gold and silver vessels which his grandfather Nebuchadnezzar had taken from the Jewish temple at Jerusalem, where they had been sacred to the worship of the One true God. When they were brought, Belshazzar and his guests "drank wine in them, and praised the gods of gold, and of silver, of brass, of iron, of wood, and of stone." They poured out libations too, it is likely, to these false gods, from the vessels which had been consecrated to Jehovah. This was no doubt intended as a direct insult to the God of the Hebrews, and it was speedily and awfully punished.

In the midst of his impious mirth the king happening to turn his eyes towards a part of the room opposite a brilliant chandelier, what was his astonishment when he saw, as it were, the fingers of a man's hand writing upon the wall, in characters quite

তাহাতে ঐ আমোদ শালায় কিছুকাল থাকিয়া রাজ-স্তোতা কিনা স্তুতিবাদকগণের স্তোত্র শুশ্রূষণ করত মদ্যপান করাতে তিনি বিহ্বলমনাঃ হইয়া ব্যবস্থতাপেক্ষা ও দর্পান্বিতান্তঃকরণ হইলেন অতএব সে দোষবশতঃ তিনি মূর্খের মত যে কোন দুষ্কর্ম্ম করিতে উদ্যমীভূত হইয়া আপন পিতামহ নবুখদ্‌নজ্জর যূদার য়িরূশালম নগরস্থ ভজনালয়েতে সত্য এক ঈশ্বরের সেবার্থে স্থাপিত যে স্বর্ণ রূপার পাত্রাদি অপহরণ করিযাছিলেন তাহা সমুদয় স্ববিদ্যমানে আনিয়া দিতে আজ্ঞা দিলেন আনীত পর বেল্‌শাস্সার ও নিমন্ত্রিত ব্যক্তি সমূহ তাহা২ লইয়া মদ্যপান করিয়া স্বর্ণ রৌপ্য পিত্তল লৌহ কাষ্ঠ পাষাণে নির্ম্মিত মিথ্যা দেবতাদের গুণ গাঁথনে উদ্যত হইল আর উহারা অদ্বিতীয় এক মাত্র সত্যেশ্বরের সেবার্থে প্রতিষ্ঠিত ঐ পাত্র লইয়া মিথ্যা দেবগণের উদ্দেশে কিয়ৎ মদ্যতর্পণ করিল এও সম্ভবে ইহাতে অনুমান হেব্রি-দের নিত্য সেবিত এক ঈশ্বরের পক্ষে অনাদর প্রকাশ করার মানস ছিল কিন্তু উহাদের এমন অকার্য্যের অতিভয়ানক দণ্ড দিবার কিছুই বিলম্ব হয় নাই।

তাহাতে দেখ রাজা ঐরূপ সকৌতুক ভোজ ভোজন কালেই আমোদশালার এক ভিতে থাকে যে এক বিশেষ দীপগাছ তাহার প্রতি হঠাৎ দৃষ্টিপাত করিয়া কি আশ্চর্য্য মনুষ্যের ন্যায় এক হস্ত প্রসারিত হইয়া প্রাচীর গায়ে লেখনীদ্বারা অক্ষর বিশেষ লিখিতেছে ইহা দেখেন কিন্তু লিখিত অক্ষর সুস্পষ্ট হইয়াও বাবুলনীয়দের

distinct yet unknown to and therefore unreadable by the Babylonians! So remarkable a circumstance was probably a sign, he thought, of some dreadful evils that were coming upon himself and his kingdom. He was much agitated by fear and anxiety; and "his countenance (Daniel v. 6-9.) was changed, and his thoughts troubled him, so that the joints of his loins were loosed, and his knees smote one against another. Then the king cried aloud to bring in the astrologers, the Chaldeans, and the soothsayers. And the king spake and said to the wise men of Babylon, Whosoever shall read this writing, and show me the interpretation thereof, shall be clothed with scarlet, and have a chain of gold about his neck, and shall be the third ruler in the kingdom. Then came in all the king's wise men; but they could not read the writing nor interpret it." This greatly increased the distress of the king. Some evil was threatened him, yet he could not imagine either the nature of it, or the time when it would be inflicted. A deadly paleness overspread his countenance, and his lords looked at each other in silent dismay.

ব্যবহৃত অক্ষরতুল্য নহে। তাহাতে রাজা ঐ রূপ অলৌকিক দর্শন দ্বারা আপনার এবং রাজ্যের বিপক্ষে আগামি কোন বিপদ সূচনা হয় ইহা সম্ভব জ্ঞান করিয়া অতিশয় ক্ষুব্ধমন এবং সংশয়যুক্ত হইলেন শাস্ত্রেতে লেখা আছে ;" তিনি বিকৃতমুখ ও ব্যাকুলমনাঃ হইলেন এবং তাঁহার কঙ্কালের গ্রন্থিদ্বয় ভয়েতেই অবশ হইবাতে দুই জানু পরস্পরে লাগিয়া ঘনাঘন কাঁপিয়া রহিল। পরে রাজা উচ্চৈঃস্বরে ডাকিয়া খল্‌দীয় কিনা জ্যোতির্বেত্তা ও দৈবজ্ঞ ও জানগণকে উপস্থিত করিতে আজ্ঞা দিলেন এবং রাজা বাবুলনস্থ জ্ঞানিদের প্রতি আজ্ঞা দিয়া কহাইলেন তোমাদের যে কেহ এ লিখিত অক্ষর পড়িতে পারিয়া তাহার ভাবার্থ জানাইয়া দিবে সে রক্তবর্ণ দিব্যবস্ত্র পরিহিত এবং গলায় স্থিত স্বর্ণের হারবিশিষ্ট হইয়া তাবৎ রাজ্যের তৃতীয় কর্তৃপদে নিযুক্তই হইবে তাহাতে রাজার অধীনে আছে যে জ্ঞানী সকল তাহারা বিদ্যমানে আগত হইল কিন্তু লিখিত অক্ষর পড়িতে এবং তদর্থ বুঝাইতে কোন ক্রমে পারিল না" এ নিমিত্ত রাজার মনোদুঃখ আরো বাড়িল আর অদ্ভুত লিখনে আপনার প্রতি কোন দৈব তাড়না বোধ হইলেও ইহার বিশেষ ভাব বুঝিতে এবং সে কত কালের মধ্যেই বা ঘটিবে ইহা জানিতে না পারাতে তিনি প্রায় মৃত ব্যক্তির ন্যায় বিবর্ণবদন হইলেন তাহাতে রাজসভাস্থ কুলীনেরা পরস্পর মুখ দর্শন মাত্র করত অতিত্রস্তমন হইয়া রহিল।

Belshazzar had spent his life in luxury and pleasure, thinking little of the welfare of his subjects, and not paying much attention to any of his duties. His mind too, was weakened by folly and intemperance, and his conscience now reproached him for past wickedness. He was, therefore, but little prepared for such a scene as this.

Meanwhile a messenger went for the queen-mother Nitocris, who was a woman of too much dignity and propriety of character to be willingly present on such an occasion of ill-timed and intemperate festivity as this. She was accustomed to look difficulties and dangers in the face, and had, of course, more courage and presence of mind than her son. Hence, addressing him in the usual way, (Dan: v. 10-12) "O king, live for ever;" she added, "let not thy thoughts trouble thee, nor let thy countenance be changed! There is a man in thy kingdom, in whom is the spirit of the holy gods; and in the days of thy father, light and understanding and wisdom, like the wisdom of the gods, was found in him; also the king Nebuchadnezzar, thy father, made him master

আর বেল্‌শাস্সার্‌ কেবল উদরাদি পরায়ণ ও সুখসেবী হইয়া আয়ুঃক্ষেপ করত প্রজাগণের মঙ্গলার্থে প্রায় অচেষ্টিত এবং সর্ব্বতোভাবে রাজধর্ম্মভ্রষ্টই ছিলেন আর বিদ্যাভ্যাসাভাব ও নিত্য মদ্যপানাদি বশতঃ তিনি হতবুদ্ধি ও হইলেন এবং স্বকৃত দুষ্কর্ম্মদোষ প্রযুক্ত মনেমন ভাবনাবিষ্টই ছিলেন এ ও সম্ভবে অতএব উক্ত দৈবঘটনাতে তিনি অস্থিরচিত্ত কেমন না হইবেন।

তাহাতে এক জন রাজদূত নিতোক্রিস্‌ নাম্নী রাজমাতৃকে সম্বাদ দিয়া ডাকিতে গেল যেহেতুক ইনি সুশীলা স্ত্রী হইয়া আত্মমান যেন রাখেন এ জন্য ঐ ভোজ শালায় উপস্থিতা ছিলেন না আর ইনি বিপদকালেও অভয়া এবং দায়ে ঠেকিয়াই অচঞ্চলা প্রযুক্ত স্বপুত্রাপেক্ষা সাহসান্বিতা এবং মনস্থৈর্য্যবিশিষ্টা ও ছিলেন ইহাতে সন্দেহ নাই। অতএব রাণী আগতা হইয়া পূর্ব্বদেশীয় রাজাগণের পক্ষে ব্যবহৃত সম্বোধন বাক্য প্রয়োগ করিয়া কহিলেন "হে রাজন্‌ আপনি চিরজীবী হউন আপনি নিশ্চিন্ত হউন এবং মুখ [illegible] যেন না হউক যেহেতুক আপনকার রাজ্যনিবাসি এক জন ধর্ম্মময় দেবাত্মাবিষ্ট লোক আছেন আর আপনকার পিতার জীবদ্দশাকালেও সে লোকের ধীপ্রভা ও বুদ্ধি ও দেবগণের তুল্যজ্ঞান প্রকাশ পাইল এবং তাঁহার উত্তমোত্তম প্রকৃতি ও জ্ঞানবিশিষ্টতা ও ধীমত্তা ও স্বপ্নার্থকারিতা ও গূঢ় কথা প্রকাশিকা শক্তি ও সন্দেহ ভঞ্জকতা এ সকল ও পাওয়া গেল এ নিমিত্ত আপনকার পিতা

of the magicians, astrologers, Chaldeans and soothsayers: forasmuch as an excellent spirit, and knowledge, and understanding in interpreting of dreams, and showing of hard sentences and dissolving of doubts, were found in the same Daniel, whom the king named Belteshazzar; now let Daniel be called, and he will show the interpretation of the writing."

Accordingly Daniel was called. As he entered and walked composedly through the hall, all eyes were turned upon him in fear and silence. Daniel was then a venerable man, of nearly ninety years of age. Most of his life had been spent in the service of the kings of Babylon, and he was probably at that time also employed by the queen-mother Nitocris, although king Belshazzar did not seem to know him. Like other weak and wicked princes, Belshazzar was more familiar, it should appear, with his gay and trifling companions, than with those worthy persons who attended to the serious business of his empire. Be that as it may, he now said to Daniel, (v. 13-16,) "Art thou that Daniel,

রাজা নবুখদ্‌নজ্জর্‌ তাঁহাকে মায়াবী ও জ্যোতির্বেত্তা ও গণক ও দৈবজ্ঞাপক গণের মধ্যেই প্রধান বলিয়া নিযুক্ত করিয়া তাঁহার দানিএল নাম ফিরিয়া বেল্টি-শাস্সার্‌ নাম রাখিয়া দিলেন অতএব সেই দানিএলকে ডাকিতে আজ্ঞা হউক সুতরাং তিনিই লিখনের অর্থ জানাইতে পারিবেন।"

অতএব রাণীর এরূপ বাক্য প্রমাণে দানিএলকে ডাকা গেল তাহাতে তিনি আগত হইয়া ধীরে২ ভোজ শালায় প্রবিষ্ট হইতে২ সর্ব্বজনে তাঁহার পানে স্থির দৃষ্টি করত ভয়পূর্ব্বক অবাক্‌ হইয়া রহিল। ঐ দানিএল তৎকালীন প্রায় নব্বই বৎসরবয়স্ক হইয়া অত্যার্য্য মানু-ষকে দেখাইলেন আর তিনি ক্রমাগত অনেক বাবুলনীয় রাজাদের অধীনে ও রাজকর্ম্ম করত আয়ুর অধি-কাংশ কাটাইয়া আসিয়াছিলেন এবং যদ্যপিও রাজা বেল্‌শাস্সার্‌ তাঁহাকে চিনিলেন না তথাপি তিনি রাজ-মাতৃ নিতোকৃস্‌ রাণীর আদেশক্রমে তৎকালেও কোন মহাপদে নিযুক্ত ছিলেন এমন অনুমান আছে বুঝি বেল্‌-শাস্সার্‌ আর২ অল্পবুদ্ধি ও দুষ্টস্বভাব রাজগণের ব্যব-হারানুসারে কেবল বস্ত্রবিলাসী ও অনর্থক ব্যাপারি রাজসখাগণের সহিত নিত্যালাপ করাতে উহাদেরি এক২ জনের ডৌলাদি উত্তমরূপে চিনিয়া ও সুভারি রাজকর্ম্মকারী ধীর ব্যক্তিদিগের মুখাকৃতি প্রায় বিস্মৃত ছিলেন কিন্তু সে যাহা হউক তিনি দানিএলকে দেখিয়া জিজ্ঞাসিলেন "মৎপিতা মহারাজ রাজা নবুখদ্‌নজ্জর্‌

who art of the children of the captivity of Judah, whom the king my father brought out of Jewry? I have heard that the spirit of the gods is in thee, and that light, and understanding, and excellent wisdom are found in thee. And now the wise men, the astrologers, have been brought before me, to read this writing, and make known to me the interpretation thereof: and they cannot. But I have heard of thee, that thou canst make interpretations and dissolve doubts: now if thou canst read this writing, and make known to me the interpretation thereof, thou shalt be clothed with scarlet, and have a chain of gold about thy neck, and shalt be third ruler in the kingdom" Daniel replied—(v. 17-23,) "Let thy gifts be to thyself, and give thy rewards to another; yet will I read the writing, and make known to the king the interpretation. O king, the most high God gave Nebuchadnezzar thy father a kingdom, and majesty, and glory, and honour. And because of the majesty that He gave him, all people, nations, and languages trembled and feared before him: whom he would he slew; and

য়ূদা দেশহইতে যে য়িহুদিদিগকে বন্দিভাবে আনাইয়া দিলেন উহাদের দানিএল নামে প্রসিদ্ধ যে এক জন তুমি না কি সেই? তোমার বিষয়ে শুনিয়াছি তুমি দেবতাদের আত্মাবিষ্ট এবং ধীপ্রভ ও বিজ্ঞ ও উত্তম বুদ্ধিমন্ত আছ অতএব সম্প্রতি এ যে লিখন দেখিতেছ তদক্ষর পাঠ করিয়া অর্থ জানাইতেই জ্ঞানিরা ও দৈবজ্ঞ সকল আমার বিদ্যমানে প্রস্তুত হইয়াছে কিন্তু ইহারা তদর্থ জানাইতে পারিলেন না শুনিয়াছি তোমার গূঢ়ার্থ বুঝাইবার ও সন্দেহভঞ্জনের বিশেষ শক্তি আছে অতএব তুমি যদি এ অক্ষর পড়িয়া লিখনের গুপ্তভাব জানাইতে পার তবে তুমি দিব্য বস্ত্রপরিহিত এবং সোণার হারে বিভূষিতগলা হইয়া তাবৎ রাজ্যের তৃতীয় কর্ত্তৃপদে নিযুক্ত হইবা।" তাহাতে দানিএল উত্তর দিয়া কহিলেন "তোমার দান সমস্ত তোমারি হউক এবং পারিতোষিক সকল অন্যকে দেওয়া যাউক তভু আমি এ লিখিত অক্ষর পড়িয়া বুঝিয়া রাজাকে তদর্থ জানাইয়া দিব হে রাজন্ সর্ব্বমহীয়ান্ যে পরমেশ্বর তিনি তোমার পিতা রাজা নবুখদ্‌নজ্জরকে রাজ্যভার দিয়া তাঁহাকে অতি প্রতাপবিশিষ্ট ও গৌরবান্বিত ও মর্য্যাদাবন্ত করিয়া রাখিয়া দিলেন আর তাঁহাকে যত পরাক্রম দেওয়া গেল তৎপ্রযুক্ত সর্ব্বদেশীয় ও সর্ব্বজাতীয় ও সর্ব্বভাষাভাষি লোক সমুদায় তাঁহাকে আদর, ভয় করিয়া রহিল তাহাতে তিনি স্বেচ্ছামতে যে কোন ব্যক্তিকে প্রাণে নষ্ট করিতেন এবং

whom he would he kept alive; and whom he would he set up; and whom he would he put down. But when his heart was lifted up, and his mind hardened in pride, he was deposed from his kingly throne, and his glory was taken from him. And he was driven from among the sons of men; and his understanding was made like that of the beasts, and his dwelling was with the wild asses; he fed upon grass like oxen, and his body was exposed to the dews of heaven; until he knew that the most high God ruleth in the kingdom of men, and that *He* appointeth over it whomsoever He will. Yet thou his son, O Belshazzar, hast not humbled thy heart, though thou knewest all this; but hast lifted up thyself against the Lord of heaven; and (at thy command) they have brought the sacred vessels of His house before thee; and thou, and thy lords, thy wives, and thy concubines, have drunk wine in them; and thou hast praised the gods of silver and gold, of brass and iron, wood and stone; which see not, nor hear, nor know: and the God in whose hand thy breath is, and whose are all thy

স্বেচ্ছামতে যে কাহাকেও বাঁচাইয়া রাখিতেন আর আপন ইচ্ছানুসারে এক জনকে উন্নত করিয়া অন্য জনকে অপদস্থই করিতেন কিন্তু শেষে তাঁহার অহঙ্কার দোষে মনঃস্ফীতি হইলে এবং ঐ দর্পদোষে তাঁহার অন্তঃকরণের কঠিনভাব ও হইলে তিনি রাজ সিংহাসনভ্রষ্ট হইলেন এবং তাঁহার সর্ব্বতোভাবে সম্ভ্রমনাশ ও হইল তাহাতে তিনি মানবগণ হইতে দূরীকৃত হইয়া এবং পশুবৎ স্বভাব পাইয়া মনুষ্যদের রাজ্যেতেই কেবল পরাৎপর মহীয়ান পরমেশ্বর মাত্র প্রধান হইয়া আপনার মনোনীত ব্যক্তিকেই তাহা ভার করিয়া দেন এতদ্বোধ যাবৎ না করিলেন তাবৎ তিনি আকাশপতিত শিশিরে সিক্তশরীর হইয়া বন্য গর্দ্দভাদি গণের সহবাসেতে রহিলেন এবং গরু বলদের ন্যায় তৃণ মাত্র ভক্ষণ করিতেন কিন্তু হে বেল্শাসার্ তুমি তাঁহার পুত্র হইয়া এবং উক্ত বিষয় সকল শুনিয়া জানিয়াও বিনম্রমন হও নাই বরঞ্চ স্বর্গবাসি ঈশ্বরের বিপক্ষে বড়াই করিযাছ এবং তাঁহার মন্দিরের পুণ্য পাত্র সকল আপনার বর্ত্তমানে আনাইয়া দিলে আপনি এবং রাজরাণী ও রাজভোগ্যা ও কুলীন লোক সকলেই তাহা দিয়া মদ্যপান করিয়াছ আর তুমি রৌপ্য ও স্বর্ণ ও পিত্তল ও লোহা ও কাষ্ঠ ও পাষাণ এ সকল দ্রব্যেতে নির্ম্মিত ও দর্শন শ্রবণ শক্তিবর্জ্জিত ও জ্ঞানবিহীন যে ২ দেবমূর্ত্তি তাহাদেরি স্তবস্তুতি করিয়াছ কিন্তু যে ঈশ্বরের হস্তবশতঃ তোমার প্রাণরক্ষাই হয় এবং যাঁহার আজ্ঞামতে তোমার সকল

ways, hast thou not glorified." The part of the hand then vanished from the wall, and Daniel read and explained to the king the writing that was left. The writing was MENE, MENE, TEKEL, UPHARSIN: Of which "This," (v. 26-28,) said Daniel, "is the interpretation :—'MENE; he hath numbered;' God hath numbered thy kingdom, and finished it: 'TEKEL; he hath weighed;' Thou art weighed in the balances, and art found wanting: 'PERES, or UPHARSIN; they divide;' Thy kingdom is divided, and given to the Medes and Persians."

During these occurrences within the palace, Cyrus and his soldiers were busy at their work without the city. He had separated his army into two divisions, under the command of Gobryas and Gadates, two Chaldean noblemen, who having been cruelly treated by the king of Babylon, had deserted their native colours and gone over to the Persians. One of these divisions was sent to the lower part of the city, where the river leaves the walls; the other was posted at the northern part, where it enters the city. Although the Euphrates was in this place

গতি হয় তাঁহাকেই আদর সম্মান কর নাই।” মুনির এরূপ বাক্যান্তে প্রাচীরেতে সংলগ্ন হস্তের হঠাৎ অন্তর্ধান হইলে ইনি তল্লিখিত গূঢ়াক্ষর পাঠ করিয়া রাজাকে তদর্থ জানাইয়া দিলেন। লিখনটা ছিল এরূপ যথা “মেনে২ টেকেল্ উফার্শিন্” ইহার ভাব বা এরূপ বুঝাইলেন যথা “মেনে২ অর্থাৎ গণনা করিয়াছেন ফল ঈশ্বরই তোমার রাজ্যের স্থিতিকাল গণনা করিয়া এখনি তাহার শেষ করাইলেন; আর “টেকেল্” অর্থাৎ তৌল করিয়াছেন ফল তোমার কর্ম্ম বিচার করা গেলে ঈশ্বর তোমাকে ক্ষুদ্রবোধ এবং দুষ্টজ্ঞান করিয়াছেন; আর “উফর্শিন” অর্থাৎ বিভক্ত করিয়াছেন যেহেতুক পরমেশ্বর তোমার রাজ্যকে দ্বিভাগ করিয়া তাহা ২ মেদীয় ও ফারসিদিগকে সমর্পণ করিয়াছেন।”

কিন্তু ইত্যবসরে কুরস্ নগরের বহির্দিগে স্বসৈন্য সহিত পরিশ্রম করত তদাক্রমণে প্রায় উদ্যত হইলেন এতদ-ভিপ্রায়ে তিনি স্বসেনাগণকে দ্বিখণ্ড করিয়া গোব্রিয়া এবং গাদাতিস্ এই ২ নামধেয় যে দুই জন খল্‌দীয় কুলীন লোক স্বরাজার দৌরাত্ম্য আর সহিতে না পারিয়া পলা-য়ন করিয়া ফারসিদের পক্ষপাতী হইয়াছিল তাহা-দিগকে এক২ খণ্ডের অধিপতিপদে নিযুক্ত করিলেন তাহাতে নদীস্রোত নগরের প্রাচীর তলে যে দিগে বাহির হয় সেই দিগে এক দলকে স্থাপিত করা গেল এবং নদী যে উত্তর দিগে নগরেতে প্রবিষ্টই হয় সে দিগে অন্য দল স্থিত হইল। তাহাতে নদীর সেইস্থলে

a quarter of a mile broad, and twelve feet deep yet Cyrus had determined to draw off its waters into the great lake that lay west of Babylon, and into the trench which he had, as we have related, caused to be dug around the city. He therefore sent some of his men to break down the embankments between the river and the canal which connected it with the lake, and others to let out the water into the trench. A part soon rushed through the canal into the lake, and the rest, winding through the trench, emptied into its former channel below the city. Thus the bed of the river, within the Town, soon became dry, and the two divisions of Cyrus's army entering at opposite ends of the city, proceeded to the king's palace in the centre where they were to meet.

Many of the inhabitants having been passing from one side of the river to the other to join in parties of pleasure, the gates leading from the river had, in the hurry and confusion, been left open. By this oversight, the Persians found an unobstructed admittance, and as the citizens were of course unarmed, and many of them intoxicated or asleep,

প্রায় নয় শত হাত পরিমাণ চৌড়াই এবং দ্বাদশ পাদ গাম্ভীর্য্য হইলেও কুরস্ স্ববুদ্ধিতে নগরের পশ্চিম দিগে যে বৃহৎ জলাশয় আছে এবং তচ্চতুর্দ্দিগে যে বড় গড়খাই খনন করা গিয়াছিল তদুভয়েতে নদীর তাবৎ জল নিষ্কাশন করিয়া নদীপথ শুষ্ক করিতে স্থির মানস করিলেন। অতএব নদী এবং সরোবর এ উভয় সংযোগকারি কৃত্রিম নালার মুখে যে সেতু কিনা মাটীর বাঁধ আছে তাহা কাটিয়া ফেলিতে কিয়ৎ ব্যক্তিদিগকে পাঠাইলেন এবং অন্য দলকে গড়খাইরও এক পার্শ্বস্থলের মাটী কাটিতে আজ্ঞা দিলেন। এরূপেতে নদীর সমস্ত জল দ্বিখণ্ড হইবাতে এক ভাগ ঐ নালা দিয়া সরোবরেতে বহিয়া পড়িল অন্য ভাগ গড়খাই দিয়া পূর্ব্বকার স্ববহন পথে পড়িয়া গেল তাহাতে নদী তৎকালীন নগরের মধ্যস্থল দিয়া যে পথে বহে সে একেবারে নির্জ্জল হইয়া গেল এবং দুইদিগে দুই দল শত্রুসেনা সে শুষ্কীভূত পথ দিয়া এককালে নগরেতে অনায়াসে প্রবিষ্ট হইয়া মধ্যস্থলে স্থিত রাজবাড়ীতে গিয়া মিলিল।

আর দেখ বহু জন নগরনিবাসী ঐ রাত্রির নিয়মিত আমোদ প্রমোদ ভুঞ্জনার্থে স্থানে২ ভিড় হইয়া নদীর উভয় পারে গমনাগমন করিতেছিল এবং অতিশয় হুড়াহুড়িতে সকলেই অসাবধান হওয়াতে তীরস্থ দ্বার সমস্ত অমনি অবরুদ্ধ রহিল আর নগরের লোক সমুদায় নিরস্ত্র এবং প্রায় মদে বিহ্বল অথবা সুপ্তবৎ হইয়া ছিল এনিমিত্ত স্পারসিরা কিছু মাত্র ব্যাঘাত না পাইয়া সোজাসোজি

they marched without opposition directly to the palace. The gates of the palace, which were strongly fortified, were shut, and the guards on the outside, apprehending no danger, were drinking near a blazing light, when the Persians suddenly rushed upon them with drawn swords. The noise of men shouting and fighting was soon heard within the palace. One would have thought that Belshazzar, who had just heard Daniel explain the hand-writing on the wall, might have suspected the truth; but God had apparently sent infatuation upon him and all his subjects. He madly ordered the gates of the palace to be thrown open, that he might discover the cause of the tumult without. Instantly the Persians rushed in. The king drew his sword, but intemperance and fear had left him little presence of mind or strength to defend himself; he was therefore soon killed, with all his family and nobles. The Babylonians were commanded to retire to their houses; and all who were seen in the streets were slain by the soldiers of Cyrus. Cyrus immediately began to govern in the name of

করিয়া রাজবাড়ীতে গমন করিল। ইত্যবসরে তথা-
কার প্রহরী কিনা রক্ষকগণ প্রবেশ পথে আছে যে
বড় খান শক্তদ্বার তাহা বাঁধিয়া দিয়া বহির্দ্দিগের বৃহদ-
গ্নিকুণ্ড নিকটে বসিয়া রহিয়া মদ্যপান করিতেছিল।
কিন্তু শত্রুরা হস্তে২ খড়্গ করিয়া হটাৎ উপস্থিত হইয়া
আক্রমণ করাতে একেবারে কাটাকাটি ডাকাডাকির
মহারব উঠিয়া যাহারা রাজবাড়ীতে আছে তাহাদেরি
কর্ণগোচর হইল। আর প্রায় সেইক্ষণে রাজা বেল্‌শাস্সার্
মুনির প্রথাৎ ভিত্তিতে লিখিত ঐ দৈবতাড়নাবাক্যের
অর্থই শুনিলেন কিন্তু কি অবুদ্ধি তিনি এমন সুস্পষ্ট প্রত্যা-
দেশ পাইয়াও ঐরূপ সমররব শুনিবা মাত্র শত্রুরা
আক্রমণ করিতেছে এতদ্বোধ করেন নাই বরঞ্চ বুঝি
দৈবযোগে তাঁহার এবং লোকসমূহের এককালে জ্ঞান-
লোপ হইলে তিনি শ্রুত ধ্বনির হেতু জানিবার নিমিত্ত
দ্বার খুলিতে আজ্ঞা দিলেন। খুলিবা মাত্র ফারসিরা
সবেগে প্রবিষ্ট হইল তাহাতে রাজা নিমিষেকে খড়্গ
বাহির করিলেন কিন্তু মদে বিহ্বল ও ভয়াপন্ন প্রযুক্ত
অস্থিরচিত্ত এবং হৃস্ববল হইয়া স্বরক্ষা করণে অক্ষম
হইবাতে তিনি অবিলম্বে কুলীনবর্গ সহিতে সপরিবারে
প্রাণে নষ্ট হইলেন। ততঃপরে বাবুলনীয়েরা স্ব২
গৃহভ্যয়ন্তরে থাকিবে এবং কোন কেহ বাহির হইলে
সে প্রাণে দণ্ডিত হইবে এমন রাজাদেশ ঘোষণা করা
গেল তাহাতে কুরস্ আপনাকে স্বমাতুল কুয়ক্সরে-
সের প্রতিনিধি বলিয়া রাজ্যশাসন করিতে আরম্ভিলেন।

his uncle Cyaxares, who by the Babylonians was called Darius the Mede.

Cyrus celebrated his victory by a triumphal procession, a feast, and games. But being, notwithstanding his many excellent qualities, a heathen, and ignorant of the one true God, he offered his sacrifices to idols, instead of praising the God of Israel, who alone had caused his success. After this, he went to Persia, to see his parents; whence taking a journey into Media, he married the daughter of his uncle Cyaxares. By this marriage he became heir to all the possessions of his uncle. When he returned to Babylon, Cyaxares accompanied him; for Cyrus chose to yield him the first place in the kingdom. He accordingly reigned, under the name of Darius, two years, over the whole empire of Media and Persia, which was as large as the Babylonian had been, Cyrus retaining only the command of the army.

কিন্তু বাবুলনীয়েরা কুয়ক্‌সরেসের মেদীয় দারিয়ুস্ এতন্নাম রাখিয়া দিল।

পরে কুরস্ ঐরূপ বিশিষ্টজয়ী হইয়া লোকের সমারোহ পূর্ব্বক মল্লক্রীড়া ইত্যাদি কৌতুকসম্বলিত মহোৎসব অনুষ্ঠান করিতে আদেশ দিলেন আর আপনার তন্মঙ্গলের এক দাতা অদ্বিতীয় ঈশ্বরকে অজ্ঞাত প্রযুক্ত তিনি উত্তম গুণে গুণী হইয়া ও কেবল মিথ্যা দেবমূর্ত্তির উদ্দেশে বলি নৈবেদ্যাদি উৎসর্গ করিয়া দিলেন। তত্ঃপরে তিনি পিতামাতার সাক্ষাৎ করিতে স্বদেশে ফিরিয়া গেলেন এবং কতকালান্তরে মেদীয় দেশে গিয়া তদ্দেশীয় নিজ মাতুল কুয়ক্‌সরেসের এক কন্যাকে বিবাহ করিলেন এরূপেতে তিনি মাতুলেরও উত্তরাধীকারী হইলেন। কিছু কালান্তে তিনি ঐ মাতুলকে প্রধানরূপে মান্য বোধ করিয়া তাঁহাকে সঙ্গে করিয়া বাবুলনেতে ফিরিয়া আইলেন তাহাতে আপনি সৈন্যাধ্যক্ষ পদ মাত্র প্রাপ্ত হওয়াতে ঐ দারিয়ুস্ একা বাবুলনিয়ার তুল্য প্রশস্ত যে মেদিয়া ও ফারস উভয় দেশের রাজ্য তাহা ভোগ করিতে উদ্যত হইলেন কিন্তু দ্বিবৎসরকালান্তে তিনি পীড়িত হইয়া মরিলেন।

CHAPTER XV.

Daniel is made first president of the kingdom of Darius—His prayer—He is visited by the angel Gabriel, who reveals future events.

On the arrival of Cyrus and Cyaxares at Babylon, they arranged the management of the empire, by dividing it into one hundred and twenty provinces. In each of these provinces they placed a governor, who was selected from among the principal officers in the army of Cyrus. Three presidents were appointed over these governors, who were to reside at the court of king Darius. It was their business to receive from the governors accounts of the state of their provinces; to give them such advice and directions as they thought proper, and to forward to them the orders of their king. Darius heard that Daniel had interpreted dreams, and explained the hand-writing on the wall, that he was skilful and faithful in the affairs of government, and the wisest man in the whole empire. He therefore appointed him one of the presidents, and gave him power over both the

১৫ অধ্যায়।

দারিয়ুস্ রাজাকর্ত্তৃক দানিএল মুনির প্রধান মন্ত্রিপদে নিয়োগ— মুনির প্রার্থনাবাক্য—স্বর্গদূত সাক্ষাদ্দর্শন দিয়া তাঁহাকে ভাবিজ্ঞান দেন।

কুরস্ এবং কুয়ক্সরেস্ দুই জনে উক্তমতে বাবুলনেতে আগত হইয়া রাজ্য সমুদয় বিংশতি প্রদেশ করিয়া বিভক্ত করিলেন এবং রাজকর্ম্ম নির্ব্বাহণার্থে তাঁহারা সর্ব্বশ্রেষ্ঠ সেনাপতিগণের মধ্যে তৎসমসঙ্খ্যক উত্তমং ব্যক্তিদিগকে নির্ব্বাছন করিয়া একং জনকে প্রত্যেক প্রদেশের দেশাধ্যক্ষপদে নিযুক্ত করিলেন আর দেশাধ্যক্ষ সমূহের তত্ত্বাবধারণার্থে সর্ব্বপ্রধান তিন জনকে অধিষ্ঠাতা করিয়া রাখিলেন আর ইঁহারা বাবুলন রাজধানীতে নিত্য বাস করত প্রদেশাধিপতিগণ স্বং প্রদেশে কিং করেন এবং কিরূপে বা রাজকর্ম্ম নির্ব্বাহ করান তৎসমস্ত পত্রদ্বারা জানিয়া বুঝিয়া উহাদিগকে যথাপ্রয়োজন পরামর্শ দিয়া নিজ বুদ্ধি কল্পিত বিধি বিধান অথচ রাজাজ্ঞা সকল বিজ্ঞাপন করিবেন এ নিয়ম করা গেল। তাহাতে দানিএল মুনি পূর্ব্বোক্ত গূঢ়াক্ষর ব্যাখ্যা করিয়াছিলেন আর ইনি স্বপ্নার্থভাব বুঝাইতে ও পারেন এবং রাজকর্ম্ম নির্ব্বাহণে অতিনিপুণ ও সুবিশ্বস্ত ও তাবৎ রাজ্যের মধ্যে জ্ঞানিতম ব্যক্তি ও আছেন তাঁহার বিষয়ে এইরূপ সুখ্যাতিকর বাক্য সমস্ত দারিয়ুস রাজার কর্ণগোচর হইলে তিনি দানিএলকে অধিষ্ঠাতৃ ত্রয়ের মধ্যে প্রধান করিয়া রাখিলেন তাহাতে ইনি আর দুই জন সহকারিদের হইতে ও

others, so that he was next to the king in authority. But there were many Median noblemen who wished to attain this high station themselves. The honours bestowed upon Daniel filled them therefore with envy and jealousy. Daniel was a stranger; he belonged to the captive Hebrew race, whom they despised; moreover he had been many years employed by the kings of Babylon, who had been their enemies; and probably the excellence of his character, too, was an incessant reproof of their wickedness. They were enraged to see him in possession of honours of which they themselves were ambitious, and to which they conceived they had the best claim; so from day to day they watched him with jealous eyes, hoping to find some fault in him, which they might report to the king, and so effect his ruin.

Though Daniel had lived so many years in Babylon, and wealth and honours had been heaped upon him in abundance, he did not forget Jerusalem, where he had spent the happy days of his youth. He did not forget his countrymen who were in captivity, and were earnestly longing to

অধিক গুরুতর হইয়া রাজার পর রাজ্যের দ্বিতীয় পদস্থ ব্যক্তি হইলেন কিন্তু এমন মহাপদাকাঙ্খি অনেক জন খল্দীয় কুলীন লোক ও ছিলেন অতএব দানিএল সর্ব্বাপেক্ষা মান্যতর হইয়াছেন এ কারণে উহারা অতিশয় ঈর্ষ্যাভাবে মুনির কেবল অনিষ্ট চেষ্টায় থাকিল আর ইনি বিদেশীয় ব্যক্তি ও আছেন এবং সুতুচ্ছজাতি হেব্রিদের এক জন বন্দি লোক হইয়া ও বহুকালাবধি উহাদেরি বিপক্ষ বাবুলনীয় রাজাদের অধীনে রাজকর্ম্ম করিয়া আসিয়াছেন অনুমানে এই২ বিশেষ ভাবিতে২ উহারা মুনির প্রতি আরো অহিতৈষী হইয়া উঠিল। আর তাঁহার যে উত্তম চরিত্র ও দোষবর্জিত ভাব তদ্দারা আপনাদের অন্তঃকরণে এক প্রকার ভর্ৎসনা হয় বুঝি এমন বোধ করিয়া থাকিবে অতএব উহারা আপনাদিগকে তদধিক অধিকারি জ্ঞান করিয়া যে মহাপদান্বেষণ করিয়াছিল ইনি সে পদ প্রাপ্ত হইয়াছেন এ নিমিত্ত উহারা অতিশয় রুষ্টই থাকে এবং ইনি কোন কালে কোন ক্রমে ত্রুটি করেন তো উহারা রাজার স্থানে অপবাদ দিয়া তাঁহাকে অপদস্থ করিয়া নষ্ট করিতে পারে এ আশয়ে দিনে২ তাঁহার প্রতি দ্বেষভাবে স্থিরদৃষ্টি হওত ওতেও থাকে ৷৷

তাহাতে দানিএল এত দিন বিদেশে থাকিতে অতি সম্ভ্রমযুক্ত ও সমৃদ্ধিশিষ্ট হইয়াও স্বজন্মভূমি এবং বাল্যকালের সুখস্থান যে য়িরূশালম্ নগর তাহা২ কোন ক্রমে বিস্মৃত হইলেন না আর নিজ দেশে ফিরিয়া যাইতে সদা আকাঙ্খিত আপন যে সদেশীয়েরা দাস-

return to the hills and valleys of Judah. He loved the Jews, and sought their prosperity, because they were his brethren and friends. He loved them, also, because they were the people whom God had selected from all the world to be first taught how to worship him aright and serve Him acceptably.

In the midst of Daniel's various employments, he yet found time for a careful study of the Holy Scriptures with meditation, and for frequent prayer to God. Those parts of the Bible which predicted the return of the Hebrews to their own country, of course, interested him deeply. He had learned from the writings of the prophet Jeremiah, that after seventy years' captivity God would provide a way for the Jews to return to their own land. Jeremiah had stated this very plainly in a letter which he wrote, many years before, to the Jews at Babylon, and which Daniel undoubtedly saw when it was first received.

These seventy years had almost expired when Daniel, in the first year of king Darius, set apart a

স্থভাবে কালযাপন করিতেছে উহাদিগের ও দুর্দশা অনবরতঃ মনে২ ভাবিতেছেন যেহেতুক তিনি য়হুদিদিগের প্রতি অতিশয় প্রেম ভাবেই আছেন এবং উহারদিগকে নিজ ভ্রাতৃবোধ ও সখাজ্ঞান করিয়া তন্মঙ্গলচেষ্টায় থাকেন আর উহারা সত্য ধর্ম্ম বিষয়ে প্রথমশিক্ষিত হইয়া সত্য ঈশ্বরের সেবা ও আজ্ঞাপালন করে এ নিমিত্তে আপনি পরমেশ্বর উহারদিগকেই জগৎ সমুদায়ের আর২ লোক মধ্যে যে অধিক মনোনীত করিয়াছিলেন ইহা ভাবিতে২ মুনির তৎপ্রতি আরো প্রেমযোগ হইল।

আর ভারি কর্ম্ম বাহুল্যেতে মুনির অত্যল্প অবকাশ কাল থাকিতে ও তিনি ধর্ম্মশাস্ত্র পঠন ধ্যান ও ঈশ্বর স্থানে প্রার্থনা করণে কখন বিরত হন নাই কিন্তু যে২ শাস্ত্রোক্ত প্রমাণে হেব্রিরা কোন কালে স্বদেশে ফিরিয়া যাইবে এতদ্বোধ হইল তত্তৎস্থলে তাঁহার বিশিষ্টরূপে মনাকর্ষণ হয় এ সম্ভবে যেহেতুক য়িরমীয়া ভাবিবক্তার লিখিত বিশেষ গ্রন্থে এরূপ প্রতিজ্ঞা বাক্য আছে যথা “সপ্ততি বর্ষকাল গতে পরমেশ্বর তত্রস্থ কি না বাবুলনস্থ দাসত্বাপন্ন য়িহুদি লোককে নিজ দেশ ফিরিয়া আগমনের উপায়রূপ এক পথ প্রস্তুত করিয়া দিবেন” আর অনেক বৎসর হইল ঐ য়িরমীয়া এমন স্পষ্ট প্রতিজ্ঞা সম্বলিত যে এক প্রেরিত পত্র বাবুলনস্থ য়িহুদি গণ প্রতি পাঠাইয়াছিলেন মুনি তাহা ও অবশ্য পাঠ করিয়া থাকিবেন।

অতএব দারিয়ুস্ রাজার প্রথম বৎসরে পূর্ব্ব নিয়ত সপ্ততি বর্ষকাল প্রায় গত হইলেই দানিএল মুনি কিয়দ্দিন

day for fasting and prayer, that God would remember his people, and suffer them to return to their own land. He laid aside the splendid robes and costly turban which he usually wore, and clothing himself in sackcloth, a plain coarse garment, made of goats' hair, he fasted and sat as a mourner, sprinkling ashes on his head; for such was the practice of mourners in those days. The following is the prayer and confession of sin, which he offered up towards the close of day.

"O Lord, the great and dreadful God, keeping the covenant of mercy to them that love him, and to them that keep his commandments; we have sinned and committed iniquity, and have done wickedly, and have rebelled, even by departing from thy precepts and from thy judgments: neither have we hearkened unto thy servants the prophets, which spake in thy name to our kings, our princes, our fathers, and to all the people of the land. O Lord, righteousness belongeth unto thee, but unto us confusion of face, as at this day; to the men of Judah, and the inhabitants of Jerusalem, and to all Israel, that are near, and that

উপবাস করিয়া ঈশ্বর আপন ভক্ত লোককে স্মরণে রাখিয়া তৎপ্রতি প্রসন্নদৃষ্টিপাত যেন করেন এবং উহাদিগকে স্বদেশে পুনর্যাত্রা করিতে অনুমতিও দেন এরূপ প্রার্থনা করণে উদ্যত হইলেন তাহাতে প্রতিদিনের দিব্য পরিচ্ছদাদি ও দুর্মূল্য উষ্ণীষ কিনা শিরোবস্ত্র অর্থাৎ পাগড়ীকে ত্যাগ করিয়া তৎকালীন বিলাপকারিদের রীতিক্রমে কেবল অজলোম নির্মিত এক প্রকার চট কাপড় পরিধান পূর্ব্বক মস্তকেতে ভস্ম মাখিয়া উপবাসী হইয়া রহিলেন সে সময় তিনি স্বদেশীয়দের কৃত পাপ সমূহ স্বীকার পূর্ব্বক ঈশ্বরের স্থানে যে প্রার্থনাবাক্য কহিলেন সে এরূপ যথা।

"হে মহান্ ও ভয়ঙ্কর ঈশ্বর পরমেশ্বর তুমি আপন প্রেমেতে ভক্ত ও আজ্ঞাকারিগণ প্রতি সদা প্রতিজ্ঞাপালক ও দয়াকারী বট কিন্তু আমরা পাপ ও অধর্ম্ম ও অযাথার্থ্য করিয়াছি এবং বিপরীতাচারী হইয়া তোমার আজ্ঞা সকল ও ব্যবস্থা পালন করি নাই; আর তোমার নিত্য সেবাকারি আচার্য্যগণ তোমার নামে আমারদের রাজা সকলকে এবং কুলীনবর্গ ও পিতৃগণ ও দেশস্থ সাধারণ লোককে যে২ উত্তম পরামর্শ দিয়াছিল তাহাতেই মনোযোগও করি নাই হে পরমেশ্বর তুমি যাথার্থিক বট কিন্তু আমারদের কেবল অদ্যকার এ লজ্জাতেই অধিকার হইয়াছে হাঁ তোমার আজ্ঞা বিরুদ্ধে কৃত স্ব২ পাপকর্ম্ম জন্য নানা দেশবিদেশে তাড়িত হইয়া বাস করে কিং দূরস্থ

are far off, through all the countries whither thou hast driven them, because of their trespass that they have trespassed against thee. O Lord, to us belongeth confusion of face, to our kings, to our princes, and to our fathers, because we have sinned against thee. But to the Lord our God belong mercies and forgiveness, though we have rebelled against him; neither have we obeyed the voice of the Lord our God, to walk in his laws, which he set before us by his servants the prophets. Yea, all Israel have transgressed thy law, even by departing, that they might not obey thy voice; therefore the curse is poured upon us, and the oath that is written in the law of Moses the servant of God, because we have sinned against him. And he hath confirmed his words, which he spake against us, and against our judges that judged us, by bringing upon us a great evil: for under the whole heaven hath not been done as hath been done upon Jerusalem. As it is written in the law of Moses, all this evil is come upon us: yet made we not our prayer before the Lord our God, that

কি নিকটস্থ কি য়িহুদি কি য়িরূশালম নগর নিবাসি যত ইস্‌রাএলি লোক তাহাদের সকলেরি কেবল লজ্জাতে অধিকার হইয়াছে কিন্তু হে পরমেশ্বর অস্মদাদির বিশেষতঃ রাজাগণের ও কুলীন লোকদের ও পিতৃসমূহের কেবল লজ্জিত মুখে অধিকার আছে বটে যেহেতুক সকলেই তোমার প্রতি পাপাচার করিয়া আছে কিন্তু যদ্যপিও আমরা প্রভু পরমেশ্বরের অবশ হইয়াছি বটে এবং প্রভু পরমেশ্বরের কথা না মানিয়া তিনি আমাদিগকে আপন সেবাকারি আচার্য্যগণদ্বারা যে আদেশ দিয়াছিলেন তদনুসারেও ব্যবহার করি নাই তথাপি দয়া ও পাপক্ষমা করণে প্রভু পরমেশ্বরের নিত্য অধিকার আছে। আর সর্ব্বজন ইস্‌রাএলি লোক তোমার অবশ হইয়া তোমার আদেশবাক্য না মানিয়া কেবল ব্যবস্থা লঙ্ঘন করিয়াছে সেইহেতু ঈশ্বরভক্ত মুসা রচিত ধর্ম্ম গ্রন্থের দিব্য সম্বলিত যে পূর্ব্ব লিখন তদনুসারেই আমরা শাপগ্রস্ত হইয়াছি যেহেতু আমরা তাঁহার আজ্ঞা বিরুদ্ধে পাপক্রিয়া করিয়াছি আর তিনি আমাদের বিষয়ে এবং অস্মদ্ শাসনকারি কর্ত্তৃগণের বিষয়ে যেরূপ তাড়না বাক্য কহিয়াছিলেন তাহা পূরণার্থে আমাদের এ মহা বিপদ ঘটিয়াছে আর য়িরূশালমের যেরূপ সর্ব্বনাশ হইয়াছে আকাশতলস্থ আর কোন দেশের তদ্রূপ অমঙ্গল কখন হয় নাই। আর যদ্যপিও মুসা কৃত শাস্ত্রলিখনানুসারে আমাদের এ আপদ ঘটিয়াছে বটে তথাপি

we might turn from our iniquities, and understand thy truth. Therefore hath the Lord watched upon the evil, and brought it upon us: for the Lord our God is righteous in all his works which he doeth: for we obeyed not his voice. And now, O Lord our God, that hast brought thy people forth out of the land of Egypt with a mighty hand, and hast gotten thee renown, as at this day; we have sinned, we have done wickedly. O Lord, according to all thy righteousness, I beseech thee, let thine anger be turned away from thy city Jerusalem, thy holy mountain: because for our sins, and for the iniquities of our fathers, Jerusalem and thy people are become a reproach to all that are about us. Now therefore, O our God, hear the prayer of thy servant, and his supplications, and cause thy face to shine upon thy sanctuary that is desolate, for the Lord's sake. O my God, incline thine ear, and hear; open thine eyes, and behold our desolations, and the city which is called by thy name: for we do not present our supplications before thee for our righteousness, but for thy great mercies. O Lord, hear: O Lord, forgive;

প্রভু পরমেশ্বর যে তুমি তোমার সত্য বাক্য ভাল বুঝিয়া পাপে পরাঙ্মুখ হইয়া তোমার স্থানে ক্ষমা প্রার্থনা করি নাই সেইহেতু পরমেশ্বর আমাদের অনিষ্ট অন্বেষণ করিয়া প্রস্তুত বিপদ ঘটাইয়াছেন প্রভু পরমেশ্বর যাহা করেন তাহা আপন যাথার্থিকতা ক্রমেই করেন কারণ আমরা তাঁহার বাক্য মানি নাই। কিন্তু হে প্রভু পরমেশ্বর তুমি আপন সবল হস্ত বিস্তারিয়া আপন ভক্তদিগকে মিসর্দেশহইতে বাহির করিয়া আনাইয়া অদ্য পর্য্যন্ত আপন নামের সুখ্যাতি জন্মাইয়াছ অতএব যদ্যপিও আমরা পাপ কর্ম্ম ও দুস্ক্রিয়া করিয়া আসিয়াছি তথাপি হে প্রভু ঐ পূর্ব্ব কৃত দুঃখ নিস্তারানুসারে এখনো য়িরূশালম নগর এবং পুণ্য পর্ব্বত প্রতি আপন রাগশেষ ও কোপনিবৃত্তি হউক যেহেতুক আপনাদের এবং পিতৃগণের কৃত কুক্রিয়া প্রযুক্তই তোমার লোক সকল স্বনগর য়িরূশালম সহিতে চতুর্দিগ্স্থিত বিদেশীয়দের স্থানে কেবল নিন্দাস্পদ হইয়াছে অতএব হে ঈশ্বর আপনার মহিমার্থে আপন দাসের প্রার্থনা বাক্য শ্রবণপূর্ব্বক আপন যে পুণ্যস্থান উচ্ছিন্ন হইয়া রহিয়াছে তাহাতেই প্রসন্নমুখ হও হে ঈশ্বর কর্ণযোগ করিয়া শুনহ এবং চক্ষুরুন্মীলন পূর্ব্বক আমাদের উদাস্যে ও আপন নামধারি নগরের দুর্দশায় অবধান করহ যেহেতুক আমরা আপনাদের কিছুই মাত্র গুণজ্ঞান না করিয়া কেবল তোমারি দয়া স্মরণ পূর্ব্বক এতদ্প্রার্থনা করিলাম হে ঈশ্বর তুমি শ্রবণ কর হে প্রভো ক্ষমা কর হে

O Lord, hearken and do; defer not, for thine own sake, O my God: for thy city and thy people are called by thy name."

While Daniel was praying, with so much feeling and earnestness, for the scattered and oppressed Israelites, and for the rebuilding of the temple at Jerusalem, God commanded the angel Gabriel to go and inform him that his request would be granted. The angel flew swiftly from the highest heaven, where he had been standing before the throne of God, and came to Daniel about three in the afternoon. This, in the temple worship at Jerusalem, was the time of offering the evening sacrifice. He touched Daniel, and said to him (ix. 22, 23.) "O Daniel, I am now come to give thee skill and understanding. At the beginning of thy supplications the commandment went forth, and I am come to show thee (future events); for thou art greatly beloved; therefore understand the matter, and consider the vision, (or prophetic representation.)" He then went on to say, that the Jews should shortly return to their own land, and rebuild their temple and city; from which time

ঈশ্বর বিনতি শুনিয়া রক্ষা করহ হে ঈশ্বর আপনার মহি-
মার্থে বিলম্ব করিও না যেহেতুক পুণ্য নগর এবং এ লোক
সমূহ তোমারি নামযুক্ত আছে”।

দানিএল মুনি দেশবিদেশে প্রবাসী এবং নানা উৎপা-
তে ক্লিষ্ট আপন সদেশীয়দের সান্ত্বনার্থে ও য়িরূশালমে
স্থিত মহা মন্দিরের পুনর্নির্ম্মাণার্থে ঐরূপ ব্যগ্রতা ও স্নেহ
প্রকাশ পূর্ব্বক প্রার্থনা করিতেই গাব্রিএল নাম এক স্বর্গদূত
তাহার স্থানে দেখা দিয়া তোমার ইষ্টসিদ্ধি হইবে এমন
দৈব সম্বাদ দিতে ঈশ্বরিক আজ্ঞা পাইলেন তাহাতে
গাব্রিএল যে স্বর্গধামে ঈশ্বরীয় সিংহাসন সন্নিধানে সদা
প্রস্তুত আছেন তাহা ছাড়িয়া দ্রুতগতি করিয়া বৈকালের
প্রায় এক প্রহর বেলা মুনির স্থানে উপস্থিত হই-
লেন। যেহেতুক পূর্ব্বে ও সেই বেলা য়িরূশালমের মন্দি-
রেতে অপরাহ্নতন যজ্ঞাদি নিত্যক্রিয়া করার রীতি
ছিল। তাহাতে আগত হইলে পর স্বর্গদূত মুনিকে স্পর্শ
করিয়া কহিলেন “হে দানিএল আমি তোমার দৈবজ্ঞান
ও বুদ্ধিশুদ্ধি দিতে এখনি আসিয়াছি আর তুমি প্রার্থনা-
রম্ভ করিতেই আমি আজ্ঞা লইয়া তোমাকে ভাবি বিষয়
জানাইতে আইলাম কারণ তুমি অতি প্রীত ব্যক্তি আছ
অতএব তুমি উক্তব্য বিষয় মন দিয়া বিচার করিয়া বুঝ”।
পরে স্বর্গদূত এই ২ জানাইয়া কহিলেন বিশেষতঃ য়িহু-
দিরা কিঞ্চিৎ কালগৌণে স্বদেশে ফিরিয়া যাইয়া পুণ্য নগর
সারাইয়া উচ্ছিন্ন মন্দিরকেও পুনঃসংস্থাপন করিবে
আর নগর এবং মন্দির সারিলে পর সপ্তভি সপ্তাহ পর্য্যন্ত

they would remain standing, and the worship of the temple be continued for seventy weeks. (A day, in the prophecies, usually means a year; and a week, a week of years, or seven years. In this mode of reckoning, 70 weeks are 490 years.) At the end of that time, "Messiah, the Prince," would appear, and offer himself a sacrifice for the sins of men. After this, "the abomination which maketh desolate," or the standards of an idolatrous nation, would be gathered about Jerusalem, the daily sacrifice would be taken away, and the city itself be destroyed.

Jerusalem was accordingly soon rebuilt, and the rest of the prophecy duly fulfilled. At the exact time fixed, Jesus Christ, the Messiah, the person appointed by God to the office of a Saviour, and the Prince of Peace, appeared, and was offered as a sacrifice on the cross, that he might save and bless those who should trust and believe in him. Soon after his death, the idolatrous Romans, advancing in warlike hostility, surrounded, fought against, and took the holy city. All its splendid buildings were destroyed, and the sacred temple burned down. The place were it had

সে দশায় থাকিবে। কিন্তু ভাবিপ্রসঙ্গ ক্রমে দিবস শব্দে এক বৎসরকাল এবং সপ্তাহ শব্দে সপ্তবর্ষকাল বোধ হয় এ চলন অতএব তদনুরূপ গণনাতে সপ্ততি সপ্তাহ বলিলে চারি শত নব্বই বৎসরকে বুঝায় আরো কহা গেল উক্ত-কালান্তে মসী কি না অভিষিক্ত এমন উপাধিতে প্রসিদ্ধ বিশেষ এক জন নরপতি জন্মিয়া মনুষ্যগণের পাপনাশার্থে আপনাকে বলি স্বরূপ উৎসর্গ করিয়া দিবেন ততঃপরে সর্ব্বনাশক ও ঘৃণার্হ হয় যে বস্তু অর্থাৎ দেবপুত্তলারাধক বিশেষ এক জাতীয় যোদ্ধৃগণের যে ধ্বজদণ্ড সে যিরূশালমের চতুর্দিগে স্থাপিত হইলেই ব্যবহৃত দৈনিক যাগাদি স্থগিত হইবে এবং পুণ্য নগরকে পুনরায় উচ্ছিন্ন করা যাইবে।

অতএব এতৎ কথিত প্রমাণে অল্পদিনের মধ্যেই যিরূ-শালম নগরের পুনর্নির্ম্মাণ করা গেল বটে এবং নিয়ত কালেতেই আর২ সকল কথার ও সম্পূর্ণ সিদ্ধি হইল ফলতঃ মসী কি না অভিষিক্ত অর্থাৎ ঈশ্বরকর্তৃক ত্রাণ কর্তৃত্বে ও শান্তিদায়ক নরপতিপদে নিযুক্ত যে যিশু খ্রীষ্ট তিনিই অবতার হইয়া জন্মিলেন এবং স্বভক্ত প্রত্যয়িগণের পাপ নিস্তার ও কল্যাণ সাধনার্থে আপনাকেই বলিরূপে উৎসর্গ ও করিলেন সুতরাং তিনি শূলে হত হইয়া মরি-লেন আর তাঁহার সযন্ত্রণাতে মরণান্তর অল্প দিন মাত্র গত হইলে দেবপূজক যে রুমীয়েরা তাহারা শত্রুভাবে আগত হইয়া পুণ্যনগরকে সৈন্যবেষ্টন পূর্ব্বক মহাযুদ্ধ করিয়া ধরিল পরে নগরের তাবৎ উত্তম গৃহাদি নষ্ট করিয়া মহামন্দিরকে দগ্ধই করিল এবং সে যে স্থানে ছিল

stood was ploughed up, and the unhappy Jews were again scattered among all nations.

Inconsiderate people think that those who are rich and high in office, have nothing to do but to live in ease and pleasure. This is a great mistake. No man can perform the duties of a high station faithfully, without much labour. Daniel's cares must have been great, as he was obliged to oversee all the concerns of an extended empire: yet it was easier for him to attend to them than it would be for many; because he had been a statesman for more than sixty years, and had thereby acquired much knowledge, experience, and practical wisdom.

CHAPTER XVI.

Daniel is cast into the den of lions.

Mean time, the other two presidents and the noblemen of the court were constantly watching Daniel, in the malicious hope that he would do something wrong, or make some mistake which they could report to the King, and, in that way, bring him into disgrace. But such was his prudence, fidelity,

তাহা লাঙ্গল দিয়া কাটিয়া ফেলিল তাহাতে য়িহুদিরা আরবার স্বদেশবহির্ভূত হইয়া আর২ দেশবিদেশে ছিন্ন ভিন্ন হইয়া গেল।

যাহারা ধনবান এবং মহাপদস্থ হয় তাহারা কেবল সুখভোগ করত আলস্যেতে কালযাপন করিতে পারে অনেকেরি এমন বোধ আছে কিন্তু এ কেবল ভ্রম মাত্র যেহেতুক কেহই বিনায়াসে কখন কোন উচ্চ পদস্থের উপযুক্ত কর্ম্ম করিতে পারে না অতএব দানিএল মুনি তাবৎ রাজ্যের তত্ত্বাবধারক ছিলেন এ নিমিত্ত তাঁহার অতি পরিশ্রম করণের আবশ্যকতা বোধ হয় কিন্তু তিনি ষষ্টি বৎসরাবধি নিরন্তর রাজকর্ম্ম করিতেছেন এবং তৎকর্ম্মেতেই অতি নিপুণ ও সুবুদ্ধি ও জ্ঞানবিশিষ্টই হইয়াছেন সুতরাং এমন ভারি কর্ম্ম করা অন্যাপেক্ষা তাঁহারি পক্ষে লঘুতর হইয়া থাকিবে এমন অনুমান আছে ইতি।

---

১৬ অধ্যায়।

দানিএল মুনিকে সিংহকুম্ভেরে প্রক্ষেপ করণ প্রসঙ্গ।

ইত্যবসরে আর দুইজন অধিষ্ঠাতা এবং রাজসভাসদ্ আর২ কুলীনেরা মুনির প্রতি দ্বেষভাবে অনবরত ওতে থাকিয়া আছে তাহাতে ইনি কোনকালে কোন অকার্য্য কিম্বা কোন ত্রুটি করিলেই তাহারা রাজাকে সম্বাদ দিয়া মুনিকে হতাদর করিতে পারিবে এই আশায় ছিল।

কিন্তু তিনি অতিশয় সতর্ক এবং বিশ্বস্ত ও দূরদর্শী

and discretion, that they were plainly obliged to confess to each other, they could find no fault in him; and could not even expect to find any occasion to speak evil of him, "unless it were in something concerning the law of his God." But, determined to ruin him, if possible, they laid an artful plot to have him punished for his attention to the duties of his religion! With this design, they all assembled before the king, as he sat on his throne in the hall of audience, and said, (Dan: vi. 6—8.) "O king, live for ever! All the presidents of the kingdom, the governors, and princes, the counsellors, and captains, have consulted together to establish a royal statute, and to make a firm decree, that whosoever shall ask a petition of any god or man for thirty days, save of thee, O king, shall be cast into a den of lions. Now, O king, establish the decree and sign the writing, that it be not changed, according to the law of the Medes and Persians, which altereth not."

It seems passing strange that Darius, who appears to have been a sensible man, should have been so unwise as to sign such a decree. But the men who

ব্যক্তি বটেন এ নিমিত্ত সাধারণ বিষয়ে মুনির কোন ত্রুটির কারণ না হওয়াতে তাঁহার নিত্য সেবিত পরমেশ্বরের শাস্ত্র বিধান ব্যতিরিক্ত তাঁহার দোষাপবাদ দিবার আর কোন বিষয় পাওয়া যাইবে না বিপক্ষেরা ইহাতেই পরস্পরে স্বীকার করিল অতএব নিতান্তই তাহারা ছলনা-দ্বারা রাজার স্থানে কোন ক্রমে দণ্ডাজ্ঞা পাইয়া মুনিকে নষ্ট করে ইহা স্থির করিয়া নির্দোষি মুনির স্বীয় ধর্ম্মনিষ্ঠা বিষয়ক কোন দোষান্বেষণে আছে তাহাতে সকলে এক পরামর্শ হইয়া সভাশালায় স্থিত সিংহাসনোপবিষ্ট মহারাজ রাজা দারিয়ুসের সন্নিধানে এককালে উপস্থিত হইয়া প্রণাম করিয়া বলে "হে রাজন্ আপনি চিরঞ্জীবী হউন! হে মহারাজ রাজ্যের অধিষ্ঠাতৃ ও প্রদেশাধ্যক্ষ ও প্রধান ব্যক্তি সকল এবং মন্ত্রিগণ ও সেনাপতি সমদায় একমতি হইয়া কোন জন ত্রিশ দিবস পর্য্যন্ত আপনকার ব্যতিরেকে দেব কি মানুষ আর কাহারো স্থানে কোন যাচ্ঞা করিলে সে তৎক্ষণাৎ সিংহ কুহুরে নিক্ষিপ্ত হইবে এই স্থির করিয়া তাহা রাজাজ্ঞারূপে ঘোষণা দিতে মন্ত্রণা করিয়াছেন অতএব হে মহারাজ আপনি তন্নিয়ম করিয়া সে যেন মেদীয় ও ফারসিদের অটল ব্যবস্থামত অপরিবর্ত্তনীয় হয় এমন আদেশ লিপি স্বাক্ষরিত করুন।"

তাহাতে দারিয়ুস্ রাজা সুপ্রজ্ঞ মানুষ হইয়াও ঐরূপ অসঙ্গত রাজাজ্ঞা দেওনে স্বীকৃত হইন এ কেমন আশ্চর্য্য! কিন্তু অনুমানে ঐ কুমন্ত্রিরা রাজার স্বাভাবিক দর্পজনক

requested it, flattered his pride and vanity probably, by insinuating that he would become almost as great as one of their gods, if he should, for the space of one month, be the only being to whom any petition might be addressed. He rashly and foolishly signed the decree, without suspecting that it was designed to take away the life of the most excellent man in his empire; and probably without considering that to obey it, would prevent all religious worship throughout his dominions, and even the most necessary requests from one person to another. The noblemen who wished to obtain the decree told the king that it was recommended by *all* the presidents, though they very well knew that Daniel, the first and superior of them, had not even been consulted. Thus unprincipled men dishonor themselves by stooping to the meanest falsehood and deception to accomplish their wicked, malicious, and selfish purposes; for "there is no fear of God before their eyes." But a good cause needs no support from evil; and that which does, is thereby clearly proved not to be a good one.

বিশেষ কোন স্তোত্র পূর্ব্বক কেহই ত্রিশ দিনের মধ্যে রাজা ব্যতিরিক্ত আর কাহারো নিকটে কোন অর্চনা না করাতে ইনি প্রায় দেবের তুল্য গুরুতম মান্য হইবেন এরূপ কথা কহিয়া তাঁহার অহঙ্কার দোষ জন্মাইল সে যাহা হউক কিন্তু রাজা অবুদ্ধি ক্রমে প্রার্থিতমত রাজাজ্ঞা সহসা স্বাক্ষরিত করিয়া দিলেন ইহাতে অনুমান হয় সে তাবৎ রাজ্যের সর্ব্বাপেক্ষা উত্তম ব্যক্তির প্রাণ নাশার্থ মাত্রে কল্পিত হইয়াছে এবং সর্ব্ব লোকে সেই আজ্ঞা পালন করিলে রাজ্যের সর্ব্ব স্থলে যে কোন দেবতার স্থানে বা অর্চনাদি রোধ হইবে এবং সাধারণ ব্যক্তিদের ও পরস্পরে অতিপ্রয়োজনীয় নিবেদনাদি করার আটক অবশ্য হইবে ইহা সমস্ত বোধ করেন নাই। আর দেখ দানিএল মুনি তৎকালে প্রধান অধিষ্ঠাতা ছিলেন কিন্তু ঐ কুমন্ত্রিরা তাঁহাকে কিছু মাত্র না বলিয়াও অধিষ্ঠাতা সকলে যাচিত বিষয়ে একমনে স্বকৃত হইয়াছেন রাজার স্থানে এরূপ মিথ্যা নিবেদন করিয়া দিল। ইহা দ্বারা জানা যায় দুষ্টস্বভাব দুরাচারিরা কেমন ঘৃণ্য যেহেতুক উহারা কেবল স্বার্থপর মাত্র হওত পরদ্বেষী ও পরহিংসক হয় এবং স্বকল্পনা পূরাণার্থে লজ্জাত্যাগ পূর্ব্বক যে কোন মিথ্যাপবাদ ও কুৎসিত প্রতারণা দেওন করণে স্বীকৃত হয় কারণ "তাহারা নয়নাগোচর পরমেশ্বরকে ভয় করে না" আর উচিত কর্ম্ম করণে কোন কদুপায় করা অনুপযুক্ত বটে অতএব কদুপায়েতে যে কর্ম্ম হয় সে সর্ব্বতোভাবে অনুচিত এবং অকার্য্য ইহাতে সন্দেহ নাই।

When the law was made and signed by the king, it was probably proclaimed to the people at the gates of the city, and perhaps at the gates of the palace. Daniel heard of it, and must, no doubt, have well understood the design of his enemies. But he determined at all hazards to do his duty, and ever to trust in God, who was able to deliver him from the malice of those that sought his destruction. If it were the will of God that he should suffer a terrible death, he would choose it, rather than neglect his usual devotions. He was in the habit of praying three times a day, probably at the hours of nine, twelve, and three. When these hours arrived therefore, he went as usual to his house, entered his chamber, and kneeling before his window, which was open towards Jerusalem, he prayed and gave thanks to God. He might indeed have locked his doors and closed his windows, so that no eye but the eye of God could have seen him at his devotions; but it was his duty to set an example of "fearing God rather than man;" therefore, lest he should appear ashamed of his religion, or afraid

পরে রাজার স্বাক্ষরিত ঐরূপ নিষেধাজ্ঞা নগরের দ্বারে২ এবং রাজবাড়ীর প্রবেশ পথে ঘোষণা করা গেলে সে দানিএলেরও শ্রবণগোচর হইল, তাহাতে তিনি নিতান্তই স্বশত্রুগণের ছলাভিপ্রেত বোধ করিয়া থাকিবেন কিন্তু পরহিংসান্বেষি দুষ্টগণের দ্বেষজালে রক্ষিত করিতে পারেন এমন পরমেশ্বরেতে তিনি নিত্য নিষ্ঠমন হওত দায়কালেও নির্ভয়ে কর্ত্তব্য কর্ম্ম করিতে স্থির করিলেন আর যদি ঈশ্বরের এমন ইচ্ছা হয় তবে তিনি নিত্য ধর্ম্মক্রিয়া ত্যাগ অপেক্ষা সযন্ত্রণ মৃত্যু ভুঞ্জনেও স্বীকার করিতে প্রস্তুত আছেন। আর দেখ তাঁহার দিবসের মধ্যে তিনবার প্রার্থনা করার রীতি ছিল তাহাতে পূর্ব্বাহ্ন মধ্যাহ্ন অপরাহ্ন প্রতিদিনের এই তিন বেলার নিয়মিত সময় উপস্থিতে তিনি নিজ গৃহের প্রার্থনাগারে গিয়া যিরূশালম পুণ্যনগর যে দিগে আছে সে দিগের খিড়কী প্রসারিয়া জানু মুড়িয়া বসিয়া ঈশ্বরের স্থানে ধন্যবাদ পূর্ব্বক প্রার্থনাদি করিতেন আর প্রার্থনাকালে ঈশ্বর ব্যতিরিক্ত আর কেহ মুনিকে যেন দেখিতে না পায় এ অভিপ্রায়ে তিনি দ্বারও খিড়কী বান্ধিয়া দিতে পারিতেন বটে কিন্তু তাহা করিলে তিনি নিজ ধর্ম্মে লজ্জিত কিম্বা তৎস্বীকার করণে ভীতমন আছেন দেবপূজকেরা এতদ্বোধ যেন না করে এ নিমিত্ত তিনি কৃত্য ক্রিয়া সম্বরণ করেন নাই আর তিনি আপনি যে কোন মনুষ্যাপেক্ষা ঈশ্বরকে অধিক ভয় করাতে অন্যের ও পক্ষে স্থিরভক্তির স্পষ্ট নিদর্শন স্বরূপ যেন হন এ নিমিত্তে তিনি কর্ত্তব্য

of the danger to which he was exposed on account of it, he chose not to conceal himself.

It had been customary for the Jews, while in their own country, to pray with their faces towards the temple. David, when he prayed, turned his eyes to mount Zion, and lifted up his hands towards the tabernacle, the holy oracle of Jehovah. So also Solomon, in his prayer at the dedication of the temple, said, (1 Kings, viii. 29, 30,) "That thou, O Lord, my God, mayest hearken unto the prayer which thy servant shall make towards this place." And— "hearken thou to the supplication of thy servant, and of thy people Israel, when they shall pray towards this place."

While this holy man was, in like manner, offering up his petitions and thanksgivings to Him who had been the God of his youth and of his old age, his enemies were not idle. By watching him through his windows or, it may be, by entering his chamber, they easily discovered that he had disobeyed the late law. They went therefore immediately to the king, and said, (vi. 12) "Hast thou not signed a decree,

কর্ম্ম কোন ক্রমে লুকাইয়া করেন নাই।

আর য়িহুদিরা স্বদেশেতে পূর্ব্ববাস সময়ে মন্দিরের দিগে অভিমুখ হইয়া সদাকালে প্রার্থনা করিত এতৎপ্রমাণে দাউদ রাজা সীয়ন্ নাম পুণ্য পর্ব্বতের অভিমুখে অবলোকন পূর্ব্বক পরমেশ্বরের সেবার্থে তৎস্থিত তাম্বুগৃহবৎ পুণ্যতম স্থানের প্রতি হস্তদ্বয় বিস্তারিয়া প্রার্থনা করিতেন।

এবং শলমোন্ রাজা স্বনির্ম্মাপিত মহামন্দিরের প্রতিষ্ঠা করণ সময়ে যে প্রার্থনা বাক্য কহিলেন তন্মধ্যেও এরূপ কথা লেখা আছে যথা "হে ঈশ্বর তোমার দাস এ স্থানের অভিমুখ হইয়া যে কিছু যাচ্ঞা করিবে তাহা আকর্ণন করহ এবং তোমারি ভক্ত সাধারণ ঈস্রাএলিরা আপন দাসের সহিতে এ স্থানের অভিমুখে যখন যে বিনয় প্রার্থনা করিয়া থাকিবে তখন তাহা অবধান করিয়া শুনহ।"

অতএব মুনি পরমধার্ম্মিক লোক হইয়া তাঁহার বালককালাবধি বৃদ্ধাবস্থা কাল পর্য্যন্তই স্বরক্ষণকারি পরমেশ্বরের স্থানে পূর্ব্বোক্ত মত ধন্যবাদ পূর্ব্বক প্রার্থনা করিতে২ তাঁহার অহিতৈষিরা অমনি বসিয়া আছে তাহা নয় বরঞ্চ তাহারা ওতে থাকিয়া ঘরের খিড়কী দিয়া অবলোকন করিয়া কিম্বা অনপেক্ষিতে গৃহে প্রবেশিয়া ইনি নিতান্তই রাজাজ্ঞা লঙ্ঘন করিয়াছেন বটে ইহা টের পাইল তাহাতে উহারা তৎক্ষণাৎ রাজসন্নিধানে যাইয়া সম্বাদ দিয়া কহিল "হে মহারাজ যে প্রত্যেক জন আপনকার ব্যতিরিক্ত দেব কি মানুষ কাহারো স্থানে ত্রিশ দিবস

that every man that shall ask a petition of any god or man within thirty days, save of thee, O king, shall be cast into the den of lions?" Darius, without suspecting their evil design, at once replied, "The thing is true, according to the law of the Medes and Persians, which altereth not." Then said they, "That Daniel, which is of the captivity of Judah, regardeth not thee, O king, nor the decree that thou hast signed, but maketh his petition three times a day." They did not tell Darius to *whom* he made his petition, lest that should be taken as an excuse. But yet the king immediately understood their cloked deceit and malice. He saw clearly that their sole object, in persuading him to make the law in question, had been to destroy the life of Daniel, whom they hated for his superiority to themselves. But it was now too late to retract; for, by a foolish regulation under the Median and Persian government, the kings were not allowed to repeal or alter any laws which they had once made. Although they were absolute monarchs; had the lives and fortunes of their subjects entirely at their own disposal;

পর্য্যন্ত কোন যাচ্ঞা করিবে তাহাকে সিংহ কুহুরে নিক্ষেপ করা যাইবে আপনি না কি এমন রাজাদেশ পত্র স্বাক্ষরিত করেন নাই।" তাহাতে দারিয়ুস্ এরূপ জিজ্ঞাসা শ্রুত মাত্রে জিজ্ঞাসুদিগের কুমানসে অসন্দিগ্ধ হইয়া উত্তর দিলেন "হাঁ সত্য বটে এবং সেই আজ্ঞা মেদীয় ও ফারসিদের অটল ব্যবস্থা মত অপরিবর্ত্তনীয়" তাহাতে উহারা আরো জানাইয়া বলিল "হে মহারাজ যুদ্ধের বন্দি য়িহুদিদের মধ্যে দানিএল নাম যে এক জন আছে সে আপনকাকে না মানিয়া আপনকার ঐ যে রাজাজ্ঞা এখনো তদবহেলা পূর্ব্বক এখনো প্রতিদিনে তিনবার প্রার্থনা করিয়া থাকে" কিন্তু রাজা উহাদের দ্বেষভাব ও প্রতারণার কোন সূচনা যেন না পান এ নিমিত্ত মুনি কাহার স্থানে প্রার্থনা করেন ইহা স্পষ্ট করিয়া কহিল না তথাপি ও দারিয়ুস্ স্ববুদ্ধিতে তাহা উত্তম রূপে বুঝিলেন এবং আপনা হইতে অধিক গুনবান যে দানিএল মুনি তাঁহাকে প্রাণে নষ্ট করে এ মাত্র অভিপ্রেত করিয়া উহারা উক্ত রাজাজ্ঞা দেওনে দ্বেষভাবে চেষ্টান্বিত হইয়াছিল তাহাও জানিলেন কিন্তু ভাবিতে২ ও ইচ্ছায় কিছুই উপায় পাইলেন না যেহেতুক যে কোন রাজব্যবস্থা করা গেলে পর রাজাই তাহা অন্যথা করিতে পারেন না মেদীয় ও ফারসিদের এরূপ অসঙ্গত নিয়ম ও অবুদ্ধির রীতি ব্যবহার আছে ইহাতে দেখ সেই দেশের সম্রাট্ কেবল স্বেচ্ছাচারী হটেন এবং স্বেচ্ছামতেই প্রজাগণের প্রাণনাশ ও ধনাপহরণ করিতেও পারেন

could do many things which were unjust and wrong; yet if any one of them was even convinced that he had made a rash and cruel law, he had no power to alter it, but all its evil consequences must be borne. How wonderfully unreasonable and iniquitous was this! Much displeased with himself for his inadvertent injustice, and in great distress and anxiety on account of the danger of his friend and prime minister, Darius spent the rest of that day in trying to discover some way in which the law might be evaded, or in endeavouring to persuade the enemies of Daniel to withdraw their accusation. But all was in vain. As soon as the last faint rays of the setting sun had faded from the dial in the gardens of the palace, the men who had accused Daniel, approached the king and reminded him that no law of the Medes and Persians *could* be changed; on which Darius most reluctantly ordered that Daniel should be led out to execution.

The place where criminals were put to death was a den of lions. These were undoubtedly kept hungry, that they might be more fierce and terrible. This punishment is unknown in Europe and America, but

এবং যে কোন প্রকার অন্যায় ও অযাথার্থ্য করিতে সক্ষম ও হন কিন্তু যদি তিনি কোন কালে সহসা কোন অনুচিত এবং সাঙ্ঘাতিক রাজাদেশ করিয়া থাকেন তবু তিনি স্বদোষ বুঝিয়াও তাহা ব্যর্থ করিয়া তজ্জন্য মন্দ-শেষ নিবারণ করণে নিতান্তই অপারক হন সে কেমন অন্যায় এবং এমন কুরীতি হওয়া বা কি আশ্চর্য্য!

কিন্তু দারিয়ুস্ আপন ভ্রমদোষজ ঐ ত্রুটিতে অতিশয় বিমর্ষ হইয়া আপন সুমিত্র ও প্রধান মন্ত্রী যে দানিএল তাঁহার এরূপ প্রাণ দায়ে বড়ই সন্দিগ্ধ হইয়া রহিলেন তাহাতে তিনি উক্ত ব্যবস্থা ব্যর্থ করিতে কোন ছলনানু-সন্ধান করত কিম্বা শত্রুগণ মুনির প্রতি ঐ রূপ অপবাদনে নিরস্ত হয় ইহার কোন উপায় চেষ্টা করত সূর্য্যাস্ত পর্য্যন্ত দিন কাটিয়া ও সিদ্ধসাধ্য হইলেন না। অবশেষে অস্তগত সূর্য্যের শেষ কিরণ যখন রাজবাড়ীর উপবনে স্থিত রৌদ্র ঘড়ীতে লাগিয়া আছে তখন অপবাদকগণ রাজার নিকটাগত হইয়া মেদীয় ও ফারসিদের ব্যবস্থা সকল অটল এবং কোন মতে ব্যর্থকরণীয় নয় ইহা স্মরণ করাইয়া দিল তাহাতে তিনি অতিশয় অনিচ্ছা পূর্ব্বক দানিএলকে সংহনন স্থলে নিক্ষিপ্ত করিতেই আজ্ঞা দিলেন।

সে স্থল সিংহপূরিত কুহরবৎ এক নিম্ন স্থান আছে আর তৎস্থিত সিংহ সমূহ অনাহারেতে অতিক্রুদ্ধ ও নিষ্ঠুর করিয়া রাখিবার রীতি ব্যবহার ও হইত। ইউরোপ ও আমেরিকা এ দুই দ্বীপেতে ঐরূপ দণ্ড

it was anciently practised in some parts of Asia, and is still in use in some of the northern states of Africa.

Daniel was brought out, and led to the den of lions. The king, and perhaps his accusers also, went with him. We may conceive that the people came in crowds to gaze upon him, and that the Jews were very sorrowful as they looked upon the gray hairs and venerable figure of their protector and best friend. They had expected very soon to return to their own country; but now Daniel, through whose influence alone they could hope for any favour from the king, was about to suffer a disgraceful and cruel death. What a bitter affliction must this have been to them! As the Prophet walked *composedly in the midst of the* guards, his heart was undoubtedly lifted up in prayer, that God would be with him and strengthen him in his hour of trial. The stone was taken away from the mouth of the den, and looking down into that dark and dismal place, there were the lions, with low but terrible growlings, waiting for their prey. In taking leave of Daniel, the king

দণ্ডন অচলন বটে কিন্তু পূর্ব্বকালে আশিয়ার কোন২ দেশে তদ্ব্যবহার হইত এবং আফ্রিকার উত্তর দিগ স্থিত কিয়ৎ প্রদেশেতে উহার ইদানীন্তন ব্যবহার ও হয় এ জানা যায়।

অতএব দানিএলকে বাহির করিয়া সিংহ কুহুরেতে আনয়ন করা গেল আর অনুমানে রাজা এবং অপবাদক গণ সঙ্গেও গেলেন ইত্যবসরে ইতর লোক ভিড় হইয়া চাহিয়া আছে আর য়িহুদিরা সর্ব্বোত্তম আপন প্রতিপালক এবং সুমিত্র যিনি তাহার অতিবার্দ্ধক্য প্রযুক্ত শুক্লীভূত কেশ ও ক্ষীণ ডৌল দেখত পরম খেদিত হইয়া আছে এ সম্ভবে আর দেখ উহারা কিঞ্চিৎ গৌণে স্বদেশে ফিরিয়া যাইতে আশাপন্ন হইয়াছিল বটে কিন্তু হায় ২ যাহার গুণানুরোধে তাহাদের রাজার স্থানে কোন অনুগ্রহ প্রাপণের ভরসা হইয়াছিল সেই দানিএল এখন সাপমান হইয়া ক্রূরতর মৃত্যু ভোগ করিতে উদ্যত আছেন এ পরম দুঃখের বিষয় হইল। কিন্তু মুনি রক্ষকগণবেষ্টিত হইয়া কুহুরেতে গমন করিতে২ পরমেশ্বর ঐশিক অনুগ্রহ প্রকাশিয়া তাহাকে উপস্থিত দুঃখ যন্ত্রণা সহিতে ও বলবৃদ্ধি দেন এমন অন্তঃপ্রার্থনা করেন ইহাতে কোন সন্দেহ নাই। শেষে সঙ্গি লোকেরা কুহুর মুখে স্থাপিত শিলাখণ্ড সরাইয়া অধোমুখ হইয়া দেখে ঘোর ভয়ঙ্কর স্থলেতে সিংহগণ অতি আতঙ্কজনক গর্জ্জন নাদ করত খাদ্যাপেক্ষায় উন্মুখ হইয়া রহিয়াছে তাহাতে রাজা ফিরিয়া যাওনোন্মুখ হইয়া মুনির প্রতি

said to him, (vi. 16.) "Thy God whom thou servest continually, he will deliver thee." Darius was then obliged to give the command, and they cast Daniel into the den. That there might be no possibility of his escape, a stone was placed over the mouth of the den, on the edges of which they spread clay or wax, which the king stamped with his own seal and the seals of his lords; so that the stone could not be removed without breaking the seals.

The malicious lords were undoubtedly rejoiced at the success of their plans, but Darius returned sad and mournful to his palace. He refused to take any food, though many inviting delicacies were set before him, and rich wines sparkled in the cups. The band of musicians, who usually entertained him while eating, by playing on their instruments, were now forbidden to appear in his presence. All was silent in those halls, which were generally filled with mirth and feasting. The eastern monarchs delight much in perfumes; their garments and floors are often sprinkled with essences and fragrant gums, and sweet-scented woods are burned in the corners of

"তোমার নিত্য সেবিত পরমেশ্বর তোমাকে রক্ষা করিয়া দিবেন" এমন কথা কহিয়া তাহাকে একেবারে কুহুর মধ্যে নিক্ষেপ করিতে আজ্ঞা দিয়া স্বস্থানে গেলেন। কিন্তু মুনির কোনমতে রক্ষা প্রাপ্তির উপায় লেশ যেন না হয় এ জন্যে কুহুর মুখে ঐ শিলা খান ফিরিয়া লাগাইয়া তৎসন্ধিস্থলে লা মাখিয়া তাহা রাজমুদ্রা এবং কুলীনদের স্বীয়২ মুদ্রা দিয়া মুদ্রাঙ্কন করা গেল সুতরাং মুদ্রিত লা ভাঙ্গন বিনাতে পাষাণ টা সরাইয়া দিতে পারা যাইত না।

তাহাতে মুনির হিংসেচ্ছুক ঐ কুলীনেরা স্বকল্পিত ছলনা দ্বারা এরূপ সিদ্ধার্থ হইয়া অতি সন্তুষ্ট হইল কিন্তু রাজা বিষাদিত মনে নিজালয়ে গিয়া অনেক২ সুমিষ্ট ও রুচিজনক ভোজ্য সামগ্রী এবং জলজলিয়া মদ্য পূরিত কাঁচের বাটী প্রস্তুত হইলেও কোন আহার করিতে স্বীকৃত হন না এবং যে বাদ্যকর সমূহ প্রতিদিনে সুশ্রাব্য রূপে বাদ্য বাজাইয়া রাজার মনাকর্ষণ করে তাহার দিগকে বিদ্যমানে আসিতেও নিষেধ করেন তাহাতে পূর্ব্বেতে যে রাজশালাতে কেবল উল্লাসধ্বনি ও ভোজ্য ভোগাদি ব্যবহার হইত সে শালায় কিছুই মাত্র শব্দ আর শুনা যায় নাই। আর পূর্ব্বদেশীয় রাজাগণ নানা সুগন্ধি দ্রব্যের উত্তম গন্ধ ঘ্রাণে সদাই সন্তুষ্ট থাকেন এবং গায়ের পরিচ্ছদে ও গৃহমৈজ্যাতে নানা সুগন্ধি বৃক্ষনির্য্যাস ও সৌরভাদি মাখনদ্বারা তাহা২ সুবাসিত করাইয়া থাকেন এবং তাঁহাদের বাসগৃহের কোণায়২ উত্তম২ চন্দনাদি এবং ধূপ পোড়াইবার পাত্র

their apartments. But none of the luxuries or splendours of his palace could now give any pleasure to Darius. He retired to his bed, but not to sleep, for he was thinking of his counsellor and friend, whom he had left in a den of wild beasts.

But to return to the venerable prophet—it might have been expected that the lions would spring upon Daniel and tear him to pieces, as soon as he came to the bottom of the den. But they did not do this. God, by his divine power, prevented it. How this was effected, whether by taming the fierce dispositions of these animals, or by taking away their strength, so that they were unable to do the prophet any injury, it is impossible to say. Daniel, thus wonderfully unhurt, probably spent the night in constant and earnest prayer for his entire deliverance. In this dreadful place, his faith and confidence in his heavenly Father were much needed, and they were, no doubt, strongly exercised.

Assuredly too, his soul drew near to God in praise and thankfulness, and held sweet communion with him as hour after hour of the night wore away. Perhaps

থাকে কিন্তু ইহারো কিছুতেই দারিয়ুস্ রাজার তৎ-
কালীন অনুরক্তি এবং সুখাস্বাদ হয় নাই তাহাতে তিনি
শয়নাগারে গিয়া দিব্য শয্যায় বসিয়াও নিদ্রা পান
নাই যেহেতুক তিনি প্রতিক্ষণে কেবল নিষ্ঠুরতম পশুর
খাতে পরিত্যক্ত সর্ব্বোত্তম আপন ঐ সুমিত্র ও সচিবের
বিষয় ভাবিতে আছেন।

কিন্তু ইত্যবসরে দানিএল মুনির কি বা গতি হইল
ইহার কিছু বিবরণ করিতে হয় সুতরাং তিনি কুক্কুর-
তলে আগত মাত্রে সিংহগণ একেবারে লাফ দিয়া তা-
হাকে মুখে নখে ধরিয়া ছিরিয়া গিলিয়া ফেলিবে
ইহাতে কাহার সম্ভব বোধ না হইত কিন্তু পরমেশ্বরের
পরমশক্তি প্রকাশে তাহা করিল না তাহাতে তিনি ঐ
হিংসুক জন্তুর নিষ্ঠুর স্বভাব দমন করিলেন কিম্বা মুনির
শরীরে কোন ক্ষতি না করিতে পারে এ জন্যে তিনি
এক কালেই সিংহগণের বলহ্রাস করিয়া দিলেন কি না
ইহার নিশ্চয় জানা যায় না কিন্তু সে যাহা হউক অনুমানে
মুনি দৈবক্রমে ঐ রূপ রক্ষা পাইয়া আপনার সর্ব্বাংশে
উদ্ধারের প্রার্থনা মাত্র করত ঐ রাত্রি বঞ্চিয়া থাকিবেন
যেহেতুক এমন ভয়ঙ্কর দায়েতে তাহার স্বর্গীয় পিতা
পরমেশ্বরেতে স্থিরমনে শ্রদ্ধা করা অত্যাবশ্যক হইল
সুতরাং মুনি ব্যগ্রচিত্ত হওত এবং ঈশ্বরের প্রতি ভক্তি-
ভাবে উত্তরোত্তর স্তবস্তুতি ও ধন্যবাদ পূর্ব্বক ক্ষণে২
আরাধনা করত ঐ রাত্রির কাল কাটাইয়াছেন
ইহাতে সন্দেহ নাই আর কি জানি মধ্যে২

he had also some converse with the angel who controlled the lions; for Daniel had conversed with angels before. God was able to make this gloomy den like the gate of heaven to his servant and he most probably did.

At length the morning dawned. Darius rose from his sleepless bed, and went in haste to the den of lions. He seems to have had some expectation that God would deliver Daniel from their fury, as he had before delivered his three friends from the fiery furnace. He therefore called, in a mournful tone of voice, to Daniel, from the mouth of the den, and said, (vi. 20.) "O Daniel, servant of the living God, is thy God, whom thou servest continually, able to deliver thee from the lions?" Daniel replied, (xxi. 22.) "O king live for ever! My God hath sent his angel, and hath shut the lions' mouths, that they have not hurt me; forasmuch as before him innocency was found in me, and also before thee, O king, have I done no harm." Darius was exceedingly glad when he heard this, and commanded that Daniel should be taken up out of the den.

সিংহদমনার্থে প্রস্তুত কোন স্বর্গদূতের সঙ্গেতে আলাপও করিলেন যেহেতুক পূর্ব্বেতে তাহার ঐ রূপ স্বর্গীয় ব্যক্তির সহিতে বারম্বার সম্ভাষ হইয়াছিল সে যাহা হউক কিন্তু ঈশ্বর ঘোর সিংহখাতকেই স্বর্গ দ্বারের তুল্যরূপে তৎস্থিত ধার্ম্মিক জনের অন্তরুল্লাসজনক করিয়া রাখিতে পারেন এবং নিতান্তই রাখিয়াছেন এমন অনুমান আছে।

তাহাতে দারিয়ুস্ কিছুমাত্র ঘুম না পাইয়া ও নিশি পোহাইলে পর শয্যাহইতে গাত্রোত্থান করিয়া সিংহ কুহুরেতে ত্বরায় গেলেন আর পরমেশ্বর পূর্ব্বে যেমন বন্দি ত্রয়ের সহিতে ঐ দানিএলকে অগ্নিকুণ্ডেতে মুক্ত করিয়াছিলেন তেমনি তিনি এবারো তাহাকে প্রস্তুত দায়ে উদ্ধার করিবেন রাজা বুঝি এরূপ কিয়ৎ আশাযুক্তই ছিলেন সুতরাং তিনি কুহুরমুখে দাঁড়াইয়া শোক সূচক উচ্চৈঃস্বরে ডাকিয়া কহিলেন "হে দানিএল জীবন্ত ঈশ্বরের ভক্ত যে তুমি তোমার নিত্য সেবিত ঐ ঈশ্বর কি তোমাকে সিংহ গ্রাসেতে রক্ষা করিতে পারিলেন" তাহাতে দানিএল উত্তর দিয়া কহিলেন "হে রাজন্ আপনি চিরঞ্জীবী হউন আমার ঈশ্বর আপন দূতকে পাঠাইয়া সিংহগণের মুখরোধ করাতে উহারা আমার কিছু মাত্র ক্ষতি করে নাই যেহেতুক তাঁহার পক্ষে আমার কোন পাপদোষ পাওয়া গেল না এবং হে মহারাজ আপনকার ও প্রতি আমি কোন ত্রুটি করি নাই" মুনির এ মাত্র কথা শুনাতে দারিয়ুস রাজা অতিশয় হর্ষিতমন হইয়া তাহাকে তুলিয়া দিয়া কুহুরহইতে

When he came out, they found that he had received no injury, but had been kept safely all night among the lions, because he believed and trusted in his God.

Darius then determined to punish the malicious accusers of Daniel. He ordered them to be brought, with their wives and children, and thrown into the den. Thus they suffered the same punishment they had contrived for an innocent man: as king David had said, (Ps. ix. 15.) "The heathen are sunk down into the pit that they made, and in the net which they hid is their own foot taken." For God now withdrew his restraining power from the lions, when they instantly showed their furious and savage nature. They seized upon these persons with their claws, and crushed them with their sharp strong teeth; so that all their bones were broken, even before they came to the bottom of the den.

Herein we see from what a terrible death Daniel had escaped, through the kind care of his heavenly Father. He too could say, in the language of king David, (Ps. xxxiv. 7, 8.) "The angel of the Lord encampeth round about them that fear him, and delivereth them.

বাহির করিতে আজ্ঞা দিলেন এবং তুলিলে পর ইনি কোন অংশে কিছু মাত্র ক্ষতি পান নাই, বটে বরঞ্চ ইনি যে ঈশ্বরেতে নিত্য শ্রদ্ধা ও স্থির ভক্তি করিয়া থাকেন তাঁহা কর্ত্তৃক রক্ষিত হইয়া সিংহ মধ্যে ও নির্ব্বিঘ্নে রজনীকাল কাটাইয়া আছেন ইহাই দেখিলেন।

পরে রাজা ঐ দ্বেষি ব্যক্তিদিগের দণ্ড নির্দ্ধারণ করিয়া উহাদিগকে স্বং দারা ও পুত্রগণ সহিতে সিংহ খাতে ফেলিতে আজ্ঞা দিলেন। তাহাতে দাঁউদ রাজার বাক্য প্রমাণে উহারা নির্দোষি ব্যক্তির যে অনিষ্ট কল্পনা করিয়াছিল আপনারাই তাহা ভুঞ্জন করিল যথা "অপবিত্র লোকেরা যে খাত খনন করিল তাহাতে আপনারাই পড়িয়া রহিয়াছে এবং যে জাল গুপ্তভাবে বা পাতিল সেই জালেতে আপনাদেরি পা ধরা গিয়াছে।" যেহেতুক পরমেশ্বর সিংহগণের হিংসুক স্বভাব আর দমন না করাতে সে তৎক্ষণাৎ পুনঃপ্রকাশ পাইল তাহাতে নিক্ষিপ্ত ব্যক্তিরা কুহুরতলাগত না হইতে ও সিংহগণ পত্যমান তৎ শরীর সমূহ নখে ধরিয়া সুতীক্ষ্ণ দন্ত দিয়া ছিরিয়া কাটিয়া হাড় সমেত মাংস সকল পিশিয়া খাইল।

অতএব উহাদেরি দৃষ্টান্তদ্বারা দানিএল মুনি স্বর্গীয় পিতার দয়া প্রকাশে কেমন ভয়ঙ্কর মৃত্যুতেই রক্ষা পাইলেন ইহা স্পষ্ট রূপে দেখিতেছি। সুতরাং এবার তিনি দাউদের উক্ত কথা উল্লেখ করিতে পারিতেন যথা "যাহারা পরমেশ্বরকে আদর করিয়া মানে উহাদের চতুর্দ্দিগে তাঁহার দূতগণ ছাউনি করিয়া রক্ষক হয়"।

"O taste" therefore, "and see that the Lord is good; and blessed is the man that trusteth in him." (15.) "The eyes of the Lord are upon the righteous, and his ears are open unto their cry. (16.) The face of the Lord is against them that do evil, to cut off the remembrance of them from the earth. (19.) Many are the afflictions of the righteous; but the Lord delivereth him out of them all. (20.) He keepeth all his bones; not one of them is broken. (21.) Evil shall slay the wicked; and they that hate the righteous shall be desolate. (22.) The Lord redeemeth the soul of his servants; and none of them that trust in him shall be desolate."

Now it was undoubtedly right for Darius to punish, as he did, the wicked accusers of Daniel; but he did very wrong in putting to death their wives and children also, who were innocent. Those kings who have despotic authority often do most cruel and unjust actions. Indeed men are so sinful and weak, that they ought not to be trusted with unlimited power over the lives and fortunes of others. Those should therefore be most thankful to Providence.

অতএব হে পাঠক বিবেচিয়া বুঝ " পরমেশ্বর কেমন কল্যাণ দাতা হন এবং যে ব্যক্তি তাঁহার শরণ লয় সে কেমন বা ধন্য! পরমেশ্বর ধার্ম্মিক লোকের প্রতি সদা কৃপাবলোকন করেন এবং তাহার বিনয় প্রার্থনাতে কর্ণপাতও করেন কিন্তু ঈশ্বর দুষ্কর্ম্মকারিদের প্রতি অপ্রসন্নমুখ হয়েন এবং নাম পর্য্যন্তই উহাদিগের পৃথিবীতে অখ্যাতি করিয়া দিবেন কিন্তু ধার্ম্মিক জনের বহু২ মন্দ ঘটিলেও পরমেশ্বর তাঁহাকে সে সমস্ত হইতে উদ্ধারিত করেন। তিনি তাহার অস্থি সমুদয় রাখেন উহার একটি ও ভাঙ্গিয়া যায় না। দুষ্ট লোক স্বদুষ্টামি বশতঃ নষ্ট হইয়া যাইবে আর ধার্ম্মিকগণের ঘৃণাকারিরা বিনাশিত হইবে। কিন্তু পরমেশ্বর আপন ভক্তদের প্রাণ রক্ষা করেন এবং তাঁহার গুণে বিশ্বাসকারি কোন জন বা উত্ত্যক্ত হইবে না।"

অতএব নির্দোষি মুনির ঐ মিথ্যাপবাদিগণের দণ্ড দেওয়া রাজার উচিত কর্ম্ম হইল বটে কিন্তু নিরপরাধি তত্তৎ স্ত্রী পুত্র গণেরও যে প্রাণনাশ করাইলেন ইহাতে অতি অন্যায় বোধ মাত্র আছে। কিন্তু অসীম পরাক্রামি রাজাগণের এতদ্রূপ নিষ্ঠুরতা ও অন্যায্য কর্ম্ম করা চলন সুতরাং মনুষ্য জাতির অতিশয় পাপশীলতা ও ধর্ম্ম পক্ষে দৌর্ব্বল্য উটিয়াছে এ নিমিত্ত কাহাকেও আপন স্বেচ্ছামতে অন্যদিগের প্রাণ নাশনও সম্পদ হরণে অধিকার দেওয়া অনুচিত এবং যে২ দেশের রাজারা কেবল বিহিত রূপেও ব্যবস্থামতে আচার ব্যবহার করত প্রজা শাসন

who, like us, live in a free country, where the innocent are protected from injury.

Darius was much affected by the miraculous escape of Daniel. In imitation of Nebuchadnezzar, he wrote the following proclamation to all the people in the empire ; beginning, as is usual in the east, with a salutation. (Ch. vi. 25, 26.)

"King Darius, unto all people, nations and languages, that dwell in all the earth ; peace be multiplied unto you ! I make a decree, that in every dominion of my kingdom, men fear and tremble before the God of Daniel ; for he is the living God, and steadfast for ever, and his kingdom that which shall not be destroyed, and his dominion shall be even unto the end. He delivereth and rescueth, and he worketh signs and wonders in heaven and in earth ; and he hath delivered Daniel from the power of the lions."

Daniel was, from this time, so much beloved by the king and people, that no person dared to bring any accusation against him. All his dignities were restored, and the remainder of his life was spent in peace and prosperity.

করাতে নির্দ্দোষি সকলে ক্ষতিবর্জ্জিত হয় সেই২ দেশের নিবাসিদের বিধাতা ঈশ্বরের প্রতি তন্মঙ্গল কারণে কৃতজ্ঞ হওয়া অতি উচিত।

কিন্তু মুনির উক্তরূপ উদ্ধার হওনেতে দারিয়ুস্‌ রাজার পরমার্থ বিষয়ে কিঞ্চিৎ জ্ঞানোদয় হইল তাহাতে তিনি নবুখদ্‌নজ্জরের অনুকারী হইয়া রাজ্যের সাধারণ লোক প্রতি ব্যবহৃত মত মঙ্গলবাদ সম্বলিত এ রূপ বাক্য ঘোষণা করাইলেন যথা “দারিয়ুস্‌ রাজা পৃথিবীর সর্ব্বজাতীয় ও সর্ব্বভাষাভাষি তাবৎ লোকের প্রতি লিখিতেছেন তোমাদের উত্তরোত্তর মঙ্গলবৃদ্ধি হউক আমার আদেশ এই রাজ্যের সর্ব্বস্থানের লোক সমু- দয় দানিএলের নিত্য সেবিত ঈশ্বরকে আদর ভক্তি করুক যেহেতুক তিনি জীবন্ত এবং নিত্যস্থায়ি ঈশ্বর বটেন এবং তাঁহার অনশ্বর রাজত্ব এবং অশেষ প্রভুত্বই আছে আর তিনি উদ্ধারকর্ত্তা এবং রক্ষাকারি ঈশ্বর হয়েন তিনি মাত্র স্বর্গ ও পৃথিবীতে অদ্ভুত ক্রিয়া এবং আশ্চর্য্য কর্ম্ম দেখান এবং তিনি দানিএলকে সিংহ মুখেই মুক্ত করিয়া দিয়াছেন”।

অতএব তৎকালাবধি দানিএল মুনির প্রতি রাজার এবং সাধারণ লোকের অতিশয় প্রেম প্রকাশ হইবাতে কেহই তাহার বিষয়ে কোন অপবাদ করিতে সাহস পাইল না আর তিনি সম্ভ্রমপদাদি পুনঃপ্রাপ্ত হইয়া আয়ুঃ শেষ পর্য্যন্ত কেবল কুশল মাত্র ভুঞ্জন করত কাল কাটাইলেন এ জানা যায়।

CHAPTER XVII.

Cyrus becomes king—The return of the Jews to their own country.

Cyrus had been absent with his army in Syria and Egypt, settling the affairs of the empire, and bringing the people into complete subjection to the Median and Persian government. But on the death of his uncle Darius, who reigned but two years, he returned and became king in his stead. His government was so just and kind, that he was called the father of his people. He resided, during the seven cool months of the year, at Babylon ; two months in the spring, at Shushan (the city among lilies) ; and during three months of the hottest weather, at Ecbatana in Media.

As Daniel was prime minister, and was so celebrated a character, he undoubtedly had frequent opportunities of conversing on sacred and other mat ters with king Cyrus. It was supposed that Danie showed this king those writings of Isaiah, ii which the conquest of Babylon by the Medes and Persians is predicted, and where Cyrus is mention-

১৭ অধ্যায়।

কুরসের রাজ্যাভিষেক ও য়িহূদিদের স্বদেশে পুনরাগমন।

ইত্যবসরে কুরস্ স্বসৈন্য লইয়া সুরিয়া এবং ঔগুপ্ত এ দুই দেশে যাত্রা করিয়া রাজ্যের নানা বিষয় নিষ্পাদন পূর্ব্বক নিবাসিদিগকে মেদীয় ও ফারসিদের সর্ব্বতোভাবে বশীভূত করিয়া রাখিতেছিলেন। কিন্তু স্ব মাতুল ঐ দারিয়ুস্ দুই বৎসর কাল মাত্র রাজ্য-ভোগ করিয়া মরিয়াছেন ইহা শুনিয়া তিনি পুনরাগমন পূর্ব্বক তৎপরিবর্ত্তে রাজাসনে উপবিষ্ট হইয়া রাজ্য-পালন করিতে উদ্যত হয়েন। তাহাতে তিনি ন্যায় পালনেতে ও সাধারণ প্রজাগণের প্রতি দয়া প্রকাশ করণেতে তাঁহাকে প্রজাদের পিতা এতদুপাধি দেওয়া গেল আর তিনি প্রতি বৎসরের অনুষ্ণ সপ্তমাস কালে বাবুলনেতে বাস করিয়া বসন্তকালের দুই মাস মাত্র শূশান্ নগরে থাকিতেন এবং গ্রীষ্মকালীন তিন মাসে মেদিয়ার এক্‌বাটান্ নগরেতে বাস করিতেন ইঁহার এই রীতি ব্যবহার জানা যায়।

আর অনুমানে অতিশয় সুখ্যাত্যাপন্ন ঐ যে দানিএল তিনি তৎকালেও প্রধান মন্ত্রিপদে নিযুক্ত থাকাতে কুরস্ রাজা এমন সুযোগ পাইয়া তাহার সঙ্গে বার-ম্বার ধর্ম্মাদি বিষয়ে আলাপ করিয়া থাকিবেন তাহাতে মেদীয়েরা ও ফারসিরা বাবুলনকে আক্রমণ করিয়া ধরিবে এবং পরমেশ্বর কুরস্ নাম এক জন মহা যোদ্ধাকে প্রস্তুত করিয়া তাঁহার দ্বারা বাবুলনীয়দিগকে

ed by name as the man whom God would raise up to punish the Babylonians, and deliver the Jews from captivity. As these prophecies were delivered one hundred and fifty years before Cyrus was born, the exact fulfilment of that part of them which related to the conquest of Babylon, must have appeared to him very remarkable; they seem to have filled his mind with reverence for the God of the Hebrews; and a part being so correctly accomplished, the remainder of the prophecies, which spoke of the return of the Jews to their own country, with the permission and under the protection of Cyrus, he considered as a command which he was bound to obey. It is probable, also, that so wise a king as Cyrus would reflect, how much better it was for the kingdom, that a fine country, like Palestine, should be filled with an industrious and thriving population, who might, without injury to themselves, pay handsome taxes into his treasury, than to have it deserted, and given up to wild beasts and wandering barbarians. Cyrus accordingly wrote the following proclamation, which he sent throughout

দণ্ড দেওয়াইয়া য়িহুদি লোককে বন্দিভাবেতে মুক্ত করাইবেন ইসাইয়া ভাবি বক্তার লিখিত যে২ গ্রন্থ স্থল এই২ ভাবি প্রতিজ্ঞা বাক্য আছে বোধ হয় মুনি কুরসের স্থানে তত্তন্নিবেদন করিয়া জানাইয়া থাকিবেন কিন্তু কুরসের জন্ম হওন পূর্ব্বে এক শত পঞ্চাশ বৎসর হইল ঐ ভাবি বাক্য সকল কহা গিয়াছিল অতএব বাবুলন নগরাক্রমণ বিষয়ক ঐ সমস্ত প্রতিজ্ঞা বাক্য বিলক্ষণরূপে সর্ব্বাংশে সিদ্ধ হওয়াতে কুরসের অতি আশ্চর্য্য বোধ কেমন না হইবে এবং হেব্রিদের নিত্য সেবিত পরমেশ্বরের পক্ষে তাঁহার মনোভয় কেন বা না উঠিবে আর অনুমানে ভাবি বাক্যের কোন অংশ সম্পূর্ণরূপে সিদ্ধই হইয়াছে ইহা দেখিয়া কুরস রাজা আপন স্বনাম সুপ্রতিপালক এক ব্যক্তির অনুমতিতে য়িহুদিদের স্বদেশে প্রত্যাগমন বিষয়ক যে অবশিষ্টাংশ তাহা ও স্বপ্রতি আজ্ঞাপিত জ্ঞান করিয়া থাকিবেন। আর অত্যুত্তম যে পলস্তিয়া কি না য়ূদা দেশ সে অমনি পড়িয়া রয় এবং বন্য পশু ও অস্থিরবাসি চোহাড়াদি অশিষ্ট মনুষ্য জাতি মাত্র তাহাতে থাকে এ ভাল নয় বরঞ্চ তাহা না হইলে ঐ দেশেতে শিষ্ট জাতি লোক বৃদ্ধি হওয়াতে উহারা পরিশ্রম পূর্ব্বক চাষাদি কর্ম্ম করত আপনাদের পক্ষে ধনোপার্জ্জন করে এবং রাজকর দেওত রাজভাণ্ডার পরিপূর্ণও করে কুরস্ সুপ্রজ্ঞ মানুষ হইয়া অবশ্য এ বরং ভাল বোধ করিয়া থাকিবেন। অতএব তিনি রাজদূতগণ পাঠাইয়া

all his kingdom, causing a herald to proclaim it in the different cities—(Ezra i. 2.) "Thus saith Cyrus, king of Persia: the Lord God of heaven hath given me all the kingdoms of the earth; and he hath charged me to build him a house at Jerusalem, which is in Judah. (3.) Who is there among you of all this people? His God be with him, and let him go up to Jerusalem, which is in Judah, and build the house of the Lord God of Israel, (He is the God!) which is in Jerusalem. (4.) And whosoever remaineth in any place where he sojourneth, let the men of his place help him with silver, and with gold, and with goods, and with beasts, besides the free-will offering for the house of God, which is in Jerusalem."

This proclamation gave great joy to the Jews. Ten of the principal elders of Judah and Benjamin, with the priests and Levites, (assistants in sacred offices,) and many of the people, began to make preparations for their return. Zerubbabel, grandson of king Jehoiachin and prince of the Jews, was their leader, and Jeshua was high-priest. Cyrus

আপন রাজ্যের সর্ব্বস্থানেই এরূপ ঘোষণা করিতে আদেশ দিলেন যথা "ফারস্ দেশের কুরস্ রাজা এ আজ্ঞা দিতেছেন স্বর্গবাসি ঈশ্বর পরমেশ্বর আমাকেই ভূমণ্ডলের প্রায় তাবদ্দেশে অধিকার দিয়াছেন আর য়ূদার য়িরূশালম নগরেতে তাঁহার ভজনার্থে এক মন্দিরকে নির্ম্মাণ করিতে আমার প্রতি আজ্ঞাও দিয়াছেন অতএব তোমাদের মধ্যে তাঁহার যত ভক্ত লোক আছে তাহারা স্বসেবিত ঈশ্বরের আনুকূল্যেতে য়ূদার ঐ য়িরূশালমে গিয়া সেখানে ইস্রাএলিদের প্রভু পরমেশ্বরের উদ্দেশে এক ভজনালয় নির্ম্মাণ করুক কারণ য়িরূশালমের রক্ষণকারি ঈশ্বর তিনি মাত্র আছেন অতএব প্রবাসিদের যে অবশিষ্ট লোক যেখানে থাকে সেখানকার দেশি লোক তাহার স্বর্ণ রৌপ্য ও অন্য২ সামগ্রী এবং চতুষ্পদাদি দিয়া আনুকূল্য করুক আর তদ্ভিন্ন য়িরূশালমেতে মন্দির নির্ম্মাণার্থে যথেপ্সিত দ্রব্য দান ও করুক।"

অতএব ঐরূপ ঘোষণা হওয়াতে য়িহূদিদের বড়ই সন্তোষ হইল তাহাতে য়ূদা ও বিন্যামিন্ এ দুই গোষ্ঠীর দশ জন প্রধান ব্যক্তি এবং যাজক সমূহ ও লেবি গোষ্ঠীর বহুজন ধর্ম্মপরিচারক গণ সাধারণ লোক সহিতে স্বদেশে ফিরিয়া যাইতে যথাপ্রয়োজন পূর্ব্বায়োজন করিতে উদ্যত হইলেন আর য়িহোয়াখিন্ রাজার পৌত্র জরুবাবেল্ নাম যে রাজকুমার ইনি যাত্রা সময়ে যাত্রিপতি হইয়া য়ূদা দেশে পৌঁছিলে পর দেশাধিপতি হইবেন এবং য়েশুয়া নাম যে এক বিশিষ্ট ব্যক্তি তিনি

appointed Zerubbabel to be governor also of Judea. He was called, by the Persians, Sheshbazzar. This was probably the Persian title for governor. Cyrus gave him all the vessels which Nebuchadnezzar had taken from the temple at Jerusalem, and offered to pay, out of the royal treasury, whatever might be required for the building of the new temple. It is evident that the conversation of Daniel and the prophecies in the Hebrew books, had made a deep impression upon the mind of Cyrus, or he would never have given so much for building a temple at Jerusalem; since the Magians, to which sect the Persians then belonged, did not allow of the building of temples, but only of small chapels for containing the sacred emblematic fire.

The Hebrews, both Jews and Israelites, who wished to return to their country, soon assembled together for that purpose; but many who had become rich, and had houses in pleasant situations in Babylonia and Assyria, preferred to stay behind. Daniel too remained, for he was now nearly ninety years of age, and could, it was probable, effect more

প্রধান যাজক হইবেন করুসের আজ্ঞামতে এ সকল স্থির করা গেল। ফারসি ভাষায় ঐ জরুবাবেল্কের শেশ্‌বাশ্বার্ এমন নাম হইয়াছিল অনুমান সে শব্দের তদ্ভাষায় অধিপতি এ অর্থ থাকিবে। আর রাজা নবুখদ্‌-নজ্জর্ য়িরুশালম পূণ্য নগরস্থ মহামন্দিরের যে যজ্ঞ পাত্রাদি হরণ করিয়া আনাইয়াছিলেন কুরস্ তাহা সমস্ত ও ফিরিয়া দিলেন এবং নূতন মন্দির নির্ম্মাণার্থে যত ব্যয় করিতে হইবে তিনি আপন রাজকোষ খুলিয়া তাহা ও দিতে প্রতিজ্ঞা করিলেন। অতএব দানিএল-মুনির সহিত আলাপ করাতে এবং উক্ত ভাবি বাক্য পাঠ করাতে কুরসের সত্য ধর্ম্ম বিষয়ে শক্তরূপে মনঃপ্রবোধ হইয়াছিল এ নিশ্চয় নতুবা তিনি য়িরুশাল-মের ভজনালয় পুনর্নির্ম্মাণার্থে এত ধনব্যয় কোন ক্রমে করিতেন না যেহেতুক তৎকালীন ফারসিরা মেজুস্ ইতি খ্যাত অগ্ন্যারাধক এক জাতির মতাবলম্বী হইয়া ছিল এবং তন্মতে কোন দেবালয় রচনা করার স্থির নিষেধ আছে কারণ তাহারা কেবল পূত অগ্নি পুঞ্জ রাখিবার অতি ক্ষুদ্রতর স্থান বিশেষ মাত্র প্রস্তুত করে।

ততঃপরে য়ূদা এবং ইস্রাএল এ উভয় দেশের যত হেব্রি লোক স্বদেশে ফিরিয়া যাইতে ইচ্ছুক ছিল তাহারা এক স্থানে একত্রীভূত হইল। কিন্তু কিয়জ্জন ধনবান লোক বাবু-লনিয়া অথবা অসূরিয়া দেশের উত্তমোত্তম স্থল বিশেষে স্থিত আপন২ বাসগৃহ ত্যাগ করিতে অসম্মত হইল। আর দানিএল মুনির প্রায় নব্বই বৎসরের বয়স হয় এ নিমিত্ত

good for his countrymen, continuing with king Cyrus than anywhere else. Nor could the king easily spare so useful and prudent a minister, the loss of whom would have occasioned him much perplexity. Those who remained behind made, however, large contributions, towards the building of the temple.

The Hebrews, collected together, with their wives and little children, their camels, horses, and other cattle, which were loaded with their goods, they formed a caravan, or body of persons travelling in company, and thus proceeded slowly over the desert towards Jerusalem. When they reached that city, it was precisely seventy years since Daniel and his companions had been carried into captivity. Nearly fifty thousand persons thus returned to their own land. They laid the foundation of the new temple amid the shoutings of the younger part of the company; while some of the old men wept when they remembered the glory of the first temple, and thought how impossible it was for them, in their circumstances, to build another which would be equally sumptuous and beautiful.

তিনিও স্বদেশে গেলেন না বরঞ্চ আমি কুরসের নিকটে থাকত আমার সদেশীয়দের অধিক হিতজনক হইতে পারিব ইহা স্থির করিলেন এতদ্ভিন্ন অনুমান আছে কুরস্ রাজা এমন সুমন্ত্রীর বিরহেতে রাজ্যশাসনে অতিব্যস্ত হইবেন এ নিমিত্ত আপনিও তাহাকে যাইতে দিতে অস্বীকৃত হন সে যাহা হউক কিন্তু যাহারা বাবুলনেতে রহিল তাহারা সকলে ও মন্দির নির্ম্মাণার্থে বিস্তর ধন দান করিল।

পরে হেব্রিরা স্ব২ উষ্ট্র ও ঘোটক ও গরু ও চতুষ্পাদ ইত্যাদি সকল নিজে২ সংগ্রহ করিয়া তদুপরে সামগ্রী সমস্ত ও পথের সম্বল ভার দিয়া বহাইয়া স্ত্রী পুত্র সমূহ সহিতে একত্র হইয়া কফলা কিম্বা কারয়ান ইতি খ্যাত যাত্রিক দল মতে প্রস্থান করিয়া মরুভূমি পথ দিয়া য়িরূশালমেতে ধীরে২ গমন করিল এ রূপেতে দানিএল আদির বন্দিভাবে বিদেশগমন কালাবধি ঠিক সপ্ততি বৎসর গত হইলেই প্রায় পঞ্চাশ সহস্র সঙ্খ্যক য়িহুদি লোক স্বদেশের স্বনগরেতে ফিরিয়া পৌছিল তত্তঃপরে মন্দিরের গোড়া বসাইতে আরম্ভ করণ কালে যুবা লোক সমুদয় আনন্দ পূর্ব্বক কোলাহল করত জয়ধ্বনি করিল কিন্তু যে কেচিৎ বৃদ্ধ ব্যক্তিরা পূর্ব্বকার মন্দিরের ততোধিক অতি শোভা দেখিয়াছিল তাহারা উপযুক্ত যোত্রাভাব প্রযুক্ত আপনাদের তদ্রূপ সুসুন্দর ভজনালয় নির্ম্মাণ করণে অক্ষমতা মনে২ ভাবিতে২ রোদন বিলাপ করিল।

Many years before, when Shalmaneser had carried the Israelites captive into Assyria, he sent a colony of Babylonians and Assyrians into the land of Israel. As these people lived in and around Samaria, they were called Samaritans. Their descendants were living in the country when the Jews returned from Babylon. As soon as these found that the Jews had arrived at Jerusalem, and were rebuilding the temple, their jealousy was excited, and they contrived in various ways to hinder and discourage them. Daniel probably heard of this; and though he was too far distant entirely to defeat all their artful designs, yet he appears at least to have comforted his countrymen under their difficulties by communicating to them the following supernatural visions.

CHAPTER XVIII.

Daniel's visions on the banks of the river Tigris.

It was, perhaps, on account of the difficulties and trials of his brethren in the land of Judah, that Daniel, (*Dan*: x. 12.) in the third year of king Cyrus,

কিন্তু ইহার অনেক বর্ষকাল পূর্ব্বে রাজা শল্মনেসর্ যখন ইস্রাএলিদিগকে অস্সুরিয়াতে বন্দিভাবে পাঠাইয়া ছিলেন তখন তিনি বাবুলনিয়া ও অস্সুরিয়া এ দুই দেশের অনেক লোককে আনাইয়া ইস্রাএলি দেশে বসতি করাইলেন তাহাতে ঐ নবনিবাসিরা সামারিয়া নাম এক বৃহন্নগরে এবং তচ্চতুর্দিগের স্থানে২ বাস করে এ জন্য উহাদের সামারিটানী এতন্নাম রাখা গেল। অতএব য়িহুদিদের বাবুলন্ হইতে পুনরাগমন কালে ঐ সামারিটানিদের বংশজ বহু লোক সেই স্থানেই আছে তাহাতে য়িহুদিরা স্বনগরেতে আগত হইয়াছে এবং নষ্ট মন্দিরকে পুনর্নির্ম্মাণ ও করিতেছে সামানিটানিরা ইহা শুনিয়া বড় ঈর্ষ্যাপন্ন হইয়া উহাদের উদ্যমভঙ্গ ও কর্ম্ম নিবারণ করণে নানা চেষ্টা পাইল। অনুমান দানিএল মুনি ইহার সংবাদ পাইয়া দূরস্থিত প্রযুক্ত শত্রুছল সর্ব্বতোভাবে খণ্ডিতে না পারাতে স্বদেশীয়দিগের সান্ত্বনার্থে পশ্চাল্লিখিত দৈবদর্শন বিষয় জানাইয়া দিয়া থাকিবেন।

---

১৮ অধ্যায়।

টাইগ্রিস্ নদীতীরে দানিএল মুনির প্রাপ্ত দৈবদর্শন বিষয়।

কুরস্ রাজার তৃতীয় বৎসরে দানিএল মুনি তিন সপ্তাহকাল উপবাসী হইয়া রহিলেন অনুমান ইনি পূর্ব্বোক্তমত আপদ্গ্রস্ত ও সুবিড়ম্বিত আপন সদেশীয়দের

kept a fast of three weeks. He was at that time with the king in the palace at Shushan. Though about ninety years old, Daniel, for three weeks (ch. v. 3.) ate no food that was relishing and pleasant to the taste, and drank no wine. Nor did he anoint himself, though it was customary for persons in those warm countries to anoint their bodies with oil after bathing. He denied himself every luxury, and undoubtedly offered many prayers to God for his people. (v. 4.) On the 24th day of the month Nisan, (our April,) he walked out on the banks of the river Tigris, which was not far from the city of Shushan. His attendants seem to have followed at a distance, while Daniel was engaged in devout meditation and mental prayer. (v. 5.) As he raised his eyes, which had probably been fastened on the ground in deep thought, he saw a heavenly being, whose appearance was glorious. He was clothed in linen, with a girdle of fine gold. (v. 6.) His body was like the beryl, and his face was bright and terrible as lightning, his eyes were like lamps of fire, and his arms and feet like polished brass. His voice was strong and powerful,

দায়োজ্ঞার সাধন নিমিত্তেই তদনুষ্ঠান করিলেন ইনি সে সময় কুরস্ রাজার সহিতে শূশান্ নগরের রাজ-বাড়ীতে ছিলেন আর নব্বই বৎসরের বয়সেতে বৃদ্ধ মানুষ হইয়াও একুশ দিবস পর্য্যন্ত রুচিজনক সুস্বাদ-বিশিষ্ট কোন আহার করেন নাই এবং মদ্যপানও করেন নাই আর ঐ দেশের লোক অতি গ্রীষ্ম কারণে দৈনিক স্নান করিয়া স্বং শরীরেতে তৈল মাখিয়া থাকে কিন্তু দানিএল উপবাস সময় তৈল মর্দ্দন করেন নাই এবং কোন প্রকার সুখভোগ না করত কেবল স্বদেশীয়দের উদ্ধারার্থে ঈশ্বরের স্থানে সবিনয় প্রার্থনা মাত্র করিতেছিলেন তাহাতে এক দিন বিশেষতঃ নীসান্ কি না বৈশাখ মাসের চব্বিশা দিবসে তিনি তীগ্রিস্ নদীতীরস্থ পথ দিয়া নগরের অনতিদূরে যাইয়া অধোদৃষ্টি হওত ভ্রমিতেছিলেন আর মুনি ঈশ্বরেতে আবিষ্টমন হইয়া অন্তর্ধ্যান ও মানসিক প্রার্থনা করিতেং বুঝি অনুচরগণ পশ্চাতেং গমিতেছিল। তাহাতে তিনি কোন কারণে হঠাৎ ঊর্দ্ধদৃষ্টি হইয়া দেখেন "অতি তেজোময় আকৃতি এক স্বর্গীয় ব্যক্তি আছেন তাঁহার মসীনা সূত্রময় পরিচ্ছদ এবং স্বর্ণের কটিবন্ধন আর তাঁহার গোদন্ত মণিতুল্য দীপ্ত শরীর এবং বিদ্যুতের ন্যায় কান্তিযুক্ত ও শঙ্কাকর বদন এবং তাঁহার অগ্নিশিখাময় প্রদীপবৎ চক্ষুদ্বয় ও সুপরিষ্কৃত পিত্তলসদৃশ হস্ত পাদ ছিল এবং অতি জনতা জন্য মহা শব্দবৎ গম্ভীর ও প্রচণ্ড রবকারি তাঁহার

like the voice of a multitude. (v. 7.) Daniel was the only person who saw this vision. The men who were with him, or followed him, did not see it; but a strange feeling of dread came over them, so that they quaked for fear, and fled away, leaving Daniel alone. (v. 8.)

The symbolical person who stood thus before Daniel, is supposed to have been a vision or characteristic representation of Jesus the Son of God; for He is represented by precisely similar figures in the Revelation of St. John. In both places the intention is to exhibit the Saviour of the world as highly exalted and powerful, and ever occupied for the benefit of his people. Five hundred and thirty-three years afterwards, He became a man, came into the world, and having taught the purest religion, died on the cross as a sacrifice for sins, that so a way might be opened in which sinners could be pardoned, sanctified and reformed, and prepared for heaven.

Daniel had before this also, seen and conversed with heavenly beings; but now "his strength failed," and his heart sunk within him at this glorious and

বাক্শক্তিও ছিল”। মুনি ভিন্ন আর কেহ এতদ্দর্শন পায় নাই কিন্তু যদ্যপিও পশ্চাদ্গামি অনুচর লোক তাহা না দেখিতে পাইল তত্রাপি উহারা দৈবযোগে অপূর্ব্বমত হঠাদ্ভয়াপন্ন হইয়া পলায়ন করিল তাহাতে মুনি একা হইয়া সে স্থানে রহিয়া আছেন।

অনুমান এরূপ দৈবদর্শনযোগে ঐ যে অদ্ভুত মূর্ত্তিমান ব্যক্তি দানিএল মুনির দৃষ্টিগোচর হইলেন ইনি ঈশ্বর-সুত ইত্যিখ্যার্ত সুপ্রসিদ্ধ ব্যক্তি বিশেষের কোন দৃষ্টান্ত স্বরূপ হইবেন কারণ সাধু য়োহন্ন ও স্বলিখিত ‘প্রকা-শিত বিষয়’ এতন্নাম পুস্তকেতে য়িশু খ্রীষ্টের সম্বন্ধে তৎসমতুল্য দৃষ্টান্ত প্রসঙ্গ করিয়াছেন। আর জগত্তা-রক অতিশয় ঐশ্বর্য্যশালী ও প্রভাববিশিষ্টই আ-ছেন এবং তিনি আপন ভক্ত লোকদের হিতার্থে অনবরত চেষ্টিত হন উভয় স্থলের বুঝি এই ভাব হইবে যেহেতুক তৎকালাবধি পঞ্চ শত তেত্রিশ বৎসর গতে তিনি মানব-দেহধারণ পূর্ব্বক পৃথিবীতে জন্ম লইলেন তাহাতে পাপিগণ পাপমার্জনা ও পরমার্থজ্ঞান পায় এবং ঐশ্ব-রিক শক্তিতে শুদ্ধীকৃত হইয়া আয়ুঃশেষে স্বর্গারোহণ করিতেও পারে এ নিমিত্তে তিনি উত্তমরূপে ধর্ম্মশিক্ষা দিলে পর আপন প্রাণকে প্রায়শ্চিত্তরূপে উৎসর্গ করণার্থে শূলে হত হইয়া মরিলেন এ সমস্ত বিষয় প্রসিদ্ধ আছে।

কিন্তু দানিএল যদ্যপি ইহার পূর্ব্বেও আর কোন অদ্ভুত দর্শনযোগে অন্যান্য স্বর্গীয় ব্যক্তিদের সহিত সম্ভাষ করিতেন তথাপি ঐরূপ তেজাল এবং ভয়ঙ্কর মর্ত্তি দর্শনেতে

terrible appearance. His countenance grew pale, and he fell prostrate with his face upon the ground. His body was so much weakened, and his mind so overwhelmed with astonishment and awe, (v. 9.) that he was like a person in a deep sleep ; yet he heard the words of his heavenly visitor, probably in a visionary rather than a real effort of the sense of hearing. Be that as it may, it is stated that while he lay upon the earth, (v. 10.) an angel came and touched him; and raising him upon his knees, and the palms of his hands, said to him, (v. 11.) " O Daniel, a man greatly beloved, understand the words that I speak unto thee and stand upright ; for unto thee am I now sent." Daniel then arose, and stood trembling. (v. 12.) The angel desired him not to fear, for that from the first day that he had begun to fast and humble himself before God, and endeavour to understand his will, God had heard his prayers. At that time, which was twenty-one days before, God had commanded this angel to come and inform Daniel of great events that would happen in future times. But he had been employed, during the three weeks of Daniel's fast, in attempting t

তাহার একেবারে শারীরিক বলহ্রাস ও তেজোনাশ এবং অতিশয় মনোভয় হওয়াতে তিনি বিকৃতবদন ও ভূম্যুন্মুখ হইয়া পড়িলেন বোধ হয় তিনি আতঙ্ক প্রযুক্ত দুর্ব্বলশরীর ও বিস্মিতমন হইয়া ঘোর নিদ্রাপন্ন অর্থাৎ সুপ্ত মানুষের ন্যায় হইয়া রহিলেন কিন্তু তদবস্থাতেও তিনি ঐ দৃষ্ট ব্যক্তির কথিত বাক্য উত্তম রূপে শুনিলেন বুঝি বাস্তবিক শুনিলেন না বরঞ্চ দৈবাধীনে তাঁহাব মানসিক দর্শন শ্রবণমাত্র হইল সে যাহা হউক কিন্তু এক জন স্বর্গদূত নিকটাগমন পূর্ব্বক ভূমিপতিত মুনিশরীরকে স্পর্শ করিয়া তুলিয়া তাহাকে হস্তের তালু ও জানুস্থিত করিয়া দিয়া কহিলেন "হে দানিএল তুমি অতিপ্রীত মানুষ তোমাকে আমি যে কথা কহি তাহা দণ্ডবৎ হইয়া শুন কারণ আমি তোমারি স্থানে প্রেরিত হইলাম" তাহাতে মুনি গাত্রোত্থান পূর্ব্বক কম্পমান হওত দাঁড়াইলেন। পরে স্বর্গদূত বলিলেন "তুমি ভয় করিও না কেননা তুমি যে প্রথম দিনাবধি উপবাস করত ঈশ্বরের স্থানে বিনয় প্রকাশ পুরঃসরে তাঁহার আজ্ঞানুসন্ধান করিতেছ সেই দিনেই পরমেশ্বর তোমার প্রার্থনা বাক্য গ্রহণ করিয়াছেন আর সেই দিনেই কি না অদ্যকার দিবসের একুশ দিন পূর্ব্বে আমি তোমাকে ভাবি বিষয় গিয়া জানাইতে আজ্ঞা ও পাইলাম"। কিন্তু উপবাসের তিন সপ্তাহ কালে স্বর্গদূত এমন আজ্ঞা পাইয়াও ফারিস্ দেশের কোন মহল্লোক যে হিংসোপায় করিয়াছিল তাহা খণ্ডনে চেষ্টা

defeat the wicked designs of the prince of the kingdom of Persia. This prince is supposed to have been Cambyses, the son of Cyrus, who had perhaps been persuaded by the enemies of the Jews to use his influence to injure them. (v. 13.) Michael, one of the chief angels, thought, however, by some to have been the Son of God, at length came to protect the Jews against their enemies at the Persian court;(v. 14.) while the other angel was sent on to Daniel to inform him of what would happen to the Jews and other nations in days to come.

This angel, who now talked with Daniel, was probably a created being, and not the glorious person first seen by him ; but he, not knowing this, was still so much agitated and alarmed, that he had no strength to speak. God had sent (v. 18.) this angel, "in appearance like a man, to encourage him." When therefore, Daniel saw one who seemed to be a man like himself, and heard him say, (v. 19.) "O man, greatly beloved, fear not: peace be unto thee, be strong, yea, be strong," his strength and courage returned, and he said, "Let my lord speak ; for thou hast strengthened me."

পাইতেছিলেন এ নিমিত্ত প্রথম দিনে আসিতে পারিলেন না অনুমানে সে লোক কাম্বুস্ নাম কুরুসের পুত্র হইবেন ইনি কি জানি য়িহুদিদের বিপক্ষগণের প্ররোচনাতে উহাদের কোন প্রকার অনিষ্ট সাধনে চেষ্টিত ছিলেন পরে মীকায়েল্ নামে প্রধান এক জন স্বর্গদূত কিম্বা অনেকে যেমন কহে ঈশ্বরসুত যিনি তিনি আসিয়া য়িহুদিদিগের রাজসভাস্থ শত্রু সমূহ বারণ পূর্ব্বক উহাদিগকে রক্ষিত করিতেং পূর্ব্ব প্রেরিত দূত দানিয়েলের নিকটে আগত হইয়া য়িহুদী ও আরং বিশেষ দেশীয় লোক সম্বন্ধে চিরকালের ভাবি বিষয় জানাইয়া কহিলেন।

অনুমান এ যে দ্বিতীয় দূত দানিএলের সহিত ভাবি বিষয় জানাইল ইনি প্রথমদৃষ্ট ঐ সুতেজোময় মূর্ত্তিমন্ত ব্যক্তি নয় বুঝি কোন সৃষ্ট ব্যক্তি হইবে কিন্তু মুনি ইহা না জানিয়া এপর্য্যন্তও ক্ষীণবল ও ত্রস্তমন হওত কথা কহিতে পারিলেন না আর প্রস্তুত ব্যক্তি ঈশ্বরের আজ্ঞানুসারে তাহাকে ভরসা দিতে মনুষ্যাকৃতি হইয়া আসিয়াছিল অতএব মুনি যখন স্বতুল্য মানবাকার এবং "হে অতিপ্রীত লোক তুমি ভয় করিও না তোমার মঙ্গল হউক তুমি সবল হও সবল হও" এরূপ বাক্যবাচক সেই দ্বিতীয় জনকে দেখিতে পাইলেন তখন তিনি পুনরায় জাতবল ও ভরসান্বিত হইয়া কহিলেন "হে প্রভো আপনি আজ্ঞা করুন যেহেতুক আমাকে সতেজ করিয়াছেন"

The angel then went on to tell Daniel of what would take place in the world from that time to the end of all things. He said, that (ch. xi. v. 2.) "after Cyrus, there would be three kings of Persia." These were Cambyses, Smerdis the Magian, and Darius Hystaspes. (v. 2.) "After them would come another king, who would be very rich and powerful, and would go with a large army against the Grecians." Xerxes, the son of Darius Hystaspes, was more wealthy than any of the former kings of Persia. He collected an army of five millions of men, and marched into Greece. But the Greeks destroyed his army, and he returned to Persia with but very few followers. After this there were many wars between the Greeks and Persians, till at last Alexander, king of Macedon, subdued the Persian empire. The angel prophesied of him as a mighty king, who "would rule with great dominion, and do according to his will; (v. 4.) but that his kingdom should soon be broken and divided, and not given to his descendants, but to others." This also happened as was said. For Alexander, who was a brave warrior, died young,

পরে স্বর্গদূত তৎকালাবধি জগৎশেষ পর্য্যন্ত যাহা২ ঘটিবে তাহা২ সংক্ষেপ করিয়া কহিল বিশেষতঃ "কুরুসের পরগামী আর তিন জন ফারসীয় রাজা হইবেন" উঁহারা বুঝি কম্বুস্ ও মেজূস্ মতাবলম্বি যে স্মর্দিস্ ও দারিয়ুস্ হুস্তাস্প এই তিন। "ততঃপরে সর্ব্বাপেক্ষা ধনী ও পরাক্রমী আর এক জন রাজা হইবেন তিনি বহু জন সৈন্য লইয়া যবন দেশীয়দের সহিত যুদ্ধ করিবেন" সুতরাং সের্ক্সস্ নাম দারিয়ুস্ হুস্তাস্পের পুত্র যিনি তিনি স্বপূর্ব্বগত ফারসীয় রাজা সকল হইতেও পরাক্রান্তই উঠিলেন তাহাতে তিনি পঞ্চাশ লক্ষ সেনা সংগ্রহ করিয়া যবন অর্থাৎ গ্রীক্ দেশেতে যুদ্ধ করিতে গেলেন কিন্তু যবনেরা তাহার ঐ অসংখ্যক সৈন্য সমূহ অনায়াসে ছিন্ন ভিন্ন করিয়া দিলে তিনি অল্পিষ্ঠ লোক সমভিব্যাহারে স্বদেশে ফিরিয়া আইলেন তাহাতে তৎকালাবধি যবন এবং ফারসি এ উভয় জাতির অনেকদা পরস্পর সংগ্রাম হইল কিন্তু সর্ব্বশেষে সেকন্দর্ নাম মাকেদোনিয়ার রাজা ফারসিদের রাজ্য ধ্বংস করিলেন ইঁহার বিষয়ে স্বর্গদূত এই২ বিশেষ জানাইয়া কহিলেন যথা "ইনি অতি পরাক্রমী এবং স্বেচ্ছাচারী হইয়া শক্তরূপে দেশশাসন করিবেন কিন্তু অল্পকালের মধ্যে তিনি মৃত্যুগত হইলে তাঁহারও রাজ্য ভঙ্গভেদ হইয়া যাইবে এবং তাঁহার বংশজ কোন জন তদধিকার না পাওয়াতে অন্যেরাই তাহা ভোগ করিবে"। দূতের সে সকল বাক্য ও কালক্রমে সিদ্ধ হইল যেহেতুক সেকন্দর রাজা অল্পবয়স প্রাপ্তি মাত্রে মহাবীর হইয়া

after having conquered the whole of the civilized world, and his dominions were divided and shared among four of his generals.

The angel then went on to predict many wars that would take place between the kings of the north and of the south. This prophecy is supposed to refer to the long and bloody wars between the kings of Egypt and Syria, and to the cruel treatment of the Jews by Antiochus, king of Syria. The rest of the prophecy is more difficult to understand; but it probably related to the Romans, who subdued the Greek empire, and became masters of the whole world, about sixty-three years before the birth of Christ. Seventy years after the birth of Christ, the Romans, it was said, would invade Judea, the temple of the Jews would be burned, and their city laid waste, and they themselves expelled from their own land and scattered among all nations; all which was most punctually accomplished, as undoubted history plainly shows.

Some other remarkable events were predicted, which would take place before the end of all things.

জগতের প্রায় অধিকাংশ যুদ্ধভাবে দমন করিয়া মরিলেন তাহাতে তাঁহার আজ্ঞাধীন চারি জন প্রধান সেনাপতি একযুক্তি হইয়া রাজ্য সমুদয় বিভাগ করিয়া চারি জনে চারি ভাগ রাজ্যরূপে ভুঞ্জিল।

আর উত্তর দক্ষিণ এ দুই দিগের রাজারা পরস্পরে বারম্বার যুদ্ধ করিবেন ইহাও কহা গেল ইহাতে বুঝি ঔগুপ্ত ও সুরিয়া এ দুই দেশের ক্রমগত রাজাগণ দীর্ঘকালব্যাপ্ত যে অনেকানেক সাংঘাতিক সংগ্রাম করিতেন এবং অন্তীয়খস্ নামে প্রসিদ্ধ সুনিষ্ঠুর যে সুরিয়ার রাজা তিনি য়িহুদিদিগকে যত দৌরাত্ম্য করিতেন ইহা সমস্তই জানা গেল। আর দূতোক্ত যে অবশিষ্ট ভাবিবাক্য সে কিঞ্চিৎ অস্পষ্ট বটে কিন্তু বোধ হয় তাহাও রূমীয়দের সম্বন্ধে উক্ত হইয়াছে যেহেতুক উহারাই খ্রীষ্টের জন্ম পূর্ব্বে প্রায় তেষট্টি বৎসরকাল মাত্রে যবন দেশ সমুদয় বশ করিয়া প্রায় তাবৎ জগতের সাম্রাজ্যকারী হইল। এতদ্ভিন্ন আর২ যত বিষয় কহা গেল বিশেষতঃ খ্রীষ্টের জন্ম পর সপ্ততি বৎসর কাল গত হইলে রূমীয়েরা য়িহুদা দেশে শত্রুভাবে যাত্রা করিবে এবং মহামন্দিরকে দাহ করিয়া পুণ্য নগর য়িরূশালমকে উচ্ছিন্ন করিবে এবং য়িহুদি লোক সমুদয় স্বদেশে বহিষ্কৃত হইয়া নানা দেশবিদেশে ছিন্নভিন্ন হইয়া যাইবে এ সমস্ত ও কালক্রমে বিশিষ্ট রূপে সিদ্ধ হইয়াছে ইহার তত্তদ্দেশোপাখ্যানকর্ত্তাদের সুস্পষ্ট লিপিপ্রমাণ আছে।

আর জগৎশেষ না হইলে পূর্ব্বোক্ত ভিন্ন আর২ যে ভারি বিষয় ঘটিবে ইহারো কিয়দংশ কহা গেল এবং

At length the earth would grow old, and the time would draw near, when it must be destroyed. "Then," said the angel, (Dan. xii. 2.) "many of them that sleep in the dust of the earth shall awake, some to everlasting life, and some to shame and everlasting contempt. And they that be wise shall shine as the brightness of the firmament; and they that turn many to righteousness, as the stars for ever and ever. But thou O Daniel, shut up the words, and seal the book, even to the time of the end: (when) many shall run to and fro, and knowledge shall be increased."

These last solemn words of the angel finished the prophecy. They refer to the end of this world, when the dead will be raised, and the Lord Jesus Christ shall come in the clouds of heaven, with all his holy angels, to judge them. (Matt. xxiv. 30.) Those who have loved and obeyed him here on earth, and repented of their sins, will then be "caught up to heaven," to dwell there with God and with Jesus Christ, and with "an innumerable company of angels, and of the spirits of just men made perfect." (1 Thes. iv. 16,17; Heb. xii. 20-23.) All the good men who have lived, or who will yet live,

তদবশেষে জীর্ণ পৃথিবীর প্রলয়কাল উপস্থিত হইবে এমন প্রতিজ্ঞা ও করা গেল যথা "তখন পৃথিবীর ধূলায় শয়ন করে (অর্থাৎ মহানিদ্রিত হইয়াছে) যাহারা তাহারা জাগ্রৎ (কিনা মহানিদ্রোত্থিত) হইয়া উঠিবে তাহাতে উহাদের কেহ২ অনন্ত জীবদ্দশা পাইবে কেহ২ বা হতাশ হইয়া কেবল অনন্ত অপমানের অংশী হইবে তখন জ্ঞানিরা আকাশের সূর্য্যকিরণবৎ শোভাযুক্ত হইবে এবং অনেককে ধর্ম্মপ্রতি পুনঃপ্রবর্ত্ত করে যাহারা তাহারা তারাগণের ন্যায় নিত্য দীপ্র হইয়া দর্শিবে কিন্তু হে দানিএল যে আগামি কালে অনেকে ইতস্তত ভ্রমণ করত জ্ঞানবৃদ্ধি করিবে তৎকালপর্য্যন্ত তুমি এ সমস্ত বাক্য পুস্তক খানে লিখিয়া লা দিয়া বদ্ধ করিয়া রাখ"।

স্বর্গদূত এ যে শেষ কথা কহিয়া ভাবি প্রকাশ সাঙ্গ করিল ইহার স্থূল ভাব এই কি না জগতের শেষকালে মৃত মানুষ সমূহ পুনর্জ্জীবনপ্রাপ্ত হইলে প্রভু যীশু খ্রীষ্ট আপন পুণ্য দূতগণ সঙ্গে করিয়া মেঘারূঢ় হইয়া আসিয়া তাবতেরি কর্ম্মবিচার করিবেন তাহাতে যাহারা এ জীবদ্দশায় স্ব২ কৃত দোষক্রিয়া কারণে খেদ করণ পূর্ব্বক পাপহইতে পরাঙ্মুখ হইয়া তাঁহার স্থিরভক্ত ও আজ্ঞাকারী হয় তাহারা সে সময় স্বর্গারোহণ করিয়া সেখানে ঈশ্বরের সাক্ষাৎকারে য়িশু খ্রীষ্টের সহিতে এবং অসঙ্খ্য২ দিব্য দূত ও ধর্ম্মেতে সিদ্ধ মানব লোকদের আত্মাগণ সহিতে নিত্য সহবাস করিবে"। যেহেতুক আদি পিতা আদম অবধি শেষ মানষ পর্য্যন্ত যত ধার্ম্মিক

from the days of Adam to the end of the world, will be there. "They will be continually before the throne of God, and serve him day and night in his temple. (Rev. xiii. 25.) They shall hunger no more, neither thirst any more : (xv. 16.) nor shall there be any more sickness, or sorrow, or pain, or death (xxi. 4.), and God shall wipe away all tears from their eyes." (xvii. 17.) Because they will no more sin against God, but will be perfectly holy and obedient to his commands. In that happy state " there will be no need of the sun, neither of the moon to shine in it, for the glory of God will lighten it, and the Lamb, *i. e.* the Lord Jesus Christ, be the light thereof." (Rev. xxi. 23.) "The river of life flows through the city, and the tree of life grows on its banks." (xxii. 1.) The inhabitants of that happy abode, as they surround the throne of God, will worship him in songs of praise, such as these : "Salvation to our God which sitteth upon the throne, and unto the Lamb ! Blessing, and glory, and wisdom, and thanksgiving, and honour, and power, and might be unto our God for ever and ever ! Amen." (*i. e.* so be it !) vii. 9-12.

লোক হইয়াছে এবং হইবে তাহারা সকলে সেই স্থানে একত্র হইয়া থাকিবে তাহাতে তাহারা "দিবা রাত্রি ঈশ্বরের মন্দিরস্থ সিংহাসন সন্নিধানে থাকত তাঁহার নিত্য সেবা করিবে তদবধি তাঁহাদের ক্ষুধা ও পিপাসা আর কখন হইবে না এবং মৃত্যুভোগ আর হইবে না এবং ব্যাধি কি শোক কি ব্যথা ইহার কিছুই আর হইবে না যেহেতুক ঈশ্বর তাহাদের নেত্রজল সকল মুছাইয়া দিবেন"। কারণ তাহারা ঈশ্বরের পক্ষে আর কোন পাপকর্ম্ম না করিয়া বরঞ্চ তাঁহার সর্ব্বতো-ভাবে বশীভূত ও আজ্ঞাকারী এবং শুদ্ধসত্ত্বই হইবে আর সেই মহাসুখস্থানে "দীপ্তির নিমিত্তে সূর্য্য চন্দ্রের কিছু আবশ্যকতা নাই যেহেতুক সে ঈশ্বরের তেজোদ্বারা দীপ্ত হয় এবং মেষশাবক ইতিখ্যাত যে প্রভু যীশু খ্রীষ্ট তিনি তদ্দীপক জ্যোতিঃস্বরূপ ও হন" আর "অমৃত জলের নদী সে স্থল দিয়া বহে এবং তত্তীরে রোপিত জীবনরূপ ফলদায়ি বৃক্ষ শ্রেণি ও আছে" আর এমত সুখস্থানের নিবাসিরা সকলে ঈশ্বরের সিংহাসন বেষ্টন পূর্ব্বক দণ্ডায়মান হইয়া থাকিতেই তাঁহার গুণসংকীর্ত্তন করত "সিংহাসনোপবিষ্ট আমাদের ঈশ্বরের এবং মেষশাবক কি না ত্রাণকর্ত্তার জয়২ কার হউক ইহা বলিয়া ঈশ্বরকে প্রণাম করিয়া কহে "আমাদের ঈশ্বরের নিত্য২ ধন্যবাদ হউক এবং তাঁহার মহিমা ও জ্ঞান ও প্রশংসা ও সম্ভ্রম ও পরাক্রম ও শক্তিবিস্তার হউক আমেন" অর্থাৎ তথাস্তু।

The angel told Daniel, in conclusion, that when he had written these prophecies, he must seal up the book, and preserve it carefully, because it would be a long time before most of the predictions would be fulfilled. (Dan. xii. 4.) Books, then, were not printed and bound in leather, as they now are. The arts of printing and binding books, and of making such paper as we now use, were not known till many centuries afterwards. Books, at that time, were written with a pen upon long pieces of cloth, or parchment, or on paper made of the reed papyrus, which grew upon the banks of the river Nile in Egypt. These were rolled up tight, and often sealed with wax upon the outer edge, so that the book could not be unrolled without breaking the seal. The command of the angel, that the book should be sealed up, signified that the prophecies were obscure, and could not be understood until many of them were fulfilled. When the angel said that "many would run to and fro, and knowledge would be increased," (xii. 4), it was implied that in the latter days of the world, many persons would study the pro-

সর্ব্বশেষে স্বর্গদূত দানিএলকে এও জানাইয়া কহিল ফল "দীর্ঘকাল গত না হইলে পূর্ব্বোক্ত ভাবিবাক্য সমস্ত সিদ্ধ হইবে না" এ নিমিত্ত তিনি সে সকল কথা পুস্তকেতে লিখিয়া তাহা লা দিয়া বদ্ধ করিয়া সাবধানে রাখিতেও বলিল। তৎকালীন ব্যবহৃত যেরূপ পুস্তক সে মুদ্রাঙ্কিত ও চর্ম্মের পাতায় বাঁধা ইদানীন্তন গ্রন্থের ন্যায় নয় কারণ লিখিবার পত্র নির্ম্মাণ ও গ্রন্থমুদ্রাঙ্কন ও বহি বাঁধন এই ২ বিদ্যাত্রয় তৎকালীন মনুষ্যদের সর্ব্বতোভাবে অজ্ঞাত ছিল এবং তৎকালাবধি অনেক শত বৎসরান্ত মাত্রে তাহার কল্পনা করা গেল কিন্তু তখনকার পুস্তক ঔগুপ্তের নীল নদী তীরোৎপন্ন বিশেষ নলনির্ম্মিত অথবা লম্বা খান কাপড় খণ্ড বা চর্ম্মের পাতে রচিত এবং হস্ত দ্বারা লেখনী দিয়া অঙ্কিত মাত্র আর ঐ পাত শক্ত করিয়া যড়াইলে পর তাহার বহিরন্তে লা দিয়া বদ্ধ করার রীতি ও ছিল তাহাতে লা না ভাঙ্গিলে পুস্তক খুলিতে পারা যাইত না। অতএব স্বর্গদূত উপরে কথিত ভাবিবাক্য সম্বলিত পুস্তকখান বদ্ধ করিয়া রাখিতে এ যে শেষ আজ্ঞা দিল ইহাতে অনুমান হয় সে বাক্য সুগূঢ় বটে এবং সে কিয়দংশে বা সিদ্ধ না হইলে তাহার ভাববোধ করা অপার্য্য আর অনেকে ইতস্ততঃ পর্য্যটন করাতে জ্ঞানবৃদ্ধি হইবে এ যে শেষ কথা কহা গেল ইহার ভাব এই ফলতঃ জগদন্তকালে বহুলোক ঐ ভাবিবাক্য সমস্ত পঠন ধ্যান করিয়া আর ২ উপাখ্যান কর্ত্তারা নানা দেশবিদেশের যত ঘটিত বিষয় লিখিয়া থাকিবে তাহার সহিত ঐ

phecies with attention, and compare them with authentic history, and so learn much of their meaning; and that great pains would be taken also to communicate this knowledge to others. This prophecy too, is beginning to be fulfilled. For the writings of the prophets, as well as the other parts of the Bible, have been lately much studied and explained, and many persons are going to different parts of the earth, to spread the knowledge of the one true God and of the holy Scriptures.

Uninformed as to the precise time when all these events should be accomplished, and desirous of ascertaining it, Daniel asked for an explanation; but the angel in reply said to him, (xii. 8, 9) "Go thy way, Daniel; for the words are closed up and sealed till the time of the end. Many shall be purified and made whole and tried, but the wicked shall do wickedly: and none of the wicked shall understand, but the wise shall understand;" for a pure heart is necessary to a right understanding of the things of God: such only will God teach his ways.

বাক্য মিলাইয়া বিবেচনা করত তদ্গুপ্তভাব আপনারাই অধিকাংশে বুঝিবে এবং অন্যদিগ্কে বুঝাইতে ও পারিবে। সেও বর্ত্তমান কালেতে সিদ্ধ হইতেছে যেহেতুক ইদানীন্তন অনেক জন জ্ঞানিংলোক পূর্ব্বকালীন ভাবিবক্তৃগণের লিখিত গ্রন্থ এবং ধর্ম্ম শাস্ত্রের আর২ গ্রন্থ সমস্তকে বিবেক করত বারম্বার পাঠ করিয়া তত্তদ্ব্যাখ্যা করিয়াছেন এবং বহু ব্যক্তিরা পৃথিবীর সর্ব্বত্রে গিয়া প্রায় সকল দেশীয়দিগকে অদ্বিতীয় এক পরমেশ্বর বিষয়ক সত্য শাস্ত্রভাব প্রকাশরূপে জানাইতে ও উদ্যত হইয়াছেন এ বিদিত।

কিন্তু দানিএল মুনি উক্ত বিষয় সমস্ত কোন্ কালে ঘটিবে ইহার বিশেষ স্পষ্টে না বুঝিয়া দূতকে জিজ্ঞাসিলেন "এ বিষয়ের সমাপ্তি কোন্ সময়ে হইবে" তাহাতে দূত উত্তর করিল "হে দানিএল তুমি গিয়া যাও যেহেতুক শেষকাল পর্য্যন্ত কথিত বাক্য সকল বদ্ধ করা গিয়াছে (অর্থাৎ সে কিঞ্চিৎ অস্পষ্ট বটে) কিন্তু ইহার পর অনেকে আপনাদিগকে পবিত্র ও নির্ম্মল করিয়া রাখিবে এবং উহাদেরি সুপরীক্ষা লওয়ান যাইবে কিন্তু দুষ্টগণ কেবল পাপাচার করিবে তাহাতে দুষ্টদের মধ্যে কেহই বা ইহা বুঝিবে না কেবল জ্ঞানিরাই বুঝিবে"। কারণ যে কোন ব্যক্তির শুদ্ধান্তঃকরণ না হয় সে পরমার্থ বিষয় বুঝনে অপারক হয় আর পরমেশ্বর কেবল সাধুগণের জ্ঞানোদয় করান এও নিশ্চিত।

It is supposed that Daniel died soon after this, in the city of Shushan, being probably more than ninety years of age.

CHAPTER XIX.

Character of Daniel.

When the angel Gabriel came to Daniel, as he fasted and prayed on the banks of the river Tigris, he addressed him as "a man greatly beloved of God." (x. 19.) Now to be a friend of God is the highest honour to which a human being can attain.

It may therefore be useful and instructive to the youthful reader, if we now retrace the character of Daniel, and learn what those qualities were which secured him the favour of the Lord of heaven and earth.

1. *He was distinguished for his temperance.* At the time he was carried away to Babylon, he is supposed to have been about eighteen years old. This is a period of life when the passions and appetites of young men are apt to be strong, and are often ungovernable. Young persons, too, are frequently inconsiderate and careless about their future re-

অনুমানে দানিএল মুনি উপরোক্ত ভাবি বিষয় প্রকাশিত পর কেবল অল্প দিন মাত্র বাঁচিয়া নব্বই বৎসরের কিঞ্চিৎ অধিক বয়স প্রাপ্তে শূশান্ নগরে পরলোকগত হন।

---

১৯ অধ্যায়।

দানিএল মুনির উৎকৃষ্টস্বভাব এবং উত্তম গুণবর্ণনা।

উপরে লিখিত বিবরণানুসারে মুনি যে সময় তীগ্রিস্ নদীতীরে উপবাসী হওত প্রার্থনা করিতেছিলেন সে সময় স্বর্গদূত নিকটাগত হইয়া "হে ঈশ্বরপ্রীত দানিএল" এমন সম্বোধনবাক্য পূর্ব্বক তাহার সহিত কথা কহিলেন কিন্তু মনুষ্য হইয়া ঈশ্বরের স্থানে মিত্রভাবে যে বিখ্যাত হওয়া ইহার অধিক সম্ভ্রম নাই।

অতএব দানিএলের কিরূপ স্বভাব ছিল এবং তাহার কি২ গুণানুরোধে ত্রিভুবনেশ্বর তাহার প্রতি এমন স্নেহ প্রকাশ করিতেন ইহার কিছু বিশেষ লিখিলে বুঝি পাঠকবর্গের ধর্ম্মপক্ষে কিয়দংশে মনঃপ্রবৃত্তি হইতে পারিবে।

১. প্রথমতঃ দেখ তিনি নিরন্তর বিশিষ্টরূপে ইন্দ্রিয়দমন করণে রতই ছিলেন অনুমান তিনি যে সময় বাবুলনেতে গেলেন সে সময় তাহার কেবল অষ্টাদশ বৎসর মাত্র বয়স ছিল আর যৌবন যোগে প্রায় যুবা লোকের অতিশয় ইন্দ্রিয়দোষ এবং ঐহিক সুখাভিলাষ হয় এ চলন আর স্বাভাবিক অনবিজ্ঞতাপ্রযুক্ত যুবকেরা প্রায় অদূরদর্শী ও হয় এবং স্ব২ সুখ্যাতি সাধন ও উত্তম২ পদপ্রাপণ

putation and station in society. They are rather prone to prefer present pleasure and enjoyment to what will tend to promote their after welfare. They have often little self-denial, and think it hard to give up even the smaller immediate indulgences for the sake of future usefulness. If they can be sensibly happy now, they seldom calculate how much they may really lessen their future influence and respectability.

But it was otherwise with the wise and understanding Daniel. He felt that he was not made merely for selfish and sensual enjoyment; and he knew, though he was yet young, that, even if this were his object, the true way to enjoy the most of worldly good, is to be, in early life, moderate and temperate in the use and pursuit of it. He reflected, moreover, that he should soon arrive at manhood, and that then he would need a vigorous body and a well-furnished mind, to perform the various duties of any station he might be called to fill. He therefore wisely and resolutely resolved to abstain from the king's dainties. Thus he learned to govern his appetites in his youth, and was "temperate in all things."

ইত্যাদি বিষয়ে অনবধানই থাকে আর আগামি কালে আ-পনাদের মঙ্গল যাহাতে হয় তাহাই প্রায় উপেক্ষা করিয়া কেবল বর্ত্তমান কালীন সুখভুঞ্জন ও স্বেচ্ছাপূরণে আসক্ত হয় আর কোন ভাবি কারণে বা তাহারা ইন্দ্রিয় নিগ্রহ করে সে দূরে থাকুক বরঞ্চ প্রস্তুতে অত্যল্প কোন সুখলাভা-শয়ে আকর্ষিতমন হইয়া ভবিষ্যতে আপনাদের স্বগুণে সাধিত যে কল্যাণোৎপত্তি কিম্বা পরোপকারিতা হইতে পারিবে তাহা প্রায় মনে লয় না আর যাহাতে অবিলম্বে তাহাদের কোন ক্ষণিক তৃপ্তি হয় তাহাতেই চেষ্টা করত ইহার পর আপনাদের কি পর্য্যন্ত অমর্য্যাদা ও অপ্রতিপত্তি ও অপযশ জন্মিতে পারিবে এ সমস্তই প্রায় মনে করে না।

কিন্তু দানিএলের এমন অবুদ্ধি ছিল না বরঞ্চ মনুষ্যেরা কেবল আত্মকার্য্য সিদ্ধ্যর্থে জন্মে না এবং কেহ বা স্বার্থপর-মাত্র হইলেও যৌবনকালেতে কেবল মধ্যবিত্ত সুখাস্বাদন করাতে তাহার বাস্তবিক এবং দীর্ঘস্থায়ী কোন স্বার্থ সাধন হয় আর কালক্রমে কোন ব্যক্তি প্রাপ্তপদ হইলেও তাহার সবল শরীর ও মনের বুদ্ধি এবং জ্ঞানবিশিষ্টতা না থাকিলে সে উচিত মতে কর্ম্মসাধন করিতে কোনক্রমে পারিবে না দানিএল এ সকল নিশ্চয় জানিলেন অতএব যুবা মানুষ হইয়াও ঐ সমস্ত বিষয় উত্তম রূপে ভাবিয়া রাজার উক্তমতে প্রদত্ত সুভোজ্য ভোজন করিতে স্বীকৃত হইলেন না এরূপ প্রমাণদ্বারা স্থিরবোধ হয় ইনি যৌবন কালেও ইন্দ্রিয়-দমন পূর্ব্বক কামক্রোধাদি ষড়্রিপু উত্তমরূপে স্ববশ করিয়া রাখিয়া বাস্তবিক জিতেন্দ্রিয় হইয়া উঠিলেন।

2ndly. Daniel *was decided in his character* and firm to his purpose. There are some persons who, though wishing to do their duty, are yet unstable and inconstant. They determine perhaps upon a course of conduct which their consciences tell them is right; but the cost is not previously counted—the difficulties they may meet with, are not thought of —the object at present in view is painted in the most glowing colours, and the mind is earnestly bent upon its attainment; but by to-morrow it has lost a part of its attractions; some new project then engages their attention, and diverts them by its novelty. The design of yesterday is buried among the shadows of the past, and another plan has succeeded, which will soon, in all likelihood, give place to new ones. Such persons cannot be depended upon. Like Reuben, they are "unstable as water, and will never excel." But such was not Daniel. Strong determination was the character of his mind. One great object was before him, to which all others were subordinate; to *that* his thoughts were ever directed, to effect *that* was his daily endeavour.

২. দ্বিতীয়তঃ দানিএল পূর্ব্ববিবেচিত বিষয়ে স্থির-নিয়মী এবং ধৃতিমান মানুষ ছিলেন। অনেক লোকের কর্ত্তব্য কর্ম্ম করণে প্রবৃত্তি থাকিলেও তাহারা স্বাভাবিক চাঞ্চল্য প্রযুক্ত কেবল ক্ষণেকমাত্র ধর্ম্মচেষ্টা করে তাহাতে আপনাদের স্বমতিবলে উচিত পথ ভাল বুঝিয়া সে পথের পথিক হইতে নির্দ্ধারণ করে বটে কিন্তু দুঃখের বিষয় এই তাহারা কি জানি ভালমন্দ এবং ফলাফল সমস্ত উত্তমরূপে পূর্ব্ব বিবেচনা করে নাই এবং অভিপ্রায় সাধনে যে নানাপ্রকার প্রতিবন্ধক হইতে পারিবে তাহাও পূর্ব্বে না ভাবিয়া কেবল প্রস্তুতে অভিপ্রেত বিষয় উত্তম বলিয়া দেখিয়া তদনুধাবনে সহসা উদ্যত হয় কিন্তু অন্তঃকরণের অস্থিরতা প্রযুক্ত কি জানি কল্যাবধি সে অভিপ্রায় কিঞ্চিৎ ন্যূন হইয়া দর্শিয়া উহাদের আর মনাকর্ষক হয় না তাহাতে আর কোন নূতন মানস মনে লইলে উহাদের সে গতকল্যের অভিপ্রেত বিষয় মেঘাচ্ছন্নবৎ অপ্রকাশ হইয়া যায় এবং তদনুসারে উহাদের অদ্যকার যে মনোরথ হয় সেও আগামি কল্যকার দিবসাবধি মনশ্চ্যুত হইবে অতএব এমন চঞ্চল লোক বিশ্বাসের স্থান নহে যেহেতুক তাহারা তরলজলবৎ অস্থায়ীপ্রযুক্ত কখনো কোন অংশে বিশিষ্ট গুণী হইয়া উঠিবে না। কিন্তু দানিএল উহাদেরি ন্যায় নহিলেন বরঞ্চ তিনি সতত মনস্থৈর্য্য প্রকাশে যে কোন উত্তম অভিপ্রায় বিবেচনা পূর্ব্বক স্থির করিয়াছিলেন কেবল তাহাই মাত্র ভাবিতে ২ আর ২ বিষয় সমস্ত তুদপেক্ষা ক্ষুদ্র করিয়া মানিতেন যদি জিজ্ঞাসা কর তাহার সে

This great object was to please God, and to be useful in the world.

3rdly. *Daniel was humble.* The prayer that he offered for the return of his people, expressed the deepest humility before God. The account of his life which is given in the Bible was composed by himself. It is written with the utmost simplicity and modesty. It relates his skill in interpreting dreams, and his refusal to sin against God, even when threatened with immediate death. It relates his intercourse with angels, when heaven was opened to him as to "a man beloved of God." Yet in all this he seems to forget himself as much as if he had been describing what happened to another person. He employs no effort whatever to set himself off, but relates facts simply as they occurred and attributes all his acquirements and successes to the gifts and grace of God alone.

4thly. *Daniel was kind and affectionate in his disposition.* In early youth, as we have seen, he was an object of affection to Ashphenaz, the governor of the young Hebrews. He was subsequently a favourite with the kings both of Babylon and Persia, and

অভিপ্রায় কিরূপ উত্তর সে পরমেশ্বরের যে আজ্ঞাপালন এবং পরমনুষ্যের যথাশক্তি উপকার করুণ এই মাত্র।

৩. তৃতীয়তঃ দানিএল সুনম্র এবং নিরহঙ্কার ছিলেন। ইনি আপন সদেশীয়দের স্বদেশে পুনরাগমন বিষয়ে যে বিনয় প্রার্থনা করিলেন তাহা দ্বারাই আমাদের অনায়াসে তাহার ঈশ্বরপক্ষে সুনম্রতাবোধ হয় আর ধর্ম্মশাস্ত্রে তাহার বিষয়ে যে২ উপাখ্যান আছে সে সকলি তাহার নিজে রচিত কিন্তু তন্মমধ্যে তাহার কিছুমাত্র আত্ম-শ্লাঘিতা বাক্য পাওয়া যায় না এবং যদ্যপিও তিনি আপন স্বপ্নার্থকারিতা এবং প্রাণপণে ঈশ্বরের আজ্ঞালঙ্ঘনে অস্বীকার এবং স্বর্গদূতের সহিত ঈশ্বরপ্রীত সল্লোকবৎ আলাপকরণ ইত্যাদি বিষয় বর্ণনা করিয়াছেন তথাপি তিনি আত্মবিস্মৃতপ্রায় হইয়া কেবল স্বাভাবিক সর-লতাপূর্ব্বক উপস্থিত বিষয় মাত্র যথাসত্য বিবরণ করি-য়াছেন এবং কোন অংশে বা আত্মমানাদি বিষয়ে চেষ্টা না করিয়া কেবল ঈশ্বরের প্রসাদদান ও সর্ব্বব্যাপকতা দ্বারাই আপনার কোন গুণোদয় এবং কার্য্যসাধকতা হইয়াছিল ইহা সুস্পষ্টরূপে স্বীকার করিয়াছেন।

৪. চতুর্থতঃ দানিএল অতি স্নেহশীল এবং বৎসল-স্বভাব ছিলেন। তাহার এতদ্গুণ কারণে তিনি যুবাকালেও অস্কেনস্ নামে খ্যাত উপরোক্ত এল্লীয় যুবাপতির অতিশয় প্রেমপাত্র হইয়াছিলেন আর কালক্রমে তিনি বাবুলনীয় এবং ফারসীয় উভয় রাজাদের ও অনুগৃহীত লোক এবং স্নেহাস্পদ হইলেন আর নিঃসন্দেহে তিনি আপন সদেশীয়-

appears to have been much beloved also by his own people. In short, he was universally esteemed and regarded. He showed his amiable temper and kindly disposition, in not forgetting his friends when he was in prosperity. No sooner had he himself gained the favour of Nebuchadnezzar, than he spoke to him of Shadrach, Meshach and Abednego, and requested that they also might be advanced to stations of honour. When God revealed to him the meaning of Nebuchadnezzar's dream, he was so distrest at the afflictions coming upon his king, that he remained for an hour agonized and speechless; till the king himself, pitying his distress, endeavoured to comfort him, and exhorted him to deliver his message without fear. Then, with a warm expression of kindness and regard for the king, he said: "My lord, the dream be to them that hate thee, and the interpretation thereof to thine enemies!" (iv. 19.) When, at a later period, king Darius found that, by a hasty and unjust decree, he had exposed Daniel to death, "he laboured till the going down of the sun to deliver him;" and finding his endeavours unavailing, he went home, and passed the night fasting

দেরও অতিশয় প্রীতই ছিলেন সুতরাং তিনি সকলেরি প্রিয় পাত্র ছিলেন বটে আর তাহার বৎসলস্বভাবও ছিল ইহার এই২ নিশ্চয় প্রমাণ আছে বিশেষতঃ তিনি প্রাপ্তসম্পদ এবং উন্নত হওনকালে আপন স্বমিত্রগণ বিস্মরণ করেন নাই বরঞ্চ তিনি আপনি নবুখদ্‌নজ্জরের স্থানে প্রাপ্তাদর ও প্রসাদ বিশিষ্ট হইবা মাত্রে তাঁহাকে শাদ্রাখাদি তিন জন সখার বিষয় জানাইয়া তাহারা ও কোন২ উত্তম পদে নিযুক্ত হয় ইহাতে চেষ্টা পাইলেন আর নবুখদ্‌নজ্জরের স্বপ্নদর্শনের ভাববোধদ্বারা ঐ রাজার যে মহা বিপদ্‌ ঘটিবে তাহা তিনি ঈশ্বরের ইচ্ছাতে পূর্ব্বে জানিয়া অতিশোকেতে তিন দণ্ড কাল অবাক্‌ হইয়া রহিলেন তাহাতে রাজা আপনি অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক তাহাকে সান্ত্বনা দিয়া বিনাভয়ে দৈববাণী ব্যক্ত করিতে আজ্ঞা দিলে তিনি "হে প্রভো স্বপ্নভাব আপনকার ঘৃণাকারিগণ প্রতি হউক এবং তদ-ভিপ্রেত বা আপনকার শত্রুদের পক্ষে ঘটুক" এরূপ কথা কহিয়া আপনার মনের সুশীলতা এবং রাজার প্রতি অতি-শয় স্নেহযোগ জানাইলেন। আর দেখ অনেককালান্তরে দারিয়ুস্‌ রাজা সহসা উপরোক্তমত রাজাদেশ দেওয়াতে আপনার অজ্ঞাতে স্বমিত্র দানিএলকে মৃত্যুদায়ে ফেলিয়া-ছেন ইহা জানিয়া "সূর্য্যাস্তকাল পর্য্যন্ত তাহাকে উদ্ধার করিতে কোন উপায়ান্বেষণে আছেন এবং আপনার তচ্চেষ্টায় অকৃতার্থ হইয়া তিনি রাজশয়নাগারে গিয়া অতি শোকেতে অনাহারী এবং নিদ্রাহীন হওত রাত্রিরক্ষন

and in sorrow. Doubtless this king's conscience accused him of having rashly caused the death of an innocent man; and he knew too, that his own interests would suffer by the loss of so valuable a counsellor; yet this does not appear to be all. He, like all the others, was clearly much attached personally to Daniel; which would not have been the case if the prophet had not been both *amiable* and *affectionate.*

5thly. *Daniel was wise.* In proof of which, when the king examined him with his three friends, he found (i. 19.) that "in all matters of wisdom and understanding, they were ten times better than *all* the magicians and astrologers that were in all his realm." Daniel's wisdom has even become a proverb throughout the east. Now some men, who have a great deal of knowledge, are yet very useless, because they want judgement to employ it well. But Daniel had a discreet mind, and knew how to apply his knowledge to the best advantage. Still judgement and knowledge alone do not make a man wise. Napoleon knew a great deal, had a clear judgement and a powerful mind; yet Napoleon was not a wise man, because he did not seek

করিলেন আর অবিবেক দ্বারা তিনি নির্দোষি ব্যক্তিকে নষ্ট করিয়াছেন এবং সর্ব্বোত্তম মন্ত্রিনাশে আপনারও অতিশয় অনিষ্ট সম্ভাবনা জন্মাইয়া দিয়াছেন কেবল এইং মাত্র ভাবিতেং ক্লিষ্টমন হন তাহা নয় বরঞ্চ তিনি দানিএলের প্রতি অতিশয় প্রেমযুক্তই ছিলেন এমন বোধ হয় কিন্তু মুনির যদি উত্তমগুণ ও প্রেমযোগ্যতা এবং বৎসলস্বভাব না হইত তবে রাজার এবং আরং উক্ত লোকের তৎপ্রতি ঐরূপ প্রেমোদয় অবশ্য হইত না এ নিশ্চয়।

৫. পঞ্চমতঃ দানিএল সুজ্ঞানবান ছিলেন ইহারও কিয়ৎ প্রমাণ বিবেচনা করা উচিত। ইহাতে দেখ রাজা নবূখদ্‌নজ্জর আপনি প্রশ্নোত্তরদ্বারা তাহার এবং বন্ধুত্রয়ের গুণপরীক্ষা লইয়া উহাদিগকে সর্ব্ববিদ্যাতে তাবৎ রাজ্যস্থ আরং জ্যোতির্বেত্তা ও দৈবজ্ঞগণহইতে ও দশগুণ প্রজ্ঞতর মানুষ জানিলেন'' সুতরাং দানিএল মুনির যে পরমবুদ্ধি সে পূর্ব্বদেশের প্রায় সর্ব্বত্রই দৃষ্টান্তরূপে প্রসিদ্ধ আছে। আর অনেক ব্যক্তিদের যে বিদ্যাভ্যাস করা সে তাহাদের বিবেক অভাবপ্রযুক্ত নিষ্ফল হয় কিন্তু দানিএল যত বিদ্যোপার্জন করিয়াছিলেন তাহা স্বাভাবিক বিবেকিতা দ্বারা সদা ব্যবহার করিয়া তিনি যে কোন উত্তম কর্ম্ম করণে সুপারগ হইলেন। আর কোনং ব্যক্তির বুদ্ধি এবং সুবেকিতা উভয়েই থাকিলেও উহারা কখনং অজ্ঞানিরূপে অপ্রশংসিত হয় যেমন নাপোলেওন্ নামে প্রসিদ্ধ ফ্রান্স দেশের যে আধুনিক সম্রাট্ তিনি অতিধীমান ও জ্ঞাতশাস্ত্র এবং প্রাপ্তবিদ্য হইয়াও কোন উৎকৃষ্টোত্তম অভিপ্রায় সাধনে অরত

to promote only the best and wisest objects. He laboured to gratify his own ambitious desires, regardless of the welfare of others. But Daniel sought to promote the glory of God, and the good of his fellow-men. And it was for this good use of his knowledge and judgement, that he was called wise. No person is wise who does not employ his knowledge and talents as Daniel did. None but the good are truly wise; for, as the Scripture declares, "The fear of the Lord is the beginning of wisdom."

6thly. *Daniel was a patriot*, ever concerned for the good of his countrymen. The celebrated William Tell of Switzerland, John Hampden of England, and George Washington of America, were eminent patriots. Such too was Daniel before them. He had been designed by God to be the protector and friend of the Jews, and to aid them in returning from their sorrowful captivity, to their native land. Now, that his whole soul was disinterestedly engaged in this good work—that he was influenced by no *selfish* motive in zealously devoting himself to the interests of the Jews his countrymen, may be shewn

প্রযুক্ত জ্ঞানি মানুষ হইলেন না কারণ তিনি স্বার্থপরমাত্র হইয়া পরমঙ্গলোৎপাদনে অচেষ্টা প্রকাশে কেবল আপনার যশঃসঞ্চয়ন ও সর্ব্বপ্রাধান্যান্বেষণে মনোযোগী ছিলেন কিন্তু দানিএল মুনি কেবল ঈশ্বরের সম্ভ্রমবর্দ্ধক এবং পরমনুষ্যের কল্যাণজনক আচার ব্যবহার করিতেন অতএব তিনি নিরন্তর কোন উত্তম কর্ম্ম করত যেরূপ দিব্যজ্ঞান প্রকাশ করিতেন তাহা দ্বারা তাহাকে সর্ব্ব বিষয়ে সুজ্ঞানি বোধ করা যায় যেহেতুক উচিতমত সৎকর্ম্মকারি লোক ব্যতিরিক্ত আর কেহই বাস্তবিক জ্ঞানী নয় শাস্ত্রেতে যেমন লেখে যথা " পরমেশ্বরকে যে আদর করা সে জ্ঞানের মূলাংশ বটে"।

৬. ষষ্ঠতঃ দানিএল মুনি আপন সদেশীয় লোক পালনে সদাকাল অনুরক্তমন ছিলেন। দেখ স্বীস্ দেশের টেল্ নামক এবং ইংলণ্ডীয় হাম্প্ডেন্ নাম এবং আমরিকার ওয়াশিংটন্ নাম এই যে তিন জন বিশিষ্ট লোক আপনং সদেশীয়দের প্রসিদ্ধরূপে মঙ্গলাকাঙ্ক্ষী উঠিয়াছেন দানিএল মুনি ও তৎসদৃশ আপন স্বদেশপ্রিয় হইয়া উঠিলেন যেহেতুক ঈশ্বরের দয়াযোগে তিনি দাসত্বাপন্ন আপন সদেশীয় ইস্রাএলিদের রক্ষক এবং প্রতিপালক হইয়া উহাদের স্বদেশে ফিরিয়া যাওনেও পরম উপকারী হইবেন এমন নিয়মের পূর্ব্বনির্দ্ধারণ করা গিয়াছিল আর নিতান্তই তিনি কায়মনোবাক্যেতে তদভিপ্রায় সাধনে সতত চেষ্টা পাইলেন তাহাতে তিনি কখন কোন অংশে বা আত্মস্বার্থী হন নাই কেবল উঁহাদেরি বিষয়ে মনোযোগী

by indubitable proofs. He had evidently nothing to hope for from his countrymen. They were at that time poor and miserable captives in a strange land; they had neither wealth nor offices to bestow upon him, if he had needed any. He was not called upon to defend them with the sword, as David was; but simply to be their advocate with the kings who held them in captivity, and to intercede for them with constancy and fervour at the throne of divine mercy. So that, as there was no inducement either of gain or renown to himself, his exertions can have proceeded only from a pure, disinterested and generous patriotism.

7thly. *Daniel was steadfastly pious towards God.* Like David, he began to serve God in his youth. He grew up under the influence of king Josiah's good example, and it is not unlikely, too, enjoyed the benefit of that prince's excellent instructions. It is probable also, that he was personally acquainted and conversant with the prophet Jeremiah, who had begun to prophesy only a few years before Daniel was born. It was then the gracious influence of the Spirit of God, acting in connexion with these means,

হয়েন ইহার সংক্ষেপ প্রমাণ লিখিতেছি। যিহুদী লোক তৎকালে কেবল বন্দিভাবেতে বিদেশপ্রবাসী এবং বড়ই দুঃখিত ছিল অতএব উহাদের স্থানে তাহার স্বার্থ-বিষয়ে কি প্রত্যাশা হইতে পারিত? আর তাহার কোন প্রয়োজন থাকিলেও উহাদের ধনপদাদি দেওনে কোন অধিকার ছিল না আর তাহাকে দাউদের মত খড়্গ দিয়া শত্রুদমন পূর্ব্বক আপন সদেশীয়দের রক্ষা করিতে হইল তাহা নয় কেবল উহারা যে রাজার বশে ছিল তাঁহার নিকটে এবং ঈশ্বরের স্থানে ব্যগ্রতা-পূর্ব্বক প্রতিনিধি ও মধ্যস্থরূপে উহাদের আনুকূল্য ও মঙ্গলপ্রার্থনা করা এ মাত্র তাহার প্রয়োজনীয় কর্ম্ম হইল অতএব আপনার পক্ষে ধন কীর্ত্তি ইত্যাদি সাং-সারিক বিষয় প্রাপনে তাহার কোন আশার স্থান ছিল না ইহাতে স্থির বোধ হয় তিনি কেবল সদেশীয়দের মঙ্গলার্থ সাধনেই স্বভাবতঃ চেষ্টান্বিত হয়েন এ মাত্র।

৭. সপ্তমতঃ দানিএল নিরন্তর ঈশ্বরনিষ্ঠক ছিলেন। সুতরাং তিনি দাউদের ন্যায় বাল্যকালাবধিও ঈশ্বরেতে ভক্তমন হইয়া আসিয়াছিলেন যেহেতুক যুবরাজ য়োশী-য়ার উত্তম ব্যবহার ও প্রতিদিনের সৎক্রিয়া দেখাতে এবং কি জানি তাঁহার স্থানে ধর্ম্ম বিষয়ক কোন২ সদুপদেশ পাওয়াতে তিনি উত্তরোত্তর ভাল মনুষ হইয়া উঠিলেন আর আপনার অল্পকালমাত্র অগ্রজ যে ভাবিবক্তা যিরমীয়া তাহার ও সঙ্গে, তিনি নিত্য আলাপ করিতেন এ সম্ভবে অতএব এই২ উপায়, যোগে ঐশ্বরিক সদাত্মাবিষ্ট প্রযুক্ত

that led him to consecrate the freshness of his youth to the service of his Maker. Being related to the royal family, he was exposed to all the temptations of a court. The sons of Josiah, who were probably his companions, yielding to these, instead of walking in the steps of their father, became very wicked. But Daniel resisted all these temptations, and his piety seems to have acquired great vigour even before he was carried away from his own country.

Then, in Babylon, he was surrounded by gross idolaters. Wherever he went, he saw heathen temples and processions, and witnessed only heathen practices. It is difficult, amid such scenes, to realize the presence of God and the truths of religion. Yet amidst all these difficulties and dangers Daniel, by attending to the means which God has appointed to that end, still maintained an elevated and consistent piety. Those means are, careful study of the holy Scriptures, religious meditation, and frequent prayer. Daniel loved these duties; he loved God; and this love to God was the source of all his other virtues, and of his great firmness of character in particular.

তিনি তরুণাবস্থাতেও সৃষ্টিকর্ত্তা পরমেশ্বরের উপাসনাতে আকৃষ্টচিত্ত এবং ধর্ম্মপরায়ণ হইয়া উঠিলেন। আর তিনি রাজবংশোদ্ভব অতএব রাজসভাস্থদের সহিত নিত্য সহবাস হওয়াতে যুবালোকদের নানাবিধ অসৎকর্ম্মেতে কিরূপ চিত্তপ্রবর্ত্তনা হয় এ বিদিত তাহাতে সে সকল কুপ্রবর্ত্তনাতে য়োসীয়া রাজার পুত্রগণও স্বপিতৃগত সুপথে গমনত্যাগ করিয়া পাপিষ্ঠই হইয়া উঠিল কিন্তু দানিএল দেশান্তরগমন পূর্ব্বেও যে কোন পাপাচারেতে স্বীকার করিতেন না এবং ধর্ম্মবলে সুবলবান হইয়া কেবল ঈশ্বরেতে ভক্তমন এবং সৎক্রিয়াতে স্থিরধী হইয়া উঠিলেন।

আর দেখ বাবুলনেতে গেলে পর তিনি মুমূঢ় দেবপূজকগণে বেষ্টিত হইয়া প্রতিদিন কেবল দেবপূজা ও দেবোদ্দেশে অনুষ্ঠিত যাত্রাদি কৌতুকমাত্র এবং দেবমন্দিরকে দেখিতে পাইতেন তাহাতে প্রতিক্ষণ ঐ রূপ অনর্থক দর্শনযোগে যুবা মনুষ্য উত্তম লোক হইয়াও দীর্ঘকাল স্থিরচিত্ত এবং ঈশ্বরনিষ্ঠ হওত কেবল ধর্ম্মচিন্তা করে এ অতি দুষ্কর বটে কিন্তু দানিএল ধর্ম্মরোধক ঐ রূপ মহাদায়ে ঠেকিয়াও পরমেশ্বরের নিয়মিত উপায় সাহায্যেতে অনবরত অটলচিত্ত হওত পরমধার্ম্মিক হইয়া উঠিলেন সে উপায় কিরূপ না ঈশ্বর স্থানে নিত্য প্রার্থনাদি অনুষ্ঠান ও ধর্ম্মশাস্ত্রাভ্যাস ও ধর্ম্মচিন্তাইত্যাদি ধর্ম্মকর্ম্ম করা সুতরাং দানিএল এ সকল কর্ম্মেতে সদা সন্তুষ্ট এবং ঈশ্বরেতে আসক্তমন হইয়া রহিলেন তাহাতে স্থিরতররূপে ঈশ্বরভক্তি প্রযুক্ত তাহার প্রতিদিন আরো ধর্ম্মোদয় এবং ঔৎকর্ষ্যভাব হইল।

In all his conduct and conversation Daniel, throughout his whole life, ever manifested the greatest devotion to and reverence for God, the firmest belief in His gracious overruling providence, and the warmest zeal for His honour. His entire history is evidence of the truth of this assertion, and shews him to have been eminently a good man. And what more can I say of him? Nay, we have even the express testimony of his enemies to the irreproachableness of his character—"Then said these men, we shall not find any occasion against this Daniel, except we find it against him concerning the law of his God." (vi. 5.) Assuredly this was his greatest praise; because, God's law, which Daniel obeyed, was opposed to the king's unjust decree requiring the worship of the golden image he had set up; but in all other respects they owned him to be without fault. We have also the testimony of his king—"Now the king spake and said unto Daniel, Thy God *whom thou servest continually*, he will deliver thee." (16.) Again, we have the testimony of the angel Gabriel—"At the

আর দানিএল যাবজ্জীবন পর্য্যন্ত পরমেশ্বর প্রতি কিরূপ আদরভক্তি প্রকাশিতেন এবং সর্ব্বঘটনা বিষয়ে তাঁহাকে বিধাতৃজ্ঞান করিয়া মানিয়া কি পর্য্যন্ত বা ঐরূপ স্থিরচিত্ত হইয়া রহিলেন অপর তাঁহার সম্মানবৃদ্ধ্যর্থে কত বা চেষ্টাও করিতেন এ সমস্তই মুনির নিত্য ব্যবহার ও কথিত বাক্যাদি দ্বারা সুস্পষ্টরূপে জানা যায় অতএব ইনি পরমধার্ম্মিক ছিলেন বটে ইহার বিষয়ে আমি আর অধিক কি কহিব যেহেতুক মুনির উত্তম চরিত্র কি পর্য্যন্ত প্রকাশ পাইল ইহার অনেক সাক্ষী আছে প্রথমতঃ দেখ "মুনির নিত্য সেবিত ঈশ্বরের ব্যবস্থা বিষয় ব্যতিরিক্ত তাহার প্রতি অপবাদ দিবার আর কোন কারণ পাওয়া যাইবে না" মুনির বৈরিগণও এ যে কথা কহিয়াছিল ইহাতে নিতান্তই তাহার বিশিষ্ট প্রশংসা বোধ হয় যেহেতুক নবূখদ্‌নজ্জরের সুবর্ণময় পুত্তলা-পূজা করার যে রাজাজ্ঞা হইয়াছিল সে ঈশ্বরের ব্যবস্থা বিরুদ্ধ এবং অতি অনুচিত কর্ম্মাজ্ঞাপক বটে কিন্তু তদ্ব্যতি-রিক্ত আর কোন বিষয়েতে দানিএলের কিছুই মাত্র দোষ নাই বিপক্ষেরাই ইহা স্বীকার করিল অতএব ইনি নিশ্ছিদ্র ছিলেন বটে এ নিশ্চিত। দ্বিতীয় স্থলে কথ্যমান বিষয়েতে রাজার উক্ত এরূপ বাক্যপ্রমাণও আছে যথা "হে দানিএল তুমি যে ঈশ্বরের নিত্য উপাসনা করিতেছ তিনিই নিতান্ত তোমাকে রক্ষিত করিয়া দিবেন"। ইহার তৃতীয় সাক্ষী আছেন স্বর্গদূত গাব্রিএল যেহেতুক তিনিও এরূপ কথা কহিলেন "হে দানিএল তোমার

beginning of thy supplications the commandment came forth. and I am come to show thee; *for thou art greatly beloved* (of God)." (ix. 23.) We have, finally, the testimony of God himself, the best of all witnesses, in this case; who, when pronouncing sentence upon the land of Israel for the wickedness of the inhabitants, declared,—"Though these three men, Noah, Daniel, and Job were in it, they should deliver but their own souls by their righteousness." From which it is clear that Daniel was a man of eminent virtue even in the view of the holy and omniscient God himself: *and what higher praise can be given him?*

But, if we admire the character of Daniel, and desire to have the same divine grace, protection, and guidance which he enjoyed, we must love and obey God, as Daniel loved and obeyed him. *We* have the will of God much more clearly made known to us, in the gospel of our Lord and Saviour Jesus Christ, than it was known even to Daniel or to any of the wisest men of his day; for he lived before Christ came upon earth to enlighten mankind. The gospel of Christ sets before us motives, and encouragements

বিনয় প্রার্থনা করণারম্ভকালেতেই আমি তোমাকে ভাবি বিষয় জ্ঞাপনার্থে প্রেরিত ছিলাম কারণ তুমি ঈশ্বরের অতি-প্রীত ব্যক্তি আছ”। কিন্তু এ বিষয়েতে সর্ব্বাপেক্ষা উত্তম সাক্ষী আছেন আপনি পরমেশ্বর তিনি এক সময় ইস্রাএলি-দের প্রতি বিশেষ কোন শাপবাক্য উক্ত করিলেন সে সময় দানিএল মুনির নাম করিয়া কহিলেন“ যদ্যপি ও নূহ ও দানিএল ও যোয়াব্ এ তিন জনে তদ্দেশে কি না ইস্রাএলি দেশে থাকিতেন তথাপি তাঁহারা স্ব২ ধর্ম্মগুণে কেবল আত্মরক্ষার কারণই হইতেন” ইহা দ্বারা জানা যায় সর্ব্বসাক্ষী শুদ্ধসত্ত্ব পরমেশ্বর যিনি তিনি আপনি ও দানিএলকে বিশিষ্টরূপে ধার্ম্মিকজ্ঞান করিয়া মানিলেন অতএব ইহার অধিক আর কি প্রশংসাবাদ হইতে পারে।

শেষ কথা এই লিখিতেছি পাঠকগণ যদি উক্ত প্রমাণ অনু-সারে দানিএল মুনির চরিত্র উত্তম করিয়া মানিয়া তাহার ন্যায় প্রতিদিন আপদ্রক্ষা ও ঐশ্বরিক প্রসাদ ও পরমার্থ জ্ঞান প্রাপণেও ইচ্ছুক থাকেন তবে মুনির তুল্যরূপে পর-মেশ্বরকে আদরভক্তি করা এবং ধর্ম্মে রত হওত তাঁহার আজ্ঞা পালন করা এই২ উদাদের অত্যাবশ্যক কর্ম্ম হইল বটে। আর দেখ মঙ্গলসমাচার ইতিখ্যাত প্রভু যিশু খ্রীষ্ট বিষয়ক যে উত্তমোত্তম ধর্ম্মপুস্তক আছে তাহা দ্বারাই আ-মরা অনায়াসে দানিএল আদি তৎকালীন জ্ঞানি লোক-পেক্ষা ও অধিকতর রূপে ঈশ্বরতত্ত্ব এবং ধর্ম্মতত্ত্ব জ্ঞান পাইতে পারি এ নিশ্চয় যেহেতুক খ্রীষ্টজন্মের পূর্ব্ব-কালীন লোককে যেরূপ প্ররোচনা দ্বারা ধর্ম্মদিগে লওয়ান

also, to love and obey God, far above what were presented to them; and we are assured in Scripture that "of them, to whom much is given, much will be required." There can therefore be no excuse now, abundantly taught and assisted as we are in all respects, either for worshipping idols or for living in any kind of known sin; and we are warned that "God hath appointed a day in which he will also judge the world in righteousness, and render to every man according to his deeds; to them that are contentious and *do not obey the truth*, but obey unrighteousness, indignation and wrath; tribulation and anguish upon *every soul of man that doeth evil;* but glory, honour, and peace, to every man that worketh good; for there *is no respect of persons* with God." Such is the invariable rule fixed in the word of the God of truth, holiness, and justice. By that rule shall we all be judged!

THE END.

যাই; অস্মদাদি এখনকার লোকসকলের পরমার্থান্বেষণে তদধিক বিশিষ্ট প্ররোচনা এবং সদুপদেশ ও আশ্বাস প্রাপ্তি হইয়াছে তাহাতে ঈশ্বরপ্রতি প্রেমভক্তি করণে এবং ধর্ম্মসাধনে আমাদের অনেক উপায় হইয়াছে বটে কিন্তু শাস্ত্রেতে বলে "যাহারদিগকে অধিক দেওয়া যায় তাহাদের স্থানে অধিক লওয়াও উচিত" অতএব যাহারা এক্ষণাবধি জানিয়া শুনিয়া ও কোন মিথ্যা দেবপূজা কিম্বা ঈশ্বরনিষিদ্ধ আর কোন প্রকার দুষ্কর্ম্ম করে তাহারা কেমন করিয়া তদ্দোষ ক্ষমা পাইতে পারিবে? আর "পরমেশ্বর যে দিনে পৃথিবীর তাবৎ লোকের কর্ম্মবিচার করিবেন এমন এক দিন তিনি নিরূপিত করিয়াছেন" এবং সেই দিনে "তিনি প্রত্যেক মনুষ্যকে আপনং কর্ম্মানুসারে প্রতিফল দিবেন ফলতঃ যাহারা সত্য ধর্ম্মকে অগ্রাহ্য করিয়া কোন বিরুদ্ধ ধর্ম্মের আগ্রহ হয় এমন বিরোধিগণকে অর্থাৎ প্রত্যেক কুকর্ম্মকারি প্রাণিকে কোপাস্পদ ও ক্রোধের পাত্র জ্ঞান করিয়া মানিয়া তাহার প্রতি কেবল দুঃখ ও যন্ত্রণা মাত্র ঘটাইবেন কিন্তু যত সৎকর্ম্মকারি লোক আছে (কিম্বা হইবে) তাহাদেরি প্রতি তিনি মহাসুখ ও সম্মান ও পরমশান্তির ঘটনা করাইবেন এবং বিচার বিষয়ে ঈশ্বরের কোন পক্ষপাতও নাই" শাস্ত্রেতে এরূপ স্থির নিয়মের কথা লেখা আছে ।।

ইতি

ERRATA

Page *1*, line 11, *for* 'নিশ্চয় করিয়া,' *read* 'করিয়া নিশ্চয়.'

,, — ,, 12, *for* 'রাজার,' *read* 'রাজা

,, 35, ,, 4, *for* 'তো,' *read* 'তবু.'

,, 57, ,, 7, from bottom, *for* 'এমতবোধ,' *read* 'এতবোধিক.'

,, 85, ,, 4, *for* 'তাম্র,' *read* 'তাম্রু.'

,, 91, ,, 2, *for* 'মৰ্ত্তির,' *read* 'মূর্ত্তির.'

,, 99, ,, 14, *dele* 'লোকারণ্য,' which has slipt in accidentally.

,, 119, ,, 3, from bottom, *for* 'করিয়া,' *read* 'করিতে২.'

,, 131, ,, 4, *for* 'মধ্যে,' *read* 'মধ্য.'

,, 139, ,, 14, *dele* ও.

,, 149, ,, 4, *remove* আরো,' to line 3 before 'বলিলেন.'

,, 151, ,, 3, from bottom, bring back 'লোকের,' before 'যোগ্য.'

,, 1[illegible]1, ,, 1, *for* 'মলের,' *read* 'ফুলের.'

,, 173, ,, 1, *for* 'বিস্তার,' *read* 'বিস্তারিয়া.'

,, 185, ,, 3 and p. 233, l. 12, *for* 'ক্রমাগত,' *read* 'ক্রমগত.'

,, 193, line 7, *for* 'বতঃ,' *read* '[illegible]তঃ.'

,, 199, ,, 2, *for* 'দূরস্থা,' *read* 'দূরস্থ.'

,, — last line, *for* 'করালে,' *read* 'করিলে.'

,, 209, ,, 2, from bottom, *for* 'সম্পর্কতা,' *read* 'সম্পর্ক.'

,, 219, ,, 11, *dele* 'বাহির হইয়া.'

,, 257, ,, 5, from bottom, *for* 'ঙদাস্যে,' *read* 'ঔদাস্য.'

,, 267, ,, 6, from bottom, *for* 'পূরাণার্থে,' *read* 'পূরণার্থে.'

,, 273, ,, 2, *dele* 'নাই.'

,, — ,, 10, *dele* the *first* 'এখনো.'

,, 281, last line, *dele* 'ও,' in 'মধ্যেও২.'

,, 283, ,, 10, *for* 'বন্দিত্রয়ের সহিত ঐ দানিএলকে,' *read* 'ঐ দানিএলের বন্দিত্রয়কে.'

,, 299, ,, 11, *for* 'মযূহ,' *read* 'সমূহ.'

,, 333, ,, [illegible], from bottom, *for* 'সুলেকিতা,' *read* 'সুবিবেকিতা.'

,, 3[illegible], ,, [illegible], from bottom, *for* 'পাইলেন,' *read* 'পাইতেন.'